বৈষ্ণব-সাহিত্য-সিরিজ

ললিতমাধব

[নাটক]

শ্রীল শ্রীযুক্ত পূজ্যপাদ রূপগোস্বামি-
প্রণীত ও টীকা সমেত

শ্রীসত্যেন্দ্রনাথ বসু কর্ত্তৃক অনূদিত

শাস্ত্রগ্রন্থ ও সাহিত্য-প্রচার-ব্রত
উপেন্দ্রনাথ মুখোপাধ্যায় প্রতিষ্ঠিত
বসুমতী-সাহিত্য-মন্দির হইতে
শ্রীসতীশচন্দ্র মুখোপাধ্যায় প্রকাশিত

কলিকাতা, ১৬৬নং বহুবাজার ষ্ট্রীট, বসুমতী-বৈদ্যুতিক-রোটারী-মেসিন যন্ত্রে
শ্রীশশিভূষণ দত্ত মুদ্রিত

১৩৫৩

মূল্য ১॥০ দেড় টাকা

ভূমিকা

ললিতমাধব নাটকের গ্রন্থকার শ্রীচৈতন্যদেবের প্রধান পার্ষদ এবং শ্রীবৃন্দাবনস্থ ছয় গোস্বামীর অন্যতম রসতত্ত্বজ্ঞগণের শিরোমণি শ্রীপাদ শ্রীরূপ গোস্বামী। শ্রীচৈতন্যদেবের প্রচারিত গৌড়ীয় বৈষ্ণব ধর্ম্মের বৈশিষ্ট্য ইহার রসতত্ত্বে। অখিলরসামৃতমূর্ত্তি শ্রীশ্রীরাধাকৃষ্ণের লীলাবিলাসের মহামাধুর্য্যময় নিগূঢ় তত্ত্বের অভিব্যক্তির জন্য শ্রীপাদ শ্রীরূপ গোস্বামী শ্রীভক্তিরসামৃতসিন্ধু ও শ্রীউজ্জ্বলনীলমণি নামে যে অপূর্ব্ব গ্রন্থদ্বয় বিরচন করেন, তাহারও বিশেষ উদাহরণের জন্য অপ্রাকৃত নিত্যলীলাময় শ্রীবিদগ্ধমাধব, শ্রীললিতমাধব ও শ্রীদানকেলী-কৌমুদী—এই তিনখানি নাটক তিনি প্রকাশ করেন। এই তিনখানি নাটকই যুগলভজননিষ্ঠ বৈষ্ণবগণের হৃদয়ের ধন। শ্রীবিদগ্ধমাধব নাটক ও ললিতমাধব নাটক রচনা এক সময়ে আরম্ভ হইলেও বিদগ্ধমাধব-নাটক-রচনা-সমাপ্তির পাঁচ বৎসর পরে ললিতমাধব নাটকের সমাপ্তি হয়। শ্রীবিদগ্ধমাধব নাটকখানিতে শ্রীশ্রীরাধাকৃষ্ণের মিলনলীলা প্রধানরূপে ও শ্রীললিতমাধব নাটকে শ্রীরাধাকৃষ্ণের বিরহলীলা প্রধানভাবে বর্ণিত হইয়াছে। বিদগ্ধ ও ললিত—নায়কের এই দুই প্রকারভেদ। ভক্তিরসামৃতসিন্ধুমতে চতুঃষষ্টিকলা ও বিলাসে যে নায়ক বিভূষিত, তিনি বিদগ্ধ, আর যিনি বিদগ্ধ, নবযুবা এবং কেলিবিষয়ে সুনিপুণ ও নিশ্চিন্ত, সেই নায়ককে ললিত নামে অভিহিত করা হয়। বিদগ্ধমাধবে ও ললিতমাধবে —মাধবের বা শ্রীকৃষ্ণের এই উভয়বিধ লীলা বর্ণিত হইয়াছে।

এই নাটকখানির রসবস্তু ও প্রকৃতি বুঝিতে হইলে সর্ব্বপ্রথমে গ্রন্থকারের চরিত্র ও জীবনকথা সম্বন্ধে কিঞ্চিৎ জ্ঞান থাকার প্রয়োজন—এই

জন্য আমরা নাটকখানির বৈশিষ্ট্য সম্বন্ধে আলোচনা করিতে অগ্রসর হইবার পূর্ব্বে এই নাটকের গ্রন্থকার শ্রীপাদ শ্রীরূপ গোস্বামীর জীবনকথা অতি সংক্ষেপে আলোচনায় প্রবৃত্ত হইলাম।

গ্রন্থকারের সংক্ষিপ্ত জীবনী

শ্রীরূপের কনিষ্ঠভ্রাতা অনুপমের পুত্র সুবিখ্যাত শ্রীজীব গোস্বামী তাঁহার লঘুতোষণীর উপসংহারে যে বংশপরিচয় দিয়াছেন, তাহাতে দেখা যায় যে, কর্ণাটরাজ জগদ্গুরু সর্ব্বজ্ঞ এই বংশের প্রতিষ্ঠাতা। তাঁহার পুত্রের নাম অনিরুদ্ধ। অনিরুদ্ধের জ্যেষ্ঠপুত্র রূপেশ্বর—বৈমাত্রেয় কনিষ্ঠ ভ্রাতা হরিহর কর্ত্তৃক বিতাড়িত হইয়া কর্ণাট ত্যাগ করিয়া বঙ্গদেশে আগমন করেন। তাঁহার একমাত্র পুত্র পদ্মনাভ নৈহাটীতে বসতি-স্থাপন করেন। পদ্মনাভের পঞ্চপুত্রের মধ্যে মুকুন্দ সর্ব্বকনিষ্ঠ। এই মুকুন্দের একমাত্র পুত্র কুমারদেব। ইনি জ্ঞাতিবিরোধে নৈহাটী ত্যাগ করিয়া পূর্ব্ব-বঙ্গের বাক্‌লাচন্দ্রদ্বীপের হিন্দু রাজার রাজ্যে গিয়া বসতি করেন। শ্রীসনাতন, শ্রীরূপ ও শ্রীবল্লভ বা অনুপম কুমারদেবের এই তিন পুত্র। সম্ভবতঃ ১৩৯৪ শকাব্দে সনাতন, ১৩৯৯ শকাব্দে শ্রীরূপ ও ১৪০৩ শকাব্দে শ্রীবল্লভ আবির্ভূত হন।

ভ্রাতৃত্রয় আরব্য ও পারস্য ভাষায় সুপণ্ডিত ছিলেন এবং গৌড়ের বাদশাহ হুসেন সাহার রাজসরকারের উচ্চপদে নিযুক্ত হন। সনাতন ও রূপ সংস্কৃত শাস্ত্রেও পরম পণ্ডিত ছিলেন। বাদশাহের অধীনে কার্য্য করিবার সময়ে তাঁহারা গৌড়ের উপকণ্ঠে রামকেলিগ্রামে বাস করিতেন। এই রামকেলি গ্রামে সনাতন ও রূপ বহু দেবমন্দির প্রতিষ্ঠা করিয়া দেবসেবার বন্দোবস্ত করিয়াছিলেন। রূপ-সনাতনের গৃহে বহু ব্রাহ্মণ-পণ্ডিত আহূত হইয়া শাস্ত্রবিচার করিতেন এবং ভ্রাতৃদ্বয়ের নিকট পারিতোষিক গ্রহণ করিতেন।

সংস্কৃত ভাষায় তাঁহারা সার্ব্বভৌম ভট্টাচার্য্য, সার্ব্বভৌমের ভ্রাতা বিদ্যা-বাচস্পতি প্রমুখ মনীষিগণের নিকট শিক্ষা গ্রহণ করিয়াছিলেন, সপ্তগ্রামের সুপ্রসিদ্ধ সৈয়দ ফকরউদ্দীনের নিকট তাঁহারা পারস্য ভাষায় শিক্ষালাভ করিয়াছিলেন। সনাতন ও রূপ উভয়েই পূর্ব্বসুকৃতিফলে শৈশব হইতেই ভগবদ্ভক্তিরসে সুরসিক ছিলেন। শ্রীরূপ স্বীয় জ্যেষ্ঠ ভ্রাতা সনাতনের নিতান্ত অনুগত শিষ্য ছিলেন। শ্রীরূপে শৈশব হইতেই কবিত্ব-শক্তির বিকাশ হইয়াছিল। পরবর্ত্তী কালে মাধুর্য্যরস-প্রবাহের গভীর স্পর্শে সে কবিত্বশক্তির অলৌকিক লীলাবিলাসে জগতে বিদগ্ধমাধব, ললিতমাধব, ভক্তিরসামৃতসিন্ধু ও উজ্জ্বলনীলমণির মত ভক্তিরসপূর্ণ গ্রন্থনিচয়ের আবির্ভাব ঘটিয়াছিল। শ্রীল সনাতন গোস্বামী গৌড়েশ্বর হুসেন সাহার খাস্ মন্ত্রী বা প্রধান মন্ত্রীর পদে কার্য্য করিতেন এবং দবীর খ'স্ নামে প্রসিদ্ধ ছিলেন। যুদ্ধ-বিগ্রহাদি ও রাজশাসন কার্য্যে তিনি হুসেন সাহার দক্ষিণ হস্ত ছিলেন, এবং তাঁহার ভ্রাতা শ্রীরূপ রাজস্ববিভাগের উচ্চতমপদে অধিষ্ঠিত থাকিয়া সাকর-মল্লিক নামে পরিচিত ছিলেন। ইহাঁদের কনিষ্ঠ ভ্রাতা বল্লভ বাদশাহের টাকশালের ভারপ্রাপ্ত কর্ম্মচারী ছিলেন।

শ্রীরূপ গৌড়ে থাকিতেই হংসদূত ও উদ্ধবসন্দেশ নামক শ্রীকৃষ্ণলীলার দুইখানি অনুপম কাব্য রচনা করিয়াছিলেন। তাঁহার জ্যেষ্ঠ ভ্রাতা সনাতন গোস্বামী শৈশবকাল হইতেই ভাগবতে পরমপণ্ডিত ছিলেন। সনাতন সুপ্রসিদ্ধ বিদ্যাবাচস্পতির নিকট উত্তরকালে শ্রীকৃষ্ণমন্ত্রে দীক্ষালাভ করেন। অনুমান হয়, সার্ব্বভৌম ভট্টাচার্য্য ও বিদ্যাবাচস্পতি উভয়েই শ্রীচৈতন্যদেবের আনুগত্যে ভক্তিরসের অধিকারী হইলে সনাতন গোস্বামী বিদ্যাবাচস্পতির নিকট দীক্ষা গ্রহণ করেন। শ্রীরূপ সনাতনের নিকট দীক্ষা গ্রহণ করেন, এবং চিরজীবন সনাতনের আদেশানুসারে পরিচালিত হন। সনাতনই তাঁহার পিতা, মাতা, ভ্রাতা ও অন্তরঙ্গ সখার স্থান অধিকার

করিয়াছিলেন। শ্রীকৃষ্ণৈকশরণ দুইটি ভ্রাতা যেন এক বৃন্তের দুইটি পুষ্প— একজনকে ছাড়িয়া অপরের জীবনের অস্তিত্ব কল্পনা করাই অসম্ভব।

বৈষ্ণবগ্রন্থে সনাতনের বিবাহের কোনও পরিচয় পাওয়া যায় না; কিন্তু প্রেমবিলাস গ্রন্থে শ্রীরূপের স্ত্রীর সম্বন্ধে একটি উপাখ্যান প্রদত্ত হইয়াছে। যশোদানন্দন তালুকদারের প্রকাশিত প্রেমবিলাসের ত্রয়োবিংশ বিলাসে দেখা যায় যে, এক দিন রূপ রাজকার্য্য শেষ করিয়া, অনেক রাত্রিতে গৃহে প্রত্যাগমন করিয়া, আহারাদি শেষ করিয়া শয়ন করিলে পর একটি বিষাক্ত কীট তাঁহাকে দংশন করে। তাহাতে তিনি অতিশয় ব্যস্ত হইয়া পত্নীকে আলো জ্বালিতে কহিলে, তাঁহার পত্নী নিকটে অন্য কোনও দ্রব্য না পাইয়া চকমকির দ্বারা শ্রীরূপের একটি মূল্যবান পোষাক পোড়াইয়া আলোক প্রজ্বালিত করেন। ইহাতে রূপ গোস্বামী একটু দুঃখিত হইয়া অনুযোগ করেন। যথা—

গোসাঞিঃ কহে বহু মূল্যের পোষাক পুড়িল।
পত্নী কহে আমার কর্ত্তব্য কার্য্য কৈল॥
পতি-সেবা পতি-পূজা স্ত্রীলোকের সার।
তার কাছে ধন-সম্পদ হীরা মুক্তা ছার॥
রূপ কহে প্রিয়ে তোমার কর্ত্তব্য করিল।
আমার কর্ত্তব্য কেন আমি না দেখিল॥

এই উপাখ্যান সত্য হইলে, শ্রীরূপের অবশ্যই বিবাহ হইয়াছিল, এ কথা স্বীকার করিতে হইবে। বল্লভের যখন বিবাহ হইয়াছিল, তখন রূপের ও সনাতনের বিবাহ হওয়া খুবই সম্ভবপর। বিশেষতঃ তৎকালে অনাশ্রমী হইয়া থাকা নিতান্ত নিন্দনীয় বলিয়া বিবেচিত হইত। যখন তাঁহারা ব্রহ্মচর্য্য আশ্রমে অবস্থিত ছিলেন না, বিশেষতঃ সংসারযাত্রা নির্ব্বাহের জন্য যবনরাজের চাকুরী গ্রহণ করিয়াছিলেন, তখন তাঁহারা বিবাহিত ছিলেন

বলিয়াই ধরিয়া লইতে হইবে। প্রেমবিলাসের যে উপাখ্যানটি উপরে বর্ণিত হইয়াছে, তাহাতেই দেখা যায় যে, শ্রীরূপের হৃদয়ে ঐ ঘটনা হইতেই বৈরাগ্যের উদয় হয়। যাহা হউক, শ্রীরূপ কখনও নিজের জ্যেষ্ঠ ভ্রাতা সনাতন হইতে স্বতন্ত্র নহেন, তিনি জ্যেষ্ঠ ভ্রাতার সহিত পরামর্শ করিয়া জীবনের চরম উদ্দেশ্য সার্থক করিবার জন্য পুরীতে শ্রীচৈতন্যদেবের নিকট পত্র প্রেরণ করিয়া তাঁহার নিকট আত্মনিবেদন করেন। মহাপ্রভু পত্রের দ্বারা ভ্রাতৃদ্বয়কে সান্ত্বনা দান করিয়া কালের প্রতীক্ষা করিয়া থাকেন। অতঃপর ১৪৩৫ শকাব্দায় শ্রীবৃন্দাবনযাত্রার ছল করিয়া শ্রীচৈতন্যদেব গৌড়ে আগমন করেন। প্রতাপরুদ্র তাঁহাকে নিজ সৈন্যসামন্ত, পার্ষদ ও পরিবার পরিবেষ্টিত করিয়া পরমযত্নে পিছলদহ পার করিয়া দিলেন, তাহার পর পাণিহাটী পর্য্যন্ত জলপথে আসিয়া মহাপ্রভু স্থলপথে শ্রীনবদ্বীপে আসিয়া জননাকে দর্শন করিলেন। নবদ্বীপের সন্নিহিত বিদ্যানগরে আসিয়া মহাপ্রভু সনাতনের গুরু বিদ্যাবাচস্পতির গৃহে এক দিন অবস্থান করিলেন এবং তাঁহার নিকট সনাতনের ও রূপের সকল কথা জানিয়া লইলেন। মহাপ্রভু নবদ্বীপের পথেও শ্রীবৃন্দাবনে যাত্রা করিতে পারিতেন, কিন্তু তাঁহার প্রিয়ভক্ত শ্রীরূপ সনাতনকে আত্মসাৎ করিবার জন্য তিনি অধিক পথ হইলেও গৌড়ের পথে শ্রীবৃন্দাবনে যাত্রা করিলেন। এখানে আসিবার সময়ে লক্ষ লক্ষ লোক তাঁহার অপূর্ব্ব আকর্ষণে আকৃষ্ট হইয়া তাঁহার সহিত রামকেলি গ্রাম পর্য্যন্ত আসিয়াছিল। এখানে গৌড়ের বাদশাহ হুসেন শাহা এক জন কপর্দ্দকহীন সন্ন্যাসীর সহিত এইরূপ লোকসংঘট্ট দেখিয়া বিস্মিত হন এবং এই সন্ন্যাসীর নিশ্চয়ই ঐশ্বরিক শক্তি আছে বলিয়া মনে করেন। শ্রীচৈতন্যদেব এই স্থানে অবস্থান করিবার সময় রাত্রিকালে নির্জ্জন সময়ে অতি গোপনে শ্রীরূপ ও সনাতন দুই ভ্রাতা আসিয়া তাঁহার চরণে শরণ গ্রহণ করেন। শ্রীচৈতন্যদেব ঐ সময়ে স্পষ্টভাবে তাঁহাদিগকে জ্ঞাপন করেন যে,

করিয়াছিলেন। শ্রীকৃষ্ণৈকশরণ দুইটি ভ্রাতা যেন এক বৃন্তের দুইটি পুষ্প— একজনকে ছাড়িয়া অপরের জীবনের অস্তিত্ব কল্পনা করাই অসম্ভব।

বৈষ্ণবগ্রন্থে সনাতনের বিবাহের কোনও পরিচয় পাওয়া যায় না। কিন্তু প্রেমবিলাস গ্রন্থে শ্রীরূপের স্ত্রীর সম্বন্ধে একটি উপাখ্যান প্রদত্ত হইয়াছে। যশোদানন্দন তালুকদারের প্রকাশিত প্রেমবিলাসের ত্রয়োবিংশ বিলাসে দেখা যায় যে, এক দিন রূপ রাজকার্য্য শেষ করিয়া, অনেক রাত্রিতে গৃহে প্রত্যাগমন করিয়া, আহারাদি শেষ করিয়া শয়ন করিলে পর একটি বিষাক্ত কীট তাঁহাকে দংশন করে। তাহাতে তিনি অতিশয় ব্যস্ত হইয়া পত্নীকে আলো জ্বালিতে কহিলে, তাঁহার পত্নী নিকটে অন্য কোনও দ্রব্য না পাইয়া চকমকির দ্বারা শ্রীরূপের একটি মূল্যবান পোষাক পোড়াইয়া আলোক প্রজ্বালিত করেন। ইহাতে রূপ গোস্বামী একটু দুঃখিত হইয়া অনুযোগ করেন। যথা—

গোসাঞি কহে বহু মূল্যের পোষাক পুড়িল।
পত্নী কহে আমার কর্ত্তব্য কার্য্য কৈল॥
পতি-সেবা পতি-পূজা স্ত্রীলোকের সার।
তার কাছে ধন-সম্পদ হীরা মুক্তা ছার॥
রূপ কহে প্রিয়ে তোমার কর্ত্তব্য করিল।
আমার কর্ত্তব্য কেন আমি না দেখিল॥

এই উপাখ্যান সত্য হইলে, শ্রীরূপের অবশ্যই বিবাহ হইয়াছিল, এ কথা স্বীকার করিতে হইবে। বল্লভের যখন বিবাহ হইয়াছিল, তখন রূপের ও সনাতনের বিবাহ হওয়া খুবই সম্ভবপর। বিশেষতঃ তৎকালে অনাশ্রমী হইয়া থাকা নিতান্ত নিন্দনীয় বলিয়া বিবেচিত হইত। যখন তাঁহারা ব্রহ্মচর্য্য আশ্রমে অবস্থিত ছিলেন না, বিশেষতঃ সংসারযাত্রা নির্ব্বাহের জন্য যবনরাজের চাকুরী গ্রহণ করিয়াছিলেন, তখন তাঁহারা বিবাহিত ছিলেন

বলিয়াই ধরিয়া লইতে হইবে। প্রেমবিলাসের যে উপাখ্যানটি উপরে বর্ণিত হইয়াছে, তাহাতেই দেখা যায় যে, শ্রীরূপের হৃদয়ে ঐ ঘটনা হইতেই বৈরাগ্যের উদয় হয়। যাহা হউক, শ্রীরূপ কখনও নিজের জ্যেষ্ঠ ভ্রাতা সনাতন হইতে স্বতন্ত্র নহেন, তিনি জ্যেষ্ঠ ভ্রাতার সহিত পরামর্শ করিয়া জীবনের চরম উদ্দেশ্য সার্থক করিবার জন্য পুরীতে শ্রীচৈতন্যদেবের নিকট পত্র প্রেরণ করিয়া তাঁহার নিকট আত্মনিবেদন করেন। মহাপ্রভু পত্রের দ্বারা ভ্রাতৃদ্বয়কে সান্ত্বনা দান করিয়া কালের প্রতীক্ষা করিয়া থাকেন। অতঃপর ১৪৩৫ শকাব্দায় শ্রীবৃন্দাবনযাত্রার ছল করিয়া শ্রীচৈতন্যদেব গৌড়ে আগমন করেন। প্রতাপরুদ্র তাঁহাকে নিজ সৈন্যসামন্ত, পার্ষদ ও পরিবার পরিবেষ্টিত করিয়া পরমযত্নে পিছলদহ পার করিয়া দিলেন, তাহার পর পাণিহাটী পর্যান্ত জলপথে আসিয়া মহাপ্রভু স্থলপথে শ্রীনবদ্বীপে আসিয়া জননীকে দর্শন করিলেন। নবদ্বীপের সন্নিহিত বিদ্যানগরে আসিয়া মহাপ্রভু সনাতনের গুরু বিদ্যাবাচস্পতির গৃহে এক দিন অবস্থান করিলেন এবং তাঁহার নিকট সনাতনের ও রূপের সকল কথা জানিয়া লইলেন। মহাপ্রভু নবদ্বীপের পথেও শ্রীবৃন্দাবনে যাত্রা করিতে পারিতেন, কিন্তু তাঁহার প্রিয়ভক্ত শ্রীরূপ সনাতনকে আত্মসাৎ করিবার জন্য তিনি অধিক পথ হইলেও গৌড়ের পথে শ্রীবৃন্দাবনে যাত্রা করিলেন। এখানে আসিবার সময়ে লক্ষ লক্ষ লোক তাঁহার অপূর্ব্ব আকর্ষণে আকৃষ্ট হইয়া তাঁহার সহিত রামকেলি গ্রাম পর্য্যন্ত আসিয়াছিল। এখানে গৌড়ের বাদশাহ হুসেন শাহা এক জন কপর্দ্দকহীন সন্ন্যাসীর সহিত এইরূপ লোকসংঘট্ট দেখিয়া বিস্মিত হন এবং এই সন্ন্যাসীর নিশ্চয়ই ঐশ্বরিক শক্তি আছে বলিয়া মনে করেন। শ্রীচৈতন্যদেব এই স্থানে অবস্থান করিবার সময় রাত্রিকালে নির্জ্জন সময়ে অতি গোপনে শ্রীরূপ ও সনাতন দুই ভ্রাতা আসিয়া তাঁহার চরণে শরণ গ্রহণ করেন। শ্রীচৈতন্যদেব ঐ সময়ে স্পষ্টভাবে তাঁহাদিগকে জ্ঞাপন করেন যে,

গৌড়ের নিকটে আসিবার তাঁহার কোনই প্রয়োজন ছিল না ; কেবল তিনি এই ভ্রাতৃদ্বয়কে আত্মসাৎ করিবার জন্যই এই পথে আসিয়াছেন। শ্রীরূপ ও সনাতন শ্রীচৈতন্যদেবকে দেখিয়া তাঁহাদের জীবনের উদ্দেশ্য স্থির করিয়া ফেলিলেন,—তাঁহারা সংসার ত্যাগ করিয়া চিরজীবনের জন্য শ্রীচৈতন্যদেবের কার্য্যকেই নিজকার্য্য বলিয়া বরণ করিয়া লইবার সংকল্প করিলেন। তাঁহারা সময়ের প্রতীক্ষা করিতে লাগিলেন। কিন্তু রাজমন্ত্রী পরম বুদ্ধিমান সনাতন মহাপ্রভুকে বলিলেন—এই জনসংঘট্ট লইয়া শ্রীবৃন্দাবন যাত্রা করা কোনক্রমে সমীচীন নহে। শ্রীমচ্চৈতন্যদেব সনাতনের এই কথায় এই জনসমুদ্র লইয়া আর বৃন্দাবনের পথে অগ্রসর না হইয়া এই স্থল হইতেই শান্তিপুর হইয়া পুরীধামে প্রত্যাবর্ত্তন করিলেন।

ইহার কিছুদিন পরেই আপনাদিগের বিষয়-সম্পত্তির বন্দোবস্ত স্থির করিয়া শ্রীরূপ ১৪৩৬ শকাব্দায় গৌড়েশ্বরের কার্য্য পরিত্যাগ করিয়া কনিষ্ঠ ভ্রাতা বল্লভ বা অনুপমের সহিত রামকেলি পরিত্যাগ করেন। মহাপ্রভু শ্রীবৃন্দাবন গমন করিয়া তথা হইতে প্রয়াগে ফিরিয়া আসিয়াছেন,—দুই ভাই প্রয়াগধামে গমন করিয়া তাঁহার সহিত সাক্ষাৎ করিলেন। জ্যেষ্ঠ ভ্রাতা শ্রীসনাতন শ্রীরূপের ও শ্রীবল্লভের সহিত পরামর্শ করিয়া অগ্রে নির্ব্বিঘ্নে এই দুই ভাইয়ের প্রব্রজ্যার ব্যবস্থা করিয়াছিলেন। পরে ১৪৩৭ শকাব্দে তিনিও হুসেন শাহার কার্য্য পরিত্যাগ করিলে, হুসেন শাহা তাঁহাকে বন্দী করিয়া রাখেন। কারারক্ষীকে প্রচুর অর্থ উৎকোচদান করিয়া তিনিও পরে বনপথে যাত্রা করিয়া বারাণসীধামে শ্রীচৈতন্যদেবের সহিত মিলিত হন।

শ্রীরূপ ও শ্রীবল্লভ প্রয়াগে মহাপ্রভুর সহিত সাক্ষাৎ করিলে তিনি প্রয়াগে দশাশ্বমেধ ঘাটের নিকট এক নির্জ্জনকক্ষে অবস্থিতি করিয়া দশ দিন ধরিয়া শ্রীরূপ গোস্বামীকে ভক্তিশাস্ত্রের, রসশাস্ত্রের ও প্রেমধর্ম্মের নিগূঢ় তত্ত্ব শিক্ষা দান করেন। শ্রীল কবিকর্ণপুর তাঁহার সুবিখ্যাত শ্রীচৈতন্য-চন্দ্রোদয়

নাটকখানিতে শ্রীরূপের সম্বন্ধে যে চমৎকার শ্লোক কয়টি রচনা করিয়াছেন, তাহাতেই শ্রীরূপের প্রতি মহাপ্রভুর করুণার অতি সুস্পষ্ট পরিচয় প্রদত্ত হইয়াছে। সেই শ্লোক কয়েকটি এই :—

কালেন বৃন্দাবনকেলিবার্ত্তা লুপ্তেতি তাং খ্যাপয়িতুং বিশিষ্য।
কৃপামৃতেনাভিষিষেচ দেবস্তত্রৈব রূপঞ্চ সনাতনঞ্চ॥
যঃ প্রাগেব প্রিয়গুণগণৈর্গাঢ়বদ্ধোঽপি মুক্তো
গেহাধ্যাসাদ্রস ইব পরো মূর্ত্ত এবাপ্যমূর্ত্তঃ।
প্রেমালাপৈর্দৃঢ়তরপরিষঙ্গরঙ্গৈঃ প্রয়াগে
তং শ্রীরূপং সমমনুপমেন জগ্রাহ দেবঃ॥
প্রিয়স্বরূপে দয়িতস্বরূপে প্রেমস্বরূপে সহজাভিরূপে।
নিজানুরূপে প্রভুরেকরূপে ততান রূপে স্ববিলাসরূপে॥

অর্থাৎ—"শ্রীবৃন্দাবনের শ্রীশ্রীরাধাকৃষ্ণের লীলাবিলাসের কথা কালক্রমে বিলুপ্ত হওয়ায় শ্রীকৃষ্ণচৈতন্যদেব পুনর্ব্বার তাহা বিশেষরূপে প্রকাশিত করিবার নিমিত্ত শ্রীরূপ ও শ্রীসনাতনকে কৃপামৃতের দ্বারা অভিষিক্ত করিয়াছিলেন।"

"যিনি পূর্ব্ব হইতেই প্রিয়তম, সেই শ্রীগৌরাঙ্গদেবের গুণগণের দ্বারা দৃঢ়রূপ আবদ্ধ হইয়া সংসারাবেশ হইতে বিমুক্ত, এবং অমূর্ত্ত শৃঙ্গাররসই যেন মূর্ত্তিধারণ পূর্ব্বক যে শ্রীরূপের আকারে প্রকাশিত ভগবান শ্রীকৃষ্ণচৈতন্যদেব শ্রীবল্লভের সহিত সেই শ্রীরূপকে প্রেমালাপ ও গাঢ় আলিঙ্গন দ্বারা স্বীয় কৃপারূপ অমৃতে অভিষেক করিয়াছিলেন।

"যিনি স্বরূপ গোস্বামীর অতীব প্রিয়, যিনি শ্রীচৈতন্যদেবের পরম প্রিয়পাত্র—যিনি প্রেমরসের মূর্ত্তিমান স্বরূপ, যিনি মহাপ্রভুর অভিন্ন কলেবর ও বিভূতিস্বরূপ, সেই শ্রীরূপগোস্বামীতে তিনি স্বাভাবিক ও পরম মধুর স্বীয় প্রেম ও স্বীয় স্বরূপ বিস্তার করিয়াছিলেন।"

এতাদৃশ শ্রীরূপ স্বীয় জ্যেষ্ঠভ্রাতার সহিত শ্রীবৃন্দাবনে লুপ্ততীর্থ উদ্ধার ও ভক্তিশাস্ত্র প্রচার শ্রীচৈতন্যদেবের অবতারের এই দুই মুখ্য কার্য্যের নেতৃত্ব গ্রহণ করিলেন। এই সকল কার্য্যের শক্তি সংগ্রহ করিবার জন্য আর একবার ১৪৩৯ শকে নীলাচলে গমন করিয়া শ্রীরূপ সর্ব্বশক্তির মূলাশ্রয় শ্রীচৈতন্যদেবের সমীপে অবস্থান করেন। এই সময়ে শ্রীরূপ শ্রীকৃষ্ণলীলার একখানি নাটক লিখিবেন বলিয়া করচাকারে তাহার নান্দীশ্লোকাদি রচনা করিতেছিলেন। শ্রীরূপ যে কাব্য-নাটক-অলঙ্কারাদিতে পরম পণ্ডিত এবং রসশাস্ত্রে ও ভক্তিসিদ্ধান্তে সুপ্রবীণ, শ্রীমন্মহাপ্রভু শ্রীচৈতন্যদেব তাহার নীলাচলের প্রিয়পার্ষদ স্বরূপদামোদর গোস্বামী, রামানন্দ রায়, বাসুদেব সার্ব্বভৌম এবং গদাধর পণ্ডিত ও হরিদাস ঠাকুরকে জ্ঞাত করাইবার জন্য এক অপূর্ব্ব কৌশল অবলম্বন করিলেন। তিনি রথাগ্রে নৃত্য করিবার সময়ে কাব্যপ্রকাশ হইতে একটি শ্লোক গান করিতেন; কেন যে মহাপ্রভু ঐ শ্লোক পড়িতেন, তাহার মর্ম্ম শ্রীস্বরূপদামোদর প্রমুখ দুই এক জন মর্ম্মী ভক্ত ভিন্ন অন্য কেহ অবগত ছিলেন না, কিন্তু শ্রীরূপ মহাপ্রভুর পঠিত ঐ শ্লোক শুনিয়া উহার মর্ম্মার্থ গ্রহণ করিয়া শ্রীকৃষ্ণের সহিত ব্রজসীমন্তিনীগণের কুরুক্ষেত্রে মিলনের প্রসঙ্গ লইয়া কুরুক্ষেত্র-মিলনে যে শ্রীবৃন্দাবনের লীলামাধুরীর স্ফূর্ত্তি সম্ভবপর নহে, এইরূপ অর্থব্যঞ্জক একটি শ্লোক রচনা করিয়া তালপত্রে ঐ শ্লোকটি নিজের বসতিকুটীরের চালে গুঁজিয়া রাখিয়া সমুদ্রস্নান করিতে যান। মহাপ্রভু শ্রীস্বরূপ দামোদরের সহিত শ্রীরূপের বাসগৃহে আসিয়া ঐ শ্লোকটি পাইয়া আনন্দে মত্ত হইলেন, এবং সেই শ্লোক স্বরূপ দামোদরকে দেখাইয়া জিজ্ঞাসা করিলেন,—

"মোর অন্তরবার্ত্তা রূপ জানিল কেমনে?"

শ্রীস্বরূপ গোস্বামী তদুত্তরে বলিলেন,—"তুমি নিশ্চয়ই ইঁহাকে কৃপা

করিয়াছ, না হইলে তোমার অন্তরের কথা শ্রীরূপ কি প্রকারে জানিতে পারিবে ?" তখন—

প্রভু কহে—ইঁহো আমায় প্রয়াগে মিলিলা।
যোগ্যপাত্র জানি ইঁহায় মোর কৃপা হৈলা ॥
তবে শক্তি সঞ্চারি আমি কৈল উপদেশ।
তুমিহ কহিও ইহার রসের বিশেষ ॥ চৈঃ চঃ ৩।১

ইহার পূর্ব্ব হইতেই শ্রীরূপ শ্রীকৃষ্ণলীলা সম্বন্ধে একখানি নাটক লিখিবেন, এবং ঐ নাটকে ব্রজলীলা ও পুরলীলা উভয়ই থাকিবে, এইরূপ ভাবিয়া নাটকের নান্দীপ্রভৃতি রচনা করিতে আরম্ভ করিয়াছিলেন। কিন্তু শ্রীবৃন্দাবন হইতে পুরী আসিবার পথে উড়িষ্যার সত্যভামাপুর নামক একটি গ্রামে একরাত্রি অবস্থান করেন। তথায় তিনি রাত্রিকালে স্বপ্নে দেখিতে পাইলেন যে, এক দিব্যরূপা নারী আসিয়া তাঁহাকে বলিতেছেন—"আমার নাটক পৃথক করিয়া রচনা কর, এবং আমার কৃপায় ঐ নাটকখানি অপূর্ব্ব লক্ষণবিশিষ্ট হইবে।" শ্রীরূপ বিচার করিয়া স্থির করিলেন, সে শ্রীমতী সত্যভামাদেবীই ঐ প্রকার আদেশ করিলেন। নীলাচলে আসিলেও এক দিন শ্রীচৈতন্যদেব শ্রীরূপকে কহিলেন—

"কৃষ্ণকে বাহির নাহি করিহ ব্রজ হৈতে।
ব্রজ ছাড়ি কৃষ্ণ কভু না যায় কাঁহাতে ॥"

তখন শ্রীরূপ স্থির করিলেন যে, তিনি ব্রজলীলা ও পুরলীলায় দুইখানি পৃথক্ নাটক রচনা করিবেন এবং পুরীধামে অবস্থান করিয়া "বিদগ্ধমাধব" নামে ব্রজলীলার ও "ললিতমাধব" নামে পুরলীলার নাটক রচনা আরম্ভ করিলেন। পুরীতে অবস্থান করিবার কালেই রসতত্ত্বজ্ঞ-চূড়ামণি শ্রীল স্বরূপ

দামোদর ও সুপ্রসিদ্ধ "শ্রীজগন্নাথবল্লভ" নাটকের গ্রন্থকার নাট্যকলা-বিশারদ রায় রামানন্দ, ভক্তপ্রবর শ্রীল হরিদাস ঠাকুর ও ভাগবতোত্তম শ্রীল গদাধর পণ্ডিত, পতিতপাবন প্রেমিক-চূড়ামণি শ্রীল নিত্যানন্দ, ভক্তি-শাস্ত্রে প্রবীণ শ্রীল অদ্বৈত আচার্য্য ও পণ্ডিতপ্রবর ভক্তিরসজ্ঞ শ্রীল সার্ব্ব-ভৌম ভট্টাচার্য্য প্রমুখ ভক্তগণকে সঙ্গে লইয়া শ্রীরূপের এই নাটক দুইখানির সারভাগের পরীক্ষা করেন। এই ভক্তবিদ্বৎসভার বিচারে নাটক দুইখানি অতি চমৎকার কবিত্বে ও রসমাধুর্য্যে পূর্ণ বলিয়া সকলেই স্থির করেন। এমন কি, সুযোগ্য সমালোচক শ্রীল রামানন্দ রায় পর্য্যন্ত স্বীকার করিলেন যে—

"কবিত্ব না হয় এই অমৃতের ধার।
নাটক লক্ষণ সব সিদ্ধান্তের সার॥
প্রেম পরিপাটী এই অদ্ভুত বর্ণন।
শুনি চিত্ত-কর্ণের হয় আনন্দ ঘূর্ণন।
তোমার শক্তি-বিনু জীবে নহে এই বাণী,
তুমি শক্তি দিয়া কহাও হেন অনুমানি॥"

মহাপ্রভু যে যোগ্যপাত্র দেখিয়া ও রূপের অসাধারণ গুণে পরিতুষ্ট হইয়া এবং ইঁহার অনুপম কবিত্বশক্তি দেখিয়া মুগ্ধ হইয়া রসপ্রচারের জন্য ইঁহাতে শক্তি সঞ্চার করিয়াছেন, ইহা অন্তরঙ্গ ভক্তমণ্ডলীর সমক্ষে নিঃসঙ্কোচে স্বীকার করিলেন এবং সমস্ত ভক্তমণ্ডলী এবং আচার্য্যগণকে শ্রীরূপকে আশীর্ব্বাদ করিতে বলিলেন। শ্রীরূপ এইরূপ অলৌকিকী ভাগবতী শক্তিতে শক্তিমান হইয়া ব্রজলীলার ও পুরলীলার মূলতত্ত্বের সাক্ষাদনুভূতি-লব্ধ শক্তির দ্বারা এই নাটক দুইখানি রচনা করেন। প্রসঙ্গতঃ আমরা এই স্থানেই ললিতমাধব নাটকের বৈশিষ্ট্য সম্বন্ধে যৎকিঞ্চিৎ আলোচনা করিয়া শ্রীরূপের সংক্ষিপ্ত জীবন-কথা শেষ করিতে প্রবৃত্ত হইলাম।

ললিতমাধব নাটকের বৈশিষ্ট্য

পুরলীলাকে শ্রীবৃন্দাবনলীলার মাধুর্য্যে পরিপূর্ণ করিবার চেষ্টা এই নাটকের বৈশিষ্ট্য। পুরলীলায় মহিষীগণ যে তত্ত্বতঃ শ্রীবৃন্দাবন-লীলার স্বয়ং ভগবান্ নন্দনন্দনের স্বকীয় শক্তি হইতে অভিন্ন, ইহাই এই নাটকে প্রতিপন্ন করিয়া প্রকাশ্যে ও আভাসে শ্রীবৃন্দাবনলীলার পরম চমৎকারিতারই পরিচয় প্রদান করিবার জন্য এই নাটকখানি রচিত হইয়াছে। পক্ষান্তরে, শ্রীবৃন্দাবনলীলা যে প্রচ্ছন্নভাবে শ্রীদ্বারকালীলায় অবস্থিত, ব্রজলীলার উপাসকগণের সেই সামান্য প্রতীতির উৎপাদন করা, এবং পুরলীলার উপাসকগণের চিত্তে পুরলীলার মধ্যে ব্রজলীলার অনুপম মাধুর্য্যবৈশিষ্ট্য সঞ্চারিত করিয়া দিবার মহদুদ্দেশ্যও এই নাটকে বিদ্যমান। যাঁহারা শ্রীরাধামাধবের পুরলীলার উপাসক—অতএব স্বকীয়াবাদী এবং যাঁহারা ভাগবতে বর্ণিত ব্রজলীলার পরকীয়া ভাবের উপাসক, এই উভয় সম্প্রদায়ের মধ্যে যে তত্ত্বতঃ কোনও ভেদ নাই এবং বিবাদেরও যে কোনও কারণ নাই, ইহা শ্রীরূপ গোস্বামী এই নাটকখানিতে অপূর্ব্ব কৌশলে প্রতিপাদন করিয়াছেন। ফলতঃ শ্রীবিদগ্ধমাধব ও ললিতমাধব এই দুইখানি নাটক লীলাসিদ্ধান্তের খনিবিশেষ, তন্মধ্যে সিদ্ধান্তাংশে ললিতমাধবের চমৎকারিত্ব আরও অধিক। এই সিদ্ধান্ত অব্যাহত রাখিবার জন্য পরম প্রতিভাশালী শ্রীরূপ গোস্বামী নাটকখানির আখ্যানভাগের যে অভিনবত্ব প্রকটিত করিয়াছেন, ললিতমাধবের পাঠকের পক্ষে সর্ব্বাগ্রে তাহাই উপলব্ধি হইয়া থাকে।

ললিতমাধব নাটক বিদগ্ধ-মাধব হইতে আয়তনে বৃহত্তর। বিদগ্ধ-মাধব সাতটি অঙ্কে সমাপ্ত ও ললিতমাধব দশ অঙ্কে পরিসমাপ্ত। পাত্র-পাত্রীর সংখ্যাও ললিতমাধবে অধিক। গোপীশ্বর মহাদেবের স্বপ্নাদেশে দীপান্বিতা

মহোৎসবে গোবর্দ্ধনের আরাধনার্থ রাধাকুণ্ডের তটবর্ত্তী শ্রীমাধব-মন্দির-প্রাঙ্গণে সমাগত বৈষ্ণবগণের তুষ্টিবিধানের জন্য এই নাটকখানির অভিনয় প্রবর্ত্তিত হইয়াছে। সুবিখ্যাত কলানিধিরূপী শ্রীকৃষ্ণের কথা লইয়া এই নাটকপ্রসঙ্গের আরম্ভ। গৌরী পিতা হিমাচলের কন্যাসৌভাগ্যে বিন্ধ্যপর্ব্বত দুঃখিত হইয়া অনুরূপ কন্যাসৌভাগ্যলাভের জন্য তপস্যার দ্বারা ব্রহ্মার প্রসন্নতা সম্পাদন করিয়া দুইটি কন্যালাভের বর প্রাপ্ত হন। ব্রহ্মার বরে এই কন্যাদ্বয়ের বর ধূর্জ্জটি-বিজয়ী হইবেন এবং অশেষ কল্যাণগুণ দ্বারা বিশ্বের বিস্ময় বর্দ্ধন করিবেন; এদিকে শ্রীরাধিকা ও চন্দ্রাবলী গোকুলের বৃষভানু ও চন্দ্রভানু এই গোপদ্বয়ের স্ত্রীদ্বয়ের গর্ভে আবির্ভূতা হইলে তাঁহাদের গর্ভ হইতে আকর্ষণ করিয়া ঐ গর্ভদ্বয়কে বিন্ধ্যপর্ব্বতের স্ত্রীর গর্ভে সংস্থাপন করা হয়। অতঃপর প্রসূতা হইলে কংসপরিচারিকা পুত্রহারিণী পূতনা বিন্ধ্যকন্যা শ্রীরাধাকে গোকুলে আনয়ন করেন। শ্রীরাধার নাম ছিল তারা। বিন্ধ্যাচলের কনিষ্ঠা কন্যা তারা অপহৃতা হইলে বিন্ধ্যাচলের পুরোহিত রাক্ষসনাশক মন্ত্র পাঠ করিলে শিশুহারিণী কংসানুচরী পূতনা বিত্রস্তা হইয়া ভয়ে পলায়ন করিতেছিল, তাহার হস্ত হইতে জ্যেষ্ঠা কন্যা বিদর্ভদেশ-গামিনী একটি নদীর স্রোতে পতিত হন। বিদর্ভাধিপতি রাজা ভীষ্মক চন্দ্রাবলীকে নদীস্রোতে প্রাপ্ত হইয়া তাহাকে নিজগৃহে আনয়ন করেন এবং তাহাকে প্রতিপালন করেন। চন্দ্রাবলীই পরে গোকুলে নীতা হইয়া চন্দ্রভানুর কন্যা ও করালার নাতিনীরূপে প্রসিদ্ধিলাভ করেন। পৌর্ণমাসী পূতনার ক্রোড় হইতে শ্রীরাধার সখী ললিতা, চন্দ্রার সখী মনোজ্ঞা, পদ্মা, ভদ্রা, শৈব্যা ও শ্যামাকে প্রাপ্ত হন। বিশাখার জন্ম গোকুলে নহে—বিশাখা যমুনাপ্রবাহে ভাসিয়া যাইতেছিলেন, জটিলা তাঁহাকে তুলিয়া আনেন। গোবর্দ্ধনাদি গোপগণের সহিত চন্দ্রাবলী প্রভৃতির বিবাহ কংস-বঞ্চনার্থ যোগমায়ার ছলনা, বাস্তবিক ঘটনা নহে। এই সকল কন্যা

গোপদিগের স্পর্শযোগ্যা নহে, উহারা সকলেই শ্রীকৃষ্ণানুরাগিণী। অতঃপর এই নাটকের তৃতীয় অঙ্কে দেখা যায় যে, শ্রীকৃষ্ণ মথুরায় গমন করিলে শ্রীরাধিকা প্রবল বিরহে যমুনাজলে তনুত্যাগের জন্য অবতীর্ণা হন, এবং ললিতাও তাঁহার সহিত যমুনায় প্রবেশ করেন। সূর্য্যনন্দিনী যমুনা শ্রীরাধাকে ও ললিতাকে সূর্য্যভবনে লইয়া যান। সূর্য্যদেব আরাধনায় তুষ্ট হইয়া সত্রাজিৎকে স্যমন্তকমণিসহ একটি কন্যা দান করেন। ইনিই শ্রীরাধিকা; কিন্তু দ্বারকায় সত্রাজিৎ-নন্দিনী সত্যভামা নামে প্রসিদ্ধা। রাজা ভীষ্মকের অপহৃতা কন্যাই গোকুলে চন্দ্রাবলী নামে প্রসিদ্ধা; শ্রীকৃষ্ণের মথুরাগমনের পর ভীষ্মক স্বীয় পুত্রের দ্বারা এই কন্যাকে আনয়ন করেন এবং পরে শ্রীকৃষ্ণের সহিত তাঁহার বিবাহ হয়, ইনিই রুক্মিণী নামে দ্বারকায় প্রসিদ্ধি লাভ করেন। প্রবল বিরহে ভৃগুপতনের দ্বারা পতিতা হইবার সময়ে ললিতাকে জাম্ববান প্রাপ্ত হন, ইনিই পরে জাম্ববতী নামে প্রসিদ্ধা হইয়াছিলেন এবং শ্রীকৃষ্ণহস্তে সমর্পিতা হন। ব্রজের কাত্যায়নী-ব্রতপরা কুমারীদিগকে কামাখ্যা দেবীর আদেশে নরকাসুর অপহরণ করিয়া লইয়া গিয়াছিল, শ্রীকৃষ্ণ নরকাসুরকে বধ করিয়া তাঁহাদিগকে উদ্ধার করিয়া আনেন, তাঁহারাই দ্বারকায় অষ্টোত্তরশতাধিক-ষোড়শসহস্র মহিষী। এইরূপে ব্রজের সমস্ত শক্তিকে দ্বারকার নববৃন্দাবনে আনয়ন করিয়া দ্বারকালীলার প্রবৃত্তিই ললিতমাধবের বৈশিষ্ট্য, এমন কি, নন্দ-যশোদাকেও অবশেষে দ্বারকায় আনয়ন করা হইয়াছে। এই নাটকের পঞ্চম অঙ্কে দেবর্ষি নারদের স্বগত উক্তির দ্বারা এই তত্ত্ব আরও বিশদরূপে ব্যক্ত করা হইয়াছে; যথা—

"নারদ।—(ক্ষণকাল চিন্তা করিয়া স্বগত) নিশ্চয়ই এই সকল পুররমণী ও ব্রজরমণী তত্ত্বাংশে সমান হইলেও দেহাদির দ্বারা ভিন্না। মধ্যে মায়া (যোগমায়া) কর্তৃক ইঁহারা অভিন্না হন, সম্প্রতি ব্রজধামে সেই সকল

ব্রজরমণী প্রেমমূর্চ্ছিতা হইয়া আছেন, কিন্তু যোগমায়া কর্ত্তৃক বিরহকালেও যাহাতে প্রিয়সঙ্গসুখ লাভ হইতে পারে, সেই জন্য সে স্থানকে অর্থাৎ ব্রজকে আচ্ছাদন করিয়া পুররমণীগণকে স্বীয় স্বীয় অভেদ অভিমানের আবেশের দ্বারা দীর্ঘস্বপ্নের ন্যায় হইয়াছে। যাহারা উদ্ধবাগমনে ও কুরুক্ষেত্র-যাত্রায় নিবৃত্তের ন্যায় হইয়াছিল, তাহারা সমানচরিত্রা হইলেও এই অষ্টোত্তর-একশত ষোড়শ সহস্র হইতে পৃথক্। যাহা হউক, এখন সে রহস্য-উদ্ঘাটনে প্রয়োজন নাই।"

কাহারও এই নাটকের তত্ত্ব বুঝিবার কোনও অসুবিধা হইলে, দেবর্ষি নারদের এই কথায় মূলতত্ত্ব একেবারে বিশদরূপে প্রকাশিত হইল। অতঃপর ললিতমাধবেও যে পুরলীলার আচরণে মূলতঃ ব্রজলীলাই বর্ণিত হইয়াছে, সে সম্বন্ধে সন্দেহের আর কোনও অবকাশ নাই।

কিন্তু এই নাটকের তৃতীয় অঙ্কে প্রধানভাবে ও অন্যান্য স্থানে যেরূপ সুতীব্রভাবে বিপ্রলম্ভ বা বিরহের বর্ণনা করা হইয়াছে, তাহা অন্য কুত্রাপি সুদুর্লভ। যুগলভজনশীল ভক্তগণের এই স্থান পাঠে ধৈর্য্য রক্ষা করা অসম্ভব। কথিত আছে, শ্রীরূপ গোস্বামী এই নাটকখানির রচনা সমাপ্ত করিয়া প্রিয়সুহৃৎ অভিন্নহৃদয় শ্রীমৎ রঘুনাথ দাস গোস্বামীকে এই নাটকখানি পড়িতে দেন। তিনি এই নাটকখানি পড়িতে পড়িতে বিরহদশার প্রাবল্যে উন্মত্তের ন্যায় হইয়া উঠেন—পুনঃ পুনঃ মূর্চ্ছিত হইতে থাকেন। অথচ, তাঁহার নিকট হইতে এই নাটকখানি ফিরাইয়া লওয়াও অসম্ভব—কারণ, তিনি দিবানিশি এই নাটকখানিকে একরূপ বুকে করিয়াই দিন কাটাইতে লাগিলেন। তখন শ্রীরূপ গোস্বামী দানকেলিকৌমুদী নামক একাঙ্কের একখানি ভাণিকা রচনা করিয়া দাস গোস্বামীকে তাহা পাঠ করিতে দিয়া শোধন করিবার জন্য ললিতমাধব নাটকখানিকে চাহিয়া

লইলেন। মৰ্ম্মী ভক্তপ্রবরের এই আচরণই এই নাটকখানির অপূর্ব্ব মহিমার প্রমাণ।

কিন্তু তথাপি শ্রীবৃন্দাবনের অনাবৃতলীলাই যে লীলাসমূহের মধ্যে সর্ব্বশ্রেষ্ঠ, ললিতমাধব নাটকের শেষ শ্লোকেই তাহা সুব্যক্ত হইয়াছে। যথা :——

যা তে লীলাপদপরিমলোদ্গারি বন্যাপরীতা
ধন্যা ক্ষৌণী বিলসতি বৃতা মাথুরী মাধুরীভিঃ।
তত্রাস্মাভিশ্চটুলপশুপীভাবমুগ্ধান্তরাভিঃ
সংবীতস্ত্বং কলয় বদনোল্লাসি বেণুবিহারম্॥

সমস্ত মাধুরীর সারভূতা মাধুর্য্য-রসময়ী মহামাধুরীতে পরিপূর্ণা—তোমার লীলাবিহারের মধুময় গন্ধ-বিস্তারকারিণী ভূমণ্ডলের মধ্যে যে ধন্যা শ্রীবৃন্দাবনভূমি বর্ত্তমান, সে স্থানে আমরা চটুলা গোপীগণের ভাবমুগ্ধ অন্তরে তোমার সহিত নিঃসঙ্কোচে যে ক্রীড়া করিয়া থাকি, তাহা অন্যত্র অসম্ভব, অতএব সেই স্থানে আমাদের দ্বারা পরিবেষ্টিত হইয়া হাস্যবদনে তুমি বংশীধ্বনি করিতে থাক।

ইহাই ললিতমাধব নাটকের তত্ত্ব-বৈশিষ্ট্য। কাব্যমাধুর্য্যে ও রসবস্তুর সন্নিবেশে এই নাটকখানির আর কোথাও তুলনা আছে বলিয়া মনে হয় না। সাহিত্যদর্পণে নাটকের যে লক্ষণাদি লেখা হইয়াছে, তাহা ভরতমুনির মতের সম্পূর্ণ অনুরূপ নহে এবং ততটা সুসঙ্গতও নহে। এইজন্য গ্রন্থকার অসীমশক্তিশালী রূপ গোস্বামী ভরতমুনির নাট্যশাস্ত্রের এবং রসসুধাকরের মতানুসারে একখানি সম্পূর্ণাঙ্গ নাটকের উদাহরণস্বরূপেই ললিত-মাধব নাটকখানি রচনা করিয়াছেন। এই নাটকখানি রচনা করিয়া তিনি নাট্যশাস্ত্রের সমস্ত লক্ষণাবলী বিশ্লেষণ করিয়া 'নাটকচন্দ্রিকা' নামক গ্রন্থখানি রচনা করেন। যাঁহারা নাটক-লক্ষণের ও নাটকীয় কলার

বিশ্লেষণ ও বিচার করিয়া ললিতমাধবের মাধুর্য্য হৃদয়ঙ্গম করিতে চাহেন, তাঁহাদের নাটকচন্দ্রিকা গ্রন্থখানির সহিত মিলাইয়া এই নাটকখানি পাঠ করা উচিত। আমরা এই স্থানে সেই সকল দুরূহ বিষয়ের আলোচনায় প্রবৃত্ত হওয়া সঙ্গত মনে করি না। বস্তুতঃ ললিতমাধবে যে কাব্যমাধুর্য্যের ও নাটকীয় কলার পরিচয় প্রদত্ত হইয়াছে, তাহা সুন্দরভাবে বিচার করিতে গেলে একখানি সুবৃহৎ স্বতন্ত্র গ্রন্থ লিখিতে হয়। সেইরূপ শক্তিমান ভক্ত লেখকের সে সম্বন্ধে লিখিবার প্রয়োজন কখনও হইবে কি না, তাহা এখনও বলিতে পারা যায় না। কিন্তু তথাপি একটি দৃষ্টান্তে ললিত-মাধবের অনুপম কাব্যমাধুরীর কিঞ্চিৎ পরিচয় প্রদানের চেষ্টা না করিলেও ভূমিকাটি অসম্পূর্ণ থাকিয়া যায়।

সকল মাধুর্য্যের সারভাগ নন্দনন্দন শ্রীকৃষ্ণে প্রকাশিত। এই নন্দনন্দন শ্রীকৃষ্ণ নিজে সর্ব্বপ্রকার মাধুর্য্যের খনি হইলেও, তিনি নিজে সর্ব্বজ্ঞ হইয়াও সে মাধুর্য্যের অনুভব করিতে সাধারণতঃ অসমর্থ। কিন্তু শ্রীরাধিকা অলৌকিক শক্তিবলে তাঁহার মাধুর্য্য আস্বাদন করিয়া যে অভূতপূর্ব্ব উন্মাদনায় অভিভূত হইয়া পড়েন, তাহা দেখিয়া শ্রীকৃষ্ণ নিজে বিস্মিত হইয়া থাকেন। তিনি নিজের এই অভূতপূর্ব্ব মাধুর্য্য আস্বাদন করিবার জন্য একান্ত আগ্রহান্বিত হইয়া উঠেন। নিত্যনবীন চিরমধুর শ্রীকৃষ্ণের এই ভাবটিকে শ্রীরূপ ললিতমাধব নাটকের অষ্টম অঙ্কে যেরূপে প্রকাশ করিয়াছেন, তাহা দেখিলেই তাঁহার সৌন্দর্য্যজ্ঞানের, রসজ্ঞানের ও কলাপারিপাট্যের চূড়ান্ত নিদর্শন পাওয়া যায়।

সমস্ত সৌন্দর্য্য ও মাধুর্য্যের স্বাভাবিক প্রকাশভূমি শ্রীবৃন্দাবন। দেব-শিল্পী বিশ্বকর্ম্মা তাহারই অনুকরণ করিয়া দ্বারকায় অপূর্ব্ব নববৃন্দাবন নির্ম্মাণ করিয়াছেন। এই অপূর্ব্ব মাধুর্য্যনিলয়ে সাক্ষাৎ রসবস্তু দুই ভাগে বিভক্ত হইয়া শ্রীকৃষ্ণ ও শ্রীরাধারূপে বিরাজমান। তাঁহারা দুই জনে এই

নববৃন্দাবনের মাধুর্য্যের ও সৌন্দর্য্যের কমনীয়তায় মুগ্ধ হইয়া ভ্রমণ করিয়া বেড়াইতেছেন। শ্রীকৃষ্ণ এই সকল অনবদ্য মাধুর্য্যসার উপভোগ করিতে করিতে মণিকুট্টিমে নিজরূপ প্রতিবিম্বিত দেখিয়া বলিতেছেন :—

"কোঽয়ং মাধুর্য্যেণ মমাপি মনো হরন্ মণিকুড্যমবষ্টভ্য পুরো বিরাজতে ?"

(পুনর্নিভাল্য)

হন্ত ! কথমত্রাহমেব প্রতিবিম্বিতোঽস্মি। (ইতি সৌৎসুক্যম্)

"অপরিকলিতপূর্ব্বঃ কশ্চমৎকারকারী—
স্ফুরতি মম গরীয়ানেষ মাধুর্য্যপূরঃ।
অয়মহমপি হন্ত ! প্রেক্ষ্য যং লুব্ধচেতাঃ
সরভসমুপভোক্তুং কাময়ে রাধিকেব ॥"

অর্থাৎ—কে এই মাধুর্য্যের দ্বারা আমারও মনোহরণ করিয়া মণিভিত্তি অবলম্বন করিয়া সম্মুখে বিরাজ করিতেছে ? (পুনরায় ভাল করিয়া দেখিয়া) এ কি ! আমিই যে মণিভিত্তিতে প্রতিবিম্বিত হইয়াছি !

(এই বলিয়া ঔৎসুক্য-সহকারে)

এই চমৎকারকারী অদৃষ্টপূর্ব্ব কোন্ মাধুর্য্যসার গরীয়ান হইয়া আমার অগ্রে প্রকাশ পাইতেছে ? অহো ! আমিও ইহাঁকে দেখিয়া লুব্ধচিত্ত হইয়া সানন্দে শ্রীরাধিকার ন্যায় ইহাঁকে উপভোগ করিবার জন্য কামনা করিতেছি।

নিজমাধুর্য্যকে আস্বাদন করিবার জন্য নিজের এই লোভ—জগতের রস-শাস্ত্রে ইহার আর দ্বিতীয় দৃষ্টান্ত নাই। স্বয়ং রসস্বরূপের এই রসলীলার গভীরতা বুঝিবার সামর্থ্যও সাধারণ মানবের নাই। এই অভূতপূর্ব্ব অলৌকিক অনুভূতি শ্রীরূপের মত অপূর্ব্ব প্রতিভাশালী ভক্ত-চূড়ামণির

পক্ষেই সম্ভব—অপরে তাহার কি বুঝিবে? কিন্তু আমরা বাহ্যদৃষ্টিতে এইমাত্র বুঝি যে, ইহা সম্পূর্ণ অভিনব, সুসম্পূর্ণ অলৌকিক—ইহার আর কোথাও তুলনা নাই। শ্রীরূপের কাব্যমাধুরীর বিশ্লেষণ করিতে যে শক্তি ও যে প্রতিভার প্রয়োজন, তাহা কি আর কখনও জগতে দেখা দিবে? আমরা উদ্দেশ্যে গ্রন্থকারের শ্রীচরণকমলে প্রণত হইয়া শ্রীরূপের ভাগবতী কাব্য-মাধুরীর বিশ্লেষণের চেষ্টা হইতে বিরত হইলাম।

বিদগ্ধমাধব ১৫৮৯ সম্বতে বা ১৪৫৪ শকে সমাপ্ত হয় *। ললিতমাধব নাটক সমাপ্তির তারিখ ও স্থান—

নন্দেষু বেদেন্দুমিতে শকাব্দে শুক্রস্য মাসস্য তিথৌ চতুর্থ্যাম্।
দিনে দিনেশস্য হরিং প্রণম্য সমাপয়ম্ ভদ্রবনে প্রবন্ধম্॥

অর্থাৎ, ১৪৫৯ শকাব্দে জ্যৈষ্ঠমাসে চতুর্থী তিথিতে ভদ্রবনে ললিতমাধব নাটক সমাপ্ত হয়।

নাটক-সমাপ্তির দিন দেখিয়া স্পষ্টই বোধ হয় যে, পুরীধামে এই নাটকের মূল বিষয়ের আরম্ভ করিয়া কয়েক বৎসর ধরিয়া বিচার ও আলোচনার পর এই নাটক দুইখানি শেষ করা হয়।

যাহা হউক, নীলাচল হইতে প্রত্যাগমন করিয়া শ্রীরূপ "দানকেলি-কৌমুদী" নামক একখানি ক্ষুদ্র একাঙ্কের নাটক রচনা করেন। এই একাঙ্ক প্রহসন-মূলক নাটককে সংস্কৃত-নাট্যশাস্ত্রে ভাণিকা নামে অভিহিত করা হয়। অতঃপর শ্রীরূপের আর তিনখানি অপূর্ব্ব গ্রন্থ বিরচিত হয়। ভক্তিরসামৃতসিন্ধু, উজ্জ্বলনীলমণি ও শ্রীলঘুভাগবতামৃত—এই তিনখানি গ্রন্থের মধ্যে ভক্তিরসামৃতসিন্ধুতে শাখাপ্রশাখাক্রমে মুখ্য ভক্তিরসকে বিস্তৃতভাবে ব্যাখ্যা করা হইয়াছে। উহাতে ভক্তির স্বরূপ ও প্রকারভেদ

---

* নন্দসিন্ধুর বাণেন্দু সংখ্যে সম্বৎসরে গতে।
বিদগ্ধমাধবং নাম নাটকং গোকুলে কৃতম্॥

নিরূপণ-প্রসঙ্গে গৌড়ীয় বৈষ্ণব সম্প্রদায়ের অবলম্বিত ভক্তির বৈশিষ্ট্যের পরিচয়ও প্রদত্ত হইয়াছে। এই গ্রন্থ পূর্ব্ব-দক্ষিণাদিক্রমে চারিভাগে বিভক্ত—প্রত্যেক ভাগ কতকগুলি লহরীতে বিভক্ত। সামান্য, সাধন, ভাব ও প্রেমভেদে ভক্তি চারি প্রকার। তন্মধ্যে সাধন-ভক্তির ভেদ দুই প্রকার—বৈধী ও রাগানুগা। শাস্ত্রবিধি অনুসারে ভজনে প্রবৃত্তি হইতে বৈধী ভক্তির আরম্ভ। তৎপরে উহাই ক্রমশঃ চিত্তক্ষেত্রকে শ্রীভগবানের আবাসক্ষেত্রে পরিণত করিয়া প্রেমভক্তিতে পরিণত হয়। আর স্বাভাবিক আকর্ষণের তীব্রতায় ব্রজলোকের কাহারও ভাব অবলম্বন করিয়া শ্রীকৃষ্ণের সহিত সম্বন্ধ স্থাপনকেই রাগানুগা ভক্তির মূল ভিত্তি-রূপে গণ্য করা হইয়াছে। ভক্তিরসামৃতসিন্ধুতে মধুর রসের কথা অতি সংক্ষেপে বর্ণনা করা হইয়াছে। ১৪৬৩ শকে এই গ্রন্থ শেষ হইয়াছে।

শ্রীউজ্জ্বলনীলমণি গ্রন্থে মধুর রসের বা শৃঙ্গার রসের বিস্তৃত বিবরণ প্রদত্ত হইয়াছে। এই গ্রন্থখানি প্রকৃতপক্ষে ভক্তিরসামৃতসিন্ধুর উত্তরাংশ এবং গোপীভজনের রীতি ইহাতে বিস্তৃতভাবে প্রদর্শিত হইয়াছে। শ্রীভগবান্ প্রেমরসময়, তাঁহার ভজনা করিতে হইলে গোপীদের ন্যায় আদর লইয়া—গোপীদের ন্যায় সোহাগ লইয়া—গোপীদের ন্যায় মাধুর্য্য লইয়া তাঁহার সেবা করিতে হয়। এই গ্রন্থে গোপীদিগের অনুরাগের মাধুর্য্য, প্রণয়ের প্রিয় সম্ভাষণ, মানের সুধামাখা বঙ্কিম ভাব, বিরহের হৃদয়শোষী তীব্র উচ্ছ্বাস অতিমধুররূপে চিত্রিত হইয়াছে।

গণিতশাস্ত্রের যেরূপ মূলনিয়ম থাকে—এবং সেই নিয়মের বিস্তৃতি অঙ্কের মধ্যে পাওয়া যায়—সেইরূপ উজ্জ্বলনীলমণির ব্রজকান্তাগণের লক্ষণানুরূপ লীলাবিলাসের পরিচয়ও বিশেষভাবে বিদগ্ধমাধব ও ললিতমাধব গ্রন্থদ্বয়ে প্রদত্ত হইয়াছে। এই জন্য উজ্জ্বলনীলমণি অবলম্বন করিলেই এই

নাটক দুইখানি আস্বাদন করিবার প্রশস্ত বর্ত্মের সন্ধান পাওয়া যায়। লঘু-ভাগবতামৃত—শাস্ত্রসিদ্ধান্ত প্রদর্শনে এই গ্রন্থখানি অদ্বিতীয়। লঘুভাগবতামৃত গ্রন্থ শ্রীরূপের অগ্রজ শ্রীসনাতন গোস্বামীর বৃহদ্ভাগবতামৃতের সিদ্ধান্তের সার লইয়া লিখিত হইলেও ইহার একটি বৈশিষ্ট্য বিদ্যমান। স্বয়ং ভগবান্ শ্রীকৃষ্ণ সর্ব্ব অবতারের বীজ। অসংখ্য অবতার তাঁহারই স্বাংশ এবং জীবগণ পরমাত্মার তটস্থ-শক্তিস্বরূপ এবং শ্রীভগবানের বিভিন্নাংশস্বরূপ। স্বয়ং ভগবান্ হইতে বহুল কার্য্য সাধনের জন্য অসংখ্য অবতার আবির্ভূত হন। শ্রীপাদ রূপ-বিরচিত শ্রীলঘুভাগবতামৃত গ্রন্থে এই অবতারগণের শ্রেণীবিভাগ করা হইয়াছে। এই শ্রেণীবিভাগ অতীব সুপ্রণালীনিবদ্ধ। এই গ্রন্থ পূর্ব্ব ও উত্তর এই দুই খণ্ডে বিভক্ত। পূর্ব্বখণ্ডে সর্ব্বপ্রথমে বিবিধ স্বরূপ নিরূপিত হইয়াছে। প্রথমে স্বয়ংরূপ ও তদেকাত্মরূপ। তদেকাত্মরূপ আবার দ্বিবিধ:—বিলাস ও স্বাংশ। আবেশ ও প্রকাশ, অবতারতত্ত্ব, অবতারের লক্ষণ প্রভৃতি বিবিধ বিষয় শাস্ত্রসিদ্ধান্ত ও যুক্তি অবলম্বনে এই এই গ্রন্থে চূড়ান্তভাবে বর্ণিত হইয়াছে। শ্রীভগবানের অবতার প্রধানতঃ ত্রিবিধ:—পুরুষাবতার, গুণাবতার ও লীলাবতার। পুরুষাবতার তিনটি—প্রথম পুরুষ অবতার, দ্বিতীয় পুরুষ অবতার ও তৃতীয় পুরুষ অবতার। গুণাবতার তিনটি—ব্রহ্মা, বিষ্ণু ও রুদ্র। অনন্তর ২৫টি লীলাবতারের, ১২টি মন্বন্তরাবতারের ও চারিটি যুগাবতারের বিবরণ প্রদত্ত হইয়াছে। লঘু-ভাগবতামৃতের উত্তরখণ্ডে শ্রীপাদ রূপ শাস্ত্র-প্রমাণ দ্বারা দেখাইয়াছেন যে, আরাধনার মধ্যে বিষ্ণুর আরাধনা শ্রেষ্ঠ, এবং তদপেক্ষা তাঁহার ভক্তের আরাধনা আরও শ্রেষ্ঠ। তাঁহার মার্কণ্ডেয়াদি ভক্তগণের মধ্যে প্রহ্লাদ শ্রেষ্ঠ, তদপেক্ষাও পাণ্ডবগণ শ্রেষ্ঠ। তাঁহাদের অপেক্ষাও যাদবগণ শ্রেষ্ঠ, যাদবগণের মধ্যে উদ্ধব শ্রেষ্ঠ, উদ্ধবের অপেক্ষাও ব্রজদেবীগণ শ্রেষ্ঠা এবং তন্মধ্যে শ্রীরাধিকা সর্ব্বশ্রেষ্ঠা ; কিন্তু গ্রন্থখানি এমন সুকৌশলে লিপিবদ্ধ যে,

ইহা অবতারতত্ত্বনিরূপণের সর্ব্বশ্রেষ্ঠ গ্রন্থ বা সমগ্র পুরাণ-শাস্ত্রের পরিভাষাগ্রন্থরূপে ব্যবহৃত হইতে পারে।

শ্রীরূপ গোস্বামী এই কয়েকখানি শ্রেষ্ঠগ্রন্থ ব্যতীত আরও অনেকগুলি ছোট ছোট গ্রন্থ রচনা করেন। তন্মধ্যে শ্রীকৃষ্ণগণোদ্দেশদীপিকা, মথুরা-মাহাত্ম্য, স্তবমালাপ্রমুখ গ্রন্থাবলী ব্যতীত পদ্যাবলী নামে একখানি ক্ষুদ্র কবিতাসংগ্রহ গ্রন্থ সুবিখ্যাত।

শ্রীরূপ শ্রীবৃন্দাবনে গমন করিয়া যে শুদ্ধ গ্রন্থরচনা লইয়া ব্যস্ত ছিলেন, তাহা নহে; তিনি অতি প্রাচীনকালে প্রতিষ্ঠিত শ্রীগোবিন্দদেবের মূর্ত্তি উদ্ধার করিয়া তাঁহার সেবা প্রবর্ত্তন করেন। শ্রীরূপের কনিষ্ঠ ভ্রাতা শ্রীবল্লভের পুত্র শ্রীজীব উত্তরকালে প্রব্রজ্যা অবলম্বন করিয়া ইঁহার শিষ্যত্ব গ্রহণ করিয়া ইঁহার নিকট অবস্থান-পুরঃসর ভক্তিসাধনায় ও শাস্ত্রসিদ্ধান্তে অসাধারণ সুপরিপক্বতা লাভ করেন।

শ্রীবৃন্দাবনে গমন করিয়া শ্রীরূপ সনাতন যে আদর্শ ভক্তজীবন যাপন করেন, তাঁহার বৃত্তান্ত শ্রীচৈতন্যচরিতামৃত ও ভক্তিরত্নাকরে প্রদত্ত হইয়াছে। শ্রীরূপ গোস্বামী এক দিকে যেমন ডোরকৌপীন-তিলকধারী দীনাতিদীন বৈষ্ণব, তৃণের মত সুনীচ, তরু অপেক্ষাও সহিষ্ণু এবং নিজ মানের দিকে দৃষ্টিপাত না করিয়া অন্যের মানবর্দ্ধনে সতত প্রযত্নশীল, অপর দিকে তিনি ধর্ম্মের আদর্শরক্ষায় ও শাস্ত্রমর্য্যাদারক্ষায় তেমনই তেজস্বী ছিলেন। তাঁহার অলৌকিক গুণে তিনি শ্রীবৃন্দাবনের ভজনশীল বৈষ্ণব-মণ্ডলীর এতাদৃশ প্রিয় হইয়াছিলেন যে, শ্রীরাধাকৃষ্ণ গোস্বামী তাঁহার "সাধন-দীপিকা" গ্রন্থে লিখিয়াছেন—

রূপেতি নাম বদ ভো রসনে সদা ত্বং
রূপঞ্চ সংস্মর মনঃ করুণা-স্বরূপম্।
রূপং নমস্কুরু শিরঃ সদয়াবলোকম্।

শ্রীরূপের হস্তাক্ষর অতি সুন্দর ছিল। শ্রীচৈতন্যদেব তাঁহার হস্তাক্ষর দেখিয়া অতীব প্রীতিলাভ করিয়াছিলেন ; যথা—

"শ্রীরূপের অক্ষর যেন মুকুতার পাঁতি।
প্রীত হঞা করে প্রভু অক্ষরের স্তুতি ॥" চৈঃ চঃ ৽।১

আমরা পূর্ব্বেই বলিয়াছি, অগ্রজ ভ্রাতা সনাতনের সহিত শ্রীরূপের জীবন একসূত্রে গ্রথিত ছিল। দুই ভ্রাতায় পরামর্শ করিয়া ইহাঁরা ব্রজ-মণ্ডলের ৮০টি লুপ্ত তীর্থের উদ্ধার করেন এবং ব্রজমণ্ডলে গৌড়ীয় বৈষ্ণব-গণের বিজয়বৈজয়ন্তী উড্ডীয়মান করেন। শ্রীবৃন্দাবনে বাঙ্গালীর কীর্ত্তি-কথার যে ইতিহাস, ইহাঁদের জীবন হইতেই তাহার আরম্ভ। শেষবয়সে ইহাঁরা কি ভাবে জীবন যাপন করিতেন, পদকর্ত্তা রাধাবল্লভ দাসের একটি পদে তাহা সুন্দররূপে ব্যক্ত হইয়াছে। যথা—

"গৌরাঙ্গের যত গুণ কহে রূপ সনাতন
হা নাথ হা নাথ বলি ডাকে।
ব্রজপুরে ঘরে ঘরে মাধুকরী ভিক্ষা করে
এইরূপ কত দিন থাকে ॥

তাহা ছাড়ি কুঞ্জে কুঞ্জে ভিক্ষা করি পুঞ্জে পুঞ্জে
ফল মূল করয়ে ভক্ষণ।
উচ্চৈঃস্বরে আর্ত্তনাদে রাধাকৃষ্ণ বলি কান্দে
এইরূপে থাকে কত দিন ॥

কত দিন অন্তর্ম্মনা ছাপান্ন দণ্ড ভাবনা
চারি দণ্ড নিদ্রা বৃক্ষতলে।

স্বপ্নে রাধাকৃষ্ণ দেখে নাম-গানে সদা থাকে
অবসর নাহি এক তিলে ॥
কখন বনের শাক অলবণে করি পাক
মুখে দেন দুই এক গ্রাস।
ছাড়ি ভোগ বিলাস তরুতলে কৈল বাস
এক দুই তিন উপবাস ॥
সূক্ষ্ম বস্ত্র বাজে গায় ধূলায় লুটায় কায়
কণ্টকে বাজয়ে কভু পাশ।
এ রাধাবল্লভ দাস মনে বড় অভিলাষ
কবে হব তাঁর দাসের দাস ॥

১৪৭৬ শকের আষাঢ়ী পূর্ণিমায় বা মুড়িয়া পূর্ণিমায় শ্রীশ্রীসনাতন গোস্বামীর তিরোভাব হয়। শ্রীসনাতনের তিরোভাবের পর শ্রীরূপ সনাতনের প্রতিষ্ঠিত শ্রীমদনমোহনের মন্দিরে মহামহোৎসব শেষ করেন। ইহাই তাঁহার জীবনের শেষ কার্য্য। ইহার পরেই তিনি প্রিয়তম অভিন্নহৃদয় জ্যেষ্ঠ ভ্রাতার সহিত মিলিত হইবার কালপ্রতীক্ষা করিতে থাকেন। ইহার কিছুদিন পরেই শ্রাবণী শুক্লা দ্বাদশী তিথিতে শ্রীরূপ গোস্বামীর তিরোভাব হয়। শ্রীরূপের ভ্রাতুষ্পুত্র ও শিষ্য স্বনামখ্যাত শ্রীজীব গোস্বামী শ্রীরাধাদামোদরের মন্দিরের পশ্চাতে তাঁহার সুপবিত্র দেহ সমাহিত করেন। এখনও প্রতি বৎসর শ্রাবণদ্বাদশীতিথিতে শ্রীরাধা-দামোদরের মন্দিরে তাঁহার তিরোভাব উৎসব হইয়া থাকে।

বাঙ্গালী জাতির প্রকৃত গৌরব শ্রীরূপ-সনাতনের স্মৃতিকথা বাঙ্গালী মাত্রেরই হৃদয়পটে চিরদিন দেদীপ্যমান হইয়া যখন বিরাজ করিবে—আমাদের বিশ্বাস, তখনই আত্মবিস্মৃত বাঙ্গালী জাতির সুদিন ফিরিয়া

আসিবে। আমরা এই ভ্রাতৃদ্বয়ের পবিত্র চরণকমলে প্রণাম করিয়া শ্রীরূপের জীবনকথা অতি সংক্ষেপে স্পর্শমাত্র করিলাম। ত্রুটিবিচ্যুতির জন্য শ্রীরূপ-সনাতনের ভক্তগণ অনুগ্রহ করিয়া আমাদিগকে ক্ষমা করিবেন —ইহাই প্রার্থনা।

বিনীত—

শ্রীসত্যেন্দ্রনাথ বসু

ললিতমাধবনাটকম

প্রথমাঙ্কঃ

শ্রীকৃষ্ণচৈতন্যচন্দ্রায় নমঃ।

সুররিপুসুদৃশামুরোজকোকান্ মুখকমলানি চ খেদয়ন্নখণ্ডঃ।
চিরমখিলসুহৃচ্চকোরনন্দী দিশতু মুকুন্দযশঃশশী মুদং বঃ ॥১॥

শ্রীশ্রীরাধাকৃষ্ণাভ্যাং নমঃ।

অথ শ্রীনন্দনন্দনান্তঃপুরচরৈর্ভগবদ্ভক্তবরৈঃ শ্রীকৃষ্ণচৈতন্যকৃপাধরৈঃ শ্রীমদ্রূপগোস্বামিচরণৈর্মদেকশরণৈরুজ্জ্বলনীলমণৌ লক্ষিতং সমৃদ্ধিমদাখ্যসম্ভোগং স্ফুটং দর্শয়িতুং বিরচ্যমানস্য ললিতমাধবাখ্যস্য গ্রন্থস্য প্রথমপদ্যং ব্যাচক্ষে সুররিপুসুদৃশামিত্যাদি। মুকুন্দযশ এব শশী বো যুষ্মভ্যং মুদং দিশতু। অখণ্ড ইত্যনেন পূর্ণচন্দ্রস্যোপমানত্বং দর্শিতম্। চন্দ্রস্য সদাতনপূর্ণত্বাভাবাদস্য তৎ সত্ত্বাদ্ব্যতিরেকালঙ্কারো বা। কিং কুর্ব্বন্ সুররিপুসুদৃশামুরোজ এব কোকাস্তান্ মুখান্যেব কমলানি চ খেদয়ন্। অখিলাঃ সুহৃদ এব চকোরাস্তাননন্দিতুং শীলং যস্য সঃ। আশীর্ব্বাদস্য প্রাথমিকত্বাত্তদ্রূপমঙ্গলং প্রথমং কৃতম্। সমস্তবস্তুবিষয়রূপকালঙ্কারোঽত্র

শ্রীকৃষ্ণচৈতন্যচন্দ্রকে নমস্কার।

অসুরসুন্দরীদিগের স্তনরূপ চক্রবাককে ও তাহাদের মুখকমলকে যাহা ম্লান করে এবং যাহা সকল সুহৃদ্রূপ চকোরদিগকে আনন্দ দান

অপিচ।

অষ্টৌ প্রোক্ষ্য দিগঙ্গনা ঘনরসৈঃ পত্রাঙ্কুরাণাং শ্রিয়া
কুর্ব্বন্মঞ্জুলতাভরস্য চ সদা রামাবলীমণ্ডনম্।

বাচ্যঃ। অপ্রস্তুতপ্রসঙ্গা ব্যঙ্গ্যা। কংসাদি-সুররিপুবিশেষে নন্দাদি-সুহৃদ্বিশেষে চ বক্তব্যো সুররিপুমাত্রস্য সুহৃন্মাত্রস্য চ গ্রহণাৎ॥ ১॥

মুদিরঃ কামুকে মেঘে হর্ষণে চ নিগদ্যতে ইত্যভিধানাৎ। কামুকং হর্ষপ্রদং বা। কৃষ্ণনামানং যশোদাস্তনন্ধয়ম্। কৃষ্ণং শ্যামং মুদিরং মেঘং বা। দিশি দিশি গতা অঙ্গনাঃ শ্রীরাধা চন্দ্রাবলী ললিতা বিশাখা পদ্মা শৈব্যা শ্যামলা ভদ্রা একত্রীকৃত্য তা ঘনরসৈরঙ্গাঙ্গীভূত-নিবিড়-শৃঙ্গারবিশেষৈঃ প্রোক্ষ্য নিষিচ্য তর্পয়িত্বা। কস্তূর্য্যা লিখিতপত্রভঙ্গানাং শোভয়া। মনোজ্ঞাতিশয়স্য সম্পত্ত্যা সুন্দরীশ্রেণ্যা মণ্ডনং কুর্ব্বন্ সর্ব্বোৎকর্ষেণ বর্ত্ততে। বৃত্ত্যর্থে ক্রমেরাত্মপদম্ চ পুনঃ। উজ্জ্বলাখাবতীং চন্দ্রতোপুজ্জ্বলা আকৃতির্যস্যাস্তাং চন্দ্রাবলীং ধারয়ন্। পক্ষান্তরে তু যঃ কৃষ্ণো মেঘো অষ্টৌ

করে, সেই মুকুন্দের অখণ্ড সম্পূর্ণ যশঃশশী নিত্যকাল তোমাদের আনন্দ-বিধান করুক্॥ ১॥

আরও

কৃষ্ণমেঘ যেমন অষ্ট দিগ্বধূদের ঘনরসে অভিষিঞ্চিত করে, এবং মঞ্জু-লতাবলীতে পত্রাঙ্কুর সমুদ্গত করাইয়া সদা উপবনসমূহকে (আরামাবলীকে) শ্রীমণ্ডিত করে, এবং স্বীয় পীনোন্নত বক্ষে ভানুচ্ছটার অতুলনীয় আভা এবং চন্দ্রের উজ্জ্বল কান্তি আবৃত করিয়া পরিভ্রমণ করে, সেইরূপ যে হর্ষপ্রদ কৃষ্ণ শ্রীরাধা চন্দ্রাবলী ললিতা বিশাখা পদ্মা শৈব্যা শ্যামলা ও ভদ্রা নাম্নী অষ্ট নায়িকাকে আনন্দঘনরসে অভিষিক্ত করেন এবং পত্রলেখা রচনার দ্বারা রামাবলীকে (সুন্দরীগণকে) মঞ্জুলতায় বা

যঃ পীনে হৃদি ভানুজামতুলভাং চন্দ্রাকৃতিং চোজ্জ্বলাং
রুন্ধানঃ ক্রমতে তমত্র মুদিরং কৃষ্ণং নমস্কুর্ম্মহে ॥ ২ ॥

নান্দ্যন্তে সূত্রধারঃ ।—অলমতিবিস্তরেণ। সমন্তাদবলোক্য ।
হন্ত ভোঃ ।

সন্তত-বৃন্দাটবীনিকুঞ্জবেদি-নিবাসদীক্ষারসজ্ঞস্য স্ফুরদ্ভুদ্দণ্ড-পুণ্ডরীকমণ্ডলীমণ্ডিতব্রহ্মকুণ্ডতীরোপান্তস্থলী-মহাভৌমিকস্য ভগ-

---

দিশোঽঙ্গনা ইব ঘনরসৈর্মেঘপুষ্পৈঃ ঘনরস ইত্যমরাৎ জলৈঃ প্রোক্ষ্য পত্রাঙ্কুরাণাং পুনর্নবো যা লতাস্তাসামতিশয়স্য চ শ্রিয়া শোভয়া সদা আরামাবলীনামুপবনশ্রেণীনাং মণ্ডনং কুর্ব্বন্। যঃ পীনে হৃদি ভানুজাং সূর্য্যাজ্জাতাং অতুলাভামতুলাং কান্তিম্। চ পুনরুজ্জ্বলাং চন্দ্রস্যাকৃতিং রুন্ধানঃ আবৃণ্বন্ ক্রমতে তমিত্যাদি পূর্ব্ববদুন্নেয়ং নান্দী নমস্ক্রিয়ান্বিতা বস্তুনির্দ্দেশান্বিতা চ। বস্ত্বত্র ললিতাদিষু তত্রাপি রাধাচন্দ্রাবল্যোশ্চ কৃষ্ণস্যানুরাগস্তাসাং কৃষ্ণে চেতি জ্ঞেয়ম্ ॥ ২ ॥

নান্দ্যন্ত ইতি। নান্দী স্যান্মঙ্গলস্তুতিঃ। তদুক্তং নাটকলক্ষণে প্রস্তাব-

---

সৌন্দর্য্যে মণ্ডিত করেন, এবং অতুল্যদীপ্তি (বৃষ-)ভানু-তনয়া শ্রীরাধাকে এবং চন্দ্র অপেক্ষাও উজ্জ্বলকান্তি চন্দ্রাবলীকে স্বকায় পীনোন্নত বক্ষে ধারণ করেন, সেই জগদ্‌বিহারী কৃষ্ণকে আমরা নমস্কার করি ॥ ২ ॥

(নান্দী পাঠের পর)

সূত্রধার। অধিক বাহুল্যের প্রয়োজন নাই।

(চতুর্দ্দিকে অবলোকন করিয়া) ওহে নটগণ, শ্রবণ করো—

যিনি বৃন্দাবনের নিকুঞ্জ-বেদীতে নিরন্তর নিবাস করিবার দীক্ষা-রসের

বতো গোপীশ্বরতয়া প্রসিদ্ধস্য চন্দ্রার্দ্ধমৌলেঃ স্বপ্নাবির্ভূতমাদেশ-মাসাদ্য দীপাবলীকৌতুকারম্ভে গোবর্দ্ধনারাধনায় রাধাকুণ্ড-রোধসি মাধবী-মাধবমন্দিরস্য পূর্ব্বতঃ সঙ্গতানি বৈষ্ণব-বৃন্দানি স্বপ্রবন্ধেন ললিতমাধবনাম্না নাটকেনাহমুপস্থাতুং পর্য্যুৎসুকো-ঽস্মি ॥ ৩ ॥

নায়াস্য মুখে নান্দী কার্য্যা সুখাবহা। আশীর্নমস্ক্রিয়া বস্তুনির্দ্দেশান্যতমা মতেতি। তত্রৈব। অর্থস্য প্রতিপাদ্যস্য তীর্থং প্রস্তাবনোচ্যতে ইতি। তস্যান্তে সূত্রধার আহেতি ক্রিয়াঽধ্যাহার্য্যা। এবং পরত্র আহেত্যাদি ক্রিয়াধ্যাহারেণৈবান্বয়ঃ কর্ত্তব্যঃ। সূত্রধারো নটোত্তমঃ। যথা তত্রৈব। সূত্রধারঃ স বিজ্ঞেয়ঃ কথা সূত্রার্থসূচক ইতি। নান্দ্যা অতিবিস্তরেণালং পর্য্যাপ্তম্। অলং ভূষণপর্য্যাপ্তিশক্তিবারণবাচকমিতি। সমন্তাৎ সর্ব্বতো দিশঃ হন্ত ভোঃ ইত্যাদি বিধত্ত কুরুত। হন্ত ভো নটাঃ শৃণুত। ভগবতশ্চন্দ্রার্দ্ধমৌলেঃ শিবস্য স্বপ্নে আবির্ভূতমাদেশমাজ্ঞামাসাদ্য ললিতমাধবনাম্না স্বপ্রবন্ধেন স্বরচিতেন নাটকেন সাধনেন সেবিতে তদভিনীয়েত্যর্থঃ ॥ ৩ ॥

মর্ম্ম অবগত আছেন, যিনি প্রফুল্ল ও উর্দ্ধনাল কমলমণ্ডলে মণ্ডিত ব্রহ্মকুণ্ডতীরের নিকটবর্ত্তী ভূমির অধিপতি, যিনি গোপীশ্বর বলিয়া প্রসিদ্ধ, যিনি ষড়ৈশ্বর্য্যশালী, সেই চন্দ্রশেখর মহেশ্বরের স্বপ্নাদেশ অনুসারে দীপাবলীর উৎসব আরম্ভে গোবর্দ্ধনের আরাধনার নিমিত্ত রাধাকুণ্ডের তীরে মাধবী-মাধব-মন্দিরের পূর্ব্বদিকে সমাগত বৈষ্ণববৃন্দকে আমি আমার স্বরচিত ললিতমাধব নামক নাটক দ্বারা প্রীত ও সেবা করিবার জন্য সমুৎসুক হইয়াছি ॥ ৩ ॥

তদভীষ্টদৈবতমভ্যর্থয়িষ্যে ।

নিজপ্রণয়িতাং সুধামুদয়মাপ্নুবন্ যঃ ক্ষিতৌ
কিরত্যলমুরীকৃতদ্বিজকুলাধিরাজস্থিতিঃ ।
স লুঞ্চিততমস্ততির্মম শচীসুতাখ্যঃ শশী
বশীকৃতজগন্মনাঃ কিমপি শর্ম্ম বিন্যস্যতু ॥ ৪ ॥

আকাশে । কিং ব্রবীষি ।

ভোঃ হন্ত কথমত্র মহাসাহসে কৃতাধ্যবসায়োঽসীতি ।

ভোঃ সত্যমিদং বিদাংকরবাণি । তথাপি পরবানস্মি ।
শ্রূয়তাম্॥ ৫

অভীষ্টদৈবতং শ্রীকৃষ্ণচৈতন্যনামানম্ ॥ ৪ ॥

আকাশ ইতি বাণী জায়তে ইতি । তথাপীতি । শ্রীমহাদেবাধীনোঽস্মি ॥৫॥

অতএব আমি আমার অভীষ্ট দেবতার নিকট প্রার্থনা করি ।

যিনি ক্ষিতিতলে উদিত হইয়া নিজ প্রেমসুধা প্রচুর পরিমাণে বিকীর্ণ করিতেছেন এবং সেজন্য যাঁহার দ্বিজকুলাধিরাজ নামে প্রসিদ্ধি হইয়াছে, যিনি সমস্ত তম নাশ করিতেছেন, সেই শচীনন্দন শশী আমার কোনও কল্যাণ বিধান করুন ॥ ৪ ॥

(আকাশে কাণ পাতিয়া)

কি বলিতেছ । ওহে, তুমি এমন মহাসাহসিক কর্ম্মে কেন উদ্যোগী হইয়াছ, জিজ্ঞাসা করিতেছ ? হাঁ, ইহা সত্য দুঃসাহস, তাহা আমি জানি । তথাপি আমি পরাধীন অর্থাৎ মহাদেবের আজ্ঞাপ্রাপ্ত । শ্রবণ করুন ॥ ৫ ॥

কেয়ং সভা গুণবতী বত মুগ্ধরূপঃ
ক্কাহং জিতাঽস্মি গুরুণা গুরুগৌরবেণ।
আত্মা মমাত্ম শরণং শরণং গতানাং
দত্তোৎসবস্য করুণা করুণার্ণবস্য ॥

পুরস্তাদবলোক্য হন্ত ভোঃ কৃষ্ণপদারবিন্দ-ভৃঙ্গাঃ প্রসাদং বিদধত ভবদ্বিধানামেব কৃপাবলম্বনেনাত্র নিরাতঙ্কমুদ্যতাঽস্মি।

যতঃ।

শান্তশ্রিয়ঃ পরমভাগবতাঃ সমস্তাদ্বৈগুণ্যপুঞ্জমপি সদ্গুণতাং নয়ন্তি।
দোষাবলীমপরিতাপতয়া মৃদূনি জ্যোতীংষি বিষ্ণুপদভাঞ্জি বিভূষয়ন্তি ॥৬॥

শান্তশ্রিয় ইত্যাদি। শান্তা পরানুদ্বেজিনী শ্রীস্তর্নাদিসম্পত্তির্যেষাং তে নয়ন্তি প্রাপয়ন্তি। জ্যোতীংষি নক্ষত্রাণি কর্ত্তৃণি দোষাবলীং রাত্রিশ্রেণীং পক্ষে দোষশ্রেণীমপরিতাপকতয়া বিভূষয়ন্তি তাপরিতাপিকাং কুর্ব্বন্তীত্যর্থঃ।

কোথায় এই গুণবান্‌দিগের সভা আর কোথায় মূঢ়বুদ্ধি রূপ আমি কিন্তু প্রবল গুরু-আজ্ঞার নিকটে পরাজিত হইয়াছি। যিনি শরণাগতকে আনন্দ দান করেন, যিনি করুণার সাগর, সেই করুণাময়ের আদিভব শ্রেষ্ঠতম করুণাই অদ্য আমার একমাত্র আশ্রয় ও শরণ।

(সম্মুখে অবলোকন করিয়া)

ওহে কৃষ্ণের চরণকমলের মধুপগণ, আপনারা আমাকে প্রসাদ বিতরণ করুন। ভবাদৃশ মহৎ ব্যক্তিদের কৃপা অবলম্বন করিয়া আজ আমি এখানে এই মহৎ কর্ম্মে নির্ভয়ে প্রবৃত্ত হইতে উদ্যত হইয়াছি।

ইতি মূর্দ্ধন্যঞ্জলিমাধায়।

বক্তুং পারমহংস্যপদ্ধতিমিহ ব্যক্তিং গতানাং হি যঃ
সিদ্ধানাং ভুবনে বভূব সনকাদীনাং তৃতীয়ঃ পুরা।
সাঙ্গং ভক্তিরসং রহস্যমধুনা ভক্তেষু সঞ্চারয়-
ন্নেকঃ সোঽবততার বিশ্বগুরবে পূর্ণায় তস্মৈ নমঃ ॥ ৭ ॥

মৃদুত্বেন শান্তশ্রীবিষ্ণুপদভাক্তেন পরমভাগবতত্বং তেষাং ব্যঞ্জিতম্। পক্ষে বিষ্ণুপদমাকাশম্। বিয়দ্বিষ্ণুপদং বা ত্বিত্যমরকোষাৎ। দৃষ্টান্তনামালঙ্কারঃ। তল্লক্ষণম্—দৃষ্টান্তঃ পুনরেতেষাং সর্ব্বেষাং প্রতিবিম্বনমিতি ॥ ৬ ॥

বক্তুমিত্যাদি। তৃতীয়ঃ শ্রীসনাতনঃ। সনকাদীনাং তৃতীয়ত্বেন বিশ্বগুরুত্বম্। সাঙ্গভক্তিরসসঞ্চারিত্বেনাস্য পূর্ণত্বং ব্যঞ্জিতম্ ॥৭ ॥

যেহেতু—

শান্তশ্রীসম্পন্ন (শান্তরসাস্পদ) পরম ভগবদ্ভক্ত জনগণ সর্ব্বতোভাবে দোষসমূহকেও সদ্গুণে পরিণত করিতে পারেন। যেমন উষ্ণতাবিহীন মৃদু কিরণশালী নক্ষত্রপুঞ্জ আকাশে (বিষ্ণুপদে) উদিত হইয়া রজনী সমূহকে (দোষাবলীকে) বিভূষিত করে ॥ ৬ ॥

(এই বলিয়া মাথায় অঞ্জলি স্থাপন করিয়া) যিনি পুরাকালে বা সৃষ্টির প্রারম্ভে ইহ-জগতে পরমহংসদিগের অনুষ্ঠিত ধর্ম্মপদ্ধতি প্রচার করিবার জন্য সনকাদি (সনক সনন্দ সনাতন সনৎকুমার চারি জন) সিদ্ধপুরুষ-দিগের মধ্যে তৃতীয় রূপে (সনাতন নামে) অবতীর্ণ হইয়াছিলেন, অধুনা তিনিই আবার সম্পূর্ণাঙ্গ ভক্তিরসের রহস্য ভক্তগণের মধ্যে সঞ্চার করিবার জন্য একাকী অবতীর্ণ হইয়াছেন, সেই পূর্ণ বিশ্বগুরু সনাতনকে (গ্রন্থকার রূপ গোস্বামীর জ্যেষ্ঠ সহোদর) আমি প্রণাম করি ॥ ৭ ॥

তদহং নিরবদ্যসঙ্গীতবিদ্যায়াং বিদ্যাধরীং মাননীয়াং মে নটবৃন্দেশ্বরীং বৃদ্ধাং রঙ্গে সন্নিধাপয়িতুমিচ্ছামি ॥ ৮ ॥

প্রবিশ্য নটী। বচ্ছ, রঙ্গমঙ্গলসংবিহাণে সম্পদং অণ-হিণিইট্‌ঠ-মণীসহ্মি ॥ ৯ ॥

সূত্রধারঃ। আর্য্যে কিমিত্যেবমুচ্যতে। পশ্য পশ্য।

চকাস্তি শরদুৎসবঃ স্ফুরতি বৈষ্ণবানাং সভা
চিরস্য গিরিরুদ্গিরত্যমলকীর্ত্তিধারাং হরেঃ।

মে মাননীয়াং বৃদ্ধাং মুখরাম্। রঙ্গে রঙ্গস্থলে। সন্নিধাপয়িতুং সঞ্চারয়িতুমিচ্ছামীত্যর্থঃ ॥ ৮ ॥

নটী মুখরাবেশধারিণী প্রবিশ্যাহ। বৎস, রঙ্গমঙ্গলসম্বিধানে সাংপ্রতমনভি-নিবিষ্টমনাস্মি। বাসনান্তরেণ চিত্তাক্রান্তত্বাদিত্যুত্তরবাক্যানুসারেণ জ্ঞেয়ম্ ॥ ৯ ॥

চকাস্তীত্যাদি। চিরস্য চিরকালং ব্যাপ্য। মাধবনামা শ্রীকৃষ্ণমূর্ত্তিঃ।

এক্ষণে আমি অনিন্দনীয় সঙ্গীতবিদ্যায় বিদ্যাধরীতুল্যা আমার মাননীয়া বৃদ্ধা ও মুখরা নটবৃন্দেশ্বরীকে এই রঙ্গভূমিতে অবতারণ করিতে ইচ্ছা করিতেছি ॥ ৮ ॥

(নটীর প্রবেশ)

নটী। বৎস, সম্প্রতি আমি রঙ্গমঙ্গল সংবিধান করিবার জন্য আমার মন অভিনির্বিষ্ট করিতে পারিতেছি না ॥ ৯ ॥

সূত্রধার। আর্য্যে, কেন এরূপ বলিতেছেন।

দেখুন, দেখুন—এই শারদোৎসব উজ্জ্বল দীপ্তিতে শোভা পাইতেছে, এই সময় আবার বৈষ্ণবদিগের সভা দেদীপ্যমান হইয়াছে, এবং এই গিরি শ্রীকৃষ্ণের অমল কীর্ত্তিধারা ক্রমাগত উদ্গিরণ করিতেছে, অন্য

কিমন্যদিহ মাধবো মধুরমূর্ত্তিরুদ্ভাসতে
তদেষ পরমোদয়স্তব বিশুদ্ধপুণ্যশ্রিয়ঃ ॥ ১০ ॥

নটী। বচ্ছ, মহানুভাঅ-জণব্বসণ-সংভূদা এসা মে আদঙ্ক-সিঙ্খলা ণ কৃখু লোঅচরীআ সাহারণী ॥ ১১ ॥

সূত্রধারঃ। আর্য্যে, নিয়মিতমনৈকান্তিকানি ভবন্তি মহানুভাবানাং ব্যসনানি ॥ ১২ ॥

উদ্ভাসতে শোভতে তত্তস্মাত্তব বিশুদ্ধপুণ্যশ্রিয় এষ পরমোদয়ো বর্ত্ততে। সংসঙ্গস্তু বিশুদ্ধপুণ্যেনৈব ভবতীতি ধ্বনিতম্ ॥ ১০ ॥

নটী মুখরাহ। বৎস, মহানুভাবজনব্যসনসম্ভূতা এষা মে আতঙ্কশৃঙ্খলা ন খলু লোকচর্য্যা সাধারণী। ব্যসনং বিপত্তিঃ। ব্যসনং বিপদি ভ্রংশে দোষে কামজ-কোপজে ইতি কোষাৎ ॥ ১১ ॥

সূত্রধার আহ। নিয়তং নিশ্চিতম্। অনৈকান্তিকানি অনিত্যানি ব্যসনানি বিপত্তয়ঃ ॥ ১২ ॥

কথা আর কি বলিব, এখানে মধুরমূর্ত্তি মাধবও স্বয়ং উদ্ভাসিত হইতেছেন, অতএব এই শুভক্ষণ আপনার বিশুদ্ধ পুণ্যশ্রীর পরম উদয় বলিয়া জানিতে হইবে ॥ ১০ ॥

নটী। বৎস, কোনও মহানুভাবসম্পন্ন ব্যক্তির বিপদের জন্যই আমার এই আতঙ্ক-শৃঙ্খলা আমাকে বেষ্টন করিয়াছে, নতুবা ইহা সাধারণ লোকাচারের জন্য নহে ॥ ১১ ॥

সূত্রধার। আর্য্যে, মহানুভাবদিগের বিপত্তি সর্ব্বদাই অনিত্য অর্থাৎ অল্পকালস্থায়ী হইয়া থাকে, ইহাই জগতের নিয়ম ॥ ১২ ॥

তথাহি।

বিপিনং যদি বা দিগন্তরাণি ত্রিদিবং বা গমিতং রসাতলং বা।
স্বপদান্তিকমানয়ত্যবশ্যং ভগবান্ ভক্তজনং ন মোক্তুমিষ্টে ॥ ১৩ ॥

বিপিনমিত্যাদি। তমোময়েন প্রাচীনকর্ম্মণা বিপিনং গমিতং পশুত্বং প্রাপিতম্। রজোময়েন দিগন্তরাণি গমিতং নরত্বং প্রাপিতম্, সত্ত্বময়েন ত্রিদিবং গমিতং দেবত্বং প্রাপিতম্। অতিগর্হ্যপ্রাচীনকর্ম্মণা রসাতলং গমিতং নারকিত্বং প্রাপিতম্। ভক্তজনং ভগবান্ স্বপদান্তিকমবশ্যমানয়তি। ন মোক্তুং ন ত্যক্তুমীষ্টে। মুক্তিং দাতুং বা নেষ্টে ন বাঞ্ছতীতার্থঃ। কিন্তু নিজসেবকং করোতীতার্থঃ। অত্রাপ্যপ্রস্তুতপ্রশংসালঙ্কারঃ। শ্রীরাধিকাদি-ভক্তানাং চরিতে বক্তব্যে সামান্যভক্তানাং চরিতবর্ণনাৎ। অত্র সামান্য-ভক্তানাং চরিতং ব্যাখ্যাতম্। শ্রীরাধিকাদি ভক্তবৃন্দস্য বিপিনং খাণ্ডবাদি-বনং দিগন্তরাণি প্রাগ্জ্যোতিষপুরাদীনি ত্রিদিবং সূর্য্যমণ্ডলম্। রসাতলং জাম্ববদ্গৃহং বা গমিতং হরিমায়য়া প্রাপিতং ভগবান্ স্বপদান্তিকমবশ্যমানয়তি তন্মোক্তুং নেষ্টে ইতি বিশেষো জ্ঞেয়ঃ ॥ ১৩ ॥

যেহেতু—

ভক্তজন যদি বনে অথবা দিগন্তরে কিংবা আকাশে বা পাতালে গমন করেন, ভগবান্ তাঁহাকে অবশ্যই স্বকীয় চরণ-সকাশে আনয়ন করেন, কখনও তাঁহাকে পরিত্যাগ করেন না। (অথবা ভক্তজন যদি তমোময় অতীত কর্ম্মফলে বনে গমন করেন অর্থাৎ পশুত্ব প্রাপ্ত হন, অথবা রজোময় কর্ম্ম হেতু দিগন্তরে গমন করেন অর্থাৎ নরত্ব প্রাপ্ত হন, অথবা সত্ত্বময় কর্ম্ম করিয়া স্বর্গে গমন করেন অর্থাৎ দেবত্ব প্রাপ্ত হন, অথবা অতিগর্হিত কর্ম্ম-নিবন্ধন রসাতলে গমন করেন

নটী। পুত্ত, সচ্চং ভণাসি ; তহবি সিণেহাণং ক্খু বিবেঅহারিণী পইদিত্তি মুজ্ঝম্মি ॥ ১৪ ॥

সূত্রধারঃ। আর্য্যে, কথয় কুত্র নিবদ্ধস্নেহাসি ?

নটী। পুত্ত, অত্থি চারণউলণন্দণো কোবি কলাণিহীনাম ॥ ১৫ ॥

নটীতি। পুত্র, সত্যং ভণসি, তথাপি স্নেহানাং খলু বিবেকহারিণী প্রবৃত্তিরিতি মুগ্ধাস্মি ॥ ১৪ ॥

নটীতি মুখরাগ। পুত্র, অস্তি চারণকুলনন্দনঃ কোঽপি কলানিধির্নাম। চারণা অত্র নটাঃ পক্ষে আভীরাশ্চ। উপদেবে চারণঃ স্যাদাভীরে চ নটেঽপি চেতি বিশ্বকোষাৎ। চারণকুলেত্যাদিকং ভারতীবৃত্ত্যঙ্গানাং মুখান্তর্গতবীথ্যঙ্গভূতমুদ্ঘাত্যকমিদম্। তল্লক্ষণং যথা। পদানীত্যগতার্থানি তদর্থগতয়ে নরাঃ। যোজয়ন্তি পদৈরন্যৈস্তদুদ্ঘাত্যকমুচ্যতে, ইতি। অত্র চারণকুলনন্দনপদং আভীরকুলনন্দনপদেন কলানিধিপদং শ্রীকৃষ্ণপদেন যোজিতম্। স তু কৃষ্ণোঽপি চতুঃষষ্টিকলানাং নিধিরাশ্রয়ঃ ॥ ১৫ ॥

অর্থাৎ নরকে গমন করেন, তথাপি ভগবান্ আপনার ভক্তজনকে কখনও পরিত্যাগ করেন না, তাঁহাকে নিশ্চয়ই নিজ চরণ-সকাশে আনয়ন করেন) ॥ ১৩ ॥

নটী। পুত্র, তুমি সত্য কথাই বলিয়াছ, তথাপি স্নেহের মোহে মানুষের বিবেক বা বিচারবুদ্ধি আচ্ছন্ন হইয়া যায়, সেই স্নেহাতিশয্যতায় আমি মুগ্ধ হইয়াছি ॥ ১৪ ॥

সূত্রধার। আর্য্যে, বলুন তো আপনি কোথায় স্নেহে নিবদ্ধ হইয়াছেন।

নটী। পুত্র, চারণকুলনন্দন কলানিধি নামে কোনও এক ব্যক্তি আছেন।

সূত্রধারঃ। কস্তং ন জানীয়াৎ। যতঃ।

বরতাণ্ডববীথিপণ্ডিতো গুণশালী নবযৌবনোন্মুখঃ।
প্রথিতো ভুবি সঙ্গরাঙ্গনে রিপুভঙ্গোদ্ধুরধীঃ কলানিধিঃ ॥১৬॥

নটী। বিহিণো আণুউল্লেণ উবাথিদা ণত্তিণী বুড্‌ঢিএ মএ সংভাবিদা।
তারা নাম লোওত্তরা কণ্ণআ তস্‌স দাতুং সঙ্কপ্পিদা ॥ ১৭ ॥

বীথিঃ শ্রেণী। বীথ্যালিরাবলিঃ পঙ্‌ক্তিঃ শ্রেণী লেখাস্ত রাজয় ইত্যমরঃ। সঙ্গরাঙ্গনং যুদ্ধস্থানম্ ॥ ১৬ ॥

নটীতি মুখরাহ। বিধেরানুকূল্যেনোপস্থিতা নপ্ত্রী বৃদ্ধয়া ময়া সম্ভাবিতা। তারা নাম লোকোত্তরা কন্যকা তস্মৈ দাতুং সঙ্কল্পিতা। নপ্ত্রী তু দুহিতুঃ সুতা। সম্ভাবিতা লব্ধা। তারাপদং রাধাপদেন যোজিতম্। তস্মৈ কলানিধয়ে ॥ ১৭ ॥

(অর্থাৎ গোপকুলের আনন্দদায়ক সকল কলায় কুশল কোনও লোক অর্থাৎ শ্রীকৃষ্ণ আছেন) ॥ ১৫ ॥

সূত্রধার। তাঁহাকে কে না জানে। যেহেতু—তিনি বহুবিধ উত্তম নৃত্যকলায় সুশিক্ষিত, তিনি গুণশালী, নবযৌবনোন্মুখ অর্থাৎ নবকিশোর, জগতে প্রসিদ্ধ, যুদ্ধক্ষেত্রে শত্রুবিজয়ে দৃঢ়বুদ্ধি, সকল কলায় পারদর্শী ॥ ১৬ ॥

নটী। বিধাতার অনুগ্রহে বৃদ্ধা আমি একটি নাতিনী লাভ করিয়াছি, তাহার নাম তারা (রাধা), সেই অলোকসামান্যা কন্যাকে আমি সেই কলানিধির হস্তে সম্প্রদান করিতে সঙ্কল্প করিয়াছি ॥ ১৭ ॥

সূত্রধারঃ। লোকে ধিক্কারভিয়া বিধিস্তথা সাধুবাদলোভেন।
মিথুনং মিথোঽনুরূপং ঘটয়তি দুর্ঘটমপি প্রসভম্ ॥ ১৮ ॥

নটী। ণং কৃখু অহিলসন্তেণ দেসাহিআরিণা কিরাদরাএণ ণচ্চণ-বিলোঅণ-ছলাদো কলাণিহিং আআরিঅ ইমস্স পরাভবো অজ্ঝবসায়দিত্তি ॥ ১৯ ॥

সূত্রধারঃ। আর্য্যে মাং জ্যোতিবিদং বিদ্ধি। তদস্য বর্ত্তমান-লগ্নানু-সারেণ তত্ত্বং তে বর্ণয়ামীতি বিমৃশ্য সহর্ষম্। হন্ত মা তে চিন্তাভূৎ।

সূত্রেতি। প্রসভং বলাৎ। প্রসভং স্যাদ্বলাৎকার ইতি কোষাৎ ॥ ১৮ ॥

নটীতি। এতাং খলু অভিলষতা দেশাধিকারিণা কিরাতরাজেন নর্ত্তন-বিলোকনচ্ছলাৎ কলানিধিমাহূয় ইমস্য কৃষ্ণস্য পরাভবোঽধ্যবসীয়তে॥ ১৯॥

সময় ইতি। তেন কলানিধিনা গুণবতি পূর্ণমনোরথনাম্নি সময়ে। নটতেত্যাত্মপুত্রবার্ত্তাকতয়া সূত্রধারেণ যোজিতম্॥ ২০ ॥

সূত্রধার। এই বর-কন্যার মিলন অতি দুর্ঘট; কিন্তু পাছে লোকে তাঁহাকে ধিক্কার দেয়, এই ভয়ে এবং লোকের কাছে প্রশংসা পাইবার লোভে বিধাতা পরস্পরের যোগ্য এই বর-কন্যার মিলন একরকম বলপূর্ব্বকই সংঘটন করিতেছেন ॥ ১৮ ॥

নটী। কিন্তু এই দেশের অধিকারী কিরাতদিগের রাজা (অর্থাৎ ব্যাধধর্ম্মী কংস) এই কন্যাকে লাভ করিবার অভিলাষ করিয়াছে, এবং সেই জন্য সে কলানিধির (শ্রীকৃষ্ণের) পরাভব ইচ্ছা করিয়া তাহাকে নৃত্য দেখাইবার ছলে কলানিধিকে স্বীয় রাজধানীতে আহ্বান করিয়াছে ॥ ১৯ ॥

সূত্রধার। আর্য্যে, আমাকে আপনি জ্যোতির্ব্বিদ বলিয়া জানিবেন। সেই

তথাহি।—নটতা কিরাতরাজং নিহত্য রঙ্গস্থলে কলানিধিনা।
সময়ে তেন বিধেয়ং গুণবতি তারাকরগ্রহণম্॥ ২০॥

(অতঃপর ভ্রমণ করিতে করিতে সম্মুখে হরিণীকে দেখিয়া বাষ্পাকুলনেত্রে উচ্চে) হরি হরি! হে হরিণীসকল, যখন পুনঃ পুনঃ বংশীনাদ-শ্রবণে তোমাদের মুখ হইতে সুখজনক তৃণগ্রাস অর্দ্ধচর্ব্বিত হইয়াও স্খলিত হইয়া পড়িতেছে, তখন কি তোমরা মনোহারী হরিকে অপাঙ্গপথের পথিক করিয়াছ? ॥ ৩৫ ॥

(ইহার পর অগ্রসর হইয়া অট্টহাসের সহিত)

আলে মোলিচ্ছিপ্পং ভণ পলিহলস্তী কুডিলদং
কুড়ুঙ্গে গূঢ়ঙ্গো ণিবসই কহিং পিঞ্ছমউলী ।
নবাম্ভোদশ্রেণী স্তনিত গণতোঽপ্যর্ব্বুদগুণং
পিঅং ভো তুম্মাণং মুরলীজণিদং জস্স রণিদং ॥৩৬॥

বিশাখা । (সোদ্গ্রীবমবেক্ষ্য) এসা পিঅসহীএ কুণ্ডণিউঞ্জে গুঞ্জাঅলী দীসই ।

রাধা । (সম্ভ্রমেণাদায় জিঘ্রন্তী সোৎকম্পম্)
মণিরাজরুচা বিরাজিতা দনুজারেঃ স্ফুরতি বক্ষসি ।
ইহ কিং লুঠসি ত্বমাকুলা সখি গুঞ্জাবলি ! কুঞ্জবর্ত্মনি ॥ ৩৭ ॥

অরে ময়ূরি ! ক্ষিপ্রং ভণ, পরিহরন্তী কুটিলতাং কুঞ্জে গূঢ়াঙ্গো নিবসতি কুত্র পিঞ্ছমৌলী । নবাম্ভোদশ্রেণীস্তনিত-গণতোঽপ্যর্ব্বুদগুণম্ । প্রিয়ং ভো ! যুষ্মাকং মুরলীজনিতং যস্য রণিতম্ ॥ ৩৬ ॥
বিশাখেতি । এষা প্রিয়সখ্যাঃ কুণ্ড-নিকুঞ্জে গুঞ্জাবলী দৃশ্যতে ॥ ৩৭ ॥

আরে ময়ূরি ! শীঘ্র কুটিলতা ত্যাগ করিয়া বল, শিখিপুচ্ছধারী হরি কোন্ কুঞ্জে অঙ্গ-গোপন করিয়া বিরাজ করিতেছেন ? যেহেতু তাঁহার মুরলী-ধ্বনি নূতন মেঘ-ধ্বনি হইতেও তোমাদের নিকট অর্ব্বুদগুণে প্রিয়তর ॥ ৩৬ ॥

বিশাখা । (উদ্গ্রীব হইয়া অবলোকন পুরঃসর) এই যে প্রিয়সখীর কুণ্ডের তীরবর্ত্তী নিকুঞ্জের গুঞ্জাবলী দেখা যাইতেছে ।

রাধা । (সম্ভ্রমের সহিত লইয়া আঘ্রাণ-পুরঃসর কম্পমানকলেবরে) হে সখি গুঞ্জাবলি ! তুমি মণিরাজ কৌস্তভের আলোকে উজ্জ্বল হইয়া দনুজারি শ্রীকৃষ্ণের বক্ষঃস্থলে বিরাজ করিয়া থাক, হায় ! এখন সেই তুমিই ব্যাকুল হইয়া কুঞ্জপথে গড়াগড়ি দিতেছ ॥ ৩৭ ॥

ললিতা। মগ্‌গণাহি-ণিবেসেণ অবিণ্ণাদ-মগ্‌গাও অম্হে কধং সহিত্থলী পেরণং পত্তম্হ।

রাধা। হা প্রিয়সখি চন্দ্রাবলি! (ইত্যৌৎসুক্যমভিনীয়) তামদৃষ্টপূর্ব্বাং বল্লভিত-বল্লবেন্দ্রনন্দনাং চন্দ্রাবলীং দ্রষ্টু-মিচ্ছামি।

বিশাখা। কৃখু করালাএ মন্দিরে সন্দানিদা কৃখিণদি।

রাধা। তদমুং গিরীন্দ্রমেব গৌরবেণ গিরাং পাত্রং করবাণি।

ললিতেতি। মার্গণাভিনিবেশেন অবিজ্ঞাতা মার্গগ্রামা বয়ং কথং সখীস্থলী-প্রান্তং প্রাপ্তাঃ স্মঃ। সখীস্থল্যাঃ সখীথরা ইত্যাখ্যস্য গ্রামস্য নিকটমিত্যর্থঃ।

রাধেতি। বল্লভঃ প্রিয় ইবাচরিতো বল্লবেন্দ্রনন্দনো যয়া।

বিশাখেতি। সা খলু করালায়া মন্দিরে সন্দানিতা ক্ষিণোতি। সন্দানিতা রুদ্ধা ইতি যাবৎ। সা চন্দ্রাবলী করালা-নাম্নী চন্দ্রাবল্যাঃ পিতামহী।

রাধেতি। গিরাং পাত্রং স্তুতিবিষয়ম্ ॥ ৩৮ ॥

ললিতা। সখি! অনুসন্ধানের অভিনিবেশে আমরা গ্রামের পথ না জানিয়া কিরূপে সখীস্থলী গ্রামের প্রান্তে আসিয়া উপনীত হইলাম?

রাধা। হা প্রিয়সখি চন্দ্রাবলি! (এই বলিয়া অত্যন্ত ঔৎসুক্য দেখাইয়া) যিনি গোপরাজ-কুমারের সহিত স্বামীর ন্যায় আচরণ করিয়াছেন, আমি সেই অদৃষ্টপূর্ব্ব চন্দ্রাবলীকে দেখিতে চাই।

বিশাখা। তিনি করালার মন্দিরে আবদ্ধা থাকিয়া ক্ষীণ হইতেছেন।

রাধা। তবে চল এই গিরীন্দ্রকেই গৌরব সহকারে স্তব করি।

(ইতি পরিক্রম্য সের্ষম্)

বিশাখে ! কুতঃ সাম্প্রতং প্রতারয়সি, যদগ্রে দেবী চন্দ্রাবলী ।

(ইত্যুপসৃত্য সবাষ্পগদ্গদম্)

কুসুমিনি লতাকুঞ্জে গুঞ্জন্মদান্ধ-মধুব্রতে
ত্রসদিব দৃশোর্দ্বন্দ্বং ন্যস্যন্ স্মিতস্ফুরিতাধরঃ ।
কিমিহ মুরলীপাণির্বেণীশিখোচ্চল-চন্দ্রকঃ
সখি তব সখা দৃষ্টঃ স্বৈরী ব্রজেন্দ্র-সুতস্ত্বয়া ॥৩৮॥

(কন্দরে নিজোক্তিপ্রতিধ্বনিমাকর্ণ্য সব্যথম্)

কথং সাক্রন্দমসৌ মামেবানুগচ্ছতি ।

(ইতি সবিধমাসাদ্য সব্যামোহম্)

রাধেতি । সাক্রন্দং সরোদনম্ । অসৌ চন্দ্রাবলী ।

(এই বলিয়া পরিক্রমণ-পূর্ব্বক ঈর্ষা-সহকারে) বিশাখে ! কেন এখন আমাকে প্রতারণা করিতেছ ? এই যে দেবী চন্দ্রাবলী অগ্রে বর্ত্তমান।

(এই বলিয়া অগ্রসর হইয়া বাষ্পগদ্গদস্বরে) সখি ! কুসুমিত লতাকুঞ্জে যথায় মধুপানে মত্ত হইয়া অলিকুল গুঞ্জন করিতেছে, তথায় যিনি হাস্যমুখে শঙ্কিত ব্যক্তির ন্যায় নয়নযুগল ক্ষেপণ করিয়া বিরাজমান, যাঁহার হস্তে মুরলী এবং মস্তকে ময়ুর-পুচ্ছের চূড়া, সেই স্বচ্ছন্দবিহারী ব্রজরাজনন্দন তোমার সখাকে কি তুমি দেখিতে পাইয়াছ ? ॥ ৩৮ ॥

(গিরি-কন্দরে নিজের কথার প্রতিধ্বনি শ্রবণ করিয়া দুঃখ-সহকারে) ইনি কেন সরোদনে আমাকে জিজ্ঞাসা করিতেছেন ?

(এই বলিয়া নিকটে যাইয়া মোহ-সহকারে)

সান্দ্রৈঃ সুন্দরি ! বৃন্দশো হরিপরিষঙ্গৈরিদং মঙ্গলং
দৃষ্টং তে হতরাধয়াঙ্গমনয়া দিষ্ট্যাদ্য চন্দ্রাবলি !
দ্রাগেনাং নিহিতেন কণ্ঠমভিতঃ শীর্ণেন কংসদ্বিষঃ
কর্ণোত্তংস-সুগন্ধিনা নিজভুজদ্বন্দ্বেন সন্ধুক্ষয় ॥৩৯॥

(ইত্যালিঙ্গিতুমুপক্রমতে)

ললিতা। হলা ফড়িঅসিলা পড়িবিম্বিদা এসা তুমং জ্জেবব ণ কখু চন্দাঅলী।

সান্দ্রৈরিতি। বৃন্দশঃ বহুতরৈঃ। কৃষ্ণবিরহেণ স্বং শীর্ণাভূদতঃ প্রতিবিম্বেহপি শীর্ণত্বং দৃষ্টং তয়া। হে সুন্দরি চন্দ্রাবলি ! অনয়া হতরাধয়াদ্য তেহঙ্গং দিষ্ট্যা ভাগ্যেন দৃষ্টম্। নিজভুজদ্বন্দ্বেনৈনাং মাং দ্রাক্ ঝটিতি সন্ধুক্ষয় তর্পয়েত্যর্থঃ ॥ ৩৯ ॥

ললিতেতি। সখি স্ফটিকশিলা প্রতিবিম্বিতা এষা ত্বমেব ন খলু চন্দ্রাবলী।

হে সুন্দরি ! তোমার যে অঙ্গ হরির বহুতর মনোজ্ঞ আলিঙ্গনের দ্বারা মঙ্গলময় হইয়াছে, আজ এই হতভাগিনী রাধা সৌভাগ্যবলেই সেই অঙ্গ দর্শন করিতে পারিল। অতএব হে চন্দ্রাবলি ! তোমার যে ভুজযুগল কংসারির কর্ণশোভি কুসুম-সৌরভে পরিলিপ্ত, সেই শীর্ণ ভুজযুগলের দ্বারা শীঘ্র আমার কণ্ঠ বেষ্টন করিয়া আমার তৃপ্তিবিধান কর ॥ ৩৯ ॥

(ইহা বলিয়া আলিঙ্গন করিবার উপক্রম করিলেন)

ললিতা। হায় ! এ ত' চন্দ্রাবলী নহে, এ যে স্ফটিকশিলায় তোমারই প্রতিবিম্ব।

রাধা। (নিরূপ্য) নাতথ্যং ব্রবীষি (ইতি পুরো গত্বা সোল্লাসং বিহস্য) ললিতে! দিষ্ট্যাহমমুক্ত-বিগ্রহাস্মি সংবৃত্তা।
পশ্য পশ্য, (ইত্যঙ্গুল্যা দর্শয়ন্তী)
বিদূরে কংসারির্মুকুটিত-শিখণ্ডাবলিরসৌ
পুরো গৌরাঙ্গীভিঃ কলিত-পরিরম্ভো বিলসতি।
(ইতি সাভ্যসূয়ং পুনর্নিরূপ্য সখেদম্)
ন কান্তোঽয়ং শঙ্কে সুরপতিধনুর্ধাম-মধুর-
স্তড়িল্লেখা-হারী গিরিমবললম্বে জলধরঃ ॥ (ইতি মূর্চ্ছতি) ॥৪০॥

রাধেতি। অমুক্ত-বিগ্রহা অত্যক্ত-দেহা অস্মি জাতা। মুকুট-বদাচরিতা শিখণ্ডাবলির্যেন সঃ। পুষ্পনাম সন্ধ্যঙ্গমিদম্। তল্লক্ষণম্—সবিশেষং বিধানং যৎ পুষ্পং তদিতি সংজ্ঞিতমিতি। অত্র পুনর্জলধরতয়া বিশেষ-জ্ঞানাৎ পুষ্পম্ ॥ ৪০ ॥

রাধা। (নির্দ্ধারণ করিয়া) অসত্য কথা বল নাই। (ইহা বলিয়া অগ্রে গমন-পূর্ব্বক উল্লাসভরে হাস্য করিয়া) ললিতে! ভাগ্যক্রমে আমি অত্যক্তদেহা হইলাম।

দেখ দেখ, (ইহা বলিয়া অঙ্গুলি দ্বারা দেখাইতে লাগিলেন) ঐ দূরে ময়ূরপুচ্ছমুকুটধারী শ্রীকৃষ্ণ গৌরাঙ্গীগণ-কর্তৃক আলিঙ্গিত হইয়া ক্রীড়া করিতেছেন।

(অসূয়া-সহকারে এই কথা বলিয়া পুনরায় নিরূপণ করিয়া সখেদে) সখি! ইনি ত সে কান্ত নহেন, এ যে ইন্দ্রধনুর দ্বারা শোভমান এবং বিদ্যুৎলেখাহারী স্নিগ্ধ নব-জলধর গিরিকে অবলম্বন করিয়াছে। (ইহা বলিয়া মূর্চ্ছিতা হইলেন) ॥ ৪০ ॥

উভে। হলা! সমসস্‌স, সমসস্‌স।

রাধা। (সমাশ্বস্য সাদরম্)

গিরীন্দ্র! ত্বং প্রেম্ণা প্রবর-বরিবস্যা বিরচনে
বরীয়ানিত্যঙ্কে তব বসতি শঙ্কে প্রভুরসৌ।
(ইতি কাকুমাতন্বতী)
দরীদ্বারং দুরাদ্দ্রুতমিহ দরোদ্ঘাট্য দয়য়া
দুরন্তং দৈন্যোর্ম্মিং মম দময় দামোদরদৃশা ॥ ৪১ ॥
(পুনর্নিভাল্য)
কথমেষ ঝাংকারি-বারি-নির্ঝরায়িত-মহাশ্রুপূরো মৌনমেবাবলম্বতে।

উভে ইতি। সখি! সমাশ্বসিহি সমাশ্বসিহি।

রাধেতি। গিরীন্দ্রং স্তৌতি। বরিবস্যা সেবা। অঙ্কে ক্রোড়ে। দুরন্তং দুর্গমম্। ভঙ্গস্তরঙ্গ উর্ম্মির্বাস্ত্রিয়ামিত্যমরাৎ। দৃশা দর্শনেন ॥ ৪১ ॥

কথমিতি। ঝাংকারীণি ঝাংকারশব্দ-যুক্তানি যানি বারীণি তেষাং নির্ঝর-

---

উভে (ললিতা ও বিশাখা)। সখি! ধৈর্য্য অবলম্বন কর, আশ্বস্তা হও।

রাধা। (আশ্বস্তা হইয়া সাদরে) হে গিরীন্দ্র! তুমি প্রেম-সহকারে শ্রীকৃষ্ণের উৎকৃষ্ট সেবার আচরণে গৌরবান্বিত; অতএব অনুমান হয়, আমার প্রাণনাথ তোমার ক্রোড়ে বাস করিতেছেন।

(কাতরোক্তি বিস্তার-পূর্ব্বক) দয়া করিয়া দূর হইতে শীঘ্র গুহাদ্বার উন্মুক্ত করত দামোদরকে দর্শন করাইয়া আমার এই দুরন্ত দৈন্য-তরঙ্গকে দমন কর ॥ ৪১ ॥

(পুনরায় দেখিয়া) হায়, ইনি যে ঝনৎকার শব্দে নির্ঝর-জল-রূপ প্রবলাশ্রু-পূর্ণ হইয়া মৌন অবলম্বন করিলেন।

ললিতা। হলা! কুড়ুঙ্গে লুক্কিদো মাহবো তুএ কিত্তিঅ-বারং ণ লদ্ধোত্থি তাং ণিব্বিগ্গা মা হোহি।

রাধা। (পরিক্রম্য সসম্ভ্রমম্) সাধু ললিতে! সাধু সাধু, পশ্য দূরাদক্রূরেণ সার্দ্ধং পুরঃ স্যন্দনমারূঢ়োঽয়ং নন্দ-নন্দনঃ তদেনং কণ্ঠগ্রাহমবরোহয়িষ্যে।

(ইতি তদভ্যর্ণমাসাদ্য সব্যথম্)

গিরেঃ শৃঙ্গং স্বর্ণস্তবকিতমিদং হন্ত! ন রথ-

স্তমালোঽসৌ নীলদ্যুতিরিহ ন গোপী-রতিগুরুঃ।

ললিতেতি। সখি! কুঞ্জে লুক্কায়িতো মাধবস্ত্বয়া কতিবারং ন লব্ধোঽস্তি তস্মান্নির্বিণ্ণা মা ভব।

রাধেতি। সব্যাগ্রং তমালতরুং গিরিশৃঙ্গং দৃষ্ট্বাহ, কণ্ঠগ্রাহং কণ্ঠে গৃহীত্বা।

ললিতা। সখি! কুঞ্জেও লুক্কায়িত মাধবকে কতবার তুমি খুঁজিয়া বাহির করিয়াছ, অতএব নিরাশ হইও না।

রাধা। (অগ্রসর হইয়া সসম্ভ্রমে) সাধু ললিতে! সাধু, সাধু। ঐ দেখ, দূরে অক্রূরের সহিত পুরোভাগে রথারূঢ় নন্দ-নন্দন বিরাজ করিতেছেন, অতএব ইঁহাকে কণ্ঠধারণ করিয়া রথ হইতে অবতরণ করাইতেছি।

(ইহা বলিয়া তদভিমুখে অগ্রসর হইয়া ব্যথার সহিত) হায়! হায়! সম্মুখে এ যে স্বর্ণস্তবক-ভূষিত পর্ব্বতের শৃঙ্গ। এ ত' রথ নহে, এ যে নীলবর্ণ তমালবৃক্ষ, এ ত গোপীগণের প্রেমগুরু শ্রীকৃষ্ণ নহেন, এটি যে বলবান্ ব্যাঘ্র, এ ত' কংসের দূত অক্রূর নহে,

বলী শার্দ্দূলোঽয়ং ন হি নৃপতিদূতঃ সখি ! পুরো
বিধাতুর্ব্বামত্বাৎ কথমিতরথা সর্ব্বমুদভূৎ ॥ ৪৬॥

(ইতি মূর্চ্ছতি)

বিশাখা। (সাবেগম্) ললিদে ! জাব ভিসিণীদ-লাইং আণেমি তবণং পড়ঞ্চলেণ বীএহি। (ইতি ধাবতি)

(নেপথ্যে)

বিরহভরমুদীর্ণং প্রেক্ষ্য রাধাতিদৈন্যং
স্ফুটমখিলমশুষ্যম্মানসী হন্ত ! গঙ্গা।

অবরোহয়িষ্যে উত্তারয়িষ্যামি। কথমিতি। কথং সর্ব্বমন্তথাহন-ভীষ্টমভূৎ ॥ ৪৬ ॥

বিশাখেতি। ললিতে ! যাবৎ বিসিনী-দলানি পদ্মদলানি আনয়ামি, তাবদেনাং পটাঞ্চলেন বীজয়।

বিরহেতি। রবিতুরঙ্গানামাজীব্যা জীবিকারূপা শৃঙ্গাগ্রবর্ত্তিনা দূর্ব্বা যস্য সঃ।

হায় সখি ! বিধাতা প্রতিকূল হওয়ায় সকলই কি অন্যরূপ হইয়া গেল ? ॥ ৪৬ ॥

(ইহা বলিয়া মূর্চ্ছিতা হইলেন)

বিশাখা। (আবেগ-সহকারে) ললিতে ! যতক্ষণ আমি পদ্মদল আনয়ন না করি, ততক্ষণ তুমি বস্ত্রাঞ্চলের দ্বারা ইঁহাকে বাতাস কর। (ইহা বলিয়া দৌড়াইলেন)

(নেপথ্যে)—হায় ! শ্রীরাধিকার উৎকট বিরহজাত দৈন্যের আতিশয্য দেখিয়া স্পষ্টতঃ মানসী গঙ্গা শুষ্ক হইয়া গেল, হা কি কষ্ট ! যাহার

অহহ রবিতুরঙ্গাজীব্যশৃঙ্গাগ্র-দূর্ব্বঃ
শত-ভুজমিতিরাসীদেষ গোবর্দ্ধনোঽপি ॥ ৪৭ ॥

রাধা। (প্রবুধ্য সপ্রণয়ের্ষম্) হলা রাহে! মুঞ্চ অলিঅমাণ-দুল্ললিত্তণং।

ললিতা। (নিশ্বস্য নম্রা ভবতি)

রাধা। হলা রাহে! এসো দে পঅসদ্দ দিণ্ণ কণ্ণো কেলি-কুড়ুঙ্গে প্পবিসদি কহ্নো।

(ইতি ললিতায়াঃ পদান্তে পতন্তী)

শত-ভুজমিতি শত-হস্তপরিমাণঃ। গোবর্দ্ধনঃ শত-হস্তপরিমিতঃ আসীৎ সঙ্কুচিতো ভবতীত্যর্থঃ ॥ ৪৭ ॥

রাধেতি। প্রবুধ্যাত্মানং ললিতাং মত্বা ললিতান্তু রাধাং মত্বাহ। সখি রাধে! মুঞ্চ অলীকমান-দুর্ল্লিতত্বম্।

(পুনঃ) রাধেতি। সখি রাধে! এষ তে পদশব্দ-দত্তকর্ণঃ কেলিনিকুঞ্জে প্রবিশতি কৃষ্ণঃ।

শৃঙ্গাগ্রের দূর্ব্বা সূর্য্যাশ্বসকল ভোজন করিত, সেই গোবর্দ্ধন গিরি সঙ্কুচিত হইয়া মাত্র শতহস্তপরিমাণে পরিণত হইলেন ॥ ৪৭ ॥

রাধা। (চৈতন্য লাভ করিয়া নিজেকে ললিতা মনে করিয়া প্রণয়যুক্ত ঈর্ষার সহিত) সখি রাধে! অলীক মানের দুর্ল্লিতত্ব ত্যাগ কর।

ললিতা। (নিশ্বাস ত্যাগ করিয়া নম্রবদনে থাকিলেন)

রাধা। সখি রাধে! তোমার পদশব্দে উৎকর্ণ হইয়া শ্রীকৃষ্ণ কেলি-নিকুঞ্জে প্রবেশ করিতেছেন।

(এই বলিয়া ললিতার পাদসমীপে পতিত হইলেন)

মুকুন্দোঽয়ং কুন্দোজ্জ্বলপরিসরং কুঞ্জমরতে
লতালী চ স্মেরা মধুপবিরুতৈস্ত্বাং ত্বরয়তি।
তদুত্তিষ্ঠোন্মত্তে ন তুদ পদলগ্নাং সহচরীং
দুরাপস্তে মৌগ্ধ্যাদ্বিরমতি বরীয়ানবসরঃ॥ ৪৮॥

ললিতা। হা হতম্হি! দেব্ব হদএণ।

(ইতি ফুৎকৃত্য রোদিতি)

বিশাখা। (সম্ভ্রমাদুপেত্য) ললিদে! কিং ক্খু এদং ধীরা হোহি।

রাধা। (সবিস্ময়ম্) সহি! কিং ক্খু তুমং চ্চেঅ ললিদাসি।

মুকুন্দ ইতি। ন তুদ ন ব্যথয়। বিরমতি বৃথা গচ্ছতি॥ ৪৮॥

ললিতেতি। হা হতাস্মি! দৈব-হতকেন।

বিশাখেতি। ললিতে! কিং খল্বেতৎ ধীরা ভব।

রাধেতি। সখি! কিং খলু ত্বমেব ললিতাসি।

সখি! ঐ মুকুন্দ কুন্দপুষ্প-শোভিতপরিসর কুঞ্জে গমন করিতেছেন; লতাবলীও যেন হাসিতে হাসিতে মধুকর-গুঞ্জনের দ্বারা তোমাকে ত্বরান্বিত করিতেছে। অতএব হে উন্মত্তে! পাদ-পতিতা সহচরীকে আর ব্যথিত করিও না; এই দুর্লভ ও শ্রেষ্ঠ অবসর তোমার মুগ্ধতার জন্য বিফলে গেল॥ ৪৮॥

ললিতা। হায়! দুর্ভাগিনী আমি—দৈব-কর্তৃক হত হইলাম।

(এই বলিয়া ফুৎকার করিয়া রোদন করিতে লাগিলেন)

বিশাখা। (নিকটে আসিয়া সাদরে) ললিতে! এ কি করিতেছ? ধৈর্য্য ধারণ কর।

রাধা। (সবিস্ময়ে) সখি! এ কি! তুমিই বুঝি ললিতা!

ললিতা। (সগদ্গদম্) অধইং।

রাধা। অম্মহে! সচ্চং ভণদি, জং অহং রাহম্মি।

(সমন্তাদ্বিলোক্য)

ণুণং বণমালিআ পুপ্‌ফাইং বিএত্তুং এত্থ পত্থম্মি।

তা কহ্নস্‌স কণ্ণপূরকিদে মল্লিত্থবঅং গেহ্নিস্‌সং।

(ইতি পুষ্পবাটিকামুপেত্য সাতঙ্কম্)

কিমগ্রে মল্লীনাং স্খলতি কলিকাশ্রেণিরধুনা

সরোজানাং কিম্বা ত্রুটিতি পরিতো কোরকততিঃ।

ললিতেতি। অথ কিং।

রাধেতি। অহো! সত্যং ভণতি, যদহং রাধিকাস্মি।

(পুনঃ রাধাহ।) নূনং বনমালিকা পুষ্পাণি বিচেতুম্ অত্র প্রাপ্তাস্মি কৃষ্ণকর্ণপূরকৃতে মল্লিকাস্তবকং গ্রহীষ্যামি।

ললিতা। (গদ্গদস্বরে) হাঁ আমিই সেই।

রাধা। অহো! সত্য বলিতেছ, তবে আমিই কি রাধা? (চতুর্দ্দিকে দেখিয়া) তবে নিশ্চয়ই আমরা বনমালার পুষ্প চয়ন করিতে এখানে আসিয়াছি। তবে শ্রীকৃষ্ণের কর্ণভূষণের জন্য মল্লিকাস্তবক চয়ন করি।

(ইহা বলিয়া পুষ্পোদ্যানে প্রবেশ করিয়া সাতঙ্কে) কি আশ্চর্য্য! অধুনা মল্লিকা-পুষ্পের কলিকাগুলি স্খলিত হইতেছে কেন? পদ্মসমূহের কোরক কেনই বা চতুর্দ্দিকে ত্রুটিত হই-তেছে? জাতি-ফুলের মুকুলগুলিই বা শ্যামকান্তি ধারণ করিতেছে

কথং বা জাতীনাং দধতি মুকুলাঃ শ্যামলরুচং
হরের্বৃন্দারণ্যে দ্রুতমহহ কেয়ং গতিরভূৎ ॥ ৪৯ ॥

উভে। নূণং মহাদাবাগ্গিজ্জালাবিলীঢ়া এসা বণত্থলী।

রাধা। ললিদে! ণ জাণে তীক্‌খদাবাণলকীলা-বিলীঢ়ং ব্ব কীস অজ্জ মে চিত্তং পড়িভাদি, তা দিট্‌ঠিমেত্ত মহিদপঅণ্ডদাব-মণ্ডলং দে বঅস্‌সং অণুসরম্হ।

ললিতা। এদু এদু পিঅসহী। (ইতি তিস্রঃ পরিক্রামন্তি)

ফিমিতি। কেয়ং দুঃখরূপা গতিরভূৎ ॥ ৪৯ ॥

উভেতি। নূনং দাবাগ্নিজ্বালা-বিলীঢ়া এষা বনস্থলী।

রাধেতি। ললিতে! ন জানে তীক্ষ্ণদাবানলক্রীড়া-বিলীঢ়ং আস্বাদিতমিব কস্মাদদ্য মে চিত্তং প্রতিভাতি, তস্মাৎ দৃষ্টিমাত্র-মথিত-প্রচণ্ডদাবমণ্ডলং তে বয়স্যমনুসরাবঃ।

ললিতেতি। এতু এতু প্রিয়সখী।

কেন? হায়, শ্রীহরির বৃন্দাবনে অতিশীঘ্র এ কি দুর্গতি উপস্থিত হইল ॥ ৪৯ ॥

উভয়ে (ললিতা ও বিশাখা)। নিশ্চয়ই এই বনস্থলী মহাদাবানলের জ্বালায় দগ্ধ হইয়া যাইতেছে।

রাধা। ললিতে! জানি না, কেন আজ আমার চিত্ত তীক্ষ্ণদাবানল-ক্রীড়ার দ্বারা পরিব্যাপ্ত বোধ হইতেছে! তবে বল, দৃষ্টিমাত্রে যিনি প্রচণ্ডদাবানলমণ্ডলকে মথিত করিয়াছিলেন, তোমার সেই বয়স্যের অনুসরণ করি।

ললিতা। প্রিয়সখি! তাই চল।

(ইহা বলিয়া তিন জনেই চলিতে লাগিলেন)

রাধা। (সহর্ষম্) ণাদিদূরে গোউলেন্দণন্দণো ভবে জং এসা গোমণ্ডলী লক্খিঅদি।

(ইতি পরিক্রম্য সোদ্বেগম্)

চরতি ন পুনঃ শস্পং বাষ্পপ্রবাহি-বিলোচনা
মুখপরিসরে লব্ধোদ্‌ঘূর্ণা ন লেঢ়ি চ তর্ণকান্।
কিমিতি পরিতো হম্বারাবৈরিয়ং সখি! ভিন্দতী
হরি হরি! হরের্ধেনুশ্রেণী পরং পথি শীর্য্যতে ॥ ৫০ ॥

রাধেতি। নাতিদূরে গোকুলেন্দ্র-নন্দনো ভবেৎ। যদেষা গোমণ্ডলী দৃশ্যতে।

চরতীতি। বাষ্পপ্রবাহযুক্তে বিলোচনে যস্যাঃ সা। লব্ধা উদ্‌ঘূর্ণা তর্ণকান্ বৎসান্ ন লেঢ়ি জিহ্বয়া নাস্বাদতি, হে সখি! হরেরিয়ং ধেনুশ্রেণী পথি কিমিতি শীর্য্যতে ॥ ৫০ ॥

রাধা। (হর্ষভরে) গোপেন্দ্রনন্দন অনতিদূরেই আছেন, কারণ, ঐ দেখ, গোমণ্ডলী দৃষ্ট হইতেছে।

(এই বলিয়া পরিক্রমণ করিয়া উদ্বেগের সহিত) হরি! হরি! হরির এই ধেনুশ্রেণী অশ্রুপূর্ণলোচন হইয়া তৃণ-ভোজন করিতেছে না, মুখের নিকটে বৎসগণ উপস্থিত হইলেও উদ্‌ঘূর্ণা দশা প্রাপ্ত হইয়া তাহাদিগকে লেহন করিতেছে না, হাম্বারবে ইহারা চতুর্দ্দিক্ ভেদ করিতেছে, হায় সখি! পথেই ইহারা বার-পর-নাই শীর্ণ হইয়া পড়িয়াছে ॥ ৫০ ॥

(নেপথ্যে)

দংশঃ কংসনৃপস্য বক্ষসি রুষা কৃষ্ণোরগেণার্প্যতাং
দূরে গোষ্ঠ-তড়াগ-জীবনমিতো যেনাপজহ্রে হরিঃ।
হা ধিক্! কঃ শরণং ভবেন্মৃদিলুঠদ্গাত্রীয়মন্তঃ-ক্লমা-
দাভীরী-শফরীততিঃ শিথিলিত-শ্বাসোর্ম্মিরামীলতি॥ ৫১॥

রাধা। (সোৎকম্পং ঘূর্ণন্তী মূর্চ্ছতি)

ললিতা। হলা! সমসস্স সমসস্স।

রাধা। (চক্ষুরুন্মীল্য নভো বিলোকয়ন্তী) দেব দিবাকর! নমস্যতি রাধিকা সাধয়াভীষ্টম্।

দংশ ইতি। কৃষ্ণবর্ণেনোরগেণ, পক্ষে কৃষ্ণরূপেণোরগেণ। শরণং রক্ষিতা। অন্তিমাবস্থাং প্রাপ্নোতি॥ ৫১॥

ললিতেতি। সখি! সমাশ্বসিহি সমাশ্বসিহি।

(নেপথ্যে)—যে ব্রজতড়াগের জীবন হরিকে এ স্থান হইতে হরণ করিয়া লইয়া গিয়াছে, সেই কংস-ভূপতির বক্ষে রোষভরে কৃষ্ণসর্প দংশন করুক, হায়! হরির অভাবে এই আভীরী-শফরীকুল ভূমিতলে লুণ্ঠিতগাত্র হইয়া, আন্তরিক কষ্ট-বশতঃ শ্বাসতরঙ্গ-শিথিল হইয়া শেষদশা প্রাপ্ত হইতেছে, হা ধিক্! কে এখন ইহাদিগকে রক্ষা করিবে?॥৫১॥

রাধা। (কাঁপিতে কাঁপিতে ঘূর্ণিত হইয়া মূর্চ্ছিত হইলেন)

ললিতা। সখি! সমাশ্বস্ত হও, সমাশ্বস্ত হও।

রাধা। (চক্ষু উন্মীলন করিয়া আকাশের দিকে তাকাইয়া) দেব দিবাকর! রাধিকা প্রণাম করিতেছে, আপনি অভীষ্টসাধন করুন।

বিশাখা। (সসম্ভ্রমম্) সহস্স-ভাণুণা মঙ্গলং আসংসিদং।

রাধা। (অশ্রুতিমভিনীয়) হস্ত! হস্ত!

বিষূচীনৈর্নীতা মধুরিম-পরীতৈর্মধুভিদঃ
পদৈর্বৈলক্ষণ্যং কিমপি জগতী-লোচনহরম্।
ইয়ং তীরক্ষৌণী তরণি-তনয়ায়াঃ সখি! দৃশো-
র্ব্রজন্তী পন্থানং মম করণবৃত্তীর্জ্জরয়তি ॥ ৫২ ॥

ললিতা। হলা! এত্থ পুলিনে সূরং আরাহিঅ অহিট্ঠং অব্ভ-
ত্থেম্হ।

বিশাখেতি। সহস্র-ভানুনা মঙ্গলমাশংসিতম্।

রাধেতি। বিষূচীনৈঃ সর্ব্বত্র ব্যাপকৈর্মুরভিদঃ পদৈর্জগতী-লোচনহরং কিমপি বৈলক্ষণ্যং নীতা সতী, যং তরণি-তনয়ায়াস্তীরক্ষৌণী দৃশোঃ পন্থানং ব্রজন্তী মমেন্দ্রিয়বৃত্তির্জ্জরয়তি বিবশাঃ করোতীত্যর্থঃ ॥ ৫২ ॥

ললিতেতি। সখি! অত্র পুলিনে সূর্য্যমারাধ্যাভীষ্টমর্থয়ামঃ।

বিশাখা। (সসম্ভ্রমে) সহস্ররশ্মি ভানু-কর্ত্তৃক মঙ্গল বিহিত হইয়াছে।

রাধা। (কিছুই শুনিতে না পাইয়া) হায়! হায়! সখি! সর্ব্বতো-ব্যাপ্ত মধুসূদনের মধুরিমাপূর্ণ পদচিহ্নের দ্বারা যমুনোপকূলের এই তীর-ভূমি জগতের দৃষ্টিহারী এমন কোন বৈলক্ষণ্য প্রাপ্ত হইয়াছে যে, ইহা আমার নয়নযুগলের পথবর্ত্তী হইয়া আমার ইন্দ্রিয়বৃত্তিসকলকে বিবশ করিয়া তুলিতেছে ॥ ৫২ ॥

ললিতা। সখি! এস, এই পুলিনে সূর্য্য-আরাধনা-পূর্ব্বক অভীষ্ট প্রার্থনা করি।

রাধা। (পুলিনে লুঠন্তী)

ত্বমস্মাকং যস্মিন্ পশুপরমণীনাং রচিতবান্
সদা ভূয়ো ভূয়ঃ প্রণয়-গহনাং তুষ্টিলহরীম্।
তদেতৎ কালিন্দীপুলিনমিহ খিন্নাঃ কিমধুনা
পরীরম্ভাদম্ভোরুহমুখ! ন সম্ভাবয়সি নঃ ॥ ৫৩ ॥

ললিতা। (কালিন্দীমবলোক্য)

বহিণি! মিহিরবংসূত্তংসরূবে, তু অত্তো
মহুমহণ পউত্তিং লদ্ধ্রুকামাগদম্হি।

রাধেতি। হে অম্ভোরুহমুখ! অধুনা কিমিহ পুলিনে খিন্নান্নঃ পরিরম্ভান্ন সম্ভাবয়সি ন সম্পন্নয়সি ॥ ৫৩ ॥

ললিতেতি। ভগিনি! মিহিরবংশোত্তংসরূপে ত্বত্তো মধুমথনপ্রবৃত্তিং লব্ধু-কামাগতাস্মি।

রাধা। (পুলিনে গড়াগড়ি দিতে দিতে) হে কমললোচন! যে পুলিনে তুমি আমাদের এই গোপবালাদিগের গাঢ় প্রণয়-পূর্ণা সন্তোষ-লহরী রচনা করিয়াছিলে—সেই যমুনাপুলিনে ব্যথিতা আমাদিগকে এখন আলিঙ্গন দ্বারা কেন তুষ্ট করিতেছ না? ॥ ৫৩ ॥

ললিতা। (কালিন্দী দর্শন করিয়া) হে ভগিনি! তুমি সূর্য্যবংশের ভূষণ-স্বরূপা। তোমার নিকট মধুসূদনের বৃত্তান্ত জানিতে আমরা আসিয়াছি।

রাধা। যদজনি মণি-হর্ম্ম্যস্পর্দ্ধি কুঞ্জানুবিদ্ধং
তব সখি ! নব রোধস্তস্য লীলাবরোধঃ।
(ইতি মূর্চ্ছতি)

বিশাখা। ললিদে ! বণমালিণো ণিম্মাল্ল-মালং ণাসাসিহরে অপ্পেহি।

(ইত্যুভে তথা কুরুতঃ)

রাধা। (চিরাৎ প্রবুধ্য) ললিতে ! সমাকর্ণয়,
দৃষ্টঃ কোঽপি ভয়ঙ্করঃ সখি ! ময়া স্বপ্নো বলীয়ানভূ-
দেতস্মিন্নপি মে প্রতীতি রচনা জাগ্রদ্দশেত্যুদ্গতা।

রাধেতি। ললিতোক্তপদ্যার্দ্ধং পূরয়তি যদিতি। রোধঃ কূলম্, অবরোধঃ গৃহম্।

বিশাখেতি। ললিতে ! বনমালিনো নির্ম্মাল্য-মালাং নাসাশিখরেঽর্পয়।

রাধেতি। দৃষ্ট ইত্যাদি। এতস্মিন্ স্বপ্নে কৃষ্ণং হন্ত ! রথেন সত্বরতয়া নীত্বা পুরং গচ্ছতীতি বক্তুমশক্তয়া শান্তমহহ ক্ষেমং ব্রজে তিষ্ঠত্বিত্যানেন পদ্যাবশিষ্টং পূরিতবতী। বাক্‌কেলির্নাম বীথ্যঙ্গমিদম্। তল্লক্ষণম্—

রাধা। সখি যমুনে ! তোমার এই নবীন কূল মণিময় হর্ম্ম্যের স্পর্দ্ধাকারী কুঞ্জে শোভিত হইয়া শ্রীকৃষ্ণের ক্রীড়াগৃহে পরিণত হইয়াছিল।

(ইহা বলিয়া মূর্চ্ছিত হইলেন)

বিশাখা। ললিতে ! বনমালীর নির্ম্মাল্য-মালা ইঁহার নাসিকাগ্রে ধারণ কর। (দুই জনে সেইরূপ করিলেন)

রাধা। (বহুক্ষণ পরে চৈতন্য লাভ করিয়া) ললিতে ! শ্রবণ কর, সখি ! আমি এমন কোন ভয়ঙ্কর স্বপ্ন দেখিয়াছি যে, ঐ স্বপ্ন বলবান্ হইয়া

দূতঃ কোঽপি দুরাগ্রহঃ ক্ষিতিপতেরাগত্য বৃন্দাটবীং
কৃষ্ণং হন্ত ! রথেন (ইত্যর্দ্ধোক্তে)
শান্তমহহ ক্ষেমং ব্রজে তিষ্ঠতু ॥ ৫৪ ॥

তদহং দুঃস্বপ্নবিপাকশান্তয়ে কলিন্দনন্দিন্যাং কৃতাভিষেকা মুকুন্দং পশ্যেয়ম্ ।

বিশাখা । হলা ! খেলাতিত্থং গচ্ছম্হ, জহিং সদা মুউন্দো খেলদি ।

(ইতি সর্ব্বাঃ পরিক্রামন্তি)

সাকাঙ্ক্ষত্বৈব বাক্যস্ত বাক্‌কেলিঃ স্যাৎ সমাপ্তিত ইতি । শান্তমিত্যাদি বাক্‌কেলিঃ ॥ ৫৪ ॥

বিশাখেতি । সখি ! খেলাতীর্থং গচ্ছামঃ যত্র সদা মুকুন্দঃ খেলতি । খেলাতীর্থং কালীহ্রদম্ ।

উহাই জাগ্রদ্দশার প্রতীতি উৎপন্ন করিল, দেখিলাম, কোন এক দুরাত্মা দূত রাজার নিকট হইতে বৃন্দাবনে আসিয়া শ্রীকৃষ্ণকে রথের দ্বারা— (এই অর্দ্ধোক্তির পর) শান্তি হউক, আহা, ব্রজে মঙ্গল বিরাজ করুক ॥ ৫৪ ॥

এখন আমি দুঃস্বপ্ন-জনিত বিপদের শান্তিকামনায় যমুনায় স্নান করিয়া কৃষ্ণ দর্শন করিব ।

বিশাখা । সখি ! চল, আমরা খেলাতীর্থে গমন করিতেছি, ঐ স্থানে সর্ব্বদা মুকুন্দ ক্রীড়া করিয়া থাকেন ।

[এই বলিয়া সকলের প্রস্থান ।

(ততঃ প্রবিশতি বৃন্দা মুখরা চ)

মুখরা। বচ্ছে! কিং করেদি রাহী?

বৃন্দা। আর্য্যে! পশ্যেয়ং, বিশাখয়া সহ খেলাতীর্থমবগাহতে।

রাধা। (তুঙ্গাং তরঙ্গশোভাং বিলোক্য)

বিশাখে! সাধু সাধু যদদ্য খেলাতীর্থমুপনীতাস্মি।

পশ্য, নীলাম্বুজবনীনিলীনস্তব সখা বিস্তৃতভুজার্গলঃ খেলতি।

(ইত্যুভে নিষ্ক্রান্তে)

বিশাখা। অদো ওদরেহি।

মুখরেতি। বৎসে! কিং করোতি রাধা?

বিশাখেতি। ততোঽবতর।

(অনন্তর বৃন্দা ও মুখরা প্রবেশ করিলেন)

মুখরা। বৎসে! রাধিকা এখন কি করিতেছেন?

বৃন্দা। আর্য্যে! দেখুন, রাধা বিশাখার সহিত খেলাতীর্থে অবগাহন করিতেছেন।

রাধা। (অত্যুচ্চ তরঙ্গ-শোভা দেখিয়া) বিশাখে! সাধু সাধু! আমি অদ্য খেলাতীর্থে উপনীতা হইয়া ভালই করিয়াছি। দেখ, তোমার সখা নীল-কমল-বনে লুক্কায়িত হইয়া ভুজার্গল বিস্তার করিয়া খেলা করিতেছেন।

(ইহা বলিয়া দুই জনে চলিলেন)

বিশাখা। তবে জলে অবতরণ কর।

ললিতা। (বিলোক্য সবিক্রোশম্) হদ্ধী হদ্ধী! হদহ্মি হদহ্মি! এসা পিঅসহী বিসাহাএ সদ্ধং গহিরপবাহে ণিমগ্গা জ্জেব্ব ণ উণ ইদো উত্থিদা, তা তুণ্ণং দোণং তইআ ভবিস্সং।

(ইত্যবতরণং নাটয়তি) ॥ ৫৫ ॥

মুখরা। (সাস্রম্) হা দেব্ব! হা দেব্ব! কিং কৃখু এদং।

বৃন্দা। (সাক্রন্দম্) ধিক্! কেয়ং গতিরুপস্থিতা।

(ইত্যার্ত্তিং নাটয়ন্তী)

আর্য্যে! মন্যুনাবতিতীর্ষাং তরসা ধারয় ললিতাম্।

(ইত্যুভে তথা কুরুতঃ)

ললিতেতি। (তয়োর্জলপ্রবেশং দৃষ্ট্বা) হা ধিক্! হা ধিক্! হতাস্মি এষা প্রিয়সখী বিশাখয়া সহ গভীরপ্রবাহে নিমগ্না এব ন পুনরিত উত্থিতা তস্মাত্তূর্ণং দ্বয়োস্তৃতীয়া ভবিষ্যে ॥ ৫৫ ॥

মুখরেতি। হা দৈব! হা দৈব! কিং খল্বিদম্।

(ইত্যুভে তথা কুরুতঃ)। মুখরা বৃন্দা ললিতাং ধারয়তঃ।

ললিতা। (দেখিয়া রোদন করিতে করিতে) হা ধিক্! হা ধিক্! হত হইলাম, হত হইলাম, এই যে প্রিয়সখী বিশাখার সহিত গভীর স্রোতে নিমগ্না হইলেন, আর ত' পুণরায় উঠিলেন না, অতএব শীঘ্র এই দুই জনের পরে আমি তৃতীয় হই।

(ইহা বলিয়া অবতরণ করিতে লাগিলেন) ॥ ৫৫ ॥

মুখরা। (অশ্রুপাত করিতে করিতে) হা দৈব! হা বিধাত! এ কি হইল।

বৃন্দা। (ক্রন্দন করিতে করিতে) ধিক্! এ কি অবস্থা হইল!

(ইহা বলিয়া ব্যথা প্রকাশ-পূর্ব্বক) আর্য্যে! শোকাবেগে অবতরণ-কারিণী ললিতাকে সত্বর ধরিয়া ফেলুন। (দুই জনে তাহাই করিলেন)।

ললিতা। (বিলোক্য স্বগতম্) হদ্ধী হদ্ধী! গরিট্‌ঠো বিগ্‌ঘো উবথিদো, তা কেণাবি ববদেসেণ ইদো ণিক্কমিঅ গোঅদ্ধণে ভিউপড়ণেণ ণং পিঅজণবিওঅদংসণেণাবি অবিদিগ্নং শিলাক-ঢিণং তণুঅং সিলাহিং চুণ্ণস্‌সং।

(ইতি শোকাবেগমপহ্নুত্য প্রকাশম্)

অজ্জে! মুঞ্চেহি মং অহং গত্তুঅ এদং অচ্চরিঅং বুত্তং ভঅবদী পহুদীণং বিণ্ণবিস্‌সং।

(ইতি নিষ্ক্রান্তা)

ললিতেতি। হা ধিক্! হা ধিক্! গরিষ্ঠঃ বিঘ্ন উপস্থিতঃ, তৎ কেনাপি ব্যপদেশেন ইতো নিষ্ক্রম্য গোবর্দ্ধনে ভৃগুপতনেন প্রিয়জনবিয়োগ-দর্শনেনাপি অবিদীর্ণাং শিলা-কঠিনাং তনুং শিলাভিশ্চূর্ণয়িষ্যামি।

আর্য্যে! মুঞ্চ মাং অহং গত্বা এতদাশ্চর্য্যং বৃত্তং (বৃত্তান্তং ইতি যাবৎ)

ললিতা। (অবলোকন করিয়া স্বগত) হা ধিক্! হা ধিক্! গুরুতর বাধা উপস্থিত হইল, তবে কোনও ছলে এ স্থান হইতে যাইয়া গোবর্দ্ধনে ভৃগুপতনের দ্বারা প্রিয়জনের বিয়োগ-দর্শনেও যে তনু বিদীর্ণ হইল না, সেই পাষাণের ন্যায় কঠিন শরীরকে শিলা-সমূহের দ্বারা চূর্ণ করিব।

(এই বলিয়া শোকাবেগ সম্বরণ করিয়া প্রকাশ্যে)

আর্য্যে! আমাকে ত্যাগ করুন, আমি এখনই যাইয়া এই আশ্চর্য্য বৃত্তান্ত ভগবতী প্রভৃতিকে জানাইতেছি।

(এই বলিয়া প্রস্থান করিলেন)

(আকাশে)—

প্রভুর্ভবতি কঃ কৃতী মহিমপূরমস্যাঃ পরং
নিরূপয়িতুমুজ্জ্বলং জগতি গোপবামভ্রুবঃ।
মুনীন্দ্র-কুলদুর্লভা নবতড়িদ্বিলাসাদ্য যা
ভিদাং সহ বয়স্যয়া মিহিরমণ্ডলস্যাকরোৎ ॥৫৬॥

বৃন্দা। আর্য্যে! শ্রূয়তাং, রাধিকায়াঃ সিদ্ধিরমীভির্মেঘান্তরিতৈঃ সিদ্ধৈঃ শ্লাঘ্যতে।

মুখরা। (ভূতলে লুঠন্তী)
হা হা ণত্তিণি রাহে! কহিং গদাসি?

ভগবতী-প্রভৃতীনাং বিজ্ঞাপয়িষ্যামি। ভগবতী-প্রভৃতীনাং কর্ম্মণি ষষ্ঠী ॥ ৫৬ ॥

মুখরেতি। হা হা নপ্ত্রি রাধে! কুত্র গতাসি?

(আকাশবাণী) জগৎমধ্যে এমন কে কৃতী আছে যে, এই গোপসুন্দরীর পরিপূর্ণ মহিমা নির্দ্দেশ করিতে সমর্থ হইবে? আহা! এই নববিদ্যুৎবরণী আজ সখীর সহিত সূর্য্য-মণ্ডলকে ভেদ করিয়া মুনীন্দ্রকুলদুর্ল্লভা গতি প্রাপ্ত হইলেন ॥ ৫৬ ॥

বৃন্দা। আর্য্যে! শুনুন, মেঘান্তরালবর্ত্তী সিদ্ধগণ রাধিকার সিদ্ধির প্রশংসা করিতেছেন।

মুখরা। (ভূতলে লুণ্ঠিতা হইয়া) হায়, নাতিনি রাধে! তুমি কোথায় গেলে?

বৃন্দা। (সখেদম্)

অহহ গহনমেতচ্চিন্তয়ন্তী সমন্তাৎ
কটুতর-পুটপাকজ্বালয়েবাকুলাস্মি।
বিপরিণতিমকাণ্ডে পুণ্ডরীকেক্ষণস্তে
কথমিব ভবিতাসৌ শুশ্রুবান্ পঙ্কজাক্ষি! ॥ ৫৭ ॥

(পুনরাকাশে)।

প্রণয়মণি-করণ্ডিকা মুরারেঃ
শিব শিব! জীবিতমেব রাধিকায়াঃ।
ইয়মপি ললিতা দ্রুতং সখেদা
শিখরদতী শিখরাদ্গিরেঃ পপাত ॥ ৫৮ ॥

বৃন্দেতি। অহহেতি। বিপরিণতিং লোকান্তরগমনম্। অকাণ্ডে অসময়ে। শুশ্রুবান্ শ্রুতবান্ ॥ ৫৭ ॥

প্রণয়েতি। করণ্ডিকা সম্পুটিকা। শিখরদতী দাড়িম্ববীজবদ্রক্তাভদশনা যস্যাঃ সা। পক্কদাড়িমবীজাভং মাণিক্যং শিখরং বিদুরিতি কোষঃ ॥ ৫৮ ॥

বৃন্দা। (সখেদে) হায়! হায়! চারিদিকের এই বিপদ্ চিন্তা করিয়া কটুতর পুটপাক-জ্বালার দ্বারা আমি ব্যাকুল হইয়া পড়িয়াছি। হায়, পঙ্কজাক্ষি রাধিকে! তোমার এই অসময়ে লোকান্তরবার্ত্তা শ্রবণ করিয়া পুণ্ডরীকাক্ষ শ্রীকৃষ্ণের কি দশা হইবে? ॥ ৫৭ ॥

(পুনরায় আকাশবাণী)

শিব! শিব! যিনি মুরারির প্রণয়মণির সম্পুটিকা এবং যিনি রাধিকার জীবনস্বরূপা, সেই শিখরদশনা ললিতা শ্রীরাধার বিরহে খেদান্বিতা হইয়া পর্ব্বতশৃঙ্গ হইতে পতিতা হইলেন ॥ ৫৮ ॥

মুখরা। হা ললিদে! কধং পরিচ্চত্তাসি। (ইত্যুদ্ঘূর্ণন্তী)।
বৃন্দে! সোআণল কালা জলিদং অত্তাণঅং জমুণা-
পবেসেণ সীঅলাএমি। (ইত্যবতিতীর্ষতি)।

(পুনরাকাশে)।

বৃন্দে! সাম্প্রতমিদমসাম্প্রতং মা কৃথাঃ।

বৃন্দা। আর্য্যে! রবিমণ্ডলান্নিঃসরন্তী বাণীয়মনতিক্রমণীয়া।

মুখরা। তা এদং বুত্তং ভঅবদীএ ণিবেদিস্সং।

(পুনরপ্যম্বরে গম্ভীরধ্বনিঃ)

মুখরেতি। হা ললিতে! কথং পরিত্যক্তাসি। বৃন্দে! শোকানলজ্বালা-
জ্বলিতমাত্মানং যমুনাপ্রবেশেন শীতলয়ামি।

হে বৃন্দে! অযোগ্যমিদং শরীরপাতনমিদানীং মা কৃথাঃ ন কুর্ব্বিত্যর্থঃ।

মুখরেতি। তদেতদ্বৃত্তং ভগবত্যৈ নিবেদয়িষ্যামি।

মুখরা। হা ললিতে! কেন আমাকে ত্যাগ করিয়া গেলে? (ইহা বলিয়া উদ্ঘূর্ণিতা হইতে লাগিলেন) বৃন্দে! শোকানলজ্বালায় জর্জ্জরিত আত্মাকে যমুনা-প্রবেশের দ্বারা শীতল করি। (এই বলিয়া অবতরণের উদ্যোগ করিতে লাগিলেন) (পুনরায় আকাশবাণী) বৃন্দে! সম্প্রতি কোনও প্রকারে এই প্রকার অযোগ্য কার্য্য করিও না।

বৃন্দা। আর্য্যে! এই বাণী রবিমণ্ডল হইতে উচ্চারিত হইল; অতএব ইহা কোনও ক্রমে লঙ্ঘনযোগ্য নহে।

মুখরা। তবে এস, এই বৃত্তান্ত ভগবতীকে নিবেদন করি।

(পুনরায় আকাশে গম্ভীরধ্বনি)

মুখরা। বচ্ছে! সুটঠু ণ সুব্বই, কেরিসী এসা দিব্বাবাণী

বৃন্দা। নির্ব্যাজং কুরু কর্ণয়োঃ কমলিনী-ক্লান্তিচ্ছিদা ধর্ম্মিণঃ
কোকস্ত্রী-প্রিয়সঙ্গম-প্রতিভুবো দেবস্য দিব্যা গিরঃ।
কালিন্দী-জলমজ্জনেন মুখরে! মা সাহসিকং কৃথা
ভূয়স্তে ভবিতা প্রমোদসুধয়া পূর্ণো মহানুদ্ধবঃ ॥৫৯॥
(ইতি নিষ্ক্রান্তে)। (ইতি নিষ্ক্রান্তাঃ সর্ব্বে)।

॥ * ॥ ইতি শ্রীললিতমাধবনাটকে উন্মত্ত-রাধিকো নাম
তৃতীয়োঽঙ্কঃ ॥ * ॥ ৩ ॥ * ॥

(পুনঃ) মুখরেতি। বৎসে! সুষ্ঠু শ্রূয়তে, কীদৃশী এষা দিব্যবাণী?
বৃন্দেতি। নিষ্কপটং শৃণ্বিত্যর্থঃ। প্রতিভুবঃ সাক্ষিণঃ। দেবস্য সূর্য্যস্য।
কালিন্দীতি, ভূয়ঃ পুনরপি। উদ্ধবঃ উৎসবঃ ॥ ৫৯ ॥

॥ * ॥ ইতি তৃতীয়োঽঙ্কঃ ॥ * ॥

মুখরা। বৎসে! সম্পূর্ণভাবে শুনিতে পাইলাম না, এই দৈববাণী কিরূপ হইল, তাহা বল।

বৃন্দা। কমলিনীর কান্তিনাশক ও চক্রবাকীর প্রিয়সঙ্গমের সাক্ষিস্বরূপ সূর্য্যদেবের এই দিব্যা বাণী নিষ্কপটে কর্ণগোচর কর—

"হে মুখরে! যমুনার জলে নিমগ্ন হইয়া মহা সাহসের কার্য্য করিও না, পুনরায় প্রমোদসুধা দ্বারা অর্থাৎ শ্রীরাধাকৃষ্ণের মিলনের দ্বারা তোমাদের মহোৎসব পূর্ণ হইবে" ॥ ৫৯ ॥

(এই বলিয়া দুই জনে নিষ্ক্রান্ত হইলেন) (অনন্তর সকলের প্রস্থান)

ইতি শ্রীললিতমাধব নাটকের বঙ্গানুবাদে উন্মত্তরাধিক নামক তৃতীয় অঙ্ক ॥৩॥

চতুর্থোঽঙ্কঃ

(ততঃ প্রবিশত্যুদ্ধবঃ)।

উদ্ধবঃ। অয়ং সর্ব্বজ্ঞানাং গুরুরপি ভজত্যজ্ঞ-পদবীং
প্রভূষ্ণূনাং চূড়ামণিরপি জড়ীভাবময়তে।
সদা সান্দ্রানন্দ-প্রকৃতিরপি ধত্তে বিধুরতাং
মুকুন্দঃ স্বীকুর্ব্বন্ প্রণয়িনি জনে প্রেমবশতাম্ ॥১॥

(পুরো বিলোক্য)।

কথমিয়মত্র গার্গী।

(ইত্যুপসৃত্য)

আর্য্যে! প্রণমামি।

উদ্ধব ইতি। ব্রজলীলামুক্ত্বেদানীং পুরলীলামাহ মথুরায়াম্। প্রভূষ্ণূনাং প্রভবনশীলানাম্। বিধুরতাং ব্যাকুলতাম্ ॥ ১ ॥

(অনন্তর উদ্ধবের প্রবেশ)

উদ্ধব। এই মুকুন্দ প্রণয়িজনের প্রেমবশ্যতা স্বীকার করিয়া সর্ব্বজ্ঞদিগের গুরু হইয়াও অজ্ঞের ন্যায় আচরণ করিতেছেন, প্রভু সকলের চূড়ামণি হইয়াও জড়িমা অবলম্বন করিয়াছেন, সর্ব্বদা আনন্দময়-বিগ্রহ হইয়াও ব্যাকুলতা প্রকাশ করিতেছেন ॥ ১ ॥

(পুরোভাগে দৃষ্টিপাত করিয়া) গার্গী কেন এখানে? (এই বলিয়া নিকটে গমন করিয়া) আর্য্যে! প্রণাম করিতেছি।

প্রবিশ্য গার্গী। অমচ্চ! চিরং সিঞ্চেহি ভত্তি-সুহাপ্পবাহেণ পুহবীং।

উদ্ধবঃ। নূনং যদুরাজাভিষেক-কৌতুকে তত্রভবত্যা রোহিণ্যা সহ গোকুলাদত্রায়াতমার্য্যয়া।

গার্গী। ণহু ণহু, কিঞ্চ দোণং রামকহ্ণাণং ব্বদবন্ধমহূসবে আহূদাএ গোউলেসরীএ সদ্ধং সমাঅদং।

উদ্ধবঃ। নালোকি লোকোত্তরা দেবস্য রঙ্গস্থলে কেলিরার্য্যয়া!

গার্গী। কেরিসী সা কহিজ্জউ?

গার্গীতি। অমাত্য! চিরং সিঞ্চ ভক্তি-সুধা-প্রবাহেণ পৃথিবীম্।

গার্গীতি। নহি নহি, কিন্তু দ্বয়ো রামকৃষ্ণয়োর্ব্রতবন্ধনমহোৎসবে যজ্ঞোপবীতকালে ইতি যাবৎ আহূতয়া গোকুলেশ্বর্য্যা সার্দ্ধং সমাগতং ময়া।

গর্গীতি। কিদৃশী সা কথ্যতাম্।

(গার্গীর প্রবেশ)

গার্গী। অমাত্য! চিরকাল ভক্তিসুধা-প্রবাহের দ্বারা পৃথিবীকে অভিষিক্তা কর।

উদ্ধব। বোধ হয়, আপনি ভগবতী রোহিণীদেবীর সহিত যদুপতির অভিষেক-উৎসবে গোকুল হইতে এখানে পদার্পণ করিয়াছেন?

গার্গী। তাহা নহে, তবে রামকৃষ্ণ এই দুই জনের উপনয়ন-উৎসবে নিমন্ত্রিতা গোকুলেশ্বরীর সহিত এই স্থানে আগমন করিয়াছি।

উদ্ধব। তাহা হইলে আর্য্যা রঙ্গস্থলে শ্রীকৃষ্ণের অলৌকিক ক্রীড়া দেখেন নাই।

গার্গী। বল দেখি সে ক্রীড়া কিরূপ?

উদ্ধবঃ। শ্রূয়তাম্,

কৃষ্ণার্কঃ সাধুচক্রোৎসব-রভস-কৃতী রক্তলোকঃ খলালী-
খদ্যোত-দ্যোতহারী কলিত-কুবলয়াপীড়-গম্ভীরনিদ্রঃ।
মল্লোলূকান্বিধুন্বন্ যদুকুল-কমলোল্লাসকারী স তুঙ্গে
রঙ্গদ্বারোদয়াদ্রৌ দনুজ-নৃপতমং সূদয়ন্ প্রাদুরাসীৎ ॥ ২ ॥

গার্গী। তদো তদো ?

উদ্ধব ইতি। স কৃষ্ণার্কঃ দনুজনৃপতমং সূদয়ন্ সূদয়িতুং নাশয়িতুং রঙ্গদ্বারোদয়াদ্রৌ প্রাদুরাসীত্যন্বয়ঃ। কৃষ্ণ এবার্কঃ, সাধুসমূহঃ, পক্ষে সাধব এব চক্রা চক্রবাকাস্তেষামুৎসবাতিশয়ে কৃতী। অনুরক্তো লোকো জনো যস্মিন্ সঃ। পক্ষে লোক আলোকঃ। খলালী খলশ্রেণ্যেব খদ্যোতস্তস্য দ্যোতং হর্ত্তুং শীলং যস্য সঃ। কলিতা কুবলয়াপীড়স্য গম্ভীরনিদ্রা মরণং যেন সঃ। পক্ষে কলিতা কুমুদসমূহস্য গম্ভীরনিদ্রা মুদ্রণং যেন সঃ। মল্লা এবোলূকাস্তান্। যদুকুলান্যেব কমলানি তেষামুল্লাসকারী রঙ্গদ্বারমেবোদয়াদ্রিস্তস্মিন্। দনুজনৃপঃ কংস এব তমঃ ॥ ২ ॥

গার্গীতি। ততস্ততঃ ?

উদ্ধব। শ্রবণ করুন, সাধুগণরূপ চক্রবাকগণের আনন্দবিধায়ক, খলগণরূপ খদ্যোতের দীপ্তিহারী, কুবলয়াপীড় নামক হস্তীর চিরনিদ্রাপ্রদ, যিনি যদুকুলরূপ কমলের উল্লাসদায়ক, সকল জগতের প্রিয় সেই শ্রীকৃষ্ণরূপ সূর্য্য মল্লরূপ উলুকগণকে খেদান্বিত করিয়া দৈত্যকুলাধিপ কংসরূপ অন্ধকার বিনাশ করিবার জন্য রঙ্গদ্বাররূপ অত্যুচ্চ উদয়পর্ব্বতে প্রাদুর্ভূত হইলেন ॥ ২ ॥

গার্গী। তার পর, তার পর ?

উদ্ধবঃ। ততশ্চ—

দ্বিপরুধির-মদ-শ্রমোদ-বিন্দু-
ছল-ঘুসৃণাগুরুচন্দনৈঃ পরীতঃ।
জরঠ-দশন-দণ্ডমণ্ডিতাংসো
হরিরিহ রঙ্গধরান্তরে চুকূর্দ্দ ॥ ৩ ॥

ততশ্চ—

তথাবিধবেশো দশবিধৈরেষ দশধাম্বভাবি।

তথাহি—

দৈত্যাচার্য্যাস্তদাস্যে বিকৃতিমরুণতাং মল্লবৃন্দাঃ সখায়ো
গণ্ডৌন্নত্যং খলেশাঃ প্রলয়মৃষিগণা ধ্যানমুষ্ণাশ্রমম্বা।

উদ্ধব ইতি। দ্বিপস্য হস্তিনঃ রুধিরমদৌ স্বস্য শ্রমেণোদবিন্দবস্ত এবো-ছলানি ক্রমেণাগুরুচন্দনানি তৈঃ পরীতম্। চুকূর্দ্দ চিক্রীড় ॥ ৩ ॥
দৈত্যাচার্য্য ইত্যাদি। বর্ণসংহার-নাম প্রতিমুখসন্ধ্যঙ্গমিদম্। তল্লক্ষণম্—সর্ব্ববর্ণৈরুপগতং বর্ণসংহার ইষ্যত ইতি। অত্র দৈত্যাচার্য্যা ব্রাহ্মণাঃ।

উদ্ধব। তার পর—শ্রীহরি হস্তিরুধির, হস্তি-মদ এবং স্বীয় শ্রমজনিত ঘর্ম্ম-বিন্দুরূপ কুঙ্কুম, অগুরু ও চন্দনের দ্বারা পরিলিপ্তাঙ্গ হইয়া, বৃদ্ধ গজের দন্তরূপ দণ্ডের দ্বারা স্কন্ধদেশ বিভূষিত করিয়া রঙ্গস্থলপ্রান্তে ক্রীড়া করিতে লাগিলেন ॥ ৩ ॥

তাহার পর ঐরূপ বেশধারী শ্রীহরিকে দশবিধলোকে দশবিধ-রূপে অনুভব করিয়াছিল, যথা—সেই সময়ে রঙ্গস্থলে মুকুন্দকে দর্শন করিয়া দৈত্যাচার্য্য ব্রাহ্মণেরা মুখবিকৃতি, মল্লবৃন্দগণ ভয়ে রক্তবর্ণ, সখাগণ হাস্যবদন, খলগণ ভয়ে অচৈতন্য, ঋষিগণ ধ্যান, মাতৃগণ উষ্ণ

রোমাঞ্চং সংযুগীনাঃ কমপি নবচমৎকারমন্তঃ সুরেন্দ্রা
লাস্যং দাসাঃ কটাক্ষং যযুরসিতদৃশঃ প্রেক্ষ্য রঙ্গে মুকুন্দম্ ॥৪॥

ততশ্চ—

বর-কেশরমালয়াঞ্চিতশ্চলচাণূর-চমূরুমর্দ্দনঃ।
কুতুকোচ্চলধীরদীদরদ্যদুসিংহঃ খলভোজকুঞ্জরম্ ॥ ৫ ॥

গার্গী। দিট্ঠিয়া দিট্ঠন্তং গদো সাহুজণাণং মহাবুক্সূলো।

(ইত্যানন্দমভিনীয়)

ক্ষিতীশসংযুগীনাদয়ঃ ক্ষত্রিয়াঃ। মল্লা দাসাদয়শ্চ বৈশ্যশূদ্রা ইতি বর্ণ-সংহারঃ। বীভৎসঃ, রৌদ্রঃ, হাস্যঃ, ভয়ানকঃ, শান্তঃ, করুণঃ, বীরঃ, অদ্ভুতঃ, দাস্যঃ, শৃঙ্গারঃ ইতি দশ রসাঃ ॥ ৪ ॥

কেশরো নাগকেশর-পুষ্পবিশেষঃ। পক্ষে সিংহস্কন্ধস্য বালঃ। চলস্য চাণূরস্য যা চমূস্তস্যা উরু অধিকং মর্দ্দনঃ। পক্ষে চলচাণুর এব চমরুমৃ‍র্গবিশেষস্তস্য। অদীদরৎ দীর্ণং চকার ॥ ৫ ॥

গার্গীতি। দিষ্ট্যা দিষ্টান্তঃ কালং গতঃ সাধুজনানাং মহাবক্ষঃশূলঃ। স্যাৎ

অশ্রু, ক্ষত্রিয়াদি যোদ্ধাগণ রোমাঞ্চ, দেবশ্রেষ্ঠগণ অভিনব চমৎকারিত্বের শেষ, দাসগণ নৃত্য এবং কৃষ্ণেক্ষণা সুন্দরীগণ কটাক্ষ প্রকাশ করিতে লাগিলেন ॥ ৪ ॥

তদনন্তর সেই যদুসিংহশ্রেষ্ঠ কেশরমালায় বিভূষিত হইয়া, বিচলিত চাণূরের সৈন্যদল অতিশয় মর্দ্দন করিয়া, কৌতুকবশেই যেন উৎকৃষ্ট বুদ্ধির পরিচালনা করিয়া খল ভোজকুলের কুঞ্জর-সদৃশ কংসকে বিদীর্ণ করিলেন ॥ ৫ ॥

গার্গী। ভাগ্যবশতঃই সাধুগণের মহা-বক্ষঃশূল সমূলে উৎপাটিত হইল!

অমাচ্চ ! ধণ্ণা পোণ্ণমাসী জা কহ্ণস্স সঙ্গং
অমুঞ্চন্তী রঙ্গকীলাদিকোদূহলং পেক্খই ।

উদ্ধবঃ । কিমেতদুচ্যতে, যস্যাঃ প্রসঙ্গাদেব জগদ্‌গুরোরপি গুরু-
র্ব্বভূব সান্দীপনিঃ ।

গার্গী । (সংস্কৃতেন)

কামং সর্ব্বাভীষ্টকন্দং মুকুন্দং
যা নির্বন্ধাৎ প্রাহিণোদিন্ধনায় ।

পঞ্চতা কালধর্ম্মো দিষ্টান্তঃ প্রলয়োঽত্যয়ঃ । অন্তনাশৌ দ্বয়োর্মৃত্যুরিত্য-
মরঃ ।

অমাত্য ! ধন্যা পৌর্ণমাসী যা কৃষ্ণস্য সঙ্গমমুঞ্চন্তী রঙ্গক্রীড়াদিকুতূহলং
প্রেক্ষ্যতে ।

গার্গীতি । কৃষ্ণস্য গুরুঃ সান্দীপনির্বভূব । নিদর্শন-নাম নাটকভূষণমিদম্ ।
তল্লক্ষণম্—যত্রার্থানাং প্রসিদ্ধানাং ক্রিয়তে পরিকীর্ত্তনম্ । পরাপেক্ষাব্যু-
দাসার্থং তন্নিদর্শনমুচ্যত ইতি । অত্র বিম্বানুবিম্ববস্তুবোধনান্নিদর্শনম্ ।

(ইহা বলিয়া আনন্দ প্রকাশ করিতে লাগিলেন) অমাত্য ! যিনি
শ্রীকৃষ্ণের সঙ্গ পরিত্যাগ না করিয়া রঙ্গক্রীড়াদি কুতূহল-সকল
অবলোকন করিতেছেন, সেই পৌর্ণমাসীই ধন্যা !

উদ্ধব । এ আর কি বলিতেছেন, এই পৌর্ণমাসীর প্রসঙ্গেই সান্দীপনি
মুনি জগদ্‌গুরুরও গুরু হইয়াছেন ।

গার্গী । (সংস্কৃত ভাষায়) যে আচার্য্যপত্নী সর্ব্বাভীষ্টমূল মুকুন্দকে নির্ব্বন্ধ
সহকারে কাষ্ঠ সংগ্রহ করিতে প্রেরণ করিয়াছিলেন, হায় ! তিনি

আচার্য্যাণী সা করোতি স্ম মূল্যং
পিণ্যাকার্থং হন্ত! চিন্তামণীন্দ্রম্॥ ৬॥

উদ্ধবঃ। শিষ্যাচারপ্রচারচাতুরীয়ং চাণূরমর্দ্দনস্য তদত্র নাপরাধ্যতি গুরোঃ কলত্রম্।

গার্গী। সুদং মএ মহুমঙ্গলো কিদস্তণঅরাদো আঅড্‌ঢিঅ উণে। হরিণা গুরুণো দক্খিণীকিদো।

উদ্ধবঃ। ন কেবলং গুরব এব দক্ষিণীকৃতঃ, কিন্তু কেলিগুরবে স্বাত্মনেঽপি। যদস্য সৌভাগ্য-কুলং ময়া গোকুলে শ্রুতম্।

ইন্ধনায় ইন্ধননিমিত্তম্। মূল্যং পণ্যম্। পিণ্যাকার্থং, নিস্তৈলস্য তিলস্য চূর্ণম্। তিলকল্কে চ পিণ্যাক ইত্যমরঃ॥ ৬॥

উদ্ধব ইতি। চতুরস্য ক্রিয়া চাতুরী, শিষ্যাচারপ্রচারায় চাতুরী শিষ্যাচারপ্রচারচাতুরী। কলত্রং পত্নী।

গার্গীতি। শ্রুতং ময়া মধুমঙ্গলঃ কৃতাস্তনগরাদাকৃষ্য পুনর্হরিণা গুরবে দক্ষিণীকৃতঃ।

উদ্ধব ইতি। কিন্তু কেলি-গুরবে স্বাত্মনেঽপি দক্ষিণীকৃতঃ অনুকূলীকৃতঃ।

সত্যই তিলকল্ককে চিন্তামণিশ্রেষ্ঠের উপযুক্ত মূল্য বলিয়া স্থির করিয়াছিলেন॥ ৬॥

উদ্ধব। চাণূরমর্দ্দন শ্রীকৃষ্ণের উহা শিষ্যের উপযুক্ত আচারপ্রচারের চাতুরীমাত্র, অতএব গুরুপত্নী এ স্থানে কোনও অপরাধ করেন নাই।

গার্গী। আমি শুনিয়াছি, মধুমঙ্গলকে পুনরায় কৃতান্তনগর হইতে আনয়ন করিয়া শ্রীহরি গুরুকে দক্ষিণা দান করিয়াছিলেন।

উদ্ধব। কেবল গুরুকেই দক্ষিণা দেন নাই, কিন্তু কেলিগুরু নিজেকেও দক্ষিণা দিয়াছেন। কারণ, আমি গোকুলে উঁহার সৌভাগ্যের কথা শুনিয়াছি।

গার্গী। অবি ণাম তত্থভবস্তেণ গোউলে গদং আসি ?

উদ্ধবঃ। অথ কিম্।

গার্গী। কিং কাদুং।

উদ্ধবঃ। দেবীং চন্দ্রাবলীমানেতুম্।

গার্গী। কিত্তি এসা ণাণীদা ?

উদ্ধবঃ। (সবাষ্পম্) রুক্মিণা গোকুলাদিয়ং পুনঃ কুণ্ডিলে নীতা।

গার্গী। কুদো সুদা ইমিণা গোউলে চন্দাঅলী ?

উদ্ধবঃ। সখ্যুঃ শিশুপালস্য মুখাৎ।

গার্গীতি। অপি নাম তত্রভবতা পূজ্যেন গোকুলগতমাসীৎ ?

গার্গীতি। কিং কর্ত্তুম্ ?

গার্গীতি। কিমিতি এষা নানীতা ?

গার্গীতি। কুতঃ শ্রুতা অনেন গোকুলে চন্দ্রাবলী ?

গার্গী। আপনি কি গোকুলেও গিয়াছিলেন ?

উদ্ধব। গিয়াছিলাম বৈ কি !

গার্গী। কি করিতে গিয়াছিলেন ?

উদ্ধব। দেবী চন্দ্রাবলীকে আনয়ন করিবার জন্য।

গার্গী। তবে তাঁহাকে আনয়ন করিলেন না কেন ?

উদ্ধব। (অশ্রুত্যাগ করিতে করিতে) রুক্মী পুনরায় গোকুল হইতে ইঁহাকে কুণ্ডিল নগরে লইয়া গিয়াছেন।

গার্গী। গোকুলে যে চন্দ্রাবলী আছেন, তিনি তাহা কাহার নিকট শুনিয়াছিলেন ?

উদ্ধব। সখা শিশুপালের মুখে।

গার্গী। তিণাবি কুদো সুদা ?

উদ্ধবঃ। তত্রভবত্যাঃ শ্রুতশ্রবসো মুখাৎ।

গার্গী। সচ্চং সচ্চং, সা কৃখু বন্ধাদো বিমুক্কং ভাদুরং আণঅ-দুন্দুহিং দট্ঠুং ণাহিহরং আঅদা আসি। তদো মএ চ্চেঅ অণহিণ্ণাএ গোউলগদং সব্বং রহস্সং তিস্সা সআসে প্পআসিদং।

উদ্ধবঃ। আর্য্যে! কিমত্র তে দূষণং মদ্বিধেষু বিধিরেব প্রতি-বন্ধী।

গার্গীতি। তেনাপি কুতঃ শ্রুতা।

উদ্ধব ইতি। শ্রুতশ্রবসঃ তন্মাতুঃ অর্থাৎ শিশুপালমাতুঃ।

গার্গীতি। সত্যং সত্যং, সা শ্রুতশ্রবাঃ খলু বন্ধাদ্বিমুক্তং ভ্রাতরং আনক-দুন্দুভিং দ্রষ্টুং নাভিগৃহং পিতৃগৃহং (নাইঘর ইতি প্রসিদ্ধং) আগতাসীৎ। ততো ময়ৈবানভিজ্ঞয়া গোকুলগতং সর্ব্বং রহস্যং তস্যাঃ সকাশে প্রকাশিতম্।

উদ্ধব ইতি। প্রতিবন্ধী প্রতিকূলঃ।

গার্গী। তিনিই বা তাহা কাহার নিকট শুনিয়াছিলেন ?

উদ্ধব। পূজনীয়া নিজজননী শ্রুতশ্রবার মুখে।

গার্গী। সত্য সত্য, তিনি স্বীয় ভ্রাতা আনকদুন্দুভিকে বিমুক্ত দেখিবার জন্য পিতৃগৃহে আসিয়াছিলেন। তদনন্তর আমিই অনভিজ্ঞতা হেতু গোকুলের সমস্ত রহস্য তাঁহার নিকট প্রকাশ করিয়াছিলাম।

উদ্ধব। আর্য্যে! ঐ বিষয়ে আপনার আর কি দোষ ? আমাদের ন্যায় লোকের প্রতি বিধাতাই প্রতিকূল।

গার্গী। ভিপ্‌ফণন্দণে চন্দাঅলীং ণেদুং পউত্তে কহং ণ কোবি পড়িবন্ধী সংবুত্তো ?

উদ্ধবঃ। মথুরামাস্থিতে চিরং সবান্ধবে গোকুলেন্দ্রে হতে চ তোশলাপরপর্য্যায়ে গোবর্দ্ধনে কোঽন্যঃ প্রতিবধ্নীয়াৎ।

গার্গী। ভো সোম্ম ! পউমা-পহুদি-কণ্ণআ চউক্কং কীসণাণীদং ?

উদ্ধবঃ। পদ্মা নগ্নজিতঃ সুতা নরপতের্মদ্রেশিতুঃ শ্যামলা
ভদ্রা কেকয়-চক্রমস্তকমণেঃ শৈব্যস্য শৈব্যা তথা।

গার্গীতি। ভীষ্মকনন্দনেন চন্দ্রাবলীং নেতুং প্রবৃত্তে কথং ন কোঽপি প্রতিবন্ধী সম্বৃত্তঃ ?

গার্গীতি। ভোঃ সৌম্য ! পদ্মা-প্রভৃতি-কন্যকাচতুষ্কং কস্মান্নানীতম্ ?

উদ্ধব ইতি। নগ্নজিন্নাম্নো রাজ্ঞঃ সুতা নাগ্নজিতী পদ্মৈব। শ্যামলা মাদ্রী।

গার্গী। ভীষ্মকতনয় রুক্মিণী চন্দ্রাবলীকে আনয়ন করিতে প্রবৃত্ত হইলে কেহ তাহার প্রতিবন্ধক হইল না ?

উদ্ধব। বহুকাল ধরিয়া শ্রীকৃষ্ণ সবান্ধবে মথুরায় অবস্থান করায় এবং তোশল বা নামান্তর গোবর্দ্ধন মল্ল হত হওয়ায় কে আর প্রতিবন্ধক হইবে ?

গার্গী। হে সৌম্য ! পদ্মা প্রভৃতি চারিটি কন্যাকে কেন আনয়ন করা হইল না ?

উদ্ধব। পদ্মা বা নাগ্নজিতী নগ্নজিৎ রাজার কন্যা, শ্যামলা বা মাদ্রী— মদ্র-রাজার কন্যা, ভদ্রা বা লক্ষ্মণা কেকয়রাজার কন্যা, শৈব্যা বা মিত্রবিন্দা শৈব্য রাজার কন্যা; হায়! বীণাপ্রবীণ মুনি

জাতা হন্ত! চিরাচ্চতুর্ভিরভিতো বীণাপ্রবীণামুনে-
রোভর্গোপপতিং প্রসাদ্য বিনয়ৈঃ কন্যাস্ততো নিন্যিরে ॥৭॥

গার্গী। কচ্চা অণীব্বদপরাণং গোউলকণ্ণাণং কিং ক্খু কুসলং।

উদ্ধবঃ। (সবাষ্পম্)

স্তবং কামাখ্যায়াঃ কমপি বিদধত্স্তে তরণিজা- *
তটান্তে সম্ভূয় জ্বরিত-হৃদয়ানি ক্রমভরৈঃ।
সহস্রাণুদ্দণ্ডপ্রকৃতিরুচিরং ষোড়শ হঠাৎ
কুমারীণাং তাসামহরত শতাঢ্যানি দনুজঃ ॥ ৮ ॥

লক্ষ্মণা, শৈব্যা মিত্রবিন্দা। চতুর্ভির্ণ্যাজিত্মদ্রেশ-কেকয়-শৈব্যোঃ। ততো গোকুলাৎ ॥ ৭ ॥

গার্গীতি। কাত্যায়নীব্রতপরাণাং গোকুলকন্যানাং কিং খলু কুশলম্?

উদ্ধব ইতি। স্তবমিতি। দনুজঃ নরকাসুরঃ ॥ ৮ ॥

নারদের মুখে এই কথা অবগত হইয়া ইঁহারা চারিজনেই বিনয়ের দ্বারা গোপপতিকে প্রসন্ন করিয়া তথা হইতে কন্যাগণকে লইয়া গিয়াছেন ॥ ৭ ॥

গার্গী। কাত্যায়নী-ব্রতপরায়ণা গোপকন্যাগণের কুশল ত?

উদ্ধব। (সাশ্রুনেত্রে) সেই ষোড়শ সহস্র একশত কুমারী বিরহক্লেশ-বশতঃ সন্তপ্ত-হৃদয়ে যমুনাতটে কামাখ্যাদেবীর স্তব করিতেছিলেন, এমন সময় স্বভাবতঃ উদ্দণ্ডপ্রকৃতি নরকাসুর তাঁহাদিগকে হরণ করিয়া লইয়া গিয়াছে ॥ ৮ ॥

---

* বিদধত্যি স্তরণিজা, ইতি পুস্তিকাপাঠান্তরম্।

গার্গী। (সব্যথম্) অবি ণাম ইদং বুত্তং তুম্ম পহুণা সুদং ?

উদ্ধবঃ। শ্রুতমেব, কিন্তু বাঢ়মবিশিষ্টম্।

গার্গী। কেরিসং তং ?

উদ্ধবঃ। অষ্টাধিক-শতোত্তরেষু ষোড়শ-কুমারীণাং সহস্রেষু নৈকাপি গোষ্ঠমধিতিষ্ঠতীতি।

গার্গী। কো বা তস্স অবরাণুসন্ধাণস্স ওসরো জং রাহীএতাএ দারুণদসাএ ণিব্বুদিলবোবি সুদুল্লহো।

গার্গীতি। অপি নাম ইদং বৃত্তান্তং যুষ্মৎপ্রভুনা শ্রুতম্ ?

উদ্ধব ইতি। বাঢ়মবিশিষ্টং ন সম্যক্ শ্রুতম্।

গার্গীতি। কীদৃশং তৎ ?

গার্গীতি। কো বা তস্য অপরানুসন্ধানস্য অবসরঃ, যৎ রাধায়াস্তস্যা দারুণ-দশায়াঃ নির্বৃতিলবোঽপি দুর্ঘটঃ।

গার্গী। (ব্যথার সহিত) আপনার প্রভু কি এই বৃত্তান্ত শুনিয়াছেন ?

উদ্ধব। শুনিয়াছেন বটে, কিন্তু সকল শুনেন নাই।

গার্গী। সে কিরূপ ?

উদ্ধব। ষোড়শ-সহস্র একশত আটজন কুমারীর মধ্যে একজনও গোকুলে নাই।

গার্গী। তাঁহার আবার অপর অনুসন্ধানের অবসর কোথায় ? যেহেতু, শ্রীরাধার দারুণ দশা শ্রবণে তাঁহার কিছুমাত্র শান্তিপ্রাপ্তিও দুর্ঘট হইয়াছে।

উদ্ধবঃ। আর্য্যে! তথ্যমাত্থ তত এব বাঢ়ং ব্যগ্রয়া ভগবত্যা নির্ম্মিতোঽস্তি কোঽপি দেবস্য মনোবিনোদনোপায়ঃ।

গার্গী। কেরিসো সো?

উদ্ধবঃ। সঙ্গীতবিদ্যাবেধসং ভরতমভ্যর্থ্য কিঞ্চিদপূর্ব্বং রূপকং কারিতম্। তচ্চ দেবর্ষি-তীর্থেন তুম্বুরুহস্তে প্রেষিতং তুম্বুরুণা চ গন্ধর্ব্বানিদমধ্যাপিতম্।

গার্গী। দাণিং কেবি দিব্বপুরিসা তত্থ হোদীএ পৌণ্ণমাসীএ সদ্ধং আলবন্তা মএ দিট্‌ঠা তা এদে গন্ধব্বা হুবিস্‌সন্তি।

গার্গীতি। কীদৃশঃ সঃ।

উদ্ধব ইতি। রূপকং নাটকভূষণমুৎপাদিতম্।

গার্গীতি। ইদানীং কেঽপি দিব্যপুরুষাস্তত্রভবত্যা পৌর্ণমাস্যা সহ আলপন্তঃ ময়া দৃষ্টাঃ তদেতে গন্ধর্ব্বা ভবিষ্যন্তি।

উদ্ধব। আর্য্যে! ঠিকই বলিয়াছেন, তজ্জন্যই অতিশয় ব্যগ্র হইয়া ভগবতী পৌর্ণমাসী শ্রীকৃষ্ণের মনোবিনোদনের কোনও উপায় নির্ম্মাণ করিয়াছেন।

গার্গী। সে কিরূপ?

উদ্ধব। সঙ্গীত-বিদ্যার বিধাতা ভরতমুনির নিকট তিনি প্রার্থনা করায় ঐ মুনি কোনও অপূর্ব্ব রূপক প্রস্তুত করাইয়াছেন, তিনি দেবর্ষিশ্রেষ্ঠ নারদের দ্বারা তুম্বুরুর হস্তে তাহা প্রেরণ করায় তুম্বুরুও উহা গন্ধর্ব্বগণকে অধ্যয়ন করাইয়াছেন।

গার্গী। আমি কতকগুলি দিব্যপুরুষকে ইদানীং পূজনীয়া পৌর্ণমাসী দেবীর সহিত আলাপ করিতে দেখিয়াছি, তাহা হইলে ইঁহারাই সেই গন্ধর্ব্ব হইবেন।

উদ্ধবঃ। অথ কিং, পশ্যায়ং মধুমঙ্গলেন সহ নৃত্য-বিলোকনার্থ-মরবিন্দলোচনঃ কুরুবিন্দ-মন্দিরস্যালিন্দমধিরোহতে।

গার্গী। অহং গদুঅ মুহরং পেসইস্সং।

উদ্ধবঃ। অহমপি ভগবত্যা সহ নটান্ প্রেষয়িষ্যামি।

(ইতি নিষ্ক্রান্তৌ) ॥ ৯ ॥

বিষ্কম্ভকঃ।

(ততঃ প্রবিশতি যথানির্দ্দিষ্টঃ কৃষ্ণঃ)

কৃষ্ণঃ। (সখেদম্)

হা লীলাবতি ! হা চকোরনয়নে ! হা চন্দ্রবিম্বাননে !
হা বিম্বপ্রতিমৌষ্ঠি ! হা গুণবতীগোষ্ঠী-পুরোবর্ত্তিনি !

উদ্ধব ইতি। কুরুবিন্দঃ পদ্মরাগমণিঃ।

গার্গীতি। অহং গত্বা মুখরাং প্রেষয়িষ্যামি ॥ ৯ ॥

কৃষ্ণ ইতি। শ্রীরাধিকায়া উন্মাদদশা তৃতীয়াঙ্কে কথিতা; অধুনা শ্রীকৃষ্ণস্য তামাহ। চারুবিলাসৈঃ সুচেষ্টিতৈঃ; ঘোরাং দুঃখময়ীম্।

উদ্ধব। তাহাই বটে, ঐ দেখুন, নৃত্যাবলোকনের জন্য অরবিন্দলোচন শ্রীকৃষ্ণ মধুমঙ্গলের সহিত পদ্মরাগমণি-নির্ম্মিত মন্দিরের অলিন্দে আরোহণ করিতেছেন।

গার্গী। আমি যাইয়া মুখরাকে প্রেরণ করিতেছি।

উদ্ধব। আমিও ভগবতীর সহিত নটগণকে প্রেরণ করিতেছি।

(ইহা বলিয়া উভয়ের প্রস্থান) ॥ ৯ ॥

বিষ্কম্ভক।

(অনন্তর যথানির্দ্দিষ্ট শ্রীকৃষ্ণের প্রবেশ)

শ্রীকৃষ্ণ (খেদসহকারে) হা লীলাবতি ! হা চকোরনয়নে ! হা

হা গোষ্ঠাখিল-খঞ্জরীটনয়না-মূর্দ্ধাভিষিক্তে ! কথং
হা রাধে ! হতদেব-দুর্বিলসিতৈর্যাতাসি ঘোরাং দশাম্ ॥

মধুমঙ্গলঃ। পিঅবঅস্স ! অদিদুল্লহদংসনা বিঅদি রাহিআ বিজ্জমাণেব্ব মে পডিভাদি।

কৃষ্ণঃ। সখে ! সত্যমাশয়ৈব কদর্থিতোঽস্মি। যতঃ—
নীরে মংক্ষু নিমংক্ষুমার্ত্তমুখরামুদ্দিশ্য চণ্ডদ্যুতে-
র্দূরান্মণ্ডলতঃ কৃপাতুরতয়া যৎ প্রাদুরাসীত্তদা।

মধু ইতি। প্রিয়বয়স্য ! অতিদুর্লভদর্শনা বিয়তি রাধিকা বিদ্যমানা ইব মে প্রতিভাতি।

কৃষ্ণ ইতি। মংক্ষু শীঘ্রম্। নিমংক্ষুং মজ্জিতুমিচ্ছুম্। যতঃ বাগমৃতং প্রাদুরাসীৎ। পরিসর্প-নাম প্রতিমুখসন্ধ্যঙ্গমিদম্। তল্লক্ষণম—স্মৃতিনষ্টস্য

চন্দ্রবিম্বাননে ! হা বিম্বোষ্ঠি ! হা গুণবতীগণের মধ্যে সর্ব্বশ্রেষ্ঠে ! হা সমস্ত গোকুলখঞ্জনাক্ষীগণের প্রধানে ! হা রাধে ! দৈবের দুরন্ত চেষ্টায় তুমি কি বিষমদশা প্রাপ্ত হইলে !

মধুমঙ্গল। প্রিয়বয়স্য ! অতিশয় দুর্লভদর্শনা হইলেও শ্রীরাধিকা যেন আকাশে বিদ্যমানার ন্যায় প্রতিভাত হইতেছেন।

কৃষ্ণ। সখে ! সত্য সত্য—আশার দ্বারাই আমি এইরূপ ক্লেশ পাইতেছি, যেহেতু, মুখরা যখন আর্ত্ত হইয়া জলমগ্ন হইতে যাইতেছিল, তখন দূরবর্ত্তী সূর্য্যমণ্ডল হইতে কৃপাতুরতাহেতু যে আকাশবাণী প্রাদুর্ভূত হইয়াছিল, তাহাতে শ্রীরাধার সহিত আমার পুনরায় মিলনের প্রত্যাশায় যে অঙ্কুর

হা ধিগ্বাগমৃতেন ! তেন জনিতস্তস্যাঃ পুনঃ সঙ্গম-
প্রত্যাশাঙ্কুর উচ্চৈর্মম সখে ! স্বান্তং হঠাদ্বিধ্যতি ॥১০॥

(ক্ষণং তূষ্ণীং স্থিত্বা পুনরুচ্চৈঃ)

প্রযাতুং শ্বাফল্কৌ ধৃততুরগবল্গে চটুলধী-
নিরুদ্ধা সাক্রন্দং কথমধিরুরুক্ষুঃ পরিজনৈঃ ।
উদস্রং সা দৃষ্টিং ময়ি বিকিরতী ক্রূরমনসা
বিলম্ব্যাস্রং হা ধিক্ ! সুতনুরনুনীতাপি ন ময়া ॥১১॥

বীজস্য পরিসর্প ইতি । অত্র রাধাতিরোধানাৎ নষ্টস্যানুরাগবীজস্য পুনঃ স্বর্ধাবচনেনানুস্মরণাৎ পরিসর্পঃ ॥ ১০ ॥

ক্ষণমিতি শ্বাফল্কৌ অক্রূরে । ধৃতস্তুরগস্য বল্গো মুখরজ্জুর্যেন তস্মিন ॥ ১১ ॥

উৎপন্ন হইয়াছিল, হা ধিক্, সেই বাক্যরূপ উচ্চারিত অমৃত এখন আমার অন্তঃকরণকে বিদ্ধ করিতেছে ॥ ১০ ॥

(ক্ষণকাল তূষ্ণীম্ভূত থাকিয়া পুনরায় উচ্চে) গমনোদ্যত হইয়া যখন অক্রূর অশ্বের বল্গা ধারণ করিয়াছিল, তখন শ্রীরাধা চঞ্চলচিত্তা হইয়া রোদন করিতে করিতে রথে আরোহণ করিতে যাইবার সময় পরিজন-কর্ত্তৃক নিরুদ্ধা হইয়া আমার প্রতি যে অশ্রুপূর্ণ দৃষ্টি নিক্ষেপ করিতেছিলেন, হা ধিক্ ! তাহা দেখিয়াও ক্রূরমনা আমি ক্ষণমাত্র বিলম্ব করিয়া সেই সুন্দরীকে অনুনয়ের দ্বারা শান্ত করিলাম না ॥ ১১ ॥

(ততঃ প্রবিশতি গন্ধর্বৈরনুগম্যমান উদ্ধবঃ পৌর্ণমাসীমুখরে চ)।

উদ্ধবঃ। দেব! সমানীতঃ পেশলোঽয়ং নর্ত্তকসম্প্রদায়ঃ।

কৃষ্ণঃ। সূত্রধার! তূর্ণমারভ্যতাং তৌর্য্যত্রিকম্।

সূত্রধারঃ।

নিজমধুরিম-মুদ্রাগ্রাপিতেন্দীবরশ্রী-
　জয়তি পরমজৈত্রঃ কোঽপি রাধাকটাক্ষঃ।
ত্রিভুবন-জয়-লক্ষ্মীবর্য্যয়া দত্তদামা
　মধুরিপুরপি যেন ক্রীড়য়া নির্জ্জিতোঽভূৎ ॥১২॥

উদ্ধব ইতি। পেশলঃ নাট্যরচনা-প্রবীণঃ।

সূত্রেতি। জৈত্রঃ জয়শীলঃ। ত্রিভুবনে জয়রূপা যা লক্ষ্মীঃ সৈব বর্য্যা পতিম্বরা তয়া দত্তং দাম মালা যস্মৈ সঃ ॥ ১২ ॥

(অনন্তর গন্ধর্ব্বগণ-কর্ত্তৃক অনুগম্যমান উদ্ধবের এবং
পৌর্ণমাসীর ও মুখরার প্রবেশ)

উদ্ধব। দেব! এই অভিজ্ঞ নাট্যসম্প্রদায়কে আনয়ন করিয়াছি।

কৃষ্ণ। সূত্রধার! শীঘ্রই নৃত্য, গীত ও বাদ্য আরম্ভ কর।

সূত্রধার। যাহার নিজ-মাধুর্য্যে নীলকমলের সৌন্দর্য্যও গ্লানি প্রাপ্ত হয়, সেই পরম জয়শীল রাধাকটাক্ষ নামক কোনও বস্তুর জয় হউক। ত্রিভুবনের শ্রেষ্ঠ জয়লক্ষ্মী স্বয়ংবরা হইয়া যাঁহাকে মালাদান করিয়াছিলেন, সেই মধুসূদনও সেই কটাক্ষের দ্বারা অবহেলায় পরাজিত হইয়াছিলেন ॥ ১২

কৃষ্ণঃ। (সহর্ষম্) সাধীয়ানেষ হৃদয়ানন্দী নান্দীপ্রয়োগঃ।

সূত্রধারঃ। (পার্শ্বতো বিলোক্য) আর্য্যে! কেনাপি চারু-সন্ধিনা প্রবন্ধেন জগদ্বন্ধোরস্য সমারাধনায় কুলাচার্য্যেণ স্বর্গতঃ প্রেষিতোঽস্মি।

নটী। অজ্জ! কো কৃখু সো দাব প্পবন্ধো?

সূত্রধারঃ। রসিকশিরোমণি-রমণঃ সুলভো গোকুলবাসিনামেব।

সন্দর্ভো গুণগর্ভঃ স জয়তি রাধাভিসারাখ্যঃ ॥ ১৩ ॥

তদগীয়তাং মঙ্গলধ্রুবা।

সূত্রেতি। প্রবন্ধেন নাটকেন। কুলাচার্য্যেণ তুম্বুরুণা।

নটীতি। আর্য্যে! কঃ খলু স তাবৎ প্রবন্ধঃ?

সূত্রেতি। শ্রীকৃষ্ণং রময়তীতি। সন্দর্ভঃ প্রবন্ধঃ ॥ ১৩ ॥

ধ্রুবা ধ্রুবপদেন।

কৃষ্ণ। (সহর্ষে) এই হৃদয়ের আনন্দদায়ক নান্দীপ্রয়োগ অতি সুন্দর হইয়াছে।

সূত্রধার। (পার্শ্বদেশে দৃষ্টি নিক্ষেপ করিয়া) আর্য্যে! কোনও সুচারু নাটকের দ্বারা জগদ্বন্ধু শ্রীহরির সম্যক্ আরাধনার জন্য স্বর্গ হইতে কুলাচার্য্য তুম্বুরু আমাকে প্রেরণ করিয়াছেন।

নটী। আর্য্য! তবে সেই প্রবন্ধ কি?

সূত্রধার। রসিকশিরোমণি মনোহারী ও গোকুলবাসিগণের সুলভ রাধাভিসারাখ্য গুণগর্ভ সন্দর্ভ জয়যুক্ত হউক ॥ ১৩ ॥

(উভয়ের প্রস্থান)

অতএব মঙ্গলজনক ধ্রুপদ অবলম্বনে গান কর।

নটী। অজ্জ! কং ঋতুং উত্তলম্বিঅ গাইস্সং?

সূত্রধারঃ। আর্য্যে! পশ্য পশ্য,

শ্রীরেষা নবমালিকাসু মিলতি প্রোজ্ঝ্যাশু কুন্দাবলীং
স্মর্ত্তুং পঞ্চম-চাতুরীং চিরপরিত্যক্তাং যতন্তে পিকাঃ।
ভাণ্ডীরাৎ পরিপাণ্ডুরাঃ স্ফুটমমী ভ্রশ্যন্তি যত্রচ্ছদাঃ
কালঃ কোঽপ্যয়মুজ্জ্বলঃ সকৌতুকা মন্দং পরিস্পন্দতে ॥ ১৪ ॥

নটী। ইহ ঝম্পিদাবি পরিদো সমীলদাএ ফুড়ং কঠোরাএ।
মহুবেণ হোই লহুণা ণ মাহবী অণুণিদত্থবআ ॥ ১৫ ॥

নটীতি। আর্য্য! কং ঋতুং অবলম্ব্য গাস্যামি?

সূত্রেতি। প্রবর্ত্তমানং বসন্তং বর্ণয়তি। কালঃ হিম-বসন্তয়োঃ সন্ধিরূপঃ ॥১৪॥

নটীতি। ইহ ঝম্পিতাপি পরিতঃ শমীলতয়া স্ফুটং কঠোরয়া। মধুপেন ভবতি, লঘুনা ন মাধবী অনুনীত-স্তবকা। ॥ ১৫ ॥

নটী। আর্য্য! কোন্ ঋতু অবলম্বনে গাইব?

সূত্রধার। আর্য্যে! দেখ দেখ, এখন কুন্দাবলীকে পরিত্যাগ করিয়া নবমালিকাকুলে এই শোভা মিলিত হইতেছে, পিককুল দীর্ঘকালের জন্য যে পঞ্চমস্বর-চাতুরী পরিত্যাগ করিয়াছিল, তাহা স্মরণ করিতে চেষ্টা করিতেছে, ভাণ্ডীর হইতে ঐ পাণ্ডুরবর্ণ পত্রগুলি স্পষ্টভাবে পরিভ্রষ্ট হইয়া পড়িতেছে, অতএব পরমানন্দময় কোন উজ্জ্বলকাল মন্দ মন্দ প্রবর্ত্তিত হইতেছে ॥ ১৪ ॥

নটী। এই মাধবী স্পষ্টতঃ কঠোর শমীলতা দ্বারা সর্ব্বতোভাবে আক্রান্তা হইলেও মাধবী কি ক্ষুদ্র মধুপের দ্বারা অনুনীতস্তবকা হয় না?

কৃষ্ণঃ। (সহর্ষম্) সাধীয়ানেষ হৃদয়ানন্দী নান্দীপ্রয়োগঃ।

সূত্রধারঃ। (পার্শ্বতো বিলোক্য) আর্য্যে! কেনাপি চারু-
সন্ধিনা প্রবন্ধেন জগদ্বন্ধোরস্য সমারাধনায় কুলাচার্য্যেণ স্বর্গতঃ
প্রেষিতোঽস্মি।

নটী। অজ্জ! কো কখু সো দাব প্রবন্ধো?

সূত্রধারঃ। রসিকশিরোমণি-রমণঃ সুলভো গোকুলবাসিনামেব।
সন্দর্ভো গুণগর্ভঃ স জয়তি রাধাভিসারাখ্যঃ ॥ ১৩ ॥
তদ্গীয়তাং মঙ্গলধ্রুবা।

সূত্রেতি। প্রবন্ধেন নাটকেন। কুলাচার্য্যেণ তুম্বুরুণা।

নটীতি। আর্য্যে! কঃ খলু স তাবৎ প্রবন্ধঃ?

সূত্রেতি। শ্রীকৃষ্ণং রময়তীতি। সন্দর্ভঃ প্রবন্ধঃ ॥ ১৩ ॥
ধ্রুবা ধ্রুবপদেন।

কৃষ্ণ। (সহর্ষে) এই হৃদয়ের আনন্দদায়ক নান্দীপ্রয়োগ অতি সুন্দর
হইয়াছে।

সূত্রধার। (পার্শ্বদেশে দৃষ্টি নিক্ষেপ করিয়া) আর্য্যে! কোনও সুচারু
নাটকের দ্বারা জগদ্বন্ধু শ্রীহরির সম্যক্ আরাধনার জন্য স্বর্গ হইতে
কুলাচার্য্য তুম্বুরু আমাকে প্রেরণ করিয়াছেন।

নটী। আর্য্য! তবে সেই প্রবন্ধ কি?

সূত্রধার। রসিকশিরোমণি মনোহারী ও গোকুলবাসিগণের সুলভ
রাধাভিসারাখ্য গুণগর্ভ সন্দর্ভ জয়যুক্ত হউক ॥ ১৩ ॥

(উভয়ের প্রস্থান)

অতএব মঙ্গলজনক ধ্রুপদ অবলম্বনে গান কর।

নটী। অজ্জ! কং ঋদুং উদ্ধলম্বিঅ গাইস্সং?

সূত্রধারঃ। আর্য্যে! পশ্য পশ্য,

শ্রীরেষা নবমালিকাস্থ মিলতি প্রোজ্‌ঝ্যাশু কুন্দাবলীঃ
স্মর্ত্তুং পঞ্চম-চাতুরীং চিরপরিত্যক্তাং যতন্তে পিকাঃ।
ভাণ্ডীরাৎ পরিপাণ্ডুরাঃ স্ফুটমমী ভ্রশ্যন্তি যত্রচ্ছদাঃ
কালঃ কোঽপ্যয়মুজ্জ্বলঃ সকুতুকী মন্দং পরিস্পন্দতে ॥ ১৪ ॥

নটী। ইহ ঝম্পিদাবি পরিদো সমীলদাএ ফুড়ং কঠোরাএ।
মহুবেণ হোই, লহুণা ণ মাহবী অণুণিদত্থবআ ॥ ১৫ ॥

নটীতি। আর্য্য! কং ঋতুং অবলম্ব্য গাস্যামি?

সূত্রেতি। প্রবর্ত্তমানং বসন্তং বর্ণয়তি। কালঃ হিম-বসন্তয়োঃ সন্ধিরূপঃ ॥১৪॥

নটীতি। ইহ ঝম্পিতাপি পরিতঃ শমীলতয়া স্ফুটং কঠোরয়া। মধুপেন
ভবতি, লঘুনা ন মাধবী অনুনীত-স্তবকা ॥ ১৫ ॥

নটী। আর্য্য! কোন্ ঋতু অবলম্বনে গাইব?

সূত্রধার। আর্য্যে! দেখ দেখ, এখন কুন্দাবলীকে পরিত্যাগ করিয়া নবমালিকাফুলে এই শোভা মিলিত হইতেছে, পিককুল দীর্ঘকালের জন্য যে পঞ্চমস্বর-চাতুরী পরিত্যাগ করিয়াছিল, তাহা স্মরণ করিতে চেষ্টা করিতেছে, ভাণ্ডীর হইতে ঐ পাণ্ডুরবর্ণ পত্রগুলি স্পষ্টভাবে পরিভ্রষ্ট হইয়া পড়িতেছে, অতএব পরমানন্দময় কোন উজ্জ্বলকাল মন্দ মন্দ প্রবর্ত্তিত হইতেছে ॥ ১৪ ॥

নটী। এই মাধবী স্পষ্টতঃ কঠোর শমীলতা দ্বারা সর্ব্বতোভাবে আকৃষ্টা হইলেও মাধবী কি ক্ষুদ্র মধুপের দ্বারা অনুনীতস্তবকা হয় না?

সূত্রধারঃ। (সপরিতোষম্) আর্য্যে! সাধু সাধু, প্রস্তাবোচিতমেব ভাবদুপন্যস্তম্।

তথাহি—

বৃদ্ধয়া শশ্বদারব্ধ-নিরোধামপি রাধিকাম্।
নিরাবাধং সদা সাধু রময়ত্যেষ মাধবঃ॥ ১৬॥

(ইতি নিষ্ক্রান্তৌ)

(ততঃ প্রবিশতি মাধবঃ)

মাধবঃ। লক্ষ্মীবানিহ দক্ষিণানিলসখঃ সাক্ষান্মধুর্মোদতে
মাদ্যদ্ভৃঙ্গ-বিহঙ্গহারি বিহসত্যত্রাপি বৃন্দাবনম্।

তথাহীতি। বৃদ্ধয়া জটিলয়া। নিরাবাধং নির্ব্বিরোধম্। ভারতীবৃত্ত্যঙ্গমুখাঙ্গমিদমতিশয়-নাম। তল্লক্ষণম্,—এষোঽয়মিত্যুপক্ষেপাৎ সূত্রধারপ্রয়োগতঃ। প্রবেশসূচনং যত্র প্রয়োগাতিশয়ো হি স ইতি। এষেতি সূত্রধারপ্রয়োগাৎ। মাধবস্য প্রবেশসূচনমতিশয়ঃ॥ ১৬॥

মাধব ইতি। লক্ষ্মীবানিতি। পুষ্পাঙ্কুরাদিজনকত্বেন পরমশোভাবান্। মাদ্যদ্ভৃঙ্গ-

অর্থাৎ ক্ষুদ্র ভ্রমর কি মাধবীস্তবকের মধু পান করিবার জন্য ব্যগ্র হয় না? ॥ ১৫ ॥

সূত্রধার। (সন্তোষের সহিত) আর্য্যে! সাধু সাধু, প্রস্তাবের উপযুক্তভাবেই আপনি বাক্যবিন্যাস করিয়াছেন; কারণ, দেখা যায় যে, বৃদ্ধা জটিলা কর্ত্তৃক সতত শ্রীরাধিকা নিরুদ্ধা হইলেও মাধব অতি সুন্দরভাবে তাঁহার সহিত অবাধিতরূপে সর্ব্বদা বিহার করিয়া থাকেন॥ ১৬॥

(অনন্তর মাধবের প্রবেশ)

মাধব। মলয়ানিল-সখা পরম শোভাযুক্ত সাক্ষাৎ বসন্তঋতু বিরাজমান, মত্ত-ভৃঙ্গাবলী ও বিহগকুলের দ্বারা মনোহর হইয়া বৃন্দাবন যেন হাস্য

রাধা যত্রাভিসারমত্র কুরুতে সোঽয়ং মহানেব মে
সান্দ্রানন্দবিলাসসিন্ধুলহরী-হিল্লোল-কোলাহলঃ ॥১৭॥

মধুমঙ্গলঃ। (বিহস্য) হী হী দাসীএ পুত্তএহিং সুরিন্দপুরী ভণ্ডেহিং তুদিঅ মে পিঅবঅস্সো পচ্চক্খীকিদো।

উদ্ধবঃ। (সচমৎকারম্)

নবমুরলি-মরালীহারি-হস্তারবিন্দঃ
কবলিত-কুরুবিন্দচ্ছায়গুঞ্জাদ্ভুতশ্রীঃ।

বিহঙ্গৈর্হারি মনোহারি। অত্রাপি মধ্যে বৃন্দাবনং বিহসতি পুষ্পাদি মিষেণ হাস্যং করোতি। অত্র সময়ে, সোঽয়ং সময়ঃ। সান্দ্রানন্দস্য যো বিলাসসিন্ধুস্তস্য লহর্য্যা হিল্লোলঃ কল্লোলস্তস্য কোলাহলরূপো ভবতি, পরমসুখদায়ীত্যর্থঃ। বিশেষ-নাম নাটকভূষণমিদম্। তল্লক্ষণম্—সিদ্ধান্ বহূন্ প্রধানার্থানুক্ত্বা যত্র প্রযুজ্যতে। বিশেষযুক্তং বচনং বিজ্ঞেয়ং তদ্বিশেষণমিতি। অত্র প্রসিদ্ধান্মধুবৃন্দাবনাদীনুক্ত্বা, রাধাভিসারস্য বৈশিষ্ট্যাদ্বিশেষণম্ ॥ ১৭ ॥

মধু ইতি। হী হা আশ্চর্য্যমাশ্চর্য্যম্। দাস্যাঃ পুত্রৈঃ সুরেন্দ্রপুরীভণ্ডৈঃ দ্বিতীয়ো মে প্রিয়বয়স্যঃ প্রত্যক্ষীকৃতঃ।

উদ্ধব ইতি। কবলিতা কুরুবিন্দস্য পদ্মরাগমণেশ্ছায়া কান্তির্যয়া তয়া অদ্ভুতা শ্রীর্যস্য সঃ। গুঞ্জিকানাং গুঞ্জানাম্ ॥ ১৮ ॥

করিতেছে, হায়! যদি শ্রীরাধা এখন এ স্থানে অভিসার করেন, তবেই আমার পরমানন্দ-বিলাস-সিন্ধুর লহরীতে মহান্ কল্লোল-কোলাহল উপস্থিত হয়! ॥ ১৭ ॥

মধুমঙ্গল। (হাস্য করিয়া) হী হী কি আশ্চর্য্য! স্বর্গের ভণ্ডদাসী-পুত্রগণের সহিত আমার দ্বিতীয় প্রিয়বয়স্য প্রত্যক্ষীকৃত হইল।

উদ্ধব। (আশ্চর্য্যান্বিত হইয়া) যাঁহার হস্তরূপপদ্ম নবমুরলীরূপ মরালীর

মৃদুল-পবন-চঞ্চৎ-পিঞ্ছচূড়াঞ্চলোহয়ং
মদয়তি হৃদয়ং মে শ্যামিকানাং বিলাসঃ ॥ ১৮ ॥

কৃষ্ণঃ। (সোৎসুক্যং রোমাঞ্চমুন্মীল্য)
উদীর্ণাদ্ভুতমাধুরী-পরিমলস্যাভীরলীলস্য মে
দ্বৈতং হন্ত ! সমীক্ষয়ন্মুহুরসৌ চিত্রীয়তে চারণঃ ।
চেতঃ কেলিকুতূহলোত্তরলিতং সত্যঃ সখে ! মামকং
যস্য প্রেক্ষ্য স্বরূপতাং ব্রজবধূ-সারূপ্যমন্বিচ্ছতি ॥১৯॥

কৃষ্ণ ইতি। উদীর্ণেতি। উদিতোহদ্ভুতমাধুরীণাং পরিমলো যত্র স তস্য। অভিপ্রায়-নামনাটকভূষণমিদম্। তল্লক্ষণম্—অভিপ্রায়স্তভূতার্থো হৃদ্যঃ সাম্যেন কল্পিতঃ। অভিপ্রায়ং পরে প্রাহুর্মমতাং হৃদ্যবস্তুনীতি। অংশভূতার্থরূপস্য ভগবদ্দ্বিতীয়স্য নাটকল্পনমভিপ্রায়ঃ। হৃদ্যবস্তুনি সৌন্দর্যে ভোগেচ্ছয়া মম ভাবদভিপ্রায়ঃ ॥ ১৯ ॥

দ্বারা পরিশোভিত, যাঁহার গুঞ্জামালার অদ্ভুত শোভা পদ্মরাগমণির কান্তিকেও গ্রাস করিয়া ফেলিতেছে, মৃদুল-পবনসঞ্চারে যাঁহার ময়ূর-পুচ্ছের চূড়ার প্রান্তভাগ চঞ্চল হইয়াছে, সেই শ্যামবর্ণ-সমূহের বিলাস আমার হৃদয়কে আনন্দে অধীর করিয়া তুলিতেছে ॥ ১৮ ॥

কৃষ্ণ। (ঔৎসুক্যসহকারে রোমাঞ্চিত হইয়া) অহো! যে লীলায় আমার অপূর্ব্ব-মাধুর্য্য-পরিমল প্রকটিত হইয়াছিল, এই নট সেই গোপ-লীলাময় আমার দ্বিতীয়রূপ প্রত্যক্ষ করাইয়া আমাকে মুহুর্মুহুঃ বিস্মাপিত করিতেছে। হে সখে! ইহার স্বরূপ দেখিয়া আমার চিত্ত কেলিকুতূহলে অতিশয় বিদ্রাবিত হইয়া ব্রজবধূ শ্রীরাধার সারূপ্য ধারণ করিতে অত্যন্ত অভিলাষী হইতেছে ॥ ১৯ ॥

তদহং ভবন্তং পৃচ্ছামি কথমনেনাবিষ্কৃতা
মমাপি মনোহারিণী সা কাপি রূপচন্দ্রিকা।

উদ্ধবঃ। দেব! ভবদ্ভক্তিপ্রভাবসম্ভাবিতোঽয়ং দেবর্ষেরেব সেবা-পারিপাটী-বিবর্ত্তঃ।

কৃষ্ণঃ। (সাশ্চর্য্যম্)

প্রপন্ন নটতাং নটন্ কিমহমস্মি রঙ্গস্থলে
পৌর্ণমাসী। (সানন্দে) সন্দেশবাহক সুনন্দ! তুমি যে সুসম্বাদ আনিয়াছ, তাহাতে তুমি আমাদের অতিশয় অভিনন্দনীয়।

সুনন্দ। আর অভিনন্দনে প্রয়োজন নাই, কারণ, দুর্ভাগ্যান্ধ আমার সন্দেশহারিত্ব একেবারে বিফল হইল।

নারদ। (পাঠ করিতে লাগিলেন) স্বভাবতঃই অসিতাপাঙ্গী নিখিল ময়ূরীবৃন্দের সুখবিধান পুরঃসর কৃষ্ণরূপ শোভন মেঘ বিশেষভাবে বৃন্দাবনের ময়ূরীগণকে আনন্দদান করিয়া থাকেন ॥ ১০ ॥

পৌর্ণমাসী। হায়! ইনি যে চন্দ্রাবলী, মাধব তাহা জানেন না।

নারদঃ। সুনন্দ! কুতস্ত্বয়া নাভিব্যক্তমাবেদিতম্?

সুনন্দঃ। কা খলু চন্দ্রাবলী?

পৌর্ণমাসী। দুষ্ট-নৃপেভ্যস্ত্রপমাণেন রুক্মিণা স্বসুর্গোকুলনিবাসমত্র নিহ্নুত্য চন্দ্রাবলীত্যভিধা সংবৃতা।

সুনন্দঃ। নূনং সুহৃদামপ্যগোচরোঽয়মর্থস্তত্র মদ্বিধস্য কা কথা?

পৌর্ণমাসী। তর্হি কথমসৌ দর্বীকরারিকেতুর্বিদর্ভানলঙ্কার?

সুনন্দঃ। সুষ্ঠু ভক্তয়োঃ ক্রথকৌশিকয়োঃ সন্দেশসৌন্দর্যেণ।

পৌর্ণমাসী। নৃপাভ্যাং কিমত্র প্রবৃত্তম্?

পৌর্ণেতি। নিহ্নুত্য পিধায়।

পৌর্ণেতি। দর্বীকরাঃ সর্পাস্তেষামরির্গরুড়ঃ স এব বাহনং যস্য।

পৌর্ণেতি। অত্র তদানয়নে।

নারদ। সুনন্দ! কেন তুমি এই বিষয় স্পষ্টভাবে ব্যক্ত কর নাই?

সুনন্দ। চন্দ্রাবলী কে?

পৌর্ণমাসী। দুষ্ট নৃপতিগণ হইতে লজ্জা পাইবে বলিয়া, স্বীয় ভগিনীর গোকুলবাস এ স্থানে গোপন করিয়া চন্দ্রাবলী নামও গোপন রাখিয়াছে।

সুনন্দ। এ ব্যাপার যখন সুহৃদ্গণেরও অগোচর, তখন আমার মত জনের জানিবার সম্ভাবনা কি?

পৌর্ণমাসী। তবে সেই গরুড়বাহন শ্রীকৃষ্ণ কেন বিদর্ভদেশ অলঙ্কৃত করিতে আসিলেন?

সুনন্দ। প্রিয়ভক্ত ক্রথকৌশিকের মনোহর সংবাদে।

পৌর্ণমাসী। নৃপতিদ্বয় এই ব্যাপারে প্রবৃত্ত হইলেন কেন?

সুনন্দঃ। ভগবতো হিরণ্যগর্ভস্য শাসনেন।

তথাহি—

স্বস্তি শ্রীক্রথকৌশিকৌ! স্বভবনাদম্ভোজগর্ভোদ্ভবঃ
সর্ব্বক্ষ্মাপতি-দুর্ব্ব্যতিক্রম-গিরাবিত্যাদিশত্যেষ বাম্।
শুদ্ধৈরধ্যবসীয়তাং নৃপতিভিঃ সার্দ্ধং যুবাভ্যাং মুদা
শ্রীরাজেন্দ্রতয়া ক্ষিতৌ যদুপতেঃ পুণ্যাভিষেকক্রিয়া ॥ ১১ ॥

পৌর্ণমাসী। দিষ্ট্যা দ্রষ্টব্যোঽয়ং ময়া মহোৎসবঃ।

সুনন্দঃ। ভগবতি! নির্ব্যূঢ়োঽয়ম্।

পৌর্ণমাসী। কীদৃগেষঃ?

সুনন্দ ইতি। সর্ব্বক্ষ্মাপতিভির্দুর্ব্ব্যতিক্রমা গীর্ব্বাণী যয়োস্তৌ। এষোঽজ-যোনির্বাং প্রতি আদিশতি। শুদ্ধৈর্নৃপতিভিঃ সার্দ্ধং যুবাভ্যাং যদুপতেঃ পুণ্যাঽভিষেকক্রিয়াঽধ্যবসীয়তাম্॥ ১১ ॥

সুনন্দ। ভগবান্ হিরণ্যগর্ভের আজ্ঞায়। সেই আজ্ঞা এই—

ওহে ক্রথকৌশিক! তোমাদের মঙ্গল হউক, স্বভবন হইতে পদ্মযোনি তোমাদিগকে এই আজ্ঞা করিতেছেন যে, সকল পৃথিবীপতি তোমাদের আদেশবাক্য অতিক্রম করেন না, সেই শুদ্ধচরিত্র নৃপতিগণের সহিত তোমরা আনন্দসহকারে যদুপতি শ্রীকৃষ্ণের পৃথিবীতে রাজাধিরাজপদের পুণ্যাভিষেকক্রিয়া সম্পাদন কর॥ ১১ ॥

পৌর্ণমাসী। মহাভাগ! এই মহোৎসব আমার অবশ্য দ্রষ্টব্য

সুনন্দ। ভগবতি! এই কার্য্য শেষ হইয়াছে।

পৌর্ণমাসী। উহা কিরূপ হইল?

সুনন্দঃ।

বৃংহিষ্ঠে রত্নসিংহাসন-শিরসি বরে সন্নিবিষ্টস্য তুষ্টৈ-
গীর্বাণৈঃ পার্ব্বতীশ-প্রভৃতিভিরভিতঃ স্তূয়মানস্য ভূয়ঃ।
সদ্যঃ সম্পাদ্যমানো নৃপতিভিরখিলৈর্দিব্যকুম্ভাবলীভি-
স্তত্রাঽপূর্ব্বস্তদাসীদ্দনুজবিজয়িনো রাজরাজাভিষেকঃ ॥১২॥

নারদঃ। সিদ্ধং বিন্ধ্যায় বেধসো বরদানম্।

পৌর্ণমাসী। ভগবন্ননুশাধি সাধয়ামি মাধবং সাধিষ্ঠার্থবোধনায়।

(প্রবিশ্যাপটীক্ষেপেণ কঞ্চুকী)

কঞ্চুকী। ভগবতি! বিদর্ভেন্দ্রো নিবেদয়তি।

সুনন্দ ইতি। বৃংহিষ্ঠে বৃহত্তমে ॥ ১২ ॥
(অপটীসূচনং বিনা ঝটিতি, কঞ্চুকী বর্ষবরঃ ক্লীবঃ, খোজেতি বিখ্যাতঃ)

সুনন্দ। অতি বৃহৎ শ্রেষ্ঠ রত্নসিংহাসনশীর্ষে শ্রীকৃষ্ণকে উপবেশন করাইয়া আনন্দিত-চিত্তে পার্ব্বতীনাথ-প্রমুখ দেববৃন্দ পুনঃ পুনঃ চতুর্দ্দিকে তাঁহার স্তব করিতে থাকিলে নিখিল নরপতিগণ দিব্য কুম্ভাবলী দ্বারা দনুজ-বিজয়ী শ্রীকৃষ্ণের অভূতপূর্ব্ব রাজাধিরাজোচিত অভিষেক সদ্যই সম্পন্ন করিয়াছেন ॥ ১২ ॥

নারদ। বিন্ধ্যকে ব্রহ্মার বরদান সার্থক হইয়াছে।

পৌর্ণমাসী। ভগবন্! আদেশ করুন, সর্ব্বোত্তম সদর্থ জ্ঞাপন করাইবার জন্য আমি মাধবের নিকট গমন করিতেছি।

(অকস্মাৎ কঞ্চুকীর প্রবেশ)

কঞ্চুকী। ভগবতি! বিদর্ভরাজ ভীষ্মক নিবেদন করিতেছেন—

মদভ্যর্থিতাভ্যাং পার্থিবাভ্যাং রুক্মিণীহরণায় রাজেন্দ্র-মাবেদয়িতুং প্রস্থিতং, তদদ্য ভবত্যা তীর্থেন তীর্থপাদং দ্রষ্টু-মিচ্ছামীতি।

পৌর্ণমাসী। ভগবন্! মম সাধ্যং সিদ্ধমিবাভূৎ তদনুজানীহি মাম্।

(ইতি দ্বাভ্যাং সহ নিষ্ক্রান্তা)

(নেপথ্যে) বিশ্রান্তে বিষয়াকৃতিং পরিণতিং হিত্বা মুনীনামপি
স্বান্তে নাক্রমতে যদঙ্ঘ্রিনখরোপান্তপ্রভাপ্যাল্পিকা।
চিত্রং মদ্বিধপাণি-কুট্মলতটী-সংবাহ্য-পাদাম্বুজো
দেবঃ সোঽয়মলঙ্করোতি করুণঃ কল্যাণপল্যঙ্কিকাম্ ॥ ১৩ ॥

(নেপথ্যে)। নাক্রমতে নোদগচ্ছতি ॥ ১৩-১৪ ॥

আমা কর্ত্তৃক প্রার্থিত হইয়া ক্রথ ও কৌশিক এই পার্থিবদ্বয় রুক্মিণীহরণের জন্য রাজেন্দ্র শ্রীকৃষ্ণের নিকট আবেদন করিতে গিয়াছেন, অতএব পুণ্যময়ী আপনার সহিত তীর্থপাদ শ্রীহরিকে দর্শন করিতে ইচ্ছা করি।

পৌর্ণমাসী। ভগবন্! আমার অভীষ্টসিদ্ধির ন্যায়ই বোধ হইতেছে, অতএব আমাকে আদেশ করুন।

(ইহা বলিয়া দুই জনের সহিত প্রস্থান করিলেন)

(নেপথ্যে) মুনিগণেরও অন্তঃকরণ বিষয়াকারপরিণতি পরিত্যাগ করিয়া বিশ্রান্ত হইলেও যাঁহার পদনখরের প্রান্তের অল্পমাত্র প্রভাও প্রাপ্ত হইতে পারে না, কি আশ্চর্য্য, আমার ন্যায় ব্যক্তির হস্ত-কলিকা-তটের দ্বারা সেই পরম কারুণিক দেবতার পাদপদ্ম সংবাহিত হইতেছে এবং তিনি আজ কল্যাণময় পর্য্যঙ্কের শোভাবর্দ্ধন করিয়া বিরাজ করিতেছেন ॥ ১৩ ॥

নারদঃ। ক্রথ-কৌশিকয়োঃ সূক্তিরিয়ম্।

(পুনর্নেপথ্যে শঙ্খধ্বনিঃ)

নারদঃ। (বিলোক্য সহর্ষম্)

অহহ!

করযুগলেন গৃহীতং নিধায় বদনাম্বুজে ধমন্ কম্বুম্।

ব্রজরাজ্ঞী-স্তনপানস্মরণ-স্তিমিতো হরির্জয়তি ॥ ১৪॥

(পুনর্নিরূপ্য)

কথং ক্রথ-কৌশিকাভ্যামনুগম্যমানোঽয়ং পুরস্তাৎ পরিক্রামতি।

চঞ্চৎ-কৌস্তুভকৌমুদী-সমুদয়ঃ কৌমোদকী-চক্রয়োঃ

সখ্যেনোজ্জ্বলিতৈস্তথা জলজয়োরাঢ্যশ্চতুর্ভির্ভুজৈঃ।

নারদ ইতি। চঞ্চদ্দীপ্ত। কৌমুদী জ্যোৎস্না। সখ্যেনোজ্জ্বলিতৈঃ সহভাবেনান্বিতৈঃ। বিহঙ্গেশিতুর্গরুড়স্য সঙ্গী।

নারদ। এই শোভন উক্তি ক্রথ-কৌশিকেরই।

(নেপথ্যে পুনরায় শঙ্খধ্বনি)

নারদ। (সানন্দে অবলোকন করিয়া) অহহ! করযুগলে ধৃত শঙ্খ বদনকমলে স্থাপন করিয়া বাদ্য করিতে করিতে ব্রজরাজ্ঞী যশোদার স্তনপানকারী যে হরি, তাহা স্মরণ করিয়া স্তিমিত হইতেছেন, তিনি জয়যুক্ত হউন ॥১৪॥

(পুনরায় নিরূপণ করিয়া) এই যে তিনি ক্রথ-কৌশিকের দ্বারা অনুগম্যমান হইয়া অগ্রে ভ্রমণ করিতেছেন।

যিনি চঞ্চল কৌস্তুভ-কৌমুদীর দ্বারা পরিপূর্ণরূপে উদিত, যাঁহার ভুজ-চতুষ্টয় পাঞ্চজন্য শঙ্খ, কৌমোদকী গদা, সুদর্শন চক্র ও পদ্মে

দিব্যালঙ্করণেন সঙ্কটতনুঃ সঙ্গী বিহঙ্গেশিতু-
র্মামস্মারয়দেষ কংসবিজয়ী বৈকুণ্ঠগোষ্ঠীশ্রিয়ম্ ॥
তদম্বরমারূঢ়ঃ কৌতুকমবলোকয়ামি ।

(ইতি নিষ্ক্রান্তঃ)

(ততঃ প্রবিশতি যথা-নির্দ্দিষ্টঃ কৃষ্ণঃ)

কৃষ্ণঃ । হন্ত নৃপেন্দ্রৌ !
হিতৈরমৃতশালিভির্মদভিষেকবারাং ঝরৈঃ
সমৃদ্ধিমুপলভ্য বাং বিমলকীর্ত্তিবল্লী ভুবি ।
ব্যতীতসুরকাননা পরমমূর্দ্ধমারুন্ধতী
রমা-শ্রবণ-ভূষণস্তবকরাশিরাসীদসৌ ॥ ১৫ ॥

কৃষ্ণ ইতি । নৃপেন্দ্রৌ !
পরমং বৈকুণ্ঠম ॥ ১৫ ॥

শোভমান, যাঁহার তনু দিব্যালঙ্কারের দ্বারা সুশোভিত, বিহঙ্গপতি গরুড় যাঁহার সঙ্গী, সেই কংসবিজয়ী শ্রীকৃষ্ণ আমাকে বৈকুণ্ঠ-গোষ্ঠীর সম্পদ স্মরণ করাইয়া দিতেছেন। অতএব এখন আকাশে আরোহণ করিয়া কৌতুক দেখি।

(ইহা বলিয়া প্রস্থান)

(যথানির্দ্দিষ্ট কৃষ্ণের প্রবেশ)

কৃষ্ণ। হে নৃপতিযুগল! আমার অভিষেকের জন্য হিতজনক অমৃতময় যে বারিনিষেক করিয়াছ, তদ্দ্বারা তোমরা পৃথিবীমধ্যে বিপুল সমৃদ্ধি লাভ করিবে এবং তোমাদের কীর্ত্তিলতা নন্দনকাননকেও অতিক্রম করিয়া অত্যন্ত ঊর্দ্ধে বৈকুণ্ঠধাম পর্য্যন্ত আরোহণ করিয়া লক্ষ্মীদেবীর কর্ণ-ভূষণের স্তবকরাশি হইয়া রহিয়াছে ॥ ১৫ ॥

নৃপৌ। (সপ্রশ্রয়ম্)

একস্মিন্নিহ রোমকূপকুহরে ব্রহ্মাণ্ড-ভাণ্ডাবলী
যস্য প্রেক্ষয়তে গবাক্ষপদবী ঘূর্ণৎ-পরাণূপমাম্।
কেয়ং তস্য সমৃদ্ধয়ে তব বিভো! রাজেন্দ্রতা-গ্রামটী-
শৌটীর্য্যেণ চমৎকৃতিং তদপি নঃ কামপ্যসৌ পুষ্যতি ॥ ১৬ ॥

কৃষ্ণঃ। নৃপেন্দ্রৌ! প্রসন্নোঽস্মি নিজাভীষ্টমভ্যর্থয়েথাম্।

নৃপৌ। দেব! রুক্মিণী সা তপস্বিনী তপস্তথা ন চকার, যেন তে দাস্য-সৌভাগ্য-ভাগধেয়-ভাজনং ভবেদিতি সুপর্ণাদাকর্ণিতং, কিন্তু তথা দেবেনানুগৃহ্যতাং, যথা কথাবশেষা ভীরুরেষা ন স্যাৎ।

নৃপৌ ইতি। গ্রামটী গ্রামাধিপতিঃ। শৌটীর্য্যেণ ক্ষুদ্রপদগর্ব্বেণ ॥ ১৬ ॥
নৃপৌ ইতি। কথৈবাবশেষো যস্যাঃ সা।

নৃপদ্বয়। (অনুগৃহীত হইয়া) হে বিভো! যাঁহার একটিমাত্র রোমকূপ-বিবরে ব্রহ্মাণ্ডভাণ্ডসমূহ গবাক্ষে ঘূর্ণিত পরমাণুর ন্যায় দৃষ্ট হইতেছে, তাঁহার সমৃদ্ধির আর সীমা কি? তথাপি তোমার রাজেন্দ্রতারূপ গ্রামাধিপতিত্বরূপ ক্ষুদ্র পদগৌরব আমাদের কিরূপ অপূর্ব্ব চমৎকৃতি সম্পাদন করিতে লাগিল ॥ ১৬ ॥

কৃষ্ণ। নৃপযুগল! আমি তোমাদের প্রতি প্রসন্ন হইয়াছি, তোমরা স্বাভীষ্ট প্রার্থনা কর।

নৃপদ্বয়। দেব! তপস্বিনী রুক্মিণী এমন কোনও তপস্যা করেন নাই, যাহাতে তিনি আপনার দাসী হইবার সৌভাগ্যের কণা লাভ করিবার পাত্র হইতে পারেন, ইহা আমরা গরুড়ের মুখে শুনিয়াছি, তথাপি আপনি তাঁহাকে এরূপভাবে অনুগ্রহ করুন, যাহাতে এই ভীরু কাহারও নিন্দনীয়া না হন।

কৃষ্ণঃ। কীদৃগনুগ্রহঃ ?

নৃপৌ। দুর্ম্মদ-মাগধাদীনাং পরাভবেনাস্যাঃ কুণ্ডিনাদাকৃষ্টিঃ।
যদদ্য চন্দ্রভাগারাধনায় বহিঃ সাধয়ত্যেষা।

কৃষ্ণঃ। ক্ষিতীন্দ্রৌ ! বাঢ়মাহরিষ্যামি, তদভীষ্টমনুষ্ঠীয়তাম্।

নৃপৌ। (কৃষ্ণং প্রণম্য নিষ্ক্রান্তৌ)

(নেপথ্যে) ভীতা রুদ্রং ত্যজতি গিরিজা শ্যামমপ্রেক্ষ্য কণ্ঠং
শুভ্রং দৃষ্ট্বা ক্ষিপতি বসনং বিস্মিতো নীলবাসাঃ।
ক্ষীরং মত্বা শ্রপয়তি যমীনীরমাভীরিকোৎকা
গীতে দামোদর ! যশসি তে বীণয়া নারদেন ॥ ১৭ ॥

কৃষ্ণ ইতি। তদভীষ্টং অর্থাৎ চন্দ্রভাগারাধনম্।
(নেপথ্যে) ; শ্রপয়তি পচতি, যমীনীরং যমুনাজলম্ ॥ ১৭ ॥

কৃষ্ণ। কিরূপ অনুগ্রহ ?

নৃপদ্বয়। যেহেতু অদ্য চন্দ্রভাগাদেবীর আরাধনার জন্য ইনি অন্তঃপুরের বাহিরে আগমন করিবেন, অতএব দুর্ম্মদ জরাসন্ধাদি রাজাদিগের পরাভবের দ্বারা তাঁহাকে কুণ্ডিন নগর হইতে আকর্ষণ—ইহাই আমাদিগের প্রার্থনা।

কৃষ্ণ। নৃপদ্বয় ! ভাল, আমি সেইরূপেই তাঁহাকে হরণ করিব, আপনারা আপনাদের অভীষ্টের অনুষ্ঠান করুন।

নৃপদ্বয়। (কৃষ্ণকে প্রণাম করিয়া প্রস্থান করিলেন)

(নেপথ্যে) হে দামোদর ! মহর্ষি নারদ বীণাযন্ত্রে তোমার শুভ্র যশোগান করিতে আরম্ভ করিলে, রুদ্রের কণ্ঠ শ্যামবর্ণ না দেখিয়া

সুপর্ণঃ। সোঽয়মম্বরে তুম্বুরুঃ স্তবীতি।

কৃষ্ণঃ। সখে খগেন্দ্র! পশ্য পশ্য,

শুভ্রাতপত্র-পটলী খল-ভূপতীনা-

মভ্রাণি তক্ষক-ফণাকৃতিরাবৃণোতি।

যা মাকলয্য পৃথু বেপথু দোলিতানি

দূরে জগন্তি ভয়-জর্জ্জরতাং ভজন্তি ॥ ১৮ ॥

সুপর্ণঃ। দেব! বাঢ়মাতপত্র-ফণাপটলী-লঘীয়সঃ কিঙ্করস্যাস্য

সুপর্ণ ইতি। তুম্বুরুঃ গন্ধর্ব্বাণাং মুখ্যঃ।

কৃষ্ণ ইতি। আতপত্র-পটলী রাজ্ঞাং ছত্র-সমূহঃ ॥ ১৮ ॥

সুপর্ণ ইতি। লঘীয়সঃ ক্ষুদ্রতরস্য, পর্য্যাপ্তিং যোগ্যতাম্।

গিরিজা ভীতা হইয়া রুদ্রকে ত্যাগ করেন, নীলাম্বর বলদেব নিজ বসনকে শুভ্রবর্ণ দর্শন করিয়া, বিস্মিত হইয়া তাহা ত্যাগ করেন, এবং নীল যমুনাজলকে শুভ্রবর্ণ দেখিয়া উৎকণ্ঠিতা আভীরীগণ তাহাকে দুগ্ধ মনে করিয়া আবর্ত্তন করিতে আরম্ভ করেন ॥ ১৭ ॥

গরুড়। তুম্বুরু আকাশে থাকিয়া স্তব করিতেছেন।

কৃষ্ণ। সখে খগেন্দ্র! দেখ দেখ, খলভূপতিগণের তক্ষকের ফণার ন্যায় শুভ্র ছত্রসমূহ মেঘসমূহকে আচ্ছাদন করিতেছে, দূর হইতে ত্রিজগৎ তাহা অবলোকন করিয়া, অত্যন্ত কম্পান্বিত হইয়া, আন্দোলিত হইয়া ভয়ে জর্জ্জরিত হইয়া উঠিতেছে ॥ ১৮ ॥

গরুড়। দেব! এই আতপত্ররূপ ফণাসমূহ আপনার এই নিতান্ত ক্ষুদ্র কিঙ্কর গরুড়ের একবারও বিক্ষেপক্রীড়ার পক্ষে পর্য্যাপ্ত হইবে না,

গরুত্মতঃ সকৃৎ বিক্ষেপ-কেলয়েঽপি ন পর্য্যাপ্তিমেষ্যতি দূরে বিশ্রাম্যতু সখা মে সুদর্শনঃ কল্পান্তকৃশানুঃ।

(নেপথ্যে)

কুণ্ডিণ-ণরবই-পুত্তী অণুরূবা পুণ্ডরীঅণঅণস্স।

তহ এসো সহি! তিস্সা হা! হদদেব্বং বিলোমেই ॥ ১৯ ॥

সুপর্ণঃ। পুরস্ত্রীণাং বিষাদোক্তিরিয়ম্।

(পুনর্নেপথ্যে)

কহ রুপ্পিণী সুরূবা, কহ দমঘোসস্স ণন্দণো মন্দো।

ণ ঘড়ই গদ্দহকণ্ঠে বিমলা ণোঅমালিআ-মালা ॥ ২০ ॥

(নেপথ্যে)। কুণ্ডিন-নরপতি-পুত্রী অনুরূপা পুণ্ডরীকনয়নস্য। অতএব সখি! তস্যা হা! হতদৈবং বিলোময়তি। বিলোময়তি অনাত্মকূলাং করোতি ॥ ১৯ ॥

(পুনর্নেপথ্যে)। ক রুক্মিণী সুস্বরূপা, ক দমঘোষনন্দনো মন্দঃ। ন ঘটতে গর্দ্দভ-কণ্ঠে বিমলা নবমালিকা-মালা ॥ ২০ ॥

অতএব কল্পান্তকালীন প্রলয়াগ্নিসদৃশ আমার এই সখা সুদর্শন দূরে বিশ্রাম করুন।

(নেপথ্যে) কুণ্ডিন-নরপতি-পুত্রী পুণ্ডরীকনয়নেরই অনুরূপা—তথাপি হে সখি! হতদৈব তাহার প্রতি অনুকূল হইতেছে না ॥ ১৯ ॥

গরুড়। ইহা পুরস্ত্রীগণের বিষাদোক্তি।

(পুনরায় নেপথ্যে)

সুরূপা রুক্মিণীই বা কোথায়, আর এই দমঘোষনন্দন ক্রূরমতি শিশুপালই বা কোথায়, গর্দ্দভের কণ্ঠে কি বিমল নবমল্লিকার মালা শোভা পায়? ॥ ২০ ॥

সুপর্ণঃ। বন্যয়া মালয়া খলু সুলভোঽয়ং কৌস্তুভীকণ্ঠো নান্যয়া।

(নেপথ্যে)

জীয়াদুচ্চৈরখিল-তরুণীমণ্ডলাকৃষ্টি-বিদ্যা-
বৈদগ্ধীনাং নিধিরনবধির্যাদবাম্ভোধি-চন্দ্রঃ।
সংগ্রামান্তঃপুরভুবি পুরো হন্ত ! যং প্রেক্ষ্য দূরা-
দস্ত্রীলোকোঽপ্যতনুচকিতঃ স্ত্রীস্বরূপং বিভর্ত্তি ॥ ২১ ॥

কৃষ্ণঃ। (সব্যতো বিলোক্য) কথময়ং মৌক্তিকচূড়ো নাম মাথুরো বন্দী ভোগাবলীং পঠতি ?

সুপর্ণ ইতি। বন্যয়া বৃন্দাবনসম্বন্ধিন্যা। কৌস্তুভীকৌস্তুভযুক্তঃ।

(নেপথ্যে)। অস্ত্রীলোকোঽস্ত্রধারী জনঃ, পক্ষে স্ত্রীভিন্নলোকঃ। অতনুচকিতোঽধিকভয়যুক্তঃ, পক্ষে অতনুনা কামেন ভীতঃ ॥ ২১ ॥

কৃষ্ণ ইতি। বিরুদাবলী-প্রভৃতীনামন্যতমা নায়কোৎকর্ষিণী কলিকোৎকলিকাপদ্যযুক্তা ভোগাবলী।

গরুড়। এই কৌস্তুভ-ভূষিত কণ্ঠ বন্যমালিকার পক্ষেই সুলভ, অন্যের পক্ষে নহে।

(নেপথ্যে) যিনি অখিল-তরুণীমণ্ডলীর আকর্ষণ-বিদ্যা-বৈদগ্ধীর নিধিস্বরূপ, সেই অসীম যাদবসমুদ্রের পূর্ণচন্দ্র সর্ব্বোৎকর্ষসহকারে জয়যুক্ত হউন, যাঁহাকে সংগ্রামের অন্তঃপুর-ভূমিতে দূর হইতে দর্শন করিয়া পুরুষও অধিক ভয়যুক্ত হইয়া স্ত্রীরূপ ধারণ করিতেছে ॥ ২১ ॥

কৃষ্ণ। (বামদিকে অবলোকন করিয়া) এই যে মৌক্তিকচূড় নাম মাথুরদেশীয় ভাট, নায়কের শ্রেষ্ঠতা-সূচক স্তবাবলী পাঠ করিতেছে।

(পুনস্তত্রৈব)

স্ফুরন্মণিসরাধিকং নবতমালনীলং হরে-

রুদূঢ়-ঘনকুঙ্কুমং জয়তি হারিবক্ষঃস্থলম্ ।

উড়ুস্তবকিতং সদা তড়িদুদীর্ণ-লক্ষ্মা-ভরং

যদভ্রমিব লীলয়া স্ফুটমদভ্রমুদ্ভাসতে ॥ ২২ ॥

কৃষ্ণঃ । (সব্যামোহম্) হা প্রেয়সি রাধিকে ! হা বৃন্দাবন-কল্পবল্লি ! হা বিশাখা-সখি ! কুত্রাসি ?

(ইতি সোৎকম্পং খগেন্দ্রমালম্বতে)

স্ফুরদিতি । স্ফুরতা মণিসরেণাধিকং, পক্ষে স্ফুরন্মণীত্যেকপদম্ । তড়িত-উদীর্ণা যা লক্ষ্মাস্তাসাং ভরো ভারো যত্র তৎ, তড়িদিব উদীর্ণা যা লক্ষ্মী-র্লক্ষ্মীরেখা তাং বিভর্ত্তীতি তৎ । ভিন্নপদ-পক্ষে তড়িতং তদুদীর্ণা লক্ষ্মীশ্চ বিভর্ত্তীতি তৎ । অদভ্রং নিরন্তরম্ ॥ ২২ ॥

(পুনরায় সেই দিকে) স্ফুরিত মণিসরোবরের অপেক্ষাও অধিক শোভাশীল, নবতমালের ন্যায় নীলবর্ণ, গাঢ় কুঙ্কুমাবৃত শ্রীহরির মনোহর বক্ষঃস্থল, যাহা নক্ষত্রমালা-বিভূষিত, চকিত বিদ্যুদ্দাম-সৌন্দর্য্যে অলঙ্কৃত মেঘের ন্যায় নিরন্তর লীলাভরে উদ্ভাসিত হইতেছে, তাহা সর্ব্বদা জয়যুক্ত হউক ॥ ২২ ॥

। (মোহগ্রস্তের ন্যায়) হা প্রেয়সি রাধিকে ! হা বৃন্দাবনকল্পলতিকে ! হা বিশাখা-সখি ! তোমরা এখন কোথায় ? (ইহা বলিয়া কাঁপিতে কাঁপিতে গরুড়কে অবলম্বন করিলেন)

সুপর্ণঃ। (স্বগতম্) দুরূহায়াং গম্ভীর-লীলাম্বুধেরস্য কেলি-বেলায়াং মাদৃশোঽপি নিমজ্জতি কস্তত্রান্যো বরাকঃ।

(প্রকাশম্) দেব ! সমাশ্বসিহি সমাশ্বসিহি।

কৃষ্ণঃ। (সমাশ্বস্য নিশ্বসিতি)

(নেপথ্যে) ধাত্রেয়ী-করপুট-সংভৃতাগ্র-হস্তা

পর্য্যস্তাকুল-জরতী দ্বিজাঙ্গনাভিঃ।

দূরেণ প্রচুরভটৈঃ পরীয়মানা

বৈদর্ভী প্রসরতি পার্ব্বতী-গৃহায় ॥ ২৩ ॥

কৃষ্ণঃ। সখে সুপর্ণ ! হতাশেন রুক্মিণা দুর্গমং কৃতমেতদ্দুর্গা-মন্দিরং, তদেহি নটবেশেনাবামন্তঃ প্রবিশাবঃ। (ইতি নিষ্ক্রান্তৌ)

সুপর্ণ ইতি। বেলা স্যাত্তীরনীরয়োরিতি ॥ ২৩ ॥

গরুড়। (স্বগত) এই গম্ভীর লীলা-সমুদ্রের দুরূহ ক্রীড়ারূপ তীরভূমিতে যখন আমার ন্যায় ব্যক্তিও নিমজ্জিত হইতেছে, তখন অন্য ক্ষুদ্রব্যক্তির কথা আর কি বলিব ? (প্রকাশ্যে) দেব ! আশ্বস্ত হউন, আশ্বস্ত হউন।

কৃষ্ণ। (সমাশ্বস্ত হইয়া নিশ্বাস ত্যাগ করিতে লাগিলেন)

(নেপথ্যে) ধাত্রেয়ীর করপুটে করতলাগ্র স্থাপন করিয়া, ব্যাকুলা বৃদ্ধা ব্রাহ্মণীগণের দ্বারা পরিব্যাপ্তা হইয়া এবং দূরবর্ত্তী বহুসংখ্যক অস্ত্রধারী সৈন্যের দ্বারা সুরক্ষিতা হইয়া বিদর্ভ-রাজনন্দিনী (রুক্মিণী) দুর্গাদেবীর মন্দিরের উদ্দেশ্যে গমন করিতেছেন ॥ ২৩ ॥

কৃষ্ণ। সখে গরুড় ! রুক্মী হতাশ হইয়া এই দুর্গামন্দিরকে দুর্গম করিয়া তুলিয়াছে, অতএব আইস, আমরা নটবেশে অভ্যন্তরে প্রবেশ করি।

(এই বলিয়া দুই জন নিষ্ক্রান্ত হইলেন)

(ততঃ প্রবিশতি যথা-নির্দ্দিষ্টা চন্দ্রাবলী)

চন্দ্রাবলী। হলা মাহবি! সুদং মএ ভাদুএণ ভদ্দআলী সমারাহণস্স্ কোডিহোমং আরদ্ধম্।

মাধবী। ভট্টিদারিএ! বক্ষণীও ক্খু এব্বং কধেন্তি।

চন্দ্রাবলী। (স্বগতম্) গহিরং ণং হোমকুণ্ডং সুণিঅ চেঅ পথিদন্মি।

মাধবী। ভট্টিদারিএ! তথা সিণিদ্ধেণবি পুরীসুত্তমেণ কিত্তি তুমং ণ উদ্দিসীঅসি?॥ ২৪॥

চন্দ্রাবলীতি। সে সখি মাধবি! শ্রুতং ময়া ভ্রাতৃকেন ভদ্রকালী সমারাধনায় কোটিহোমং আরদ্ধম্।

মাধবীতি। ভর্তৃদারিকে রাজকন্যে! ব্রাহ্মণাঃ খলু এবং কথয়ন্তি।

চন্দ্রাবলীতি। গভীরং এনং হোমকুণ্ডং শ্রুত্বা এব প্রস্থিতাস্মি।

মাধবীতি। ভর্তৃদারিকে! তথা স্নিগ্ধেনাপি পুরুষোত্তমেন কিমিতি নোদ্দিশ্যসে॥ ২৪॥

(তাহার পর যথানির্দ্দিষ্টা চন্দ্রাবলী প্রবেশ করিলেন)

চন্দ্রাবলী। সখি মাধবি! শুনিয়াছি, ভ্রাতা কম্মী ভদ্র-কালীকে সম্যক্ আরাধনা করিবার জন্য কোটি হোম আরম্ভ করিয়াছে।

মাধবী। রাজকন্যে! ব্রাহ্মণীরাই এইরূপ বলিতেছেন।

চন্দ্রাবলী। (স্বগত) এই হোমকুণ্ড খুব গভীর হইয়াছে শুনিয়াই ত' আমি আসিয়াছি।

মাধবী। ভর্তৃদারিকে! সেইরূপ প্রিয় পুরুষোত্তম কি তোমার অনুসন্ধান করিতেছেন না? ॥ ২৪ ॥

চন্দ্রাবলী। (সংস্কৃতেন)

শরণমিহ যো ভ্রাতুস্তস্য প্রতীপবিধায়িতা
হিতকৃদপি যা দেব্যাস্তস্যাঃ সমগ্রমুপেক্ষণম্।
গতিরবিকলা যো মে তস্য প্রিয়স্য চ বিস্মৃতি-
র্বত হতবিধৌ বামে সর্ব্বং প্রযাতি বিপর্য্যয়ম্॥

মাধবী। এদং পাসাদং পবিসিঅ চন্দভাঅং নিবেদম্ম।

চন্দ্রাবলী। অজ্জে ভগ্গবি! মন্দাবেহি চন্দভাঅং চণ্ডিঅম্।

ভার্গবী। দেবি চন্দ্রভাগে! নন্দয় বিদর্ভনন্দিনীং পরমাভীষ্ট-বরেণ (ইতি বন্দনং কারয়তি)

মাধবীতি। এতং প্রাসাদং প্রবিশ্য চন্দ্রভাগাং নিবেদয়ামঃ।

চন্দ্রাবলীতি। আর্য্যে ভার্গবি! ভৃগুবংশীয়ব্রাহ্মণপুত্রি! বন্দয়স্ব চন্দ্রভাগাং চণ্ডিকাম্।

ভার্গবীতি। বরেণ পত্যা, পক্ষে অভীষ্টদানেন।

চন্দ্রাবলী। (সংস্কৃত ভাষায়) যে ভ্রাতা আমার আশ্রয় ছিলেন, তাঁহার আচরণ এখন প্রতিকূল, যে দেবী হিতকারিণী ছিলেন, তাঁহার এখন সম্পূর্ণ উপেক্ষা, যিনি একমাত্র গতি ছিলেন, সেই প্রিয়ের এখন বিস্মৃতি ঘটিয়াছে, হতবিধি প্রতিকূল হইলে সকলই বিপরীত হইয়া থাকে।

মাধবী। এই মন্দিরে প্রবেশ করিয়া চন্দ্রভাগাদেবীকে নিবেদন করি।

চন্দ্রাবলী। আর্য্যে ভার্গবি! চন্দ্রভাগা চণ্ডীদেবীকে বন্দনা করাও।

ভার্গবী। দেবি চন্দ্রভাগে! পরমাভীষ্ট বরদানের দ্বারা বিদর্ভনন্দিনীর আনন্দবিধান কর। (ইহা বলিয়া বন্দনা করাইলেন)

চন্দ্রাবলী। (সোপলম্ভং সংস্কৃতেন)

আকৌমারং ভগবতি ! ময়া হন্ত ! কৃষ্ণস্য হেতো-

বিশ্রম্ভেণ প্রবণমনসা যত্নমারাধিতাসি।

প্রত্যাসন্নঃ সরভসমসৌ তস্য পাকঃ প্রথীয়ান্

মাং দাক্ষিণ্যাদ্‌যদিহ ভবতী কৃষ্ণবর্ত্মন্যনৈষীৎ ॥ ২৫ ॥

মাধবী। পেক্‌খ পেক্‌খ, পসাদাহিমুহীব্ব সংবুত্তা রুদ্দাণী।

চন্দ্রাবলী। অজ্জে ভগ্গবি ! তুম্হে এত্থ সব্বাণীং অব্ভুত্থেধ, অহং গচ্চুঅ কুণ্ডট্ঠিদং ভঅবন্তং পাবঅং পরিক্কমিস্সম্।

চন্দ্রাবলীতি। আকৌমারং কৌমারমারভ্য। হে দেবি চন্দ্রভাগে ! তস্যারাধনস্য অসৌ পাকঃ ফলম্। কৃষ্ণবর্ত্মন্যগ্নৌ, পক্ষে কৃষ্ণস্য মার্গে ॥ ২৫ ॥

মাধবীতি। পশ্য পশ্য, প্রসাদাভিমুখী ইব সংবৃত্তা রুদ্রাণী।

চন্দ্রাবলীতি। আর্য্যে ভার্গবি ! যূয়মত্র সর্ব্বাণীমভ্যর্থয়ধ্বং, অহং গত্বা কুণ্ডস্থিতং ভগবন্তং পাবকং পরিক্রমিষ্যামি।

চন্দ্রাবলী। (আক্ষেপপূর্ব্বক সংস্কৃত ভাষায়) ভগবতি ! হায়, আমি বাল্যকালাবধি একান্ত বিশ্বাস সহকারে শ্রীকৃষ্ণের জন্য ঐকান্তিকভাবে আপনার আরাধনা করিয়াছি, আর আজ কি তাহার এই বিখ্যাত ফল আনন্দসহকারে উপস্থিত হইল যে, আপনি অনুকূল হইয়া আমাকে কৃষ্ণবর্ত্মে (অর্থাৎ অগ্নিমধ্যে, পক্ষান্তরে শ্রীকৃষ্ণের পথে) নিক্ষেপ করিলেন ॥ ২৫ ॥

মাধবী। দেখ দেখ, রুদ্রাণী যেন প্রসন্ন হইয়াছেন, এইরূপ দেখা যাইতেছে।

চন্দ্রাবলী। আর্য্যে ভার্গবি ! আপনারা এখন ভগবতী সর্ব্বাণীর আরাধনা করুন, আমি যাইয়া কুণ্ডস্থিত ভগবান্ পাবককে পরিক্রমণ করিব।

(ততঃ প্রবিশতো নর্ত্তকবেশৌ কৃষ্ণ-সুপর্ণৌ)

কৃষ্ণঃ ।　পর্য্যশীলি পশুপালঘটায়াং
　　　　কেলিরঙ্গঘটনায় ময়া যঃ ।
　　সুষ্ঠু সোঽয়মকরোৎ পরদুর্গে
　　　　বেশয়ন্ সচিবতাং নটবেশঃ ॥ ২৬ ॥

সুপর্ণঃ ।　দেব ! গাঢ়ং গঞ্জিতানি নটবেশেনারীণাং নেত্রাণি নারীণাস্তু রঞ্জিতানি ।

কৃষ্ণঃ ।　সখে বিহঙ্গপুঙ্গব ! পশ্য, প্রাদুর্ভবন্তি ভব্যানি শকুনানি ।

কৃষ্ণ ইতি । পর্য্যশীলি সমভ্যস্তঃ । যো নটবেশঃ পরদুর্গে মাং প্রবেশয়ন্নিত্যন্বেয়ম্ ॥ ২৬ ॥

সুপর্ণ ইতি । গঞ্জিতানি তিরস্কৃতানি । রঞ্জিতানি সুখভূতানি ।

কৃষ্ণ ইতি । ভব্যানি শুভসূচকানি ।

(অনন্তর নর্ত্তকবেশে কৃষ্ণ ও গরুড়ের প্রবেশ)

কৃষ্ণ । কেলি-কৌতুক ঘটাইবার জন্য পশুপাল-গোষ্ঠীতে যাহার অনুশীলন করিয়াছিলেন, পরদুর্গ-প্রবেশে সেই নটবেশই আমার সচিবরূপে সাহায্য করিল ॥ ২৬ ॥

গরুড় । দেব ! এই নটবেশের দ্বারা শত্রুগণের নয়ন রঞ্জিত এবং নারীদিগের নেত্র রঞ্জিত হইতেছে ।

কৃষ্ণ । সখে বিহঙ্গশ্রেষ্ঠ ! দেখ, শুভসূচক লক্ষণসমূহ প্রাদুর্ভূত হইতেছে ।

সুপর্ণঃ। নভসি রভসবদ্ভিঃ শ্লাঘ্যমানা মুনীন্দ্রৈ-
র্মহিত-কুবলয়াক্ষী কীর্ত্তি-শুভ্রাংশু-বক্ত্রা।
নৃপকুলমিহ হিত্বা চেদিরাজপ্রধানং
মুরদমন! গমিষ্যত্যুৎসুকা ত্বাং জয়শ্রীঃ ॥ ২৭ ॥

কৃষ্ণঃ। সখে! পশ্য পশ্য,
ক্ষ্বেড়ামখণ্ডসমরাঃ কলয়ন্তি শূরাঃ
সঙ্গীতিনঃ স্বরঘটামনুঘট্টয়ন্তি।
উচ্চৈঃ পঠন্তি শুভসূক্তকুলং দ্বিজেন্দ্রা
রাষ্ট্রাণি কুণ্ডিনপুরী বধিরীকরোতি ॥ ২৮ ॥

সুপর্ণ ইতি। রভসবদ্ভিঃ কৌতুকবদ্ভিঃ। রুক্মিণীপক্ষে মহিতে কুবলয়ে ইবাক্ষিণী যস্যাঃ সা। জয়শ্রীঃপক্ষে কুবলয়স্য ভূমণ্ডলস্য অক্ষিণী যয়া সা, পক্ষে মহিতা চাসৌ কুবলয়াক্ষী চেতি রাজদন্তাদিত্বাৎ পূর্ব্ব-নিপাতঃ। সমাসোক্তিনামালঙ্কারঃ ॥ ২৭ ॥

কৃষ্ণ ইতি। ক্ষ্বেড়াং সিংহনাদম্। কলয়ন্তি কুর্ব্বন্তি। অনুঘট্টয়ন্তি উচ্চারয়ন্তি। শুভসূক্তকুলং বেদভাগং রাষ্ট্রাণি রাজ্যানি ॥ ২৮ ॥

গরুড়। হে মুরারে! আকাশে কৌতুকবান্ মুনীন্দ্রগণ কর্ত্তৃক পূজিতা নীলকমললোচনা গৌরবময়ী কীর্ত্তিচন্দ্রাননা জয়লক্ষ্মী শিশুপালপ্রমুখ নৃপকুলকে এখনই পরিত্যাগ করিয়া উৎকণ্ঠিতা হইয়া আপনার নিকট গমন করিবেন ॥ ২৭ ॥

কৃষ্ণ। সখে! দেখ দেখ, সমরে অপরাঙ্মুখ বীরগণ সিংহনাদ করিতেছে, সঙ্গীতজ্ঞগণ সুস্বরাবলী উচ্চারণ করিতেছে এবং দ্বিজশ্রেষ্ঠগণ মঙ্গলময় বেদমন্ত্র সকল উচ্চৈঃস্বরে পাঠ করিতেছে—এইরূপে কুণ্ডিনপুরী সমুদয় রাজ্যকে বধির করিয়া তুলিতেছে ॥ ২৮ ॥

সুপর্ণঃ। (পুরো দৃষ্ট্বা) মৃড়াণী-মন্দিরাদেষা কুণ্ডিনেন্দ্রপুত্রী বহির্নিষ্ক্রামতি।

কৃষ্ণঃ। কামমিতঃ পরাঙ্গনা-বিলোকন-দুর্বিলাসান্নিবৃত্তিরেব শ্রেয়সী।

(ইতি মুখং ব্যাবৃত্য)

সখে ! ভবতৈব পক্ষাঞ্চলেনাকৃষ্য নৃপাভ্যামিয়ং সমর্প্যতাম্।

সুপর্ণঃ। (নির্বর্ণ্য সবিস্ময়ম্)

সৌন্দর্য্যাম্বুনিধের্বিধায় মথনং দম্ভেন দুগ্ধাম্বুধে-
গীর্বাণৈরুদহারি চারুচরিতা যা সারসম্পন্ময়ী।
সা লক্ষ্মীরপি চক্ষুষাং চিরচমৎকারক্রিয়াং চাতুরীং
ধত্তে হন্ত ! তথা ন কান্তিভিরিয়ং রাজ্ঞঃ কুমারী যথা ॥ ২৯ ॥

সুপর্ণ ইতি। দুগ্ধাম্বুধের্দম্ভেন ছলেন। উদহারি উত্থাপিতা ॥ ২৯ ॥

গরুড়। (সম্মুখে দেখিয়া) এই যে কুণ্ডিনরাজপুত্রী দুর্গার মন্দির হইতে বাহিরে আগমন করিতেছেন।

কৃষ্ণ। ইচ্ছাপূর্ব্বক এই পরস্ত্রীবিলোকনরূপ দুর্ব্বাসনা হইতে নিবৃত্তিই মঙ্গলজনক।

(ইহা বলিয়া মুখ ফিরাইয়া) সখে ! তুমিই পক্ষাঞ্চলের দ্বারা আকর্ষণ করিয়া ক্রথ ও কৌশিক নৃপতিদ্বয়কে এই রাজকুমারী সমর্পণ কর।

গরুড়। (সবিস্ময়ে নিরূপণ করিয়া) আহা ! দেবগণ ক্ষীরসমুদ্রমন্থনচ্ছলে সৌন্দর্য্য-সমুদ্র মন্থন করিয়া সুন্দরচরিত্রা সর্ব্বসম্পত্তির সারভূতা যে লক্ষ্মীদেবীকে সংগ্রহ করিয়াছিলেন, সেই লক্ষ্মীদেবীও এই রাজকুমারী যেরূপ কান্তির দ্বারা চক্ষুর চিরচমৎকারিত্ব-চাতুর্য্য বিধান করিতেছেন, তেমন করিতে পারেন না ॥ ২৯ ॥

কৃষ্ণঃ। সখে! ভবতু কিমেতেন, যদেষ রূপমাত্রেণ ন হার্য্যো হরিঃ।

চন্দ্রাবলী। হলা মাহবি! সো বুন্দাবণবীঅসংভূদো মে বউল-
পোদো তুএ পালণিজ্জো।

মাধবী। (সাস্রম্) ভট্টিদারিএ। পসীদ পসীদ, পড়িবালেহি
সুণন্দং জং এত্থ মজ্ঝবট্টিণী ভঅবদী বিহাবরী।

চন্দ্রাবলী। মুদ্ধে! অন্তেউরে ণ কখু সুলহং এদং মঙ্গলং
মে অমিঅকুণ্ডম্।

চন্দ্রাবলীতি। সখি মাধবি! বৃন্দাবনবীজসম্ভূতো মে বকুলপোতঃ। পাঠা-
ন্তরে পাদপস্ত্বয়া পালনীয়ঃ।

মাধবীতি। ভর্ত্তৃদারিকে রাজকন্যে! প্রসীদ প্রসীদ, প্রতিপালয় সুনন্দং
যদত্র মধ্যবর্ত্তিনী ভগবতী বিভাবরী। ভগবত্তয়া সা ত্বদভীষ্টং পূরয়িষ্য-
তীতি ব্যঞ্জিতম্। তস্মাদধুনৈবানলকুণ্ডে মা পতেতি প্রতিধ্বনিতম্।

চন্দ্রাবলীতি। মুগ্ধে! অন্তঃপুরে ন খলু সুলভমেতৎ মেঽমৃতকুণ্ডং, বহ্নে-
রমৃতত্বেনাধ্যবসানং শরীরনাশকারিত্বেন বিরহদুঃখনাশকত্বাৎ।

কৃষ্ণ। সখে! হউক, কিন্তু তাহাতে কি? কারণ, রূপমাত্রে কখনও
হরির মন হরণ করা যায় না।

চন্দ্রাবলী। সখী মাধবি! সেই বৃন্দাবনের বীজ-সম্ভূত বকুলবৃক্ষের চারাটি
তুমি পালন করিও।

মাধবী। (অশ্রুপূর্ণনেত্রে) রাজকুমারি! প্রসন্ন হও, প্রসন্ন হও,
সুনন্দের প্রতীক্ষা কর, যে হেতু ভগবতী বিভাবরী মাত্র মধ্যবর্ত্তিনী
অর্থাৎ রাত্রির পরেই তিনি আসিবেন।

চন্দ্রাবলী। মুগ্ধে! অন্তঃপুরে আমার এই অমৃতকুণ্ডরূপ মঙ্গল সুলভ হইবে না।

(ইতি সাস্রং সংস্কৃতেন)

ত্বদ্দিগ্‌বোধেঽপ্যকুশলমতিঃ সঙ্গময্য স্বগোষ্ঠে

দূরাদ্বাঢ়ং কিমিতি কৃপয়া পূর্ব্বমঙ্গীকৃতাহম্।

নীত্বা দেশান্তরমিদমুপক্ষিপ্য সঙ্গাদিদানীম্

কিম্বা দামোদর! গুণনিধে হা! ত্বয়া বিস্মৃতাস্মি ॥৩০॥

(নেপথ্যে কল-কলঃ)

কৃষ্ণঃ। পৌর-স্ত্রীণামৌৎসুক্যমিদম্।

সুপর্ণঃ। দেব! পশ্য পশ্য,

বক্ত্রাণি ভান্তি পরিতো হরিণেক্ষণানা-

মারূঢ়-হর্ম্ম্য-শিরসাং ভবদীক্ষণায়।

সঙ্গময্য প্রাপয্য ॥ ৩০ ॥

সুপর্ণ ইতি। বক্ত্রাণি। চন্দ্রাবলীরূপেণ পরিচিতানি ব্যাপ্তানি॥ ৩১ ॥

(ইহা বলিয়া অশ্রুপাতসহকারে সংস্কৃত ভাষায়) হে দামোদর! তোমার রীতিজ্ঞানে অপটুবুদ্ধি হইলেও দূর হইতে নিজ গোষ্ঠী আনয়ন করিয়া আমাকে কৃপাপূর্ব্বক পূর্ব্বে গ্রহণ করিয়াছিলে, এখন নিজ সঙ্গ হইতে দেশান্তরে ক্ষেপণ করিয়া, হে গুণনিধে! এখন কি আমাকে বিস্মৃত হইলে? ॥ ৩০ ॥

(নেপথ্যে কল-কল শব্দ)

কৃষ্ণ। ইহা পৌর-স্ত্রীদিগের ঔৎসুক্য-সূচক শব্দ।

গরুড়। দেব! দেখুন, দেখুন—হরিণাক্ষী সুন্দরীগণ আপনাকে দেখিবার নিমিত্ত হর্ম্ম্যশিরে আরোহণ করিয়াছে, তাহাতেই তাহাদের

যৈর্নির্ম্মিতানি তরসা সরসীরুহাক্ষ-

চন্দ্রাবলীপরিচিতানি নভস্তলানি ॥ ৩১ ॥

কৃষ্ণঃ। (সোৎকণ্ঠম্) হা প্রিয়ে চন্দ্রাবলি! হা পদ্মাসখি! কথং কঠোরেণ ময়া বিস্মৃতাসি? তদদ্যৈব দ্বারবতীমাসাদ্য ভবোদ্দেশায় চরানাচরিষ্যামি।

চন্দ্রাবলী। ণং সমিদ্ধং পুরোদো কুণ্ডং পেক্‌খন্তী ণিব্বুদহ্মি।

কৃষ্ণঃ। (সাশঙ্কম্) সখে! কথমনুভূত-পূর্ব্বৈব কাপি শিঞ্জিত-সারণী প্রসর্প্য মামার্দ্রীকরোতি।

সুপর্ণঃ। নিবেদিতমেব দেবস্য, যদত্র জগত্রয়েঽপ্যস্য বাঢ়-মনর্ঘ্যস্য কুমারীরত্নস্য পশ্যামি নান্যমর্ঘ্যাহরম্।

কৃষ্ণ ইতি। আচরিষ্যামি প্রস্থাপয়িষ্যামি।

চন্দ্রাবলীতি। এনং সমৃদ্ধং উজ্জ্বলিতং পুরতঃ কুণ্ডং পশ্যন্তী নির্বৃতাস্মি।

কৃষ্ণ ইতি। সারণী তু নদীভেদে, ইতি কোষঃ।

সুপর্ণ ইতি। অর্ঘ্যাহরং মূল্যপ্রদম্। মূল্যে পূজাবিধাবর্ঘ্য ইত্যমরঃ ॥ ৩২ ॥

কমল-নেত্র-সমন্বিত বদন, চন্দ্রাবলীরূপে গগনতলে ব্যাপ্ত হইয়া প্রতি-ভাত হইতেছে ॥ ৩১ ॥

কৃষ্ণ। (উৎকণ্ঠা সহকারে) হা প্রিয়ে চন্দ্রাবলি! হা পদ্মাসখি! এই নিষ্ঠুর তোমাকে কিরূপে বিস্মৃত হইয়া আছে? অতএব অদ্যই দ্বারকানগরীতে গমন করিয়া তোমার উদ্দেশে দূতগণকে প্রেরণ করিব।

চন্দ্রাবলী। অগ্রে এই প্রজ্বলিত অগ্নিকুণ্ড দেখিয়া নিশ্চিন্ত হইলাম।

কৃষ্ণ। (আশঙ্কা-সহকারে) সখে! পূর্ব্বে অনুভূত অলঙ্কারাদির শিঞ্জিত-ধ্বনিরূপা নদী প্রসারিত হইয়া আমাকে আর্দ্র করিতেছে।

গরুড়। দেব! ইহা ত পূর্ব্বেই আপনাকে নিবেদন করিয়াছি যে, এই

কৃষ্ণঃ। তর্হি দৃশা পরীক্ষণীয়ম্। (ইত্যপাঙ্গং সঞ্চারয়ন্)

অয়ে! কথং গোকুলবিলাসিনী সাধারণমাধুর্য্যমুদ্রা-মণ্ডিতা কুমারী হৃদয়ং মমোন্মাদয়তি। (পুনঃ সানুরাগং নিরূপ্য) হন্ত! কথং সৈবেয়ং মে প্রাণবল্লভা! (ইতি সম্ভ্রমমভিনীয়)

চেতশ্চন্দ্রমণের্দ্রবং বিরচয়ত্যুচ্চৈঃ স্মরাম্ভোনিধেঃ
সংরম্ভং বিতনোতি নেত্রকুমুদস্যামোদমধ্যস্যতি।
উল্লাসং পরিতঃ প্রপঞ্চয়তি মে রোমৌষধীণাঞ্চ যা
সেয়ং চন্দনপঙ্ক-শীতল-করা লব্ধাত্র চন্দ্রাবলী॥ ৩২॥

অমূল্য কুমারীরত্নের অর্ঘাহারী অর্থাৎ পাণিগ্রাহক এখানে আমি অন্য কাহাকেও দেখিতে পাইতেছি না।

কৃষ্ণ। অতএব একবার চক্ষু দ্বারা পরীক্ষা করিতে হইল।

(এই বলিয়া নেত্রপ্রান্ত সঞ্চালন করিয়া) হায়! গোকুল-বিলাসিনী-রমণী-সুলভ মাধুর্য্য-লক্ষণে সুশোভিতা এই কুমারী আমার হৃদয়কে উন্মাদিত করিতেছে।

(পুনরায় অনুরাগের সহিত নিরূপণ করিয়া) কি আশ্চর্য্য, ইনিই যে আমার সেই প্রাণবল্লভা!

(এই বলিয়া সমাদর প্রকাশ পুরঃসর) যিনি আমার চিত্তরূপ চন্দ্রকান্তমণিকে দ্রব করিতেছেন, যিনি আমার স্মরসমুদ্রে উচ্চ ক্ষোভ বিস্তার করিতেছেন, যিনি আমার নয়নকুমুদের আমোদ-বিধান করিতেছেন, যিনি আমার রোমাবলিরূপ ওষধি-সমূহের সর্ব্বতোভাবে উল্লাস বিস্তার করিতেছেন, সেই চন্দনপঙ্কের ন্যায় শীতলকরবিশিষ্ট চন্দ্রাবলীকে আমি অদ্য লাভ করিলাম॥ ৩২॥

তদভ্যাসমভ্যুপেত্য মাধুর্য্যমস্যাঃ পর্য্যালোচয়ামি।

(ইতি পরিক্রামতি)

মাধবী। (কৃষ্ণং বিলোক্য স্বগতম্) কুদো আঅদো এসো তিল্লোঅসুন্দরো ণচ্চঅরাও ?

চন্দ্রাবলী। ভঅবং হব্ববাহ! তস্স কন্দপ্প-কোড়ি-সুন্দরস্স পআরবিন্দজুঅলস্স পাসে ইমং বহেহি, তদেক্কসরণং জণম্। (ইতি পাবকং প্রণম্য)

হা ভঅবদি পোণ্ণমাসি! এত্থ ওসরে কহিং গদাসি ?

অভ্যাসং সমীপম্।

মাধবীতি। কুত আগত এষ ত্রিলোকসুন্দরো নর্ত্তকরাজঃ ?

চন্দ্রাবলীতি। ভগবন্ হব্যবাহন! তস্য কন্দর্প-কোটি-সুন্দরস্য পাদারবিন্দ-যুগলপার্শ্বে ইমং বহ প্রাপয় ইত্যর্থঃ, তদেকশরণং জনম্।

হা ভগবতি পৌর্ণমাসি! অত্রাবসরে কুত্র গতাসি ?

অতএব ইঁহার সমীপে গমন করিয়া, ইঁহার মাধুর্য্য পর্য্যালোচনা করি। (এই বলিয়া গমন করিতে লাগিলেন)

মাধবী। (কৃষ্ণকে দেখিয়া স্বগত) এই ত্রিলোকসুন্দর নর্ত্তকরাজ কোথা হইতে আসিলেন ?

চন্দ্রাবলী। হে ভগবন্ হব্যবাহন! সেই কোটিকন্দর্পের ন্যায় সুন্দর শ্রীকৃষ্ণের পাদপদ্মযুগলের পার্শ্বে এই ব্যক্তিকে লইয়া যাও, কারণ, এই ব্যক্তি তাঁহারই একান্ত শরণাগত। (ইহা বলিয়া অগ্নিকে প্রণামান্তে) হা ভগবতি পৌর্ণমাসি! এই অবসরে আপনি কোথায় গেলেন ?

কৃষ্ণঃ। (সখেদমাত্মগতম্) হন্ত! সত্যমেব মহাসাহসে কৃতাধ্যবসায়া সেয়মাশুশুক্ষণিং প্রদক্ষিণীকরোতি, তদহমুপেত্য ভুজাভ্যামাবৃণোমি ।

চন্দ্রাবলী। (বাষ্পধারামভিনয়ন্তী সবৈক্লব্যম্) হা বহিণি রাহে! ণ জাদু মিলিদাসি, হা পিঅসহি পউমে! কহিং বট্ঠসি, হা অম্ম গোউলেসবি! ণ দিট্ঠাসি, হা পরাণণাধ সিহণ্ড!

(ইত্যর্দ্ধোক্তে বাক্‌স্তম্ভং নাটয়ন্তী সব্যামোহম্)

চন্দ্রাবলীতি। হা ভগিনি রাধে! ন জাতু মিলিতাসি, হা: প্রিয়সখি পদ্মে! কুত্র বর্ত্তসে, হা অম্বে গোকুলেশ্বরি! ন দৃষ্টাসি, হা প্রাণনাথ শিখণ্ড!

কৃষ্ণ। (খেদ সহকারে স্বগত) হায়! ইনি সত্যই যে মহাসাহসে অর্থাৎ প্রাণত্যাগে কৃতনিশ্চয়া হইয়া এখনই অগ্নি প্রদক্ষিণ করিতেছেন! অতএব আমি ইঁহার নিকটে গিয়া বাহুদ্বয় দ্বারা ইঁহাকে আচ্ছাদন করি।

চন্দ্রাবলী। (অত্যন্ত বিকলতার সহিত অশ্রুপাত করিতে করিতে) হা ভগিনি রাধে! তুমি এখনও আসিলে না? হা প্রিয়সখি পদ্মে! তুমি কোথায় থাকিলে? হা মাতঃ গোকুলেশ্বরি! আপনাকে দেখিতে পাইলাম না। হা প্রাণনাথ শিখণ্ড—

(এই অসমাপ্ত কথা বলিয়া বাক্‌স্তম্ভ প্রকাশ পুরঃসর মোহ প্রাপ্ত হইয়া)

মন্দস্মিদ-মঅরন্দে পঅর-মঅর-কণ্ণিআ-সিরী সরণে
তস্মিং চ্চেঅ মুহপউমে ভমরউ মহ পড়িভবং ণঅণম্ ॥ ৩১ ॥

কৃষ্ণঃ। (সসম্ভ্রমং কণ্ঠে পরিষ্বজ্য) কুরঙ্গাক্ষি! মা জ্বালয় জগন্তি।

মাধবী। (সরোষম্) রে মহাসাহসিঅ ধিট্‌ঠ-ণচ্চঅজুআণ মুঞ্চ ণং মহারাঅ-পুত্তিঅম্।

কৃষ্ণঃ। (সাস্রম্)

অয়ং কণ্ঠে লগ্নঃ শশিমুখি! জনস্তে প্রণয়বান্
যদপ্রাপ্ত্যা ধন্যাং তনুমতনুরূপাং তৃণয়সি।

মন্দস্মিত-মকরন্দে প্রবর-মকর-কণিকাশ্রীঃ শ্রবণে তস্মিন্নিব মুখ-পদ্মে ভ্রমরতু মম প্রতিভবং নয়নম্ ॥ ৩১ ॥

মাধবীতি। রে মহাসাহসিক ধৃষ্ট নর্ত্তকযুবন্! মুঞ্চ এনাং মহারাজ-পুত্রিকাম্।

যাঁহার মন্দহাস্য মকরন্দস্বরূপ, যাঁহার কর্ণে শ্রেষ্ঠ মকর-কুণ্ডলের শোভা বিরাজিত, প্রতিজন্ম আমার নয়ন যেন সেই মুখপদ্মে ভ্রমণ করে ॥ ৩১ ॥

কৃষ্ণ। (সম্ভ্রমের সহিত কণ্ঠ আলিঙ্গন করিয়া) হে কুরঙ্গাক্ষি! ত্রিজগৎকে তাপিত করিও না।

মাধবী। (সরোষে) ওহে মহাসাহসিক, ধৃষ্ট, নটযুবক! এই মহারাজ-পুত্রীকে পরিত্যাগ কর্।

কৃষ্ণ। (অশ্রুপূর্ণ চক্ষে) অয়ি শশিমুখি! তুমি যাহাকে না পাইয়া এই মদনের আশ্রয়ভূতরূপ-সম্পন্ন এই বরতনুকে তৃণতুল্য তুচ্ছ মনে

প্রসীদাত্ত প্রাণেশ্বরি ! বিরমমাস্মিন্ননুগতে

কৃথাঃ পত্যাবত্যাহিতমিদমুরো মে বিদলতি ॥ ৩৪ ॥

চন্দ্রাবলী। (অশ্রুতিমভিনীয়) মাহবি ! মুঞ্চ মুঞ্চ, মা কখু দুঃখাবেহি, জং সম্ভাবিদ-বহুপচ্চূহো এসো মুহুত্তো।

(ইতি নিজাঙ্গুলেরাভরণমাকৃষ্য)

হলা ! এসা রঅণমুদ্দিআ জধা পুরিসুত্তমস্স দিট্ঠিমগ্গং গহেদি, তধা তুএ কাদব্বম্।

কৃষ্ণ ইতি। অত্যাহিতং মহাভীতিরিত্যমরঃ ॥ ৩৪ ॥

চন্দ্রাবলীতি। মুঞ্চ মুঞ্চ, মা খলু দুঃখাপয়, যৎ সম্ভাবিত-বহু-প্রত্যূহ এষ মুহূর্ত্তঃ।

সখি ! এষা রত্নমুদ্রিকা যথা পুরুষোত্তমস্য দৃষ্টিমার্গং গৃহ্লাতি তথা ত্বয়া কর্ত্তব্যম্।

করিতেছ, সেই প্রণয়শালী ব্যক্তি তোমার কণ্ঠে সংলগ্ন হইয়া রহিয়াছে। হে প্রাণেশ্বরি। প্রসন্ন হও, এই অনুগত বল্লভের প্রতি মহাভীতির বিধান করিও না, বিরত হও, ইহাতে আমার হৃদয় বিদীর্ণ হইয়া যাইতেছে ॥ ৩৪ ॥

চন্দ্রাবলী। (ঐ কথা শুনিতে পান নাই, এইভাবে) মাধবি ! আমাকে ছাড়িয়া দাও, আর দুঃখ দিও না, কারণ, এই মুহূর্ত্তেই নানারূপ বিঘ্নের সম্ভাবনা। (নিজ অঙ্গুলী হইতে অলঙ্কার মোচন করিয়া) সখি ! এই রত্নমুদ্রিকা যাহাতে পুরুষোত্তমের দৃষ্টিপথে পতিত হয়, তুমি তাহার ব্যবস্থা করিও।

(ইতি হরিহস্তাঙ্গুলৌ মুদ্রাং নিবেশয়ন্তী সশঙ্কমাত্মগতম্)

কধং কঢিণো হত্থস্স প্ফংসো।

(ইত্যশ্রুধারামুন্মৃজ্য পশ্যন্তী সোৎক্রোশম্)

কধং সো জ্জেব্ব মে জীবিদেস্সরো, মং পরিরম্ভিঅ বাহাএদি। (ইত্যানন্দমূর্চ্ছাং নাটয়ন্তী ভূতলে পততি)

মাধবী। (সানন্দম্) অম্মহে! অচ্চরিআ বিহিণো চরিআ।

(ততঃ প্রবিশতি ভীষ্মকেণানুরজ্যমানা পৌর্ণমাসী)

পৌর্ণমাসী। উদঞ্চন্মাধুর্য্যং বিকসিত-নবাম্ভোরুহপদং

সুদন্তং সন্তাপানবিহত-রথাঙ্গ-প্রণয়িনম্।

কথং কঠিনো হস্তস্য স্পর্শঃ।

কথং স এব মে জীবিতেশ্বরো মাং পরিরভ্য বাচয়তি!

মাধবীতি। মাতঃ! আশ্চর্য্যাম্ বিধেশ্চর্য্যা।

(কৃষ্ণের হস্তাঙ্গুলিতে অঙ্গুরী-সন্নিবেশ করিয়া সন্দেহে স্বগত) এই হস্তের স্পর্শ এরূপ কঠিন হইল কেন? (ইহা বলিয়া অশ্রুধারা মুছিয়া ভাল করিয়া দেখিয়া বিলাপ-পূর্ব্বক) এ কি! এ যে আমার জীবিতেশ্বর! আমাকে আলিঙ্গনপূর্ব্বক কথা বলিতেছেন!

(ইহা বলিয়া আনন্দে মূর্চ্ছিত হইয়া ভূতলে পতিত হইলেন)

মাধবী। (সানন্দে) কি আনন্দ! বিধির কি আশ্চর্য্য বিধান!

(ভীষ্মকরাজ কর্ত্তৃক অনুগম্যমানা হইয়া পৌর্ণমাসীর প্রবেশ)

পৌর্ণমাসী। যিনি প্রস্ফুটিত নব কমলের ন্যায় মাধুর্য্যবিশিষ্ট চরণযুগলধারী, যিনি অপরাজেয় চক্র ধারণ করিয়া সর্ব্বসন্তাপ দূর করেন, সম্মুখে বারিরাশির আধার নিরীক্ষণ করিয়া ভূলুণ্ঠিতা শফরী যেমন আশায় জীবন

অজীবন্মোহান্ধা হরিমনুসরন্তী বরতনু-
র্যথা বারাং পূরং স্থল-বিলুঠদঙ্গী শফরিকা ॥ ৩৫ ॥
(ইত্যুপসৃত্য)
বৎসে চন্দ্রাবলি! মাধবাদবাপ্ত-প্রসাদয়া ত্বয়া সন্দীপিতেয়ং সান্দীপনি-জননী ক্ষণদা, তদুত্থীয়তাম্।
(ইতি ভুজাভ্যামুত্থাপয়তি)

চন্দ্রাবলী। (পুরো দৃষ্ট্বা স্বগতম্) কধং এত্থ তাদো মে বিদব্ভণাধো ?
(ইতি লজ্জামভিনীয় পৌর্ণমাসীং অন্তরা করোতি)

পৌর্ণেতি। শফরিকা প্রোষ্ঠী নাম মৎস্যবিশেষঃ ॥ ৩৫ ॥
মাধবাৎ শ্রীকৃষ্ণাৎ, পক্ষে বসন্তাৎ। প্রসাদঃ প্রসন্নতা প্রকাশশ্চ, ক্ষণদা রাত্রিঃ, পক্ষে উৎসবদা।
চন্দ্রাবলীতি। কথমত্র তাতো মে বিদর্ভনাথঃ ?

ধারণ করে, সেইরূপ এই মোহান্ধা সুন্দরী চন্দ্রাবলী শ্রীহরির অনুসরণ করিয়া জীবন ধারণ করিতেছে ॥ ৩৫ ॥
(ইহা বলিয়া নিকটে গিয়া) বৎসে চন্দ্রাবলি! তুমি মাধব হইতে প্রসন্নতা লাভ করিয়া এই সান্দীপনি-জননীকে হর্ষান্বিতা করিয়া আনন্দদায়িনী করিয়াছ, অতএব এইক্ষণে উত্থিতা হও (এই বলিয়া দুই হস্তে ধরিয়া উঠাইলেন)

চন্দ্রাবলী। (অগ্রে অবলোকন করিয়া স্বগত) এ যে আমার পিতা বিদর্ভরাজ! ইনি এখানে কেমন করিয়া আসিলেন? (ইহা বলিয়া লজ্জিতভাবে পৌর্ণমাসীর পশ্চাতে গমন করিলেন)।

কৃষ্ণঃ। (সবিস্ময়ম্) ভগবতি! কথং ত্বমত্রাগতাসি?

পৌর্ণমাসী। হন্ত গোকুলচন্দ্র! চন্দ্রাবলীস্নেহেন।

ভীষ্মকঃ। (সাদরম্)

অবিদিতস্তনয়ামনয়াহ্নয়-

স্নুপকৃতিং কৃতবান্ মম জাম্ববান্!

মুনিমনঃপ্রণিধেয়-পদাম্বুজ-

স্ত্বমসি যেন বরো দুহিতুর্বরঃ॥ ৩৬॥

পৌর্ণমাসী। কুণ্ডিনেন্দ্র! সত্যং পুণ্যবতাং শিখামণিরসি, তদিয়ং সমর্প্যতাং নিজকুলকৈরবচন্দ্রিকা চন্দ্রাবলী রাজেন্দ্রায়।

ভীষ্মক ইতি। অনয়াৎ অন্যায়াৎ, যেন উপকারেণ॥ ৩৬

কৃষ্ণ। (সবিস্ময়ে) ভগবতি! আপনি এখানে কেমন করিয়া আসিলেন?

পৌর্ণমাসী। হায় গোকুলচন্দ্র! চন্দ্রাবলীর প্রতি স্নেহবশতঃই এখানে আসিয়াছি।

ভীষ্মক। (সাদরে) জাম্ববান্ না জানিয়া অন্যায়ভাবে আমার কন্যাকে লইয়া যাইয়া আমার উপকারই করিয়াছেন, যেহেতু মুনিজন মানসে যাঁহার পদাম্বুজ প্রকৃষ্টরূপে ধ্যান করিয়া থাকেন, সেই সর্ব্বশ্রেষ্ঠ আপনি আমার কন্যার বর হইলেন॥ ৩৬॥

পৌর্ণমাসী। কুণ্ডিনরাজ! সত্যই তুমি আজ পুণ্যবান্‌দিগের শিরোমণি-স্থানীয় হইলে, অতএব নিজ-কুলকুমুদের জ্যোৎস্নাস্বরূপা চন্দ্রাবলীকে রাজাধিরাজ শ্রীকৃষ্ণকে অর্পণ কর।

কৃষ্ণঃ। (স্বগতম্) তাং জীবিতবল্লভামন্তরেণ চন্দ্রাবলীমঙ্গী-
কর্ত্তুং প্রবর্ত্তমানমপি মানসং মে নাপরাধ্যতি, যদিয়ং
তস্যাঃ সোদরা।

ভীষ্মকঃ। (সবিনয়ম্)

অয়মিহ কিল কন্যাবান্ধবানাং নিবন্ধঃ
সমুচিত ইতি লক্ষ্মীকান্ত ! বিজ্ঞাপয়ামি।
মম দুহিতুরনুজ্ঞোল্লঙ্ঘনাদঙ্গনায়াঃ
কথমপি ন পরস্যাঃ পাণিসঙ্গো বিধেয়ঃ ॥ ৩৭ ॥

কৃষ্ণঃ। (পৌর্ণমাসী-মুখমীক্ষতে)

কৃষ্ণ ইতি। নাপরাধ্যতি নাপরাধং মন্যতে।

ভীষ্মক ইতি। নিবন্ধঃ পণঃ। মম দুহিতুশ্চন্দ্রাবল্যা অনুজ্ঞামুল্লঙ্ঘ্য পরস্যা অঙ্গনায়াঃ পাণিগ্রহণং মা কুথাঃ। ইতি কন্যাবান্ধবানাং নিবন্ধঃ সময়ঃ, তৎ নিবেদয়ামি ॥ ৩৭ ॥

কৃষ্ণ। (স্বগত) আমার সেই প্রাণবল্লভা শ্রীরাধা ব্যতীত এই চন্দ্রাবলীকে অঙ্গীকার করিতে উদ্যত আমার এই মানস কখনও অপরাধী হইবে না, যেহেতু ইনি তাঁহারই সহোদরা।

ভীষ্মক। (সবিনয়ে) হে লক্ষ্মীকান্ত! কন্যার বান্ধবদিগের এই পণ যথোপযুক্ত, অতএব আমি ইহা নিবেদন করিতেছি যে, আপনি আমার দুহিতার আদেশ অবহেলা করিয়া কোনক্রমে অন্য কোনও অঙ্গনার পাণিগ্রহণ করিতে পারিবেন না ॥ ৩৭ ॥

কৃষ্ণ। (পৌর্ণমাসীর মুখের দিকে দৃষ্টিপাত করিলেন)।

পৌর্ণমাসী। মুকুন্দ! গোকুলকুমারীকুলানি চন্দ্রাবলীমাত্র-শেষাণি দুর্বিদগ্ধেন বিধিনা কৃতানি, তত্র কা ক্ষতিঃ?

সুপর্ণঃ। রাজন্নবধীয়তাম্,

শ্রীনাথে বিনয়ভরেণ নাথিতেঽস্মিন্

বৈদর্ভ্যা নিজ-সুহৃদঙ্গসঙ্গমায়।

তত্রায়ং ভজতি ভয়ঙ্করঃ প্রকামং

বিশ্রামং ক্ষিতিপতিচন্দ্র! তে নিবন্ধঃ ॥ ৩৮ ॥

ভীষ্মকঃ। তথাস্তু। (ইতি সাদরমভ্যুপেত্য)

দেব! কৃপয়া পরিগৃহ্যতামিয়ং পরিচর্যোচিতা কিঙ্করী।

(ইতি চন্দ্রাবলীং সমর্পয়তি)

সুপর্ণ ইতি। বৈদর্ভ্যা নিজ-সুহৃদঙ্গসঙ্গায় অস্মিন্ শ্রীনাথে নাথিতে সতি, অয়ং তে নির্বন্ধো বিশ্রামং ভজতি ভবিষ্যতি ॥ ৩৮ ॥

পৌর্ণমাসী। মুকুন্দ! ভর্তবিধি গোকুলকুমারীদিগের অবশেষ এই চন্দ্রাবলীকেই রাখিয়াছেন, অতএব ইহাতে আর ক্ষতি কি?

গরুড়। মহারাজ! শ্রবণ করুন।—বিদর্ভরাজনন্দিনী যখন বিনয়ভরে নিজ সুহৃদের অঙ্গসঙ্গের জন্য শ্রীনাথের নিকট প্রার্থনা করিবেন, হে মহীপতে! তখনই তোমার এই ভয়ঙ্কর পণ বিরামলাভ করিবে ॥৩৮ ॥

ভীষ্মক। তাহাই হইবে।

(ইহা বলিয়া সাদরে নিকটে গমন পূর্ব্বক)।

দেব! কৃপা পুর সর পরিচর্য্যাযোগ্যা এই কিঙ্করীকে পরিগ্রহ করুন। (এই বলিয়া চন্দ্রাবলীকে যথাবিধি দান করিলেন)

কৃষ্ণঃ। (সাদরমঙ্গীকৃত্য) রাজন্নুজানীহি দ্বারকাং প্রযামি।

(ইতি সপরিবারো নিষ্ক্রান্তঃ)

(নেপথ্যে)

সপ্তিঃ সপ্তী রথ ইহ রথঃ কুঞ্জরঃ কুঞ্জরো মে
তূণস্তূণো ধনুরুত ধনুর্ভোঃ কৃপাণী কৃপাণী।
কা ভীঃ কা ভীরয়মহমহং হা! ত্বরধ্বং ত্বরধ্বম্
রাজ্ঞঃ পুত্রী বত হৃতা হৃতা কামিনা বল্লবেন ॥ ৩৯ ॥

নেপথ্যে)। সপ্তিঃ সপ্তিরিত্যাদি ত্বরয়া বীপ্সা। হয়সৈন্ধবসপ্তয় ইত্যমরঃ ॥ ৩৯ ॥

কৃষ্ণ। (সাদরে গ্রহণ করিয়া) হে রাজন্! আদেশ করুন, দ্বারকায় প্রত্যাগমন করি।

(ইহা বলিয়া সপরিবারে প্রস্থান করিলেন)

(নেপথ্যে) এই যে এখানে আমার অশ্ব, এই আমার অশ্ব, এই যে রথ, এই এখানে আমার রথ, এই আমার হস্তী, এই যে আমার হস্তী, এই আমার তূণীর, এই আমার তূণীর, এই ধনু, এই যে ধনু, ওহে এই—এই যে আমার তরবারি, কিসের ভয়? কি ভয়, এই যে আমি, এই আমি! হায়! কামুক গোপ এই রাজ-পুত্রীকে হরণ করিল, হরণ করিল, অতএব ত্বরান্বিত হও, ত্বরান্বিত হও ॥ ৩৯ ॥

ভীষ্মকঃ। কথমুপাত্ত-সম্ভ্রমাণাং রাজ্ঞাং কোলাহলঃ প্রথীয়-
নভূৎ।

(নেপথ্যাভিমুখমালোক্য)

কথং যদুসৈন্যমাকর্ষন্ সঙ্কর্ষণঃ সমগংস্ত।

(পুনরবধায় সস্মিতম্)

বিলে ক্ব নু বিলিল্যিরে নৃপপিপীড়িকাঃ পীড়িতাঃ
পিনষ্মি জগদণ্ডকং ন ন হরিঃ ক্রুধং ধাস্যতি।
শচীগৃহ-কুরঙ্গ রে ! হসসি কিং ত্বমিত্যুন্মদ-
মুদেতি মদডম্বর-স্খলিতচূড়মগ্রে হলী ॥ ৪০ ॥

ভীষ্মক ইতি। উপাত্তঃ সম্ভ্রমো যৈস্তেষাম্।

(নেপথ্যে)। বিলে ইতি। বিলিল্যিরে বিলয়ং প্রাপুঃ। মদাতিশয়েন স্খলিতা চূড়া যত্র তদ্যথা তথা। হলী বলদেবঃ ॥ ৪০ ॥

ভীষ্মক। ভয়াকুলিত নৃপতিগণের কোলাহল এত প্রবল হইয়া উঠিল কেন ? (নেপথ্য অভিমুখে অবলোকন করিয়া) যদুসৈন্যকে লইয়া সঙ্কর্ষণ আসিলেন। (পুনরায় দেখিয়া হাসিতে হাসিতে) মদবিহ্বলতা হেতু স্খলিতচূড় হলধর অগ্রবর্ত্তী হইয়া—"আমি ব্রহ্মাণ্ড চূর্ণ করিব, তাহাতে হরি ক্রুদ্ধ হইবেন না—নিশ্চয়ই হইবেন না, রে শচীগৃহের ক্রীড়ামৃগ ইন্দ্র ! তুই হাস্য করিতেছিস্, কর্", এই কথা বলিতে বলিতে উপস্থিত হওয়ায় নৃপপীপিলিকা পীড়িত হইয়া কোন গর্ত্তে পলায়ন করিল ॥ ৪০ ॥

(পুনর্নেপথ্যে)

বিক্রোশন্দন্তবক্রঃ কলিত-ভয়ভরো হন্ত ! বক্রঃ কিলাসীৎ
পিণ্ডীশূরঃ শৃগালী স্খলিতরণগতির্মাগধো বাগধোঽভূৎ ।
দূরাদৌজ্ঝন্নৃপাণাং কুলমধিসমরং নিষ্কৃপাণাং কৃপাণান্
ধুন্বানে শার্ঙ্গধন্বন্যরি-নিধনধরং হাস্তরঙ্গেণ সার্দ্ধম্ ॥ ৪১ ॥

ভীষ্মকঃ । (সানন্দম্) নিবৃত্তচিন্তোঽস্মি সংবৃত্তঃ ।

(নেপথ্যে) খণ্ডিতেন বিনিবদ্ধবাসসা পণ্ডিতেন রণরঙ্গকর্ম্মণি ।
কেশবেন রচিতার্দ্ধমুণ্ডনঃ কুণ্ডিনেশ্বরসুতো বিড়ম্বিতঃ ॥ ৪২ ॥

(পুনর্নেপথ্যে) । বিক্রোশন্নিতি । পিণ্ডীশূরঃ ভোজনমাত্রপটুঃ । শৃগালী রণাৎ পলায়নপরঃ শৃগালীতি নিগদ্যতে । বাগধো বাক্‌রহিতঃ । নৃপাণাং কুলং সমরমধিকৃত্য কৃপাণানৌজ্ঝৎ । কৃপাণী কর্ত্তরী সমে ॥ ৪১ ॥

(নেপথ্যে) । খণ্ডিতেনেতি । বিড়ম্বিতঃ বিড়ম্বং প্রাপিতঃ ॥ ৪২ ॥

(পুনর্ব্বার নেপথ্যে) শার্ঙ্গধন্বা শ্রীকৃষ্ণ শত্রুকুলধ্বংসকর ধনু হাস্তরঙ্গের সহিত বিঘূর্ণিত করায় দন্তবক্র ভয়ভরে ব্যাকুল হইয়া চীৎকার করিতে করিতে বক্র হইয়া গেল, ভোজনপটু পলায়নপর মগধরাজ জরাসন্ধ বাক্‌শক্তিরহিত হইয়া পড়িল, নিষ্ঠুর নৃপকুল সমরে অবতীর্ণ হইয়া তরবারি পরিত্যাগ করিল ॥ ৪১ ॥

ভীষ্মক । (সানন্দে) নিশ্চিন্ত হওয়া গেল ।

(নেপথ্যে) রণরঙ্গে পণ্ডিত শ্রীকৃষ্ণ কর্ত্তৃক মস্তকের অর্দ্ধেকে মুণ্ডিত হইয়া ও ছিন্ন বস্ত্রের দ্বারা আবদ্ধ হইয়া কুণ্ডিনেশ্বর-পুত্র বিড়ম্বিত হইল ॥ ৪২ ॥

ভীষ্মকঃ। (সশঙ্কম্)

সান্ত্বয়িতুমুচিতোঽয়ং কুলকালিমা কুমারঃ।
কদাচিদ্ব্রীড়য়াঽসৌ মনস্বী প্রাণানপি জহ্যাৎ ॥ ৪৩ ॥

(ইতি নিষ্ক্রান্তঃ)

(ইতি নিষ্ক্রান্তাঃ সর্ব্বে)

॥ * ॥ ইতি শ্রীললিতমাধবনাটকে চন্দ্রাবলীলাভো,
নাম পঞ্চমোঽঙ্কঃ ॥ * ॥ ৫ ॥ * ॥

ভীষ্মক ইতি। ব্রীড়য়া লজ্জয়া। মনস্বী অহঙ্কারী ॥ ৪৩ ॥

॥ * ॥ ইতি শ্রীললিতমাধবনাটকে পঞ্চমোঽঙ্কঃ ॥ * ॥

ভীষ্মক। (সভয়ে) কি জানি, এই অহঙ্কারী পাছে লজ্জাবশে প্রাণত্যাগ করে, এই জন্য এই কুলাঙ্গার পুত্রটিকে সান্ত্বনা করা উচিত ॥ ৪৩ ॥

(ইহা বলিয়া প্রস্থান করিলেন)।

(অনন্তর সকলের প্রস্থান)।

ইতি শ্রীললিতমাধব-নাটকে চন্দ্রাবলীলাভ নামক পঞ্চম অঙ্ক ॥ ৫ ॥

ষষ্ঠোঽঙ্কঃ

(ততঃ প্রবিশত্যুদ্ধবঃ)

উদ্ধবঃ। যাচন্তে দনুজব্রজাদভয়তাং যং বজ্রহস্তাদয়ঃ
সোঽয়ং হন্ত ! বরাক-মাগধ-ভয়াদ্দুর্গং ভজত্যম্বুধৌ।
বুদ্ধিং যস্য কিলোপজীবতি জগন্মন্ত্রে স গৃহ্ণাতি মাং
কঃ প্রত্যেতু জনঃ সুদুর্গমমতেঃ কৃষ্ণস্য লীলায়িতম্॥ ১ ॥

(বিমৃশ্য)

অয়ে! সম্প্রতি সচিন্তেন চেতসা দেবর্ষিং দ্রষ্টুমিচ্ছামি।

উদ্ধব ইতি। দনুজব্রজাৎ অসুরসমূহাৎ। বজ্রহস্তাঃ ইন্দ্রাদিদেবাঃ। লীলায়িতং লীলাচরিতম্॥ ১ ॥

(অতঃপর উদ্ধবের প্রবেশ)

উদ্ধব। বজ্রধারী ইন্দ্রাদিদেবতা অসুরগণের ভয়ে যাঁহার নিকট অভয়-যাচ্ঞা করিয়া থাকেন, সেই তিনি আজ ক্ষুদ্র মগধরাজ জরাসন্ধের ভয়ে সমুদ্রমধ্যে দুর্গ নির্ম্মাণ করিয়া অবস্থান করিতেছেন, যাঁহার বুদ্ধিকে অবলম্বন করিয়া জগৎ জীবন ধারণ করে, তিনি আমাকে মন্ত্রণায় গ্রহণ করিয়া থাকেন, এইরূপ বুদ্ধির দুরধিগম্য শ্রীকৃষ্ণের লীলা কোন্ ব্যক্তি জানিতে পারে ?॥ ১ ॥

(ভাবিয়া) আহা! আজ যে চিন্তাকুলিত-চিত্তে দেবর্ষিকে দেখিতে ইচ্ছা হইতেছে।

আকাশে। কিং ব্রবীষি? সুধর্ম্মা-সীমনি স ভগবান্ বর্ত্ততে ইতি, ভবতু, তত্রৈবাহং প্রতিষ্ঠমানোঽস্মি। (ইতি পরিক্রম্য) অয়ে! সত্যমেব পুরস্তাদেষ দেবর্ষিঃ।

(প্রবিশ্য নারদঃ)

নারদঃ। উরীকর্ত্তুং দামোদরহৃদি নবামোদলহরীঃ
বরীয়স্য প্রেম্ণাং জগতি বিবিধাঃ সন্তু গতয়ঃ।
স্তুমস্তং যস্তাসাং স্ফুরতি হৃদি ভাবস্য গরিমা
হৃষীকাণাং হন্ত! প্রভুরপি ন যত্র প্রভবতি ॥২॥

আকাশে। তত্র সুধর্ম্মা-সীমনি, প্রতিষ্ঠমানোঽস্মি প্রস্থানং কুর্ব্বন্নস্মি। নারদ ইতি। উরীতি। তাসাং ব্রজদেবীনাং প্রভুরপি প্রেরকোঽপি। যত্র ভাবগরিমণি। ন প্রভবতি ন প্রভুর্ভবতি ॥ ২ ॥

(আকাশে) কি বলিতেছ? ভগবান্ নারদ সুধর্ম্মদেবের সভায় অবস্থান করিতেছেন? আচ্ছা, আমি তথায়ই যাইতেছি। (এই বলিয়া ভ্রমণ করিতে করিতে) আহা! সত্যসত্যই যে দেবর্ষি নারদ সম্মুখে উপস্থিত!

(নারদের প্রবেশ)

নারদ। দামোদরের হৃদয়ে যে নিত্য নব আনন্দলহরী উত্থিত হয়, তাহাকে আত্মসাৎ করিবার জন্য জগতে প্রেমের নানাবিধ উৎকৃষ্টা গতি বিদ্যমান থাকিতে পারে, কিন্তু ব্রজদেবীগণের হৃদয়ে যে ভাবগরিমা স্ফুরিত হইয়া থাকে, তাহা এমন গভীর যে, সমস্ত ইন্দ্রিয়ের অধীশ্বর হইয়াও শ্রীহরি তাহার উপর প্রভুত্ব-বিস্তার করিতে পারেন না; অতএব আমি সেই ভাবগরিমারই স্তব করিতেছি ॥ ২ ॥

(পুরো বিলোক্য সানন্দম্)

অয়ং চক্রাদ্যঙ্ক-স্ফুরিত-ভুজমূলস্তিলকবান্
দধৎ কণ্ঠে মালামতুল-তুলসী-কাষ্ঠমণিজাম্।
হরেঃ শেষামঙ্গে শিরসি চ বহন্নুদ্ধবতয়া
গতঃ খ্যাতিং ভক্তিপ্রসর ইহ মূর্ত্তো বিহরতি ॥৩॥

উদ্ধবঃ। ভগবন্নভিবাদয়ে।

নারদঃ। (শুভাশিষা সভাজয়ন্) মন্ত্রিরাজ! কথং বিষণ্ণ ইব বীক্ষ্যমাণোঽসি?

মূর্ত্তো ভক্তিপ্রসর উদ্ধবতয়া খ্যাতিং গতঃ সন্ বিহরতি। শেষঃ প্রসাদে মাল্যে চ স্ত্রিয়াং শেষো হলায়ুধ ইতি ধরণিঃ ॥ ৩ ॥

উদ্ধব ইতি। দেবর্ষে! নমস্করোমি।

নারদ ইতি। (সভাজয়ন্ প্রশংসয়ন্)।

(অগ্রে দৃষ্টিপাত করিয়া আনন্দভরে)

এই যে যাঁহার ভুজমূলে চক্রাদি-চিহ্ন, যাঁহার ললাটে তিলক, অনুপম তুলসীকাষ্ঠরূপ মণি দ্বারা নিৰ্ম্মিতা মালা যিনি কণ্ঠে ধারণ করিয়াছেন এবং অঙ্গে ও মস্তকে যিনি শ্রীহরির নির্ম্মাল্য বহন করিতেছেন, সেই উদ্ধব নামে খ্যাত ভক্তিবিস্তার যেন মূর্ত্তি ধারণ করিয়া বিহার করিতেছেন ॥ ৩ ॥

উদ্ধব। ভগবন্! প্রণাম করিতেছি।

নারদ। (শুভাশীর্ব্বাদের দ্বারা প্রত্যভিবাদন করিয়া) মন্ত্রিরাজ! তোমাকে বিষণ্ণের মত দেখাইতেছে কেন?

উদ্ধবঃ। ভগবন্! দেবপাদেষু কৃতেনাপরাধেন।

নারদঃ। উষরভূমিরসি ত্বং সন্তুতমপরাধবীজস্য দৈবাদ্বিরূঢ়মপি তদ্বিন্দতি সত্তাং ন গোবিন্দে।

উদ্ধবঃ। ভগবন্! মদীয়া রভসকারিতৈব দেবস্য ভীমারণ্যসীমায়ামবগাহনে হেতুরভূৎ।

নারদঃ। কীদৃশী সা?

উদ্ধবঃ। ক্ষুদ্রে সত্রাজিতি দেবার্থমভ্যর্থনা।

নারদঃ। কিং তদভ্যর্থিতম্?

উদ্ধবঃ। লোকোত্তরং কন্যারত্নং চিন্তারত্নঞ্চ।

নারদ ইতি। তদপরাধবীজং গোবিন্দবিষয়ে সত্তাং ন বিন্দতি।

উদ্ধব ইতি। রভসকারিতা কৌতুককারিতা। অবগাহনে প্রবেশে।

উদ্ধব। ভগবন্! দেবদেব শ্রীহরির নিকট অপরাধ করিবার জন্যে।

নারদ। অপরাধবীজের সম্বন্ধে তুমি সতত উষর-ভূমির স্বরূপ, দৈববশে উহা অঙ্কুরিত হইলেও ভগবান্ গোবিন্দে তাহা সত্তালাভ করিতে পারে না।

উদ্ধব। ভগবন! আমার কৌতুকশীলতা বশতঃই দেবদেবের মহারণ্যসীমায় প্রবেশের হেতু জন্মিয়াছে।

নারদ। সে কিরূপ?

উদ্ধব। দেবদেব শ্রীকৃষ্ণের জন্য ক্ষুদ্র সত্রাজিতের নিকট প্রার্থনা।

নারদ। কি চাহিয়াছিলে?

উদ্ধব। অলৌকিক কন্যারত্ন ও চিন্তামণি।

নারদঃ। (স্বগতম্) চিত্রং চিত্রম্! অসমীক্ষ্যকারিতাপি শিষ্টানামিষ্টারম্ভপর্য্যবসায়িতামেব ধত্তে।

(প্রকাশম্)

স্ফুটমভ্যর্থিতং সার্থকং নাভূৎ।

উদ্ধবঃ। অথ কিং, প্রত্যুত কষ্টমেব বৃত্তম্।

নারদঃ। নায়মগৃহীত-শাসনোঽপি বাচ্যতামর্হতি সত্রাজিতঃ।

যতঃ—

বিমলহৃদয়ঃ খ্যাতো লোকে সতামুপদেশতো
গুণয়তি গুণশ্রেণীং নাল্পো মলীমসমানসঃ।

নারদ ইতি। অসমীক্ষ্যকারিতা অবিমৃষ্যকারিতা।

নারদ ইতি। অয়ং কৃষ্ণঃ, ন গৃহীতং শাসনং যস্য। বাচ্যতাং নিন্দ্যতাম্।

নারদ। (স্বগত) আশ্চর্য্য! আশ্চর্য্য! অবিমৃশ্যকারিতাই শিষ্টব্যক্তিদিগের অভীষ্ট বিষয়ের আরম্ভে পর্য্যবসিত হইয়া থাকে। (প্রকাশ্যে) স্পষ্টভাবে চাহিলে সে প্রার্থনা সফল হয় নাই।

উদ্ধব। তাহাই বটে, পরন্তু তাহা কষ্টজনকই হইয়াছে।

নারদ। তাঁহার কথা না রাখিলেও সেই শ্রীকৃষ্ণ সত্রাজিতের নিন্দনীয় হইতে পারেন না। যেহেতু—যিনি নির্ম্মল-হৃদয় বলিয়া বিখ্যাত, সেই ব্যক্তিই পৃথিবীতে সজ্জনগণের উপদেশের অনুসরণ করিয়া গুণরাশি বিস্তার করিয়া থাকেন, ক্ষুদ্র ও মলিনচিত্ত ব্যক্তি তাহা করিতে

মুকুলপটলীং সারঙ্গাক্ষী-মুখার্পিত-সীধুভি-
র্বকুল ইব কিং ধত্তে মূর্দ্ধ্না হঠাদটরূষকঃ ॥ ৪ ॥

উদ্ধবঃ। অনর্পিতেন রত্নেন কন্যারত্নেন চাচ্যুতে।
ভ্রাতরং সাধুবাদঞ্চ স স্বকীয়মঘাতয়ৎ ॥ ৫ ॥

নারদঃ। শ্রুতমাখেটকে স দিষ্টান্তমবাপ।

উদ্ধবঃ। অথ কিম্।

বিমলেতি। গুণয়তি বিস্তারয়তি। সারঙ্গাক্ষা অর্থাৎ পদ্মিনীমুখার্পিত-মধুভিঃ বকুলঃ কেশরঃ। অটরূষকঃ বাসকবৃক্ষবিশেষঃ ॥ ৪ ॥

উদ্ধব ইতি। কন্যারত্নস্য কৃষ্ণেঽদানতঃ সত্রাজিৎভ্রাতরং প্রসেনং লোক-সাধুবাদঞ্চ অনাশয়ৎ। তেনৈব প্রসেনস্য নাশঃ নিন্দা চ অভূদিত্যর্থঃ ॥ ৫ ॥

নারদ ইতি। আখেটকে মৃগয়ায়াং স প্রসেনঃ দিষ্টান্তং মৃত্যুম্ অবাপ প্রাপ্তবান্ ইতি শ্রুতম্।

পারে না, মৃগনয়নাদিগের মুখার্পিত মধুরাশির দ্বারা বকুলতরুই মুকুল ধারণ করিয়া থাকে, কিন্তু বাসকতরু কি কখন তাহাতে হঠাৎ মুঞ্জরিত হইয়া থাকে ? ॥ ৪ ॥

উদ্ধব। যাহা হউক, সেই সত্রাজিৎ অচ্যুতকে কন্যারত্ন ও সেই রত্ন দান না করায় সে তাহার নিজ ভ্রাতাকে এবং লোকের নিকট স্বকীয় সুখ্যাতিকেও বিনষ্ট করিয়াছে ॥ ৫ ॥

নারদ। শুনিয়াছি, মৃগয়ায় তাহার ভ্রাতা মৃত্যুমুখে পতিত হইয়াছে।

উদ্ধব। তাহাই বটে।

নারদঃ। স্ফুটং প্রসেনমন্বেষ্টুং প্রস্থিতো রথাঙ্গী।

উদ্ধবঃ। অথ কিং, যদেষ জগত্তমঃ-প্রমাথি-চরিত্রবিরোচনে চাণূরদ্বিষি কাঞ্চিত্তমঃকলামুদীরয়তি, তেনাত্র খিন্নো ভবতঃ ক্ষেমমাশংসে।

নারদঃ। হন্ত! পুণ্ডরীকাক্ষ-ভক্তিমঞ্জরী-চঞ্চরীকঃ রভসারব্ধোঽপি ভক্তিমদ্ভিরর্থঃ, কংসহরস্য হর্ষহেতুতামেব প্রতিপদ্যতে কিমুত প্রেষ্ঠেন ভবাদৃশা, তদত্র মহোৎসবঃ ক্রিয়তাম্। তেষাং লোকোত্তরচমৎকৃতীনাং বৃন্দাটবীবিলাসানাং বিলোকনায় রমণীয়স্তে সময়োঽয়মুপস্থিতবান্।

নারদ ইতি। রথাঙ্গী কৃষ্ণঃ।

উদ্ধব ইতি। এষঃ সত্রাজিৎ, আশংসে পৃচ্ছামি। বিরোচনে সূর্য্যে।

নারদ ইতি। চঞ্চরীকঃ ভ্রমরঃ। রভসা কৌতুকেন।

নারদ। প্রকাশ্যে প্রসেনকে অন্বেষণ করিতেই শ্রীকৃষ্ণ গমন করিয়াছেন।

উদ্ধব। তাহাই সত্য, কিন্তু যেহেতু জগতের অন্ধকার-হারী-চরিত্র সূর্য্য-স্বরূপ চাণূরমর্দ্দন শ্রীকৃষ্ণের চরিত্রে কলঙ্ক অর্পণ করিতেছে, সেই জন্য খেদপ্রাপ্ত হইয়া আপনার নিকট হইতে মঙ্গলের আশা করিতেছি।

নারদ। সে কি! তুমি পুণ্ডরীকাক্ষ শ্রীকৃষ্ণের ভক্তিমঞ্জরীর ভ্রমর-স্বরূপ। ভক্তিমান্ ব্যক্তিরা যখন কৌতুক হেতু কোনও বিষয় আরম্ভ করিলে তাহাও কংসারির আনন্দের কারণ হইয়া থাকে, তখন তোমার ন্যায় প্রিয়তমের কথা আর কি বলিব? যাহা হউক, অদ্য মহোৎসবের অনুষ্ঠান কর, যেহেতু, অলৌকিক চমৎকারিতার আকর সেই সকল বৃন্দাবন-লীলা দর্শনের উপযুক্ত রমণীয় অবসর তোমার উপস্থিত হইয়াছে।

উদ্ধবঃ। ভগবন্! জানন্নপি কিং মাং মুধা প্রলোভয়সি? যদদ্য কেনাপি শোকশঙ্কুলাশঙ্কুলস্য দেবস্য কুতো নববৃন্দাবনাবগাহনেঽপি সম্ভাবনা।

নারদঃ। কঃ শোকশঙ্কোরুপাধিঃ?

উদ্ধবঃ। (কনিষ্ঠেত্যর্দ্ধোক্তে বাক্স্তম্ভং নাটয়তি)

নারদঃ। (বিহস্য)

অপি লব্ধাঙ্গুলীসঙ্গাং যদি নষ্টেতি দৃষ্টিমান্।
মুদ্রাং শোচতি রোচিষ্ণুং তত্র কিং করবামহে॥ ৬॥

নারদ ইতি। উপাধিঃ কারণম্।

উদ্ধব ইতি। রাধেতি বক্তব্যে কনিষ্ঠা ইত্যর্দ্ধোক্তে সতি।

নারদ ইতি। দৃষ্টিমান্ চক্ষুষ্মান্॥ ৬॥

উদ্ধব। ভগবন্! জানিয়াও আমাকে কেন বৃথা প্রলুব্ধ করিতেছেন? যেহেতু, আজ কোন শোকশেলের দ্বারা সেই দেবশ্রেষ্ঠ শ্রীকৃষ্ণের হৃদয় বিদ্ধ হওয়ায় তাঁহার নববৃন্দাবন-লীলায় প্রবৃত্ত হওয়ার সম্ভাবনা কোথায়?

নারদ। শোকশেলের কারণ কি?

উদ্ধব। কনিষ্ঠা—(শ্রীরাধিকার উদ্দেশ্যে ঐ কথা বলিয়া তাঁহার বাক্যস্তম্ভ ঘটিল)

নারদ। (হাস্য পূর্ব্বক) চক্ষুষ্মান্ ব্যক্তিও যদি নিজ অঙ্গুলীতে শোভিতা সমুজ্জ্বলা অঙ্গুরী না দেখিয়া তাহার জন্য শোকে প্রবৃত্ত হয়, তাহা হইলে আমরা তাহার আর কি করিতে পারি?॥ ৬॥

উদ্ধবঃ। (সবিস্ময়ানন্দম্) ভগবন্! কিঞ্চিদুচ্ছ্বসিতা তে বাগ্বল্লরী ব্যাকুলয়তি মে মনোমধুপম্। তদভিব্যক্তীক্রিয়তাং, সত্যমেব কিমায়ুষ্মতী কনিষ্ঠাদেবী ?

নারদঃ। আয়ুষ্মতীতি কিমুচ্যতে? সা দ্বারবতীমেবালঙ্কুর্ব্বতী বর্ত্ততে।

উদ্ধবঃ। (সরোমাঞ্চম্) কথমিয়মত্রাগতা ?

নারদঃ। অক্ষীণং বিভবং প্রজাঞ্চ পরমামভ্যর্থ্য সর্ব্বাত্মনা
কুর্ব্বাণায় নিষেবণং বিরহিতাপত্যায় সত্যার্চ্চনঃ।
সার্দ্ধং দুর্দ্ধরশঙ্খচূড়মণিনা তাং সত্যভামাখ্যয়া
বিখ্যাতাং প্রণয়ন্দদৌ দিনমণির্মিত্রায় সত্রাজিতে ॥ ৭ ॥

উদ্ধব ইতি। উচ্ছ্বসিতা বিকশিতা।

নারদ ইতি। বিভবং স্যমন্তকম্। দুর্দ্ধরঃ দুর্দ্দান্তঃ। তাং রাধাম্, প্রণয়ন্ কুর্ব্বন্ ॥৭॥

উদ্ধব। (বিস্মিত ও আনন্দিত হইয়া) ভগবন্! আপনার বাক্যলতা কিয়ৎপরিমাণে পুষ্পিতা হইয়া আমার মনোমধুকরকে ব্যাকুল করিতেছে। অতএব স্পষ্ট করিয়া বলুন, সত্যই কি কনিষ্ঠাদেবী শ্রীরাধিকা জীবিতা আছেন ?

নারদ। জীবিতা আছেন কি বলিতেছ ?—তিনি এখন দ্বারকাপুরী অলঙ্কৃত করিয়া বিদ্যমান।

উদ্ধব। (রোমাঞ্চ সহকারে) কিরূপে তিনি এখানে আসিলেন ?

নারদ। সর্ব্বতোভাবে নিষ্ঠা সহকারে অর্চ্চনা পুরঃসর অক্ষয় বিভব ও সর্ব্বোৎকৃষ্ট অপত্য কামনা করায় নিঃসন্তান পরমমিত্র সত্রাজিৎকে দিনমণি দুরন্ত শঙ্খচূড়ের মণির সহিত সত্যভামা নামে বিখ্যাতা শ্রীরাধাকে প্রীতিভরে দান করিয়াছিলেন ॥ ৭ ॥

সস্নেহমব্রবীচ্চৈনম্—

প্রণেষ্যতি যশঃ পরং জগতি নারদানুজ্ঞয়া
বরায় বরকীর্ত্তয়ে সুতনুরর্পিতেয়ং তব।
স্যমন্তকমণিশ্চ তে মহিত-মূর্ত্তিরষ্টৌ মহান্
প্রসোষ্যতি দিনং দিনং ননু হিরণ্য-ভারানয়ম্ ।৮॥

উদ্ধবঃ। কথমম্বরমণিমণীন্দ্রেঽস্মিন্নধিকারী সংবৃত্তঃ ?

নারদঃ। রবিলোকগতয়া রাধিকয়ৈব তস্মৈ পুষ্পাঞ্জলিনা কল্পিতঃ।

উদ্ধবঃ। কথমস্যাস্তরণিলোকস্যাধিরোহণমাসীৎ ?

প্রণেষ্যতি করিষ্যতি ॥ ৮ ॥
উদ্ধব ইতি। অম্বরমণিঃ সূর্য্যঃ। কল্পিতঃ দত্তঃ।

তৎকালে সূর্য্যদেব উঁহাকে সস্নেহে এই কথা বলিয়াছিলেন—এই সুন্দরী কন্যা নারদের আদেশানুসারে শ্রেষ্ঠ কীর্ত্তিশালী বরে সমর্পিতা হইলে জগতে তোমার অনুপম যশ বিস্তারিত হইবে, আর এই মহান্ সুন্দর স্যমন্তক মণি তোমার দ্বারা উপাসিত হইলে প্রতিদিন নিশ্চিত অষ্টভার স্বর্ণ প্রসব করিবে ॥ ৮ ॥

উদ্ধব। দিনমণি কি প্রকারে এই মণিশ্রেষ্ঠের অধিকারী হইলেন ?

নারদ। শ্রীরাধিকা সূর্য্যলোকে যাইয়া এই মণি পুষ্পাঞ্জলিরূপে তাঁহাকে দিয়াছিলেন।

উদ্ধব। শ্রীরাধার কি প্রকারে সূর্য্যলোকে আরোহণ ঘটিয়াছিল ?

নারদঃ। মোক্ষত্যদাতনুমনীক্ষিত-হরিঃ সন্ধ্যামুখে তে সখী
তূর্ণং পুত্রি! ততঃ সমানয় মমাভ্যর্ণে বিশীর্ণামিমাম্।
ইত্যাজ্ঞাং পিতুরাকলয্য চতুরা সা চণ্ডধাম্নঃ সুতা
সৌরং বিম্বমলম্ভয়দ্বিলপিতোদ্গারাধিকাং রাধিকাম্॥ ৯॥

উদ্ধবঃ। বিশাখায়াঃ কা বার্ত্তা?

নারদঃ। গোবিন্দেন সমং সম্বন্ধাদাত্মানং পূর্ণকামং কর্ত্তুকামস্ত তামরসবন্ধোরিচ্ছয়া ধর্ম্মরাজানুজৈব গোকুলে বিশাখা-খ্যামবাপ।

নারদ ইতি। অনীক্ষিতঃ ন ঈক্ষিতো হরির্যয়া সা। বিশীর্ণাং অতিক্ষীণাং চণ্ডধাম্নঃ সূর্য্যস্য। বিলাপিতোদ্গারাধিকাং বিলপিতস্যোদ্গারেণা-ধিকাম্॥ ৯॥

নারদ ইতি। তামরসবন্ধোঃ সূর্য্যস্য।

নারদ। "শ্রীকৃষ্ণকে না দেখিতে পাইয়া অদ্য সায়ংকালে তোমার সখী শ্রীরাধিকা দেহত্যাগ করিবেন, অতএব হে পুত্রি! তুমি বিরহশীর্ণা ইঁহাকে শীঘ্র আমার নিকটে লইয়া আইস" পিতা সূর্য্যদেবের এই আজ্ঞা প্রাপ্ত হইয়া চতুরা কন্যা কালিন্দী অতিশয় বিলাপকারিণী শ্রীরাধাকে সূর্য্যমণ্ডলে আনয়ন করিয়াছিলেন॥ ৯॥

উদ্ধব। বিশাখার সম্বাদ কি?

নারদ। গোবিন্দের সহিত সম্বন্ধ স্থাপন করিয়া আপনার বাসনা পূর্ণ করিবার অভিলাষে সূর্য্যদেবের ইচ্ছায় ধর্ম্মরাজের কনিষ্ঠা ভগ্নীকে গোকুলে বিশাখা নামে স্থাপন করিয়াছিলেন।

উদ্ধবঃ। নূনং বিশাখা-সখ্যেন রাধিকায়ামনুরজ্যতে যমরাজমাতা।

নারদঃ। অথ কিম্, সংজ্ঞায়া বিজ্ঞাপনাদেব তৎপিত্রা শিল্পাচার্য্যেণ নববৃন্দাবনং দ্বারবত্যামাবিষ্কৃতম্।

তথাহি—

কালিন্দীকলিতোপকণ্ঠমভিতঃ শৈলশ্রিয়ালঙ্কৃতং
ভাণ্ডীরোজ্জ্বলমাবৃতং ব্রততীভিস্তাভির্দ্রুমৈস্তৈরপি।
সাঙ্গং দ্বারবতী-পুরে জগদলকর্ম্মীণ নির্ম্মায় তাং
রাধামাধবমাধুরী সরিদুপস্কন্দায় বৃন্দাবনম্॥ ১০॥

নারদ ইতি। সংজ্ঞায়াঃ সূর্য্যস্ত্রিয়ঃ। শিল্পাচার্য্যেণ বিশ্বকর্ম্মণা।

কালিন্দীতি। কালিন্দ্যা কলিতমুপকণ্ঠং সামীপ্যং যস্য তৎ। হে পিতঃ বিশ্বকর্ম্মন্! কর্ম্মক্ষমেঽলকর্ম্মীণঃ। রাধামাধবমাধুরী সরিতো রূপস্য শ্রবায়॥ ১০॥

উদ্ধব। শুনিয়াছি, বিশাখার সখী বলিয়া যমরাজ-মাতা শ্রীরাধিকাকে অতিশয় ভালবাসিতেন।

নারদ। তাহাই বটে, সূর্য্যপত্নী সংজ্ঞার আবেদন অনুসারে তাঁহার পিতা শিল্পাচার্য্য বিশ্বকর্ম্মা দ্বারকাধামে নববৃন্দাবন রচনা করিয়াছেন। সেই প্রার্থনা যথা—হে জগৎনির্ম্মাণে পটু পিতঃ! আপনি শ্রীরাধামাধবের মাধুর্য্য-নদী প্রবাহিত করিবার জন্য দ্বারকাধামে এমন একটি বৃন্দাবন নির্ম্মাণ করুন, যাহা কালিন্দীর কলনাদশালী তীরভূমির দ্বারা শোভিত হয়, যাহা তদ্রূপ গোবর্দ্ধনাদি শৈলরাজের সৌন্দর্য্যে অলঙ্কৃত হয়, যাহা সমুজ্জ্বল ভাণ্ডীরবনে আবৃত হয় এবং যাহা অবিকল বৃন্দাবনের লতা ও বৃক্ষাবলীতে পরিপূর্ণাঙ্গ হয়॥ ১০॥

উদ্ধবঃ। শিল্পীন্দ্রনন্দিনী কথমত্র প্রবৃত্তা ?

নারদঃ। রাধিকা-নিবেদনেন।

উদ্ধবঃ। কীদৃশমিদম্ ?

নারদঃ। পশ্যন্তী পশুপালমণ্ডলশিরোমালস্য লীলাস্থলী-
যত্রাহং নিরবাহয়িষ্যমভিতঃ স্বান্তস্য সন্তর্পণম্।
সদ্যঃ পামরকর্ম্মণো হতবিধেরুদ্দামবিস্ফূর্জ্জিতৈ-
র্নির্ধূতাস্মি ততোঽপি দূরমধুনা হা হন্ত ! বৃন্দাবনাৎ ॥১১॥

উদ্ধবঃ। দেবি ! দিষ্ট্যা রক্ষিতাঃ স্মো বয়ং ত্রিলোকী-চক্ষুষা মিত্রেণ।

উদ্ধব ইতি। শিল্পীন্দ্রনন্দিনী সংজ্ঞা, অত্র বৃন্দাবননির্ম্মাণে।

নারদ ইতি। নিরবাহয়িষ্যং নির্ব্বাহং করিষ্যামি, নির্ধূতাস্মি ক্ষিপ্তাস্মি ॥ ১১ ॥

উদ্ধব। বিশ্বকর্ম্মনন্দিনী এ কার্য্যে প্রবৃত্ত হইলেন কেন ?

নারদ। শ্রীরাধিকার প্রার্থনায়।

উদ্ধব। সে কিরূপ ?

নারদ। সেই প্রার্থনা এইরূপ—হা কষ্ট ! পাপাচারী হতবিধাতার উদ্দাম দুর্ব্বিপাকে আমি যখন এখন বৃন্দাবন হইতে অতিদূরে নিক্ষিপ্তা হইয়াছি, তখন আমি যাহাতে গোপালক-শিরোমণি শ্রীকৃষ্ণের লীলাস্থলী ইতস্ততঃ দর্শন করিয়া অবিলম্বে আমার অন্তঃকরণের তৃপ্তিবিধান করিতে পারি—আপনি তাহার ব্যবস্থা করুন ॥ ১১ ॥

উদ্ধব। (শ্রীরাধিকার উদ্দেশ্যে) দেবি ! ত্রিলোকলোচন সূর্য্যদেব কর্ত্তৃক আমরা সৌভাগ্যক্রমে রক্ষা পাইয়াছি। যেহেতু—সেই নিত্যবৃদ্ধিশীল হরিলীলাপূর্ণ গাম্ভীর্য্যশালী বৃন্দাবন-ভূমিতে কোনও রূপে কষ্টে

যতঃ—

কথমপি নিবসন্ত্যাস্তত্র বৃন্দাবনাঙ্কে
বিস্ময়-হরিলীলা-পূরগাম্ভীর্যভাজি ।
অপি তব নিবিড়াশা-সেতুবন্ধানুবন্ধৈ-
রলঘুভিরভবিষ্যজ্জীবনং দুর্নিবন্ধম্ ॥ ১২ ॥

ততস্ততঃ ?

নারদঃ । ততশ্চ শনৈশ্চর-জননী শনৈরবাদীৎ—

ন ব্যাকুলীভব জগত্ত্রয়-সৌখ্যসারে
নব্যারবিন্দ-বদনে ! সদনে সদাঽত্র ।
ধ্যেয়ঃ সতাং সবিতৃমণ্ডল-মধ্যবর্ত্তী
দেবঃ স এব যদয়ং দয়িতস্তবাস্তি ॥ ১৩ ॥

উদ্ধব ইতি । ভাবনয়া শ্রীরাধাং প্রত্যক্ষীকৃত্যাহ ॥ ১২ ॥
নারদ ইতি । শনৈশ্চর-জননী ছায়া ॥ ১৩ ॥

বাস করিতে থাকিলেও সুদীর্ঘ নিবিড় আশারূপ সেতুবন্ধের বন্ধনের দ্বারা আপনার ভবিষ্যজ্জীবন দুর্নিবন্ধ হইয়া উঠিয়াছিল—অর্থাৎ জীবনধারণ দুঃসাধ্য হইয়া উঠিয়াছিল ॥ ১২ ॥

তার পর তার পর ?

নারদ । তদনন্তর শনৈশ্চর-জননী ছায়া ধীরে ধীরে বলিলেন—হে নব-কমলমুখি রাধিকে ! তুমি ত্রিলোকস্থ সুখের সারভূতা, তোমার দয়িত—যাঁহাকে সাধুগণ সবিতৃমণ্ডল-মধ্যবর্ত্তী দেবতা বলিয়া ধ্যান করিয়া থাকেন, তিনি এই স্থানেই অবস্থান করিতেছেন, অতএব তুমি ব্যাকুল হইও না ॥ ১৩ ॥

উদ্ধবঃ। কিমত্র বিশাখয়া নোত্তরিতম্ ?

নারদঃ। কথং নোত্তরয়িতব্যম্ ? যদেতয়া বিহস্যোক্তম্—মাতঃ ! সবর্ণে বর্ণয়ামি, সমাকর্ণয়।

গোপীনাং পশুপেন্দ্রনন্দনজুষো ভাবস্য কস্তাং কৃতী
বিজ্ঞাতুং ক্ষমতে দুরূহপদবীসঞ্চারিণঃ প্রক্রিয়াম্।
আবিষ্কুর্ব্বতি বৈষ্ণবীমপি তনুং তস্মিন্ ভুজৈর্জিষ্ণুভি-
র্যাসাং হন্ত ! চতুর্ভিরদ্ভুতরুচিং রাগোদয়ঃ কুঞ্চতি ॥১৪॥

উদ্ধবঃ। কিন্নাম ভগবতা সত্রাজিদনুশিষ্টোঽস্তি ?

নারদ ইতি। গোপীনামিতি। কৃতী নিপুণঃ, তস্মিন্ পশুপেন্দ্রনন্দনে ॥ ১৪ ॥

উদ্ধব। বিশাখা উহার কোনও উত্তর দিলেন না ?

নারদ। উত্তর দিবেন না কেন ? যেহেতু, তিনিই হাস্যপূর্ব্বক বলিয়াছিলেন, মাতঃ সবর্ণে ! আমি এ সম্বন্ধে বলিতেছি, শ্রবণ করুন—গোপীগণের নন্দনন্দননিষ্ঠ অন্যের দুরধিগম্য পথে প্রবহমান ভাবের প্রক্রিয়া কোন্ কৃতী ব্যক্তিই বা অবগত হইতে সমর্থ ? যেহেতু, আশ্চর্য্যের বিষয় এই যে, স্বীয় রূপ গোপন করিবার উদ্দেশ্যে কৌতুক বশতঃ সেই নন্দনন্দনই যদি জয়শীল চতুর্ভুজ-সমন্বিত শ্রীনারায়ণ-মূর্ত্তি প্রকাশ করেন, তবে তাহাতেও সেই শ্রীকৃষ্ণেও গোপিকাগণের রাগোল্লাস সঙ্কুচিত হয় ॥ ১৪ ॥

উদ্ধব। ভগবন্ ! আপনি কি সত্রাজিৎকে কোনও উপদেশ দেন নাই ?

নারদঃ। অথ কিম্।

তথাহি—

মণীন্দ্রং পারীন্দ্রঃ প্রবরমহরন্নিঘ্নতনয়ং
বিনিঘ্নন্নেতঞ্চ প্রবলমথ ভল্লুক-নৃপতিঃ।
পরাভূয় স্বৈরী তমপি মুরবৈরী তব ধনং
তদা হর্ত্তা পাপ ত্বমসি পতিতস্তাপ-জলধৌ ॥১৫॥

উদ্ধবঃ। ততস্ততঃ ?

নারদঃ। ততস্তেনোক্তম্—

জ্বলিতো জনঃ কৃশানৌ শাম্যতি তপ্তঃ কৃশানুনৈবায়ম্।
ভগবতি কৃতাগসো মে ভগবানেবাধুনা শরণম্ ॥ ১৬ ॥

নারদ ইতি। মণীন্দ্রমিতি। পারীন্দ্রঃ সিংহঃ নিঘ্নতনয়ং প্রসেনম্। নিঘ্ননামা সত্রাজিতঃ পিতা, এতং পারীন্দ্রম্ ॥ ১৫ ॥

নারদ ইতি। তপ্তঃ তাপং নীতঃ সন্ ॥ ১৬ ॥

নারদ। দিয়াছি বৈ কি! তাহাকে বলিয়াছি—সিংহ নিঘ্নতনয় (প্রসেনকে) নিহত করিয়া এই মণীন্দ্রশ্রেষ্ঠকে হরণ করিবে। পরে সেই প্রবল সিংহকে হত্যা করিয়া ভল্লুক-নৃপতি জাম্ববান্ উহা গ্রহণ করিবে, অনন্তর তাহাকে পরাভূত করিয়া শ্রীকৃষ্ণ তোমার ঐ সম্পত্তি হরণ করিলে তখন পাপস্বরূপ তুমি দুঃখ-সমুদ্রে নিমজ্জিত হইবে ॥ ১৫ ॥

উদ্ধব। তাহার পর কি হইল ?

নারদ। অতঃপর সে বলিল, অগ্নিতে দগ্ধ ব্যক্তি যেমন তপ্ত অগ্নির দ্বারাই শান্তিলাভ করে, সেইরূপ সেই ভগবানে অপরাধী আমার সেই ভগবানই এখন আশ্রয়স্থল ॥ ১৬ ॥

উদ্ধবঃ। ততঃ কিমুক্তং ভগবতা ?

নারদঃ। ন যাবদুপসর্পতি প্রতিভটেভ-কণ্ঠীরবঃ
পিনাকিমুখনাকিভির্মুকুটিতানুশিষ্টির্বিভুঃ।
মুদা তদবরোধনে কুটিলভাব তাবদ্দ্রুতং
ত্বয়াত্ত কুলনন্দিনী চিরধৃতাধিরাধীয়তাম্ ॥১৭॥

ততশ্চাবরোধনে রাধায়াঃ প্রবেশায় তেন জননী নিযুক্তা।

উদ্ধবঃ। (সানন্দম্) ত্বয়া কারুণ্যসিন্ধুনা সন্ধুক্ষিতোঽয়ং পবন-ব্যাধিরনেন মহারসায়নেন।

নারদ ইতি। প্রতিভটা এবেভাস্তেষু সিংহঃ। পিনাকী শিবঃ। মুকুটবন্মস্তকে ধৃতা আজ্ঞা যস্য সঃ। অবরোধনে অন্তঃপুরে. চিরং ধৃতা আধির্যয়া সা আধীয়তাং স্থাপ্যতাম্ ॥ ১৭ ॥

উদ্ধব ইতি। সন্ধুক্ষিতস্তর্পিতঃ। পবনব্যাধিঃ বাতুলঃ।

উদ্ধব। তার পর আপনি কি বলিলেন ?

নারদ। হে কুটিলচিত্ত! যে পর্যন্ত প্রতিযোদ্ধাস্বরূপ হস্তিশাবকের পক্ষে যিনি সিংহসদৃশ, যাঁহার আদেশ শিবপ্রমুখ দেবতাগণ মস্তকে করিয়া বহন করেন, সেই বিভু উপস্থিত না হন, ততক্ষণ তুমি শীঘ্র আহ্লাদ সহকারে চিরমনঃপীড়িতা সেই কুলনন্দিনীকে তাঁহার অন্তঃপুরে স্থাপন কর ॥ ১৭ ॥

তদনন্তর সত্রাজিৎ অন্তঃপুরে শ্রীরাধাকে প্রবেশ করাইবার জন্য নিজ জননীকে নিযুক্ত করিল।

উদ্ধব। (সানন্দে) প্রভো! আপনি করুণাসিন্ধু—তাই এই মহারসায়নরূপ সংবাদের দ্বারা বায়ুরোগগ্রস্ত আমার তৃপ্তিবিধান করিলেন।

নারদঃ। হন্ত! সম্ভৃত-গম্ভীর-শোকশূলয়া গোকুলং ব্রজন্ত্যা নেদমাস্বাদিতং পৌর্ণমাস্যা।

উদ্ধবঃ। তামন্তরেণ কা খল্বত্র লালয়িষ্যতি দেবীং যবীয়সীম্?

নারদঃ। ত্বষ্টুরন্তেবাসিনীমত্রাভিরূপাং নিরূপয়ামি।

উদ্ধবঃ। কেয়ং পুণ্যবতী?

নারদঃ। কুসুমরচনচঞ্চুনিষ্কুটানামকালে
পরিণতমতিরায়ুর্বেদতন্ত্রে তরূণাম্।
কলয়িতুমপি ভাবং স্থাবরাণাং সমর্থা
নিবসতি নবরন্দা দ্বারবত্যাং প্রসিদ্ধা॥ ১৮॥

উদ্ধব ইতি। যবীয়সীং কনিষ্ঠাম্।

নারদ ইতি। ত্বষ্টুর্বিশ্বকর্ম্মণঃ।

নারদ ইতি। নিষ্কুটা গৃহারামাঃ। গৃহারামাস্তু নিষ্কুটা ইত্যমরঃ। পরিণতমতিঃ নৈপুণ্যং প্রাপ্তা মতির্যস্যাঃ সা॥ ১৮॥

নারদ। হায় কি কষ্ট! গুরুতর শোকশূলে আক্রান্ত হইয়া গোকুলে গমন করায় পৌর্ণমাসী ইহা আস্বাদন করিতে পারিলেন না।

উদ্ধব। তিনি বিনা এই কনিষ্ঠা দেবী শ্রীরাধাকে কে এ স্থানে লালন করিবে?

নারদ। এ স্থানে বিশ্বকর্ম্মার শিষ্যাকেই উপযুক্তা বলিয়া মনে করি।

উদ্ধব। এই পুণ্যবতী কে?

নারদ। যিনি গৃহোদ্যানে অকালে পুষ্পরচনায় সুদক্ষা, তরুগণের আয়ুর্বেদ-তন্ত্রে যিনি নিপুণমতি, স্থাবরগণের ভাববিজ্ঞানে যিনি সমর্থা, সেই সুপ্রসিদ্ধা নবরন্দা সম্প্রতি দ্বারকায় বাস করিতেছেন॥ ১৮॥

উদ্ধবঃ। কিন্নাম তত্ত্বমস্যাঃ কাননদেবীয়ং জানাতি ?

নারদঃ। অথ কিম্, যদিয়ং নববৃন্দেতি যথার্থ-সংজ্ঞা, তত্রাপি সংজ্ঞয়া নিদেশেনানুগৃহীতা।

উদ্ধবঃ। কীদৃগেষ নিদেশঃ ?

নারদঃ। প্রেয়স্যঃ পশুপালিকা বিহরতো যাস্তত্র বৃন্দাবনে
লক্ষ্মী-দুর্লভচিত্র-কেলিকলিকাকাণ্ডস্য কংসদ্বিষঃ।
রাধা তত্র বরীয়সীতি নগরীং তামাশ্রিতা যা ক্ষিতৌ
সেবাং দেবি! সমস্ত-মঙ্গল-করীমস্যাস্ত্বমঙ্গী-কুরু ॥ ১৯ ॥

নারদ ইতি। লক্ষ্ম্যা দুর্লভায়াশ্চিত্র-কেলয় এব কলিকাস্তাসাং কাণ্ডস্যা-শ্রয়স্য। কাণ্ডস্তু প্রথমাঙ্কুর ইত্যমরঃ। অত্র প্রেয়সীষু রাধা বরীয়সীতি হেতোরস্যাঃ সেবামঙ্গীকুর্বিত্যন্বয়ঃ ॥ ১৯ ॥

উদ্ধব। এই বনদেবী কি শ্রীরাধার তত্ত্ব জানেন ?

নারদ। জানেন বৈ কি, যেহেতু ইঁহার যথার্থ নাম নববৃন্দা এবং তাহাতে আবার ইনি সুব্যক্তা সংজ্ঞার আদেশের দ্বারা অনুগৃহীতা হইয়াছেন।

উদ্ধব। সে আদেশ কি প্রকার ?

নারদ। লক্ষ্মীর দুর্লভ নানাবিধ বিচিত্র কেলিকলিকার অঙ্কুর-স্বরূপ বৃন্দাবন-বিহরণশীল কংসারি শ্রীকৃষ্ণের যে সকল প্রেয়সী গোপবালা আছেন, তাঁহাদের মধ্যে সর্ব্বশ্রেষ্ঠা শ্রীরাধা বর্ত্তমানে পৃথিবীতে দ্বারকা-নগরী আশ্রয় করিয়া রহিয়াছেন, অতএব হে দেবি! তুমি এক্ষণে তাঁহার সর্ব্বপ্রকার মঙ্গলময়ী সেবা অঙ্গীকার কর ॥ ১৯ ॥

উদ্ধবঃ। (সাস্রম্) ভগবন্! তাঃ পশুপালকিশোরিকাঃ স্মৃতিমারূঢ়াঃ স্বান্তমস্মাকং সন্তাপয়ন্তি।

নারদঃ। মা ভজ সন্তাপম্।

যতঃ—

দৃষ্ট্বা কামপি কংসবৈরি-বিরহাদাসাদয়ন্তীর্দশাম্
কামাখ্যা নরকাসুরেণ ললনারাজীঃ কিলাজীহরৎ।
এতাভির্মধুরৈর্গিরাং পরিমলৈরাশ্বাসিতাভিস্তয়া
তুঙ্গারাধন-তুষ্টয়া মণিগিরি-দ্রোণীষু তত্রোষ্যতে॥

উদ্ধবঃ। (সানন্দম্) ভগবন্! পশ্য পশ্য, মুদ্রিতাং পল্যঙ্কিকামনুসরন্তী সত্রাজিতঃ সবিত্রী পুরান্তর-কক্ষামবগাহতে।

নারদ ইতি। যত ইতি। অজীহরৎ হারয়ামাস।

উদ্ধব ইতি মুদ্রিতামিতি। পল্যঙ্কিকাং দোলাং সত্রাজিতঃ সবিত্রী সত্রাজিন্মাতা।

উদ্ধব। (সাশ্রুনেত্রে) ভগবন্! সেই গোপকিশোরিকাগণের কথা স্মরণ হওয়ায় আমার অন্তঃকরণ সন্তপ্ত হইতেছে।

নারদ। দুঃখ করিও না। যেহেতু—শ্রীকৃষ্ণবিরহে ইঁহারা কোনও অনির্ব্বচনীয় দশা প্রাপ্ত হইয়াছেন দেখিয়া কামাখ্যাদেবী নরকাসুরের দ্বারা এই ললনারাজিকে হরণ করাইয়া লইলেন। এই গোপবালাগণ কর্ত্তৃক ধূপাদির দ্বারা বিপুলভাবে আরাধনায় তুষ্টা কামাখ্যাদেবী কর্ত্তৃক মধুর-বাক্যে আশ্বাসিতা হইয়া ইঁহারা মণিপর্ব্বতের দ্রোণিসমূহে অবস্থিতি করিতেছেন।

উদ্ধব। (আনন্দভরে) ভগবন্! দেখুন, দেখুন, সত্রাজিতের জননী বস্ত্রাবৃতা দোলার অনুসরণ করিয়া অন্তঃপুরবর্ত্তী কক্ষে প্রবেশ করিতেছে।

নারদঃ। তদেহি, সুধর্ম্মামধ্যমধ্যাস্য মাধবেন্দ্রং প্রতিপালয়াবঃ।

(ইতি নিষ্ক্রান্তৌ)।

বিষ্কম্ভকঃ।

(ততঃ প্রবিশতি সত্রাজিন্মাতরমনুসরন্তী রাধা)

রাধা। (সব্যথমাকাশে সংস্কৃতেন)

বিচিত্রায়াং ভূমাবজনিষত* কন্যাঃ কতি ন বা
কঠোরাঙ্গী নান্যা নিবসতি ময়া কাপি সদৃশী।
মুকুন্দং যন্মুক্ত্বা সময়মহমদ্যাপি গময়ে
ধিগস্তু প্রত্যাশামহহ! ধিগসূন্ ধিগ্ধিয়ম্ ধিয়ম্ ॥২০॥

রাধেতি। বিচিত্রায়ামিতি। তদ্বিপর্যায়-নাম নাটকভূষণমিদম্। যথা—বিচারস্যান্যথাভাবো বিজ্ঞেয়স্তদ্বিপর্য্যয়ঃ। অত্র উদ্বেগাতিশয়েন প্রত্যাশা, ধিক্করণাদ্বিপর্য্যয়ঃ। ২০।

নারদ। তবে এস, শ্রীকৃষ্ণের দ্বারকানগরীস্থ সুধর্ম্মা নামক সভার মধ্যস্থলে উপবেশন করিয়া মাধবেন্দ্রের অপেক্ষা করি।

[ইহা বলিয়া উভয়ের প্রস্থান।

বিষ্কম্ভক।

(অনন্তর সত্রাজিত-জননীর অনুসরণ পুরঃসর শ্রীরাধিকার প্রবেশ)

শ্রীরাধা। (ব্যথিত-হৃদয়ে শূন্যে দৃষ্টিপাত করিয়া সংস্কৃত ভাষায়) এই বিচিত্র ধরাতলে কত কন্যাই না জন্মগ্রহণ করিয়াছে; কিন্তু আমার ন্যায় কঠোরাঙ্গী আর কেহই পৃথিবীতে জন্মে নাই। যেহেতু, মুকুন্দকে পরিত্যাগ করিয়া আমি কালযাপন করিতে সমর্থ হইতেছি। হায়! হায়! আমার প্রত্যাশাকে ধিক্, আমার প্রাণকে এবং বুদ্ধিকেও ধিক্ ॥২০॥

* পাঠান্তরম্ "ক্ষৌণ্যাবজনিষত"।

(পরিবৃত্য)

অজ্জে ! কীস এসো জণো এত্থ অন্তেউরে ণীঅদি ?

বৃন্দা । ণত্তিণি ! তস্স মহাতবোধণস্স দেএসিণো ণিদ্দেসেণ ।

রাধা । (স্বগতম্) সো ভঅবদীএ আচারিও অহ্ম সিণিদ্ধোত্তি সুণীঅদি, তদো জ্জেব্ব ভঅবন্তেণ ভাণুণা তাদো সত্তাজিদো তস্স বঅণে খাবিদো ।

বৃন্দা । ণত্তিণি ! এহি দেঈএ রুক্কণীএ হত্থে তুমং সমপ্পইস্সম্ ॥

আর্য্যে ! কস্মাদেষ জনোঽত্রান্তঃপুরে নীয়তে ?

বৃন্দেতি । হে নপ্ত্রি ! তস্য মহাতপোধনস্য দেবর্ষেনিদেশেন ।

রাধেতি । ভগবত্যাঃ পৌর্ণমাস্যা ইত্যর্থঃ । আচার্য্যঃ গুরুরিতি যাবৎ, অস্মাৎ স্নিগ্ধ ইতি শ্রূয়তে । অতএব ভগবতা ভানুনা তাতঃ সত্রাজিৎ তস্য নারদস্য ইত্যর্থঃ । বচনে স্থাপিতঃ ।

বৃন্দেতি । হে নপ্ত্রি ! এহি, দেব্যাঃ রুক্মিণ্যাঃ হস্তে ত্বাং সমর্পয়িষ্যামি ।

(যাইতে যাইতে) আর্য্যে ! আমাকে অন্তঃপুরে লইয়া যাইতেছেন কেন ?

বৃন্দা । নাতিনি ! মহাতপোধন দেবর্ষি নারদের আদেশেই লইয়া যাইতেছি ।

রাধা । (স্বগত) তিনিই ত ভগবতী পৌর্ণমাসীর আচার্য্য, আমাদের প্রতি তিনি অতিশয় স্নেহশীল, এই কথা শুনিয়াছি, এই জন্যই ভগবান্ সূর্য্য পিতা সত্রাজিৎকে সেই দেবর্ষির আজ্ঞা প্রতিপালন করিতে বলিয়াছেন ।

বৃন্দা । নাতিনি ! এস, এই দেবী রুক্মিণীর হস্তে তোমাকে সমর্পণ করিতেছি ।

(ততঃ প্রবিশতি সপরিবারা চন্দ্রাবলী)

চন্দ্রাবলী। সহি মাহবি! সমন্তঅমণিং মগ্গিদুং পত্থিদো অজ্জউত্তো কীস বিলম্বেদি ?

মাধবী। ভট্টিদারিএ! পরম্পি তত্থ কিম্পি কজ্জন্তরং হুবিস্সদি।

রাধা। (স্বগতম্) ভণিদম্হি ভাণুণা, বচ্ছে! জাব সমন্তঅ মাহবেণ তুহ মণিবন্ধে ণ বন্ধিঅদি তাব সরহস্সং দে পঢমং ণাম সম্বরণিজ্জং ত্তি।

চন্দ্রাবলীতি। সখি মাধবি! স্যমন্তকমণিং মার্গয়িতুং প্রস্থিত আর্য্যপুত্রঃ কস্মাদ্বিলম্বতে ?

মাধবীতি। ভর্তৃদারিকে! পরমপি তত্র কিমপি কার্য্যান্তরং ভবিষ্যতি।

রাধেতি। ভণিতাস্মি ভানুনা, বৎসে! যাবৎ স্যমন্তকো মাধবেন তব মণিবন্ধে ন বধ্যতে, তাবৎ সরহস্যং তে প্রথমং নাম রাধেতি নামেত্যর্থঃ। সম্বরণীয়মিতি।

(অনন্তর সখীগণের সহিত চন্দ্রাবলীর প্রবেশ)

চন্দ্রাবলী। সখি মাধবি! আর্য্যপুত্র স্যমন্তক-মণির অনুসন্ধানে যাইয়া এত বিলম্ব করিতেছেন কেন ?

মাধবী। রাজনন্দিনি! সেখানে হয় ত অন্য কোনও কার্য্য উপস্থিত হইয়া থাকিবে।

রাধা। (স্বগত) সূর্য্যদেব আমাকে বলিয়াছেন, বৎসে! যে পর্য্যন্ত মাধব তোমার মণিবন্ধে স্যমন্তক-মণি বাঁধিয়া না দেন, সে পর্য্যন্ত তুমি তোমার প্রথম নাম অর্থাৎ শ্রীরাধিকা নাম গোপন রাখিও।

চন্দ্রাবলী। (বিলোক্য) হলা ! কা এসা জরদী-মুত্তিমদীএ অউরুব্বরূব-লচ্ছীএ সমং এত্থ আঅচ্ছদি ?

রাধা। (চন্দ্রাবলীমালোক্য স্বগতম্) সাহু, মাহুরীপুরভরিদা এসা রাইন্দমহিসী, গোউলকিসোরী-সোরব্ভং বিঅ ধারেদি।

বৃন্দা। (উপসৃত্য) দেই রুপ্পিণি। সমন্তঅপ্পসঙ্গে কিদাবরাহেণ মহ পুত্তেণ সত্রাজিতেণ অপ্পণো পুত্তী এসা সচ্চভামা

- - - - - -

চন্দ্রাবলীতি। সখি ! কা এষা জরতী-মূর্ত্তিমত্যা অপূর্ব্বরূপ-লক্ষ্ম্যা সমম্ অত্রাগচ্ছতি ?

রাধেতি। সাধু, মাধুরীপূরভৃতা এষা রাজেন্দ্র-মহিষী, গোকুলকিশোরী-সৌরভামিব ধারয়তি।

বৃন্দেতি। দেবি রুক্মিণি ! স্যমন্তকপ্রসঙ্গে কৃতাপরাধেন মম পুত্রেণ সত্রাজিতা আত্মনঃ পুত্রী এষা সত্যভামা রাজেন্দ্রায় উপহারী-

চন্দ্রাবলী। (লক্ষ্য করিয়া) সখি ! অপূর্ব্বরূপবতী লক্ষ্মীর সহিত কে এ বৃদ্ধা আসিতেছে ?

রাধা। (চন্দ্রাবলীকে লক্ষ্য করিয়া স্বগত) কি চমৎকার ! এই রাজেন্দ্র-মহিষী মনোহর মাধুর্য্যরাশি-পূর্ণা হইয়া ঠিক যেন ব্রজকিশোরীর সৌরভ ধারণ করিয়াছেন।

বৃন্দা। (সমীপে যাইয়া) দেবি রুক্মিণি ! স্যমন্তকের ব্যাপারে আমার পুত্র সত্রাজিৎ রাজেন্দ্রের নিকট অপরাধ করিয়া নিজের কন্যা এই সত্যভামাকে রাজেন্দ্রকে উপহার দিয়াছে, অতএব ইহাকে নিজ

রাইন্দস্স উবহারীকিদা, তা পিঅসহী সোহারাণসিণেহমাহুরী সোহগ্গাহিআরিণী তুএ করণিজ্জা।

রাধা। (স্বগতম্) কামং বুড্‌টী পলবেদু, কেঅলং দিণেসস্স নিদেস বিস্সম্ভেণ এত্থ পইট্‌ঠহ্মি।

চন্দ্রাবলী। অজ্জে! ধণ্ণহ্মি, জাএ ঈদিসো সহীজণো উবত্থিদো, তা তুমং অপ্পণো ঘরং জাহি, অহং কৃখু সচ্চভামং পড়িবালইস্সম্।

বৃন্দা। জহ ভণই দেঈ। (ইতি নিষ্ক্রান্তা)।

কৃতা, তৎ প্রিয়সখী-সাধারণস্নেহমাধুরী-সৌভাগ্যাধিকারিণী ত্বয়া কর্ত্তব্যা।

রাধেতি। কামং বৃদ্ধা প্রলপতু, কেবলং দিনেশস্য নিদেশ-বিশ্রম্ভেণাত্র প্রবিষ্টাস্মি।

চন্দ্রাবলীতি। আর্য্যে! ধন্যাস্মি, যস্যা মম ঈদৃশঃ সখীজন উপস্থিতঃ, তৎ ত্বমাত্মনো গৃহং যাহি, অহং খলু সত্যভামাং প্রতিপালয়িষ্যামি।

বৃদ্ধেতি। যথা ভণতি দেবী।

প্রিয়সখী জ্ঞান করিয়া তদুপযুক্ত স্নেহ-মাধুরী ও সৌভাগ্যের অধিকারিণী করিতে হইবে।

রাধা। (স্বগত) বুড়ী যাহা ইচ্ছা প্রলাপ বকিতে থাকুক, আমি কেবল সূর্য্যদেবের আদেশ-বশেই এ স্থানে প্রবেশ করিয়াছি।

চন্দ্রাবলী। আর্য্যে! আমার এতাদৃশ সখী আসিয়া উপস্থিত হওয়ায় আমি ধন্য হইলাম, তবে আপনি নিজগৃহে গমন করুন, আমি নিশ্চয়ই সত্যভামাকে প্রতিপালন করিব।

বৃদ্ধা। আপনার যাহা আজ্ঞা। (এই বলিয়া প্রস্থান)

চন্দ্রাবলী। (জনান্তিকম্) সহি মাহবি! পেক্‌খ এসো অজ্জ-উত্তস্‌স সচ্চ-সংকপ্‌পদা সেদু বিমদ্দণো সচ্চভামাএ সোন্দের পুরো ধীরং বি মং আন্দোলেদি।

মাধবী। ভট্টিদারিএ! সচ্চং ভণাসি, এসা তুহ্ম বিব্ভমং উপপ্পাদেদি।

চন্দ্রাবলী। হলা! মুঞ্চ মে সলাহণং ণং ক্‌খু অসারূপ্‌পং রূবং এদম্।

(পুনর্নিভাল্য সংস্কৃতেন)

দৃষ্টির্বহত্যুপরতিং শ্বসিতানুপূর্ব্বী
নম্রীকরোত্যধরপল্লবতাম্রতাঞ্চ।

চন্দ্রাবলীতি। (জনান্তিকম্) অর্থাৎ চন্দ্রাবলী মাধব্যাঃ কর্ণে লগিত্বাহ। সখি মাধবি! পশ্য, এষ আর্য্যপুত্রস্য সত্য-সংকল্পতাসেতুবিমর্দ্দনঃ সত্যভামায়াঃ সৌন্দর্য্যপুরো ধীরামপি মামান্দোলয়তি।

মাধবীতি। ভর্তৃদারিকে! সত্যং ভণাসি, এষা তব বিভ্রমমুৎপাদয়তি।

চন্দ্রাবলীতি। সখি মুঞ্চ মে শ্লাঘনম্, নূনং খলু অসারূপ্যং রূপমেতৎ।

দৃষ্টিরিতি। উপরতিং শান্তিং বিষয়গ্রহণাভাবেন চাঞ্চল্যকটাক্ষাদা-

---

চন্দ্রাবলী। (জনান্তিকে) সখি মাধবি! দেখ, আর্য্যপুত্রের সত্যসংকল্পতারূপ সেতুভঙ্গকারী সত্যভামার এই সৌন্দর্য্যরাশি, আমি ধীরা হইলেও আমাকে আশঙ্কায় বিচলিতা করিতেছে।

মাধবী। রাজনন্দিনি! সত্যকথাই বলিতেছ, ইহাকে দেখিলে তুমি বলিয়াই ভুল হইবে।

চন্দ্রাবলী। সখি! আমার রূপের গৌরব আর বাড়াইও না—আমি নিশ্চয় বলিতেছি, এ রূপের তুলনা নাই। (পুনর্ব্বার নিরীক্ষণ করিয়া সংস্কৃতে) ইঁহার দৃষ্টি শান্তিপূর্ণা, নিশ্বাস-পরম্পরায় অধর-পল্লব কম্পিত হইয়া

গণ্ডদ্বয়ী চ পরিচুম্বতি কম্বুকান্তিং
মদ্বিস্ময়ং স্থিতিরিয়ং সুতনোস্তনোতি ॥

মাধবী। ণূণং কাসিরাঅ-কণ্ণআ অম্বা বিঅ এসা কস্মিং বি পুরিসে বদ্ধরাআ হুবিস্সদি।

চন্দ্রাবলী। (সংস্কৃতেন)
মাধুর্য্যং মধুরিপু-বিপ্রয়োগভাজাং
তন্বঙ্গী মুহুরিয়মঙ্গকৈস্তনোতি।
প্রাকৃত্যাঃ প্রিয়সখি ! মাধুরীং কিমেতাং
দৈন্যেঽপি প্রথয়িতুমার্ত্তয়ঃ ক্ষমন্তে ॥

ভাবতো শ্বসিতানুপূর্ব্বী শ্বাস-পরম্পরা। পরিচুম্বতি চুম্বনবৎ সংবৃনক্তি সুতনোঃ সত্যভামায়াঃ।

মাধবীতি। নূনং কাশিরাজ-কন্যকা অম্বা ইব এষা কস্মিন্নপি পুরুষে বদ্ধরাগা ভবিষ্যতি।

চন্দ্রাবলীতি। অঙ্গকৈঃ আঙ্গিকভাবৈঃ। তদেহি, পরীক্ষাবহে অস্যাশ্চিত্ত-বৃত্তিম।

তাহার তাম্রকান্তি হ্রাস করিতেছে, গণ্ডদ্বয় কম্বুকান্তির শোভার অনুকরণ করিয়াছে, এই সুন্দরীর এইরূপ অবস্থা আমার বিস্ময়-বর্দ্ধন করিতেছে।

মাধবী। নিশ্চয়ই কাশিরাজকন্যা অম্বার ন্যায় ইনি কোনও পুরুষের প্রতি অনুরাগিণী হইয়াছেন।

চন্দ্রাবলী। (সংস্কৃত ভাষায়) শ্রীকৃষ্ণবিরহিণীগণে যে মাধুর্য্য পরিদৃষ্ট হইয়া থাকে, এই তন্বঙ্গীর অঙ্গসমূহে তাহারই বিস্তার পরিদৃষ্ট হইতেছে, হে প্রিয়সখি ! যদি এই পীড়া প্রাকৃত হইত, তবে দৈন্যাবস্থায়ও কি

তা এহি পরিক্খন্ধ সে চিত্তবুত্তিম্।

(ইত্যুপসৃত্য)

সহি সচ্চভামে! এসা অপ্পণো সবামি, এদং তুজ্ঝং সিণিজ্ঝদি মে হিঅঅম্।

রাধা। (স্বগতম্) ণাসচ্চং ভণাদি, জং মহবি চিত্তং তধা।

(প্রকাশম্)

দেই! তদো ধণ্ণম্হি।

চন্দ্রাবলী। বহিণি! কীস তুমং দুম্মণা লক্খীঅসি ?

সখি সত্যভামে! এষা আত্মনঃ শপামি, এতৎ তুভ্যং স্নিহ্যতি মে হৃদয়ম্।

রাধেতি। নাসত্যং ভণতি, যং মমাপি চিত্তং তথা।

হে দেবি! ততো ধন্যাস্মি।

চন্দ্রাবলীতি। ভগিনি! কস্মাত্ত্বং দুর্ম্মনা লক্ষ্যসে ?

এইরূপ মাধুরী প্রকাশ পাইতে পারে? অতএব এস, ইহার চিত্তবৃত্তি পরীক্ষা করা যাউক্।

(নিকটে গমন পূর্ব্বক) সখি, সত্যভামে! তোমার প্রতি আমার স্নেহের সঞ্চার হইতেছে, ইহা আমি নিজের শপথ করিয়া বলিতেছি।

রাধা। (স্বগত) মিথ্যা নহে, কারণ, আমারও চিত্ত ঐরূপ হইয়াছে।

(প্রকাশ্যে) দেবি! আমি ধন্য হইলাম।

চন্দ্রাবলী। ভগিনি! তোমাকে দুঃখিতা দেখাইতেছে কেন ?

রাধা। দেই! এত্থ অহং তাদেণ পসহং পেসিদহ্মিত্তি, মে দোম্মণস্সম্।

চন্দ্রাবলী। হলা! মা উত্তম্ম, অজ্জউত্তস্স হত্থে তুমং সমপ্পইস্সম্।

রাধা। (সদৈন্যম্) দেই! সচ্চং জ্জেব্ব জই সিণিহ্মাসি, তদো এব্বং সব্বধা পুণো ণ ক্খু বাহরিস্সসি।

(ইতি কাকুভির্নমস্যতি)।

চন্দ্রাবলী। সহি! তদো ভণাহি, কধং এত্থ ণিবসিদুং ইচ্ছসি?

রাধেতি। দেবি! অত্রাহং তাতেন প্রসভং প্রেষিতাস্মীতি, মে দৌর্মনস্যম্।

চন্দ্রাবলীতি। সখি! মা উত্তম্য আর্যাপুত্রস্য হস্তে ত্বাং সমর্পয়িষ্যামি।

রাধেতি। দেবি! সত্যমেব যদি স্নিহ্যসি, তদা এবং সর্ব্বথা পুনর্ন খলু ব্যাহরিষ্যসি।

চন্দ্রাবলীতি। সখি! তদা ভণ, কথমত্র নিবস্তুমিচ্ছসি?

রাধা। দেবি! পিতা এখানে সহসা আমাকে পাঠাইয়াছেন, এই জন্য মন ভাল নাই।

চন্দ্রাবলী। সখি! অস্থির হইও না, আর্যাপুত্রের হস্তে তোমাকে সমর্পণ করিব।

রাধা। (দৈন্য-সহকারে) দেবি! সত্যই যদি আপনি আমাকে স্নেহ করেন, তবে পুনরায় কখনও এরূপ কথা বলিবেন না।

(এই বলিয়া মিনতি সহকারে নমস্কার করিলেন।)

চন্দ্রাবলী। সখি! তবে কেন এখানে বাস করিতে ইচ্ছা করিয়াছ? বল।

রাধা। দেই! জত্থ পুরিস ণামবি ণ সুণীঅদি, তত্থ জ্জেব্ব এসো জণো রক্খীঅদু, জধা তহিং অপ্পণো ব্বদসেসং সমাবেদি।

চন্দ্রাবলী। (সানন্দমপবার্য্য) মাহবি! অম্হ কাদব্বং ইমাএ চ্চেঅ দিট্‌ঠিআ অব্ভত্থিদং, তা গদুঅ দিণ্ণপসাদং ণঅবন্দং এত্থ আণেহি।

মাধবী। (স্বগতম্) সাহু মন্তিদং, জং তত্থ ণঅবুন্দাবণে রাই-ন্দস্স প্পবেসসম্ভাবিণাবিণত্থি, তা জধা রহস্সভেদো ণ হোদি,

রাধেতি। যত্র পুরুষ-নাম অপি ন শ্রূয়তে, তত্রৈব এষ জনো রক্ষ্যতাম্, যথা তস্মিন্ আত্মনো ব্রতশেষং সমাপয়তি।

চন্দ্রাবলীতি। মাধবি! অস্মাং কর্ত্তব্যম্, অনয়া এব দিষ্ট্যা অভ্যর্থিতম্, তং গত্বা দত্তপ্রসাদাং নববৃন্দামত্রানয়।

মাধবীতি। সা মন্ত্রিতম্, যত্র নববৃন্দাবনে রাজেন্দ্রস্য প্রবেশসম্ভাবনাপি

রাধা। দেবি! যেখানে পুরুষের নামও না শুনা যায়, তথায় আমাকে রাখুন, যাহাতে আমি এইরূপে নিজের ব্রত শেষ করিতে পারি।

চন্দ্রাবলী। (আনন্দে কাণে কাণে) মাধবি! আমাদের যাহা কর্ত্তব্য ছিল, ভাগ্যক্রমে ইনি তাহাই প্রার্থনা করিয়াছেন, অতএব প্রমাণ প্রদানানন্তর নববৃন্দাকে এখানে আনয়ন কর।

মাধবী। (স্বগত) ভাল পরামর্শ করিয়াছেন, কারণ, নববৃন্দাবনে রাজেন্দ্রের প্রবেশের সম্ভাবনা নাই; অতএব যাহাতে রহস্য প্রকাশ না হয়,

তধা ভট্টিদারিআ ণিদেসমিসেণ দিব্বং করাবিঅ ণঅবুন্দং আণিস্সম্।

(ইতি নিষ্ক্রান্তা)

রাধা। (স্বগতম্) বহিণী চন্দাঅলীব্ব ইঅং দেঈ মে পড়িভাদি।

(প্রবিশ্য নববৃন্দয়া সহ মাধবী)

মাধবী। দেই! আঅদা এসা ণঅবুন্দা।

চন্দ্রাবলী। ণঅবুন্দে! পেক্খীঅদু, এসা মে সহী সচ্চভামা।

নাস্তি, তৎ যথা রহস্তভেদো ন ভবতি, তথা ভর্তৃদারিকা নিদেশমিষেণ ছলেনেত্যর্থঃ। দিব্যং শপথমিত্যর্থঃ, কারয়িত্বা নববৃন্দামানয়িষ্যামি।

রাধেতি। ভগিনী চন্দ্রাবলী ইব ইয়ং দেবী মে প্রতিভাতি।

মাধবীতি। আগতা এষা নববৃন্দা।

চন্দ্রাবলীতি। নববৃন্দে! প্রেক্ষ্যতাম্, এষা মে সখী সত্যভামা।

কর্ত্রীঠাকুরাণীর আদেশচ্ছলে সেইরূপ শপথ করাইয়া নববৃন্দাকে আনয়ন করিতেছি। (ইহা বলিয়া প্রস্থান)

রাধা। (স্বগত) আমার নিকট এই দেবী ভগিনী চন্দ্রাবলীর ন্যায় প্রতীত হইতেছেন।

(নববৃন্দার সহিত মাধবীর প্রবেশ)

মাধবী। দেবি! এই যে নববৃন্দা আসিয়াছেন।

চন্দ্রাবলী। নববৃন্দে! দেখ, ইনি আমার সখী সত্যভামা।

নববৃন্দা। (বিলোক্য সখেদমাত্মগতম্)

প্রসাদীকৃত্য দেবস্য ময়ি নির্ম্মাল্যমম্বরম্
দেব্যা কারিত-দিব্যায়াং রাধৈব কথমর্প্যতে ?

রাধা। (স্বগতম্) কধং সা এসা ণঅবুন্দা ?

(ইত্যুপসর্পতি)

নববৃন্দা। (স্বগতম্) হা ধিক্! কষ্টম্! রভসেনাস্মি কৃত-শপথা হতাস্মি।

রাধা। (সাস্রমাত্মগতম্) অম্মহে! ইদং তং চ্চেঅ কিম্পি পীদম্বরম্।

নববৃন্দেতি। কারিতদিব্যায়াং কারিত-শপথায়াম।

রাধেতি। কথমেষা নববৃন্দা ?

নববৃন্দেতি। রভসেন অবিচারেণ।

রাধেতি। অহো! ইদং তদেব কিমপি পীতাম্বরম্।

নববৃন্দা। (দেখিয়া দুঃখিতভাবে মনে মনে) দেবোত্তম শ্রীকৃষ্ণের নির্ম্মাল্য-বসন আমাকে পুরস্কার দিয়া আমাকে দেবী চন্দ্রাবলী শপথ করাইয়াছিলেন, এখন আবার রাধিকাকে আমার হস্তে সমর্পণ করিতেছেন কেন ?

রাধা। (স্বগত) কি, ইনিই কি নববৃন্দা ?

(ইহা বলিয়া নিকটে গেলেন)

নববৃন্দা। (স্বগত) হা ধিক্! কি কষ্ট! আজ আমি বিনা বিচারে শপথ করিয়া বিনষ্ট হইলাম!

রাধা। (অশ্রুপূর্ণ-নয়নে স্বগত) অহো! ইহা কি সেই পীতাম্বর!

(ইতি সবৈক্লব্যং বিলোকয়তি)

নবৃন্দা। (স্বগতম্)

জনিত-কনক-লক্ষ্মী-বিভ্রমে দৃষ্টিমস্মিন্
গতবতি চিরকালাদংশুকে কংসহন্তুঃ।
অলঘুভিরপি যত্নৈর্দুস্তরাং সম্বরীতুং
বিকৃতিমতুলবাধাং হন্ত! রাধা দধাতি॥

চন্দ্রাবলী। (সশঙ্কম্) ণঅবুন্দে! পুচ্ছীঅদু, কীস সচ্চা দুউলং পেক্‌খন্তী ভেম্ভালদি?

নবৃন্দেতি। ক্রম-নাম গর্ভসন্ধ্যঙ্গমিদম্। তথাচ—ভাবজ্ঞানং ক্রমো যথা চিন্ত্যমানার্থসঙ্গতিঃ। অত্র নবৃন্দায়া রাধায়া ভাবনাৎ। চিন্ত্যমান-হরিচিহ্নস্য তস্যাং দর্শনাচ্চ ক্রমঃ। কনকস্য লক্ষ্মীবদ্বিভ্রমঃ সাদৃশ্যং যস্য তস্মিন্ কংসহন্তুরংশুকে দৃষ্টিং গতবতি সতি রাধাঽতুলবাধাং বিকৃতিং দধাতি।

চন্দ্রাবলীতি। নবৃন্দে! পৃচ্ছ্যতাম্, কস্মাৎ সত্যা দুকুলং পশ্যন্তী বিহ্বলেতি বিহ্বলা ভবতি।

(এই বলিয়া ব্যাকুলতার সহিত দেখিতে লাগিলেন।)

নবৃন্দা। (স্বগত) বহুকাল পরে উজ্জ্বল সুবর্ণ-সদৃশ শ্রীকৃষ্ণের এই পীত-বসনে দৃষ্টি নিক্ষেপ করিয়া শ্রীরাধার যে গুরুতর বিকার উপস্থিত হইয়াছে, হায়! শ্রীরাধা তাহা বিশেষ যত্ন করিয়াও সম্বরণ করিতে যাইয়া অতুলনীয় বাধা প্রাপ্ত হইলেন।

চন্দ্রাবলী। (শঙ্কিতভাবে) নবৃন্দে! সত্যা বস্ত্র দেখিয়া বিহ্বল হইলেন কেন, তাহা জিজ্ঞাসা কর।

নববৃন্দা। দুকূলেঽস্মিন্ কার্ত্তস্বর-মহসি বিস্তারিত-দৃশো
বপুঃ কিং তে ফুল্লৈর্বহতি তুলনাং নীপকুসুমৈঃ।
ত্রুটন্তীভিঃ কিম্বা স্ফটিকমণিমালাভিরুপমাং
ভজন্তেঽমী ক্ষামোদরি! নয়নয়োস্তোয়পৃষতাঃ॥

রাধা। (সাবহিত্থম্) ণঅবুন্দে! মহ বহিণী বিঅ তুমং দীসসি, তদো পজ্জুসুঅম্হি।

নববৃন্দা। (স্বগতম্) বন্ধ্যোঽয়ং রাধিকাসঙ্গোপনে দেব্যাঃ প্রয়াসভরঃ। ন হি কৌস্তুভমণীন্দ্র-মরীচি-মণ্ডলী পুণ্ডরী-কাক্ষ-বক্ষস্তটীমন্তরেণান্যতস্তিষ্ঠতি।

নববৃন্দেতি। কার্ত্তস্বরং সুবর্ণম্ তোয়পৃষতা জলবিন্দবঃ।
রাধেতি। (সাবহিত্থং আকারং গোপয়িত্বাহ) নববৃন্দে! মম ভগিনীব ত্বং দৃশ্যসে, ততঃ পর্য্যুৎসুকাঽস্মি।
নববৃন্দেতি। দেব্যাশ্চন্দ্রাবল্যাঃ প্রয়াসভরঃ। কৃষ্ণাস্যান্যা-নায়িকা-বিবাহঃ।

নববৃন্দা। হে সুন্দরি! সুবর্ণবর্ণ এই বসনের প্রতি দৃষ্টি বিস্তার করিয়া কেনই বা তোমার শরীর প্রস্ফুটিত কদম্ব-কুসুমের ন্যায় পুলকাবলী ধারণ করিতেছে? আর কেনই বা তোমার নয়নযুগল হইতে ছিন্ন স্ফটিকমালার ন্যায় অশ্রুবিন্দু নির্গত হইতেছে?

রাধা। (ভাব গোপন করিয়া) নববৃন্দে! তোমাকে আমার ভগিনীর ন্যায় দেখাইতেছে, সেই জন্যই আমি বিহ্বল হইয়া পড়িয়াছি।

নববৃন্দা। (স্বগত) দেবীর শ্রীরাধাকে গোপন করিবার এই গুরুতর চেষ্টা একেবারেই নিষ্ফল। মণিশ্রেষ্ঠ কৌস্তুভের কিরণমালা শ্রীকৃষ্ণের বক্ষঃস্থল ব্যতীত অন্য কোথাও অবস্থান করে না।

চন্দ্রাবলী। (রাধা-হস্তমাদায়) ণঅবুন্দে! এসো অপ্পণো বহিণী, তুহ হত্থে সমপ্পিদা।

নববৃন্দা। দেবি! বাঢ়মনুকম্পিতাস্মি।

চন্দ্রাবলী। বহিণি সচ্চে! জাহি ণঅবুন্দাএ সমং অপ্পণো অহিরুইদং বাসন্তীচউস্সালং তত্থ পুপ্ফোবহারিণী মে বউলা তুমং পরিচরিস্সদি।

রাধা। দেই! মন্দভাইণী এসা রাহিআ সমএ সুমরিদব্বা।

চন্দ্রাবলী। (সশঙ্কম্) হলা! কিলং ভণিদং তুএ?

চন্দ্রাবলীতি। নববৃন্দে! এষা আত্মনো ভগিনী, তব হস্তে সমর্পিতা।

চন্দ্রাবলীতি। ভগিনি সত্যে! যা হি নববৃন্দয়া সমং আত্মনোঽভিরুচিতং বাসন্তীচতুঃশালং, তত্র পুষ্পোপহারিণী মে বকুলা ত্বাং পরিচরিষ্যতি।

রাধেতি। দেবি! মন্দভাগিনী এষা রাধিকা সময়ে স্মর্ত্তব্যা।

চন্দ্রাবলীতি। সখি! কিং ভণিতং ত্বয়া?

চন্দ্রাবলী। (শ্রীরাধিকার হস্ত গ্রহণ করিয়া) নববৃন্দে! ইনি আমার নিজের ভগিনী, ইঁহাকে তোমার হস্তে সমর্পণ করিলাম।

নববৃন্দা। দেবি! অত্যন্ত অনুগৃহীতা হইলাম।

চন্দ্রাবলী। ভগিনী সত্যে! তুমি নিজের প্রার্থিত বাসন্তী চতুঃশালে নববৃন্দার সহিত গমন কর। সেখানে আমার পুষ্পোপহারিণী বকুলা তোমার পরিচর্য্যা করিবে।

রাধা। দেবি! মন্দভাগিনী এই রাধিকাকে কখনও কখনও স্মরণ করিবেন।

চন্দ্রাবলী। (শঙ্কিতভাবে) সখি! তুমি কি বলিলে?

রাধা। (সাশঙ্কমাত্মগতম্) হদ্ধী হদ্ধী! গুরুও পমাদো!
(প্রকাশম্)
দেই! আরাহিআ এসা ত্তি।

নববৃন্দা। (রাধয়া সহ পরিক্রামন্তী স্বগতম্)
বসন্তী শুদ্ধান্তে মধুরিমপরীতা মধুরিপো-
রিয়ং তন্বী সদ্যঃ স্বয়মিহ ভবিত্রী করগতা।
বৃতাঙ্গীমুক্তুঙ্গৈরবিকলমধূলী-পরিমলৈঃ
প্রফুল্লাং রোলম্বে নবকমলিনীং কঃ কথয়তি?
(ইতি রাধয়া সহ নিষ্ক্রান্তা)

রাধেতি। হা ধিক্ হা ধিক্! গুরুঃ প্রমাদঃ।
দেবি! আরাধয়তীতি আরাধিকা ব্রতপরা ইত্যর্থঃ। এষা ইতি।
নববৃন্দেতি। শুদ্ধান্তে অন্তঃপুরে। প্রসিদ্ধ-নাম নাটকভূষণমিদম্। তথাচ—
প্রসিদ্ধিলোকবিখ্যাতৈরর্থৈঃ স্বার্থ-প্রধানম্। অত্র লোকবিখ্যাতস্য ফুল্লকমলিনী রোলম্ব-প্রসঙ্গস্য কথনে স্বার্থস্য রাধামাধবসঙ্গমস্য প্রধানং প্রসিদ্ধেঃ।

রাধা। (ভীতভাবে স্বগত) হা ধিক্! হা ধিক্! বড়ই ভুল করিয়াছি।
(প্রকাশ্যে) দেবি! আমি আপনার আরাধিকা, তাহাই বলিলাম।

নববৃন্দা। (শ্রীরাধিকার সহিত যাইতে যাইতে স্বগত) এই মাধুর্য্যপরিপূর্ণা সুন্দরী শুদ্ধ অন্তঃপুরে অবস্থান করিলেও ইনি অনতিবিলম্বে শ্রীকৃষ্ণের হস্তগতা হইবেন; অভিনব মধুগন্ধে পূর্ণা নবকমলিনী বিকশিতা হইলে ভ্রমরকে কে তাহা সংবাদ দিয়া থাকে? অর্থাৎ ভ্রমর স্বয়ংই তথায় গমন করিয়া থাকে। (ইহা বলিয়া শ্রীরাধার সহিত প্রস্থান)

মাধবী। ভট্টিদারিএ! কা কৃখু অম্হাণং সঙ্কা? জং সো কিলণিবন্ধো উদ্দীপ্পদি।

চন্দ্রাবলী। সহি! কা কৃখু কুলবদী ভত্তুণো অরদিং পি জাণন্তী কাঠিণ্ণং রক্খিদুং পহবেদি?

(নেপথ্যে)

রম্ভাস্তম্ভাবলীনাং রচয়ত পদবীং সীম্নি বিন্যাসবন্ধং
গন্ধাম্ভঃশীকরাণাং বিকিরত নিকরং সত্বরং চত্বরেষু।
দেবীভির্দিব্য-পুষ্পাবলিভিরকলিত-স্থৈর্য্যমাকীর্য্যমাণো
বিশ্বেষাং নেত্রবীথীমুদময় মুদগাদুদ্গিরন্ বৃষ্ণিচন্দ্রঃ॥

মাধবীতি। ভর্তৃদারিকে! কা খলু অস্মাকং, শঙ্কা, যৎ স কিল নিবন্ধ উদ্দীপ্যতে।

চন্দ্রাবলীতি। সখি! কা খলু কুলবতী ভর্ত্তুররতিমপি জানতী কাঠিন্যং রক্ষিতুং প্রভবতি?

মাধবী। রাজকন্যে! আমাদের আর ভয় কি? যেহেতু, সেই প্রতিজ্ঞার কথা স্মরণ করাইয়া দিলেই হইবে।

চন্দ্রাবলী। সখি! কোন্ কুলবতী রমণী স্বামীর আসক্তিশূন্য ভাব জানিয়াও কঠিনা হইয়া থাকিতে পারে?

(নেপথ্যে)

তোমরা রাজপথের সীমাদ্বয়ে কদলীবৃক্ষ সকল সজ্জিত করিয়া রোপণ কর, শীঘ্র চত্বর-সমূহে সুগন্ধিজল সেচন কর, দেবীগণ কর্ত্তৃক দিব্য পুষ্পাবলীবৃষ্টির দ্বারা শোভিত হইয়া জনগণের ধৈর্য্য হরণ-পুরঃসর বিশ্বজনের নেত্রপথের আনন্দদানকারী বৃষ্ণিচন্দ্র শ্রীকৃষ্ণ উদিত হইলেন।

মাধবী। ভট্টিদারিএ! দিট্‌ঠিআ বিজঅদি দুআরবদীণাধো তা ণেবচ্ছঘরং পবিসেহি ॥ ২১ ॥

(ইতি নিষ্ক্রান্তে)

(ততঃ প্রবিশতি মধুমঙ্গলেনানুগম্যমানঃ কৃষ্ণঃ)

কৃষ্ণঃ। (সখেদম্)

বিদ্যোতিষ্ণুকলঙ্ক-কুঙ্কুমময়ী চর্চ্চা মমাঙ্গস্য যা
মালা কণ্ঠতটস্য চম্পককৃতা যা সৌরভোদ্গারিণী।
যা সিদ্ধাঞ্জনচূর্ণ-শীতলতরা হৈমীশলাকা-দৃশো-
স্তাং রাধাং কথমন্তরাপি ধিগসূংস্ত্রুট্যন্তি মে রাত্রয়ঃ ॥

মাধবীতি। ভর্ত্তৃদারিকে! দিষ্ট্যা বিজয়তে দ্বারবতীনাথঃ, তৎ নেপথ্যগৃহং প্রবিশ ॥ ২১ ॥

মাধবী। রাজকন্যে! ভাগ্যে দ্বারকানাথ আগমন করিতেছেন, অতএব বেশগৃহে প্রবেশ কর ॥ ২১ ॥

(এই বলিয়া উভয়ের প্রস্থান)।

(কৃষ্ণের ও পশ্চাতে মধুমঙ্গলের প্রবেশ)

কৃষ্ণ। (খেদের সহিত) যে বিদ্যুৎবরণী সুন্দরী আমার অঙ্গের কুঙ্কুম-লেপের ন্যায়, যিনি আমার কণ্ঠতটের সুগন্ধ-বিস্তারিণী চম্পকমালা-সদৃশা এবং যিনি আমার নয়নদ্বয়ের নিকট সিদ্ধ অঞ্জনচূর্ণে বিলিপ্তা সুশীতল স্বর্ণ-শলাকাস্বরূপা—হা ধিক্! সেই শ্রীরাধিকা বিনা এই সকল রাত্রি আমার প্রাণ নাশ করিতেছে।

মধুমঙ্গলঃ। (কৃষ্ণস্য করে মণিং পশ্যন্) পিঅবঅস্স! রাহিআ-কণ্ঠালঙ্কারো মণিন্দো কহং দিআকরেণ লদ্ধো ?

কৃষ্ণঃ। (সখেদম্)

অনুদিনমতিনম্রা কুর্ব্বতী পূর্ব্বমাসীৎ
পিতৃপতিপিতুরর্ঘ্যং গর্গবাক্যেন রাধা।
ইতি বহুলরুচীনাং বীচিভিঃ সা পরীতং
মণিবরমুপহারং নূনমস্মৈ চকার ॥ ২২ ॥

মধুমঙ্গলঃ। পেক্খ এস কিরণ-কন্দলীহিং কিম্পি বেলক্খণং ধারেই মণিন্দো।

মধুমঙ্গল ইতি। প্রিয়বয়স্য ! রাধিকা-কণ্ঠালঙ্কারো মণীন্দ্রঃ কথং দিবাকরেণ লব্ধঃ ?

কৃষ্ণ ইতি। পিতৃপতিঃ যমঃ। ধর্ম্মরাজঃ পিতৃপতিঃ সমবর্ত্তী পরেতরাট্ ইত্যমরঃ ॥ ২২ ॥

মধুমঙ্গল ইতি। পশ্য, এষ কিরণ-কন্দলীভিঃ কিমপি বৈলক্ষণ্যং ধারয়তি মণীন্দ্রঃ।

মধুমঙ্গল। (কৃষ্ণের হস্তে স্যমন্তক মণি দেখিয়া) প্রিয়সখে! রাধিকার কণ্ঠভূষণ এই শ্রেষ্ঠ মণি কি প্রকারে দিবাকর প্রাপ্ত হইলেন ?

কৃষ্ণ। (সখেদে) শ্রীরাধিকা পূর্ব্বে গর্গমুনির বাক্যানুসারে প্রতিদিন অতি নম্রভাবে সূর্য্যদেবকে অর্ঘ্যদান করিতেন—বোধ হয়, এই ভাবেই তিনি নিশ্চিতই সূর্য্যদেবকে এই বহুকিরণমালা-পরিবৃত এই মণিবর উপহার দিয়াছিলেন ॥ ২২ ॥

মধুমঙ্গল। দেখ, কিরণাবলীর দ্বারা এই মণিবর কিরূপ বিপরীত লক্ষণ ধারণ করিয়াছে।

কৃষ্ণঃ। সখে! ঘনচৈতন্যবিবর্ত্তোঽয়ং, ন প্রাকৃত-রত্ন-সাধারণীং ধুরমারোঢ়ুমর্হতি।

(ইতি স্যমন্তকং বক্ষস্তটে নিধায় সবাষ্পম্)

ধন্যঃ সোঽয়ং মণিরবিরলধ্বান্তপুঞ্জে নিকুঞ্জে
স্মিত্বা স্মিত্বা ময়ি কুচপটীং কৃষ্টবত্যুন্মদেন।
গাঢ়ং গূঢ়াকৃতিরপি তয়া মন্মুখাকূতবেদী
নিষ্ঠীবন্ যঃ কিরণলহরীং হ্রেপয়ামাস রাধাম্ ॥২৩॥

কৃষ্ণ ইতি। ঘনানন্দঃ স্বরূপঃ। ধুরং ভারম্। ধুস্তু স্যাত্তারচিন্তয়োরিতি কোষঃ।

ধন্য ইতি। অবিরলঃ নিবিড়ঃ। তয়া রাধয়া কুচপটাা বা গূঢ়াকৃতির্যস্য সঃ। ষ্ঠীবন্ নিক্ষিপন্ ষ্ঠীবু নিরসনে ইতি পাঠাৎ প্রকাশয়ন্নিত্যর্থঃ ॥ ২৩ ॥

কৃষ্ণ। সখে! এই মণি ঘনানন্দস্বরূপ, কখনও প্রাকৃত রত্নের সহিত সাধারণভাবে ইহার তুলনা হইতে পারে না।—(ইহা বলিয়া স্যমন্তক-মণি বক্ষোদেশে ধারণ করিয়া অশ্রুপূর্ণ-লোচনে) ধন্য এই মণি! আমি নিবিড় অন্ধকারপুঞ্জ-পূর্ণ নিকুঞ্জ-মধ্যে হাসিতে হাসিতে মত্তভাবে শ্রীরাধিকার কঞ্চুলিকা আকর্ষণ করিবার সময় আমার মুখভাবে আমার মনের ঐকান্তিক অভিপ্রায় জানিতে পারিয়া শ্রীরাধিকার স্তনবস্ত্রে গাঢ়রূপ আচ্ছাদিত এই মণি কিরণলহরী প্রকাশ করিয়া তাঁহাকে লজ্জিত করিয়াছিল ॥ ২৩ ॥

মধুমঙ্গলঃ। পিঅবঅস্‌স! সুদং মএ, জাম্ববন্তস্‌স সআসাদো এসো মণীন্দো তুএ লদ্ধো।

কৃষ্ণঃ। অথ কিম্।

মধুমঙ্গলঃ। কধং লদ্ধো?

কৃষ্ণঃ। সখে! স ভল্লূকমল্লঃ স্ববিলান্তরে মাং বিলোমচেষ্টং বিলোক্য শঙ্কিত-রত্নাপহারঃ সম্প্রহারমারেভে।

মধুমঙ্গলঃ। তদো তদো?

মধুমঙ্গল ইতি। প্রিয়বয়স্য! শ্রুতং জাম্ববতঃ সকাশাৎ এষ মণীন্দ্রস্ত্বয়া লব্ধঃ।

মধুমঙ্গল ইতি। কথং লব্ধঃ?

কৃষ্ণ ইতি। বিলোমচেষ্টং প্রতিকূলচেষ্টম্। সংপ্রহারং যুদ্ধম্।

মধুমঙ্গল ইতি। ততস্ততঃ?

মধুমঙ্গল। প্রিয়বয়স্য! আমি শুনিলাম, তুমি জাম্ববানের নিকট হইতে এই মণীন্দ্র প্রাপ্ত হইয়াছ।

কৃষ্ণ। তাহাই বটে।

মধুমঙ্গল। কিরূপে পাইলে?

কৃষ্ণ। সেই ভল্লূকশ্রেষ্ঠ আমাকে স্বীয় গর্ত্তমধ্যে প্রতিকূলচেষ্টা-পরায়ণ দেখিয়া রত্ন অপহরণের আশঙ্কায় আমার সহিত যুদ্ধে প্রবৃত্ত হইয়াছিল।

মধুমঙ্গল। তার পর, তার পর?

কৃষ্ণঃ। ততশ্চিরায় মদ্বিজ্ঞানতঃ সমাপ্তে তু তস্মিন্ মহাসংগ্রামতন্ত্রে যন্ত্রিতঃ স মন্ত্রী মাং সামোদমবাদীৎ—

কচ্চিদ্ভূমে স্মরসি জলধৌ সেতুবন্ধানুবন্ধম্
কচ্চিত্ত্বং বা দশমুখশিরঃ-কন্দুকোৎক্ষেপকেলিম্।
তদ্বিস্মর্তুং চরিতমথবা নাসি শক্তো যদেষ
প্রাঞ্চং রত্নাহরণ-মিষতঃ কিঙ্করং সংস্করোষি * ॥২৪॥

মধুমঙ্গলঃ। তদো তদো ?

কৃষ্ণ ইতি। যন্ত্রিতঃ সঙ্কুচিতঃ।

কচ্চিদিতি। প্রাঞ্চং প্রাচীনং কিঙ্করং মাং শং সুখরূপং করোষি সংকরোষীতি পাঠান্তরম্॥ ২৪ ॥

মধুমঙ্গল ইতি। ততস্ততঃ।

কৃষ্ণ। তাহার পর বহুকাল পরে সেই মন্ত্রী জাম্ববান্ আমার স্বরূপ সম্যক্রূপে অবগত হইয়া সেই সংগ্রাম হইতে বিরত হইল এবং আমাকে আনন্দসহকারে বলিল—হে প্রভো! সেই ভয়ঙ্কর সমুদ্রে সেতুবন্ধের কথা কি আপনার কখনও স্মরণ হয়? দশাননের মস্তক ঊর্দ্ধে নিক্ষেপ করিয়া কন্দুকক্রীড়ার কথা কি আপনি কখনও স্মরণ করিয়া থাকেন? অথবা সেই লীলা আপনি বিস্মৃত হইতে সমর্থ নহেন বলিয়াই রত্ন-হরণচ্ছলে এই প্রাচীন কিঙ্করের সুখবিধান করিতেছেন বা সংস্কার-সাধন করিতেছেন? ॥ ২৪ ॥

মধুমঙ্গল। তার পর, তার পর?

---

* "শংকরোষি" ইতি পাঠান্তরম্।

কৃষ্ণঃ। ততো হেমকুট্টিমার্পিতায়াং মাং নিবেশ্য মণীন্দ্রমানেতুং প্রকোষ্ঠান্তরং প্রবিষ্টে ভল্লূক-চক্রবর্ত্তিনি, মুহূর্ত্ততঃ কাপি জরতী মদভ্যর্ণমাসাদ্য নিবেদিতবতী, তাত! তস্মিন্ হঠাদাকৃষ্টমানে মণীন্দ্রে জাম্ববতঃ কুমারী বিপদ্যতে অনাকৃষ্টমানে খল্বিষ্ট-দৈবতস্য তে বিপ্রলম্ভঃ সম্ভবতীতি মহাসঙ্কট-জম্বাল-মগ্নস্য জাম্ববতঃ করাবলম্বং ভবন্তমন্তরেণ নান্যং পশ্যামি।

ততস্তামবোচম্, বৃদ্ধে! তস্মিন্নবষ্টম্ভ-কদম্বোদগারিণি মণৌ ধনতৃষ্ণোপাধিঃ কিমস্যাঃ গৌরবোন্নাহঃ?

কৃষ্ণ ইতি। বিপদ্যতে প্রাণং ত্যজতি। বিপ্রলম্ভঃ বিরোধঃ। জম্বালঃ কর্দ্দমঃ। করাবলম্বং সহায়ম্।

বৃদ্ধে ইতি। সুবর্ণস্য সমূহমুদ্গারিতুং শীলং যস্য তস্মিন্। ধনতৃষ্ণা উপাধিঃ কারণং যত্র সঃ। অস্যা জাম্ববত্যা আগ্রহাধিক্যম্।

কৃষ্ণ। অতঃপর আমাকে স্বর্ণমন্দিরে রত্নখট্টায় উপবেশন করাইয়া সেই ভল্লুক-চক্রবর্ত্তী এই মণিশ্রেষ্ঠকে আনয়ন করিতে প্রকোষ্ঠান্তরে প্রবেশ করিলে, মুহূর্ত্তকালমধ্যে এক জন বৃদ্ধা অন্তঃপুর হইতে আসিয়া আমাকে নিবেদন করিল, প্রভো! যদি বলপূর্ব্বক জাম্ববান্ সেই মণি আকর্ষণ করে, তাহা হইলে জাম্ববানের কন্যা কুমারী জাম্ববতীর প্রাণ থাকে না; আর যদি মণি গ্রহণ না করে, তাহা হইলে ইষ্টদেব আপনার সহিত বিচ্ছেদ ঘটে, অতএব এই মহৎ সঙ্কট-কর্দ্দমে পতিত জাম্ববান্‌কে আপনি ভিন্ন আর কাহারও উদ্ধারের সামর্থ্য নাই।

অনন্তর আমি সেই বৃদ্ধাকে বলিলাম, বৃদ্ধে! সেই সুবর্ণভার-প্রসবকারী মণির প্রতি আসক্তির কারণ ধনতৃষ্ণা, তাহা কি জাম্ববতীর পক্ষে অধিক গৌরবের বিষয়?

ধাত্রী। তাত! নহি নহি।

রত্নং যদা দিনকর-প্রতিমন্দরোচি-
র্ভল্লূক-মণ্ডলপতিঃ স্বয়মাজহার।
এতত্তদা ক্ষণমবেক্ষ্য সরোরুহাক্ষী
সা ক্ষীণধৈর্য্য-নিকরা বিকলা বভূব ॥২৫॥

সাম্প্রতমপি বৎসা—

খিদ্যন্তী ঘটিকাং ক্রমেণ ঘটয়ত্যক্ষামবক্ষোজয়ো-
র্জিঘ্রন্তী চ মুহুর্মুহূর্ত্তমুপরি ঘ্রাণস্য বিন্যস্যতি।
ধত্তে নিশ্বসতী চ নীর-কণিকা কীর্ণান্তয়োর্নেত্রয়ো-
রিত্থং বন্ধুমিব স্যমন্তকমসৌ ধৃতাঙ্গমালিঙ্গতী ॥ ২৬ ॥

ধাত্রীতি। দিনকরস্য প্রতিমন্দতুল্যং রোচির্যস্য তৎ। আজহার আনীত-বান্। এতৎ রত্নম্। সরোরুহাক্ষী জাম্ববতী ॥ ২৫ ॥

সাম্প্রতমিতি। ঘটিকাং ব্যাপ্য ধৃতাঙ্গম্ ॥ ২৬ ॥

ধাত্রী। প্রভো! তাহা নহে। ভল্লূক-চক্রবর্ত্তী যখন এই দ্বিতীয় দিনকর-সদৃশ উজ্জ্বল রত্ন স্বয়ং গ্রহণ করিলেন, তখন সেই কমলনয়না জাম্ববতী এই রত্নকে ক্ষণকাল দেখিতে না পাইয়া ধৈর্য্যহীনা ও বিহ্বলা হইয়া পড়িয়াছে ॥ ২৫ ॥

এখনও বৎসা খেদ করিতে করিতে ক্রমাগত ঘটিকাকাল ধরিয়া এই মণিকে স্থূলস্তনযুগলের উপর ধারণ করিতেছে, কখনও বা মুহূর্ত্ত-কাল ধরিয়া নাসিকার উপর স্থাপন করিয়া মুহুর্মুহু আঘ্রাণ করিতেছে, কখনও বা অশ্রুপূর্ণ নেত্রদ্বয়োপরি ধারণ করিয়া নিশ্বাসত্যাগ করিতেছে, এইরূপে কম্পিতাঙ্গী এই জাম্ববতী বন্ধুর ন্যায় স্যমন্তককে আলিঙ্গন করিতেছে ॥ ২৬ ॥

মধুমঙ্গলঃ। তদো তদো ?

কৃষ্ণঃ। ততশ্চ কৌতুকেনাহমাক্রান্তমনাস্তামবাদিষম্, ধাত্রিকে ! কিমত্র কারণম্ ? যদেষা তত্র রত্নে প্রাজ্যং রজ্যতি।

ধাত্রী। তাত ! কস্তদ্বিজ্ঞাতুমীষ্টে ?

যতঃ—

রত্নে রতিস্তে মহতী কিমত্র
সা ভঙ্গুরভ্রূরিতি পৃচ্ছমানা।
নিশ্বস্য নিশ্বস্য তনোতি বাষ্পং
মুখেন্দুমাবৃত্য পটাঞ্চলেন ॥ ২৭ ॥

মধুমঙ্গল ইতি। ততস্ততঃ ?

কৃষ্ণ ইতি। প্রাজ্যং প্রচুরম্।

ধাত্রীতি। ইতি পৃচ্ছমানা সা ভঙ্গুরভ্রূঃ সতী বাষ্পং তনোতীত্যন্বয়ঃ ॥ ২৭ ॥

মধুমঙ্গল। তার পর, তার পর ?

কৃষ্ণ। এই কথা শুনিয়া আমার মন কৌতূহলে আক্রান্ত হওয়ায় আমি তাহাকে বলিলাম—ধাত্রিকে ! এই রত্নে ইঁহার এইরূপ অসামান্য অনুরক্তির কারণ কি ?

ধাত্রী। প্রভো ! কে তাহা জানিতে চেষ্টা করিবে ? যেহেতু—এই রত্নে তোমার এত আসক্তি কেন ? এ কথা জিজ্ঞাসা করিলেই সে ভ্রূভঙ্গি পুরঃসর বস্ত্রাঞ্চলে মুখচন্দ্র আবৃত করিয়া দীর্ঘনিশ্বাস ত্যাগ করিতে করিতে অশ্রুত্যাগ করিতে থাকে ॥ ২৭ ॥

ততস্তামভ্যধাম্, ধাত্রি! কিমেষা ব্যাহরন্তী তিষ্ঠতি?

ধাত্রী। কল্যাণীভির্দ্যুতিভিরধিকং রাধিকামাধবাখ্যং
যৎ পঞ্চালী মিথুনমতুলং নির্ম্মমে নির্ম্মলাঙ্গী।
তস্যান্যোন্য-প্রণয়-মধুরৈঃ সঙ্গমালাপরঙ্গৈঃ
খেলন্তী সা ক্ষপয়তি গলদ্বাষ্পধারং দিনানি ॥২৮॥

ততস্তদাকর্ণ্য গম্ভীর-বিস্ময়ারম্ভ-সম্বীত-চিত্তস্তামেবাহং সশান্ত্ব্যমবাদিষম্, ধাত্রিকে! কীদৃশপঞ্চালিকাদ্বন্দ্বং তদবলোকে কৌতূহলবানস্মি।

তত ইতি। অভ্যধাম্ অপৃচ্ছম্।

ধাত্রীতি। পঞ্চালিকা পুত্রিকা স্যাদ্বস্ত্রদন্তাদিভির্ক্তা। মিথুনযুগলং প্রতিম-যুগ্মম্। সঙ্গমো মিলনমালাপং কথনঞ্চ তত্র যে রঙ্গাঃ কৌতুকানি তৈঃ ॥ ২৮ ॥

ততঃ ধাত্রীবচনম্, সশান্ত্বং সমধুরম্।

তদনন্তর আমি তাহাকে জিজ্ঞাসা করিলাম, ধাত্রি! ইনি কিরূপ আচরণে কালযাপন করেন?

ধাত্রী। এই নির্ম্মলাঙ্গী কুমারী অতিসুন্দর দ্যুতিসমন্বিত রাধিকা-মাধব-নামক যুগলমূর্ত্তি নির্ম্মাণ করিয়া তাহাদের পরস্পরের প্রতি প্রণয়গর্ভ মধুর আলাপনের, মিলনের ও কৌতুকের দ্বারা ক্রীড়া করিতে করিতে অশ্রুপূর্ণলোচনে দিনযাপন করিয়া থাকে ॥ ২৮ ॥

অনন্তর ধাত্রীর কথা শুনিয়া আমার চিত্ত অতীব গম্ভীর-বিস্ময়ে আক্রান্ত হওয়ায় আমি তাহাকে মধুরবচনে বলিলাম—ধাত্রিকে! সেই প্রতিমাদ্বয় কিরূপ, তাহা দেখিবার জন্য আমি কৌতূহলাক্রান্ত হইয়াছি।

ধাত্রী। তাত! তদদ্ভুতং জগন্মণ্ডলোত্তংসয়োঃ স্ত্রী-পুংসয়োর্যুগ্মম্।

তয়োর্হি।

ত্বদালোকে সদ্যঃ স খলু তব তুল্যাকৃতিধরঃ
পুমান্ মে স্মেরাস্যঃ স্মরণ-পদবীমভ্যুপগতঃ।
ন জানে সা ধন্যা ক নু বসতি পুণ্যে জনপদে
যদালোকারম্ভে সা স্মৃতিমুপজিহীতে বরতনুঃ ॥২৯॥

মধুমঙ্গলঃ। তদো তদো ?

কৃষ্ণঃ। সা কক্ষান্তরমাসাদ্য জাম্ববতী-চিত্তমুত্তম্ভয়ামাস বৎসে! তবায়ং পঞ্চালিকয়োর্যঃ শ্যামঃ পুমান্ স কৌতুকী বিগ্রহা-

ত্বদালোকে ইতি। যস্যা রাধায়াঃ প্রতিমূর্ত্তের্দর্শনারম্ভে। উপজিহীতে উপগচ্ছতি। ওহাঙ্ গতৌ ॥ ২৯ ॥

মধুমঙ্গল ইতি। ততস্ততঃ ?

কৃষ্ণ ইতি। কক্ষান্তরং প্রকোষ্ঠান্তরম্। উত্তম্ভয়ামাস উৎসুকয়ামাস।

ধাত্রী। প্রভো! সেই প্রতিমাদ্বয় জগন্মণ্ডলের সর্ব্বশ্রেষ্ঠ স্ত্রী-পুরুষের যুগল। তাহাদের মধ্যে তোমাকে দর্শন করিয়া তোমার তুল্য আকৃতিধারী—হাস্যবদন সেই পুরুষ-প্রতিমা আমার স্মরণপথে উপস্থিত হইল, আর সেই স্ত্রী-প্রতিমাকে দেখিলে যাঁহাকে মনে পড়ে, না জানি, সেই ধন্যা সুন্দরী কোন্ পুণ্যময় জনপদে অবস্থান করিতেছেন! ॥ ২৯ ॥

মধুমঙ্গল। তার পর, তার পর ?

কৃষ্ণ। তাহার পর সেই ধাত্রী কক্ষান্তরে গমন করিয়া জাম্ববতীর চিত্তকে ঔৎসুক্যে পূর্ণ করিয়া কহিল—বৎসে! তোমার এই বিগ্রহ-যুগলের

ত্বরেণ জঙ্গমী-ভাবমঙ্গীকৃত্য পর্য্যঙ্কিকামধ্যমধ্যাস্তে তদদ্ভুতং দৃষ্টৈরপরোপক্ষী ক্রিয়তাম্। (ইত্যাকর্ণ্য চ)

রাধায়াঃ প্রতিমাং মণিপ্রণয়িনীং বিন্যস্য ধাত্রা-করে
সা সদ্যস্তরুণা তিরোহিত-তনুর্মাং বীক্ষ্য পর্য্যুৎসুকা।
ক্রোশন্তী শিথিলীকৃত-ত্রপমপধ্বস্তাঙ্গ-বর্ণোন্নতিঃ
সাতঙ্কং নিপপাত মচ্চরণয়োরঙ্কে কুরঙ্গেক্ষণা ॥ ৩০ ॥

(ইতি বৈবশ্যং নাটয়তি)

মধুমঙ্গলঃ। (স-সম্ভ্রমং পাণিং প্রসার্য্য) পিঅবঅস্স! মহ হত্থং ওলম্বেহি।

রাধায়া ইতি। মণিপ্রণয়িনীং মণিরচিতামিত্যর্থঃ। তরুণা বৃক্ষেণ তিরোহিতা তনুর্যস্যাঃ সা। অঙ্কে নিকটে ॥ ৩০ ॥

মধুমঙ্গল ইতি। প্রিয়বয়স্য! মম হস্তং অবলম্বস্ব।

মধ্যে যিনি শ্যামবর্ণ পুরুষ, তিনি কুতূহলাক্রান্ত হইয়া অস্ত দেহে জঙ্গম-ভাব ধারণ করত পর্য্যঙ্কমধ্যে অবস্থান করিতেছেন, অতএব তুমি সেই অপূর্ব্ব মূর্ত্তিকে সাক্ষাতে প্রত্যক্ষ কর।

(ইহা শুনিয়া) ধাত্রীর করে শ্রীরাধিকার মণিবিনির্ম্মিতা প্রতিমা স্থাপন করিয়া সেই কুমারী তৎক্ষণাৎ বৃক্ষের অন্তরালে নিজ তনু গোপন করিয়া আমাকে অবলম্বন করত ঔৎসুক্যভরে কাঁদিতে লাগিলেন এবং লজ্জাবিরহিতা হইয়া বিবর্ণ-কলেবরে বিগলিতাঙ্গে সেই হরিণনয়না আতঙ্কভরে আমার পদপ্রান্তে পতিত হইলেন ॥ ৩০ ॥

(ইহা বলিয়া বিহ্বল হইলেন)

মধুমঙ্গল। (সসম্ভ্রমে হাত বাড়াইয়া) প্রিয়বয়স্য! আমার হস্ত ধারণ কর।

কৃষ্ণঃ। (তথা কৃত্বা সগদ্গদম্)

উপতরু ললিতাং তাং প্রত্যভিজ্ঞায় সদ্যঃ
প্রকৃতি-মধুররূপাং বীক্ষ্য রাধাকৃতিঞ্চ।
মণিমপি পরিচিন্বন্ শঙ্খচূড়াবতংসং
মুহুরহমুদঘূর্ণং ভূরিণা সম্ভ্রমেণ ॥ ৩১ ॥

মধুমঙ্গলঃ। হী হী পিঅবঅস্‌স! এসো কঞ্জিঅং পত্থঅন্তস্‌স সিহরিণীলাহো।

(ইত্যুৎকূজন্)

কৃষ্ণ ইতি। উপতরু তরোঃ সমীপে, সেয়ং ললিতা ইতি জ্ঞাত্বা। সিদ্ধি-নাম নাটকভূষণমিদম্।—অতর্কিতোপপন্নঃ স্যাৎ সিদ্ধিরিষ্টার্থসঙ্গমঃ। অত্র ইষ্টস্য ললিতাদি-সঙ্গমস্যাতর্কিতত্বাৎ সিদ্ধিঃ ॥ ৩১ ॥

মধুমঙ্গল ইতি। আশ্চর্য্যম! প্রিয়বয়স্য! কাঞ্জিকাং প্রার্থ্যমানস্য শিখরিণী-

কৃষ্ণ। (তাহাই করিয়া গদ্গদস্বরে) হঠাৎ সেই তরুর অন্তরালে অবস্থিতা জাম্ববতীকে ললিতা বলিয়া জানিতে পারিয়া এবং স্বভাব-মধুরা সেই শ্রীরাধিকার আকৃতি দর্শনে সেই মণিকে শঙ্খচূড়ের শিরোভূষণরূপে চিনিতে পারিয়া অত্যন্ত সম্ভ্রমের সহিত আমি মুহুর্মুহুঃ ঘূর্ণিত হইয়াছিলাম ॥ ৩১ ॥

মধুমঙ্গল। কি আশ্চর্য্য! প্রিয়বয়স্য! ইহা ত কাঞ্জিকাপ্রার্থীর পক্ষে শিখরিণীলাভ! (ইহা বলিয়া উচ্চস্বরে)—

ভো ! এদং মহাসোক্খ-বিক্খোহেন প্পফুট্টই মে হিঅঅং, তা ধারেহি মম্।

কৃষ্ণঃ। সখে ! ক্ষণমব্যগ্রঃ সমাকর্ণয়।

মধুমঙ্গলঃ। (সধৈর্য্যম্) তদো তদো ?

কৃষ্ণঃ। শান্তিহেতুভিঃ কোমলালাপমাধুরীভিঃ সান্ত্বিতাপি সুকণ্ঠী মুক্তকণ্ঠং ক্রন্দন্তী মামবাদীৎ—

অলিন্দে কালিন্দী-কমল-সুরভৌ কুঞ্জবসতে-
বসন্তীং বাসন্তী নবপরিমলোদ্গারি-চিকুরাম্।
ত্বদুৎসঙ্গে নিদ্রাসুখমুকুলিতাক্ষীং পুনরিমাং
কদাহং সেবিষ্যে কিশলয়-কলাপ-ব্যজনিনী ॥৩২॥

ভো ! এতৎ মহাসৌখ্য-বিক্ষোভেণ প্রস্ফুটতি মে হৃদয়ম্, তৎ ধারয় মাম্।

মধুমঙ্গল ইতি। ততস্ততঃ ?

কৃষ্ণ ইতি। অলিন্দে অঙ্গনে। নবীন-পত্রাণাং সমূহো ব্যজনমস্তি যস্যাঃ সা। কলাপো ভূষণে বর্হে তূণীরে সংহতে চেতি কোষঃ ॥ ৩২ ॥

সখে ! এই মহাসুখের উদয় হওয়ায় আমার হৃদয়-পদ্ম অত্যন্ত আনন্দে ফুটিয়া উঠিতেছে, অতএব আমাকে ধর।

কৃষ্ণ। সখে ! আর ক্ষণকাল ধৈর্য্য ধারণ করিয়া শ্রবণ কর।

মধুমঙ্গল। (ধৈর্য্য সহকারে) তার পর, তার পর ?

কৃষ্ণ। শান্তির হেতুভূত কোমলালাপ-মাধুরীর দ্বারা সান্ত্বনা প্রাপ্ত হইয়াও সেই সুকণ্ঠী মুক্তকণ্ঠে ক্রন্দন করিতে করিতে আমাকে বলিলেন— আমি কবে আবার কালিন্দীজাত কমলগন্ধে সুরভিত কুঞ্জের অঙ্গনে বসন্তকালীন নবপরিমল-বিস্তারিতচিকুরা তোমার ক্রোড়ে নিদ্রাসুখে

ততঃ প্রগাঢ়তরোৎকণ্ঠাপরীতেন হৃদ্বাষ্পমুদ্রা ময়াপি
চিরাত্তস্যামুদ্ঘাটিতা ।

হন্ত ললিতে ! সবিধমনৃত-নিদ্রা মুদ্রিতাক্ষস্য যান্তী
মুহুরিয়মধুনা মে বক্ত্রবিম্বং চুচুম্ব ।
ইতি সখি ! পুরতস্তে হ্রেপিতায়া ময়োচ্চৈ-
র্জ্রকুটি-মধুরমাস্যং রাধিকায়াঃ স্মরামি ॥ ৩৩ ॥

মধুমঙ্গলঃ । তদো তদো ?

তত ইতি । স্বীয়-বাষ্পমুদ্রা ।

মুদ্রিতাক্ষস্য মিথ্যাভূতয়া নিদ্রয়া মুদ্রিতে অক্ষিণী যেন তস্য ॥ ৩৩ ॥

মধুমঙ্গল ইতি । ততস্ততঃ ?

নিমীলিত-নয়না শ্রীরাধিকাকে নবীন পত্রাবলীর দ্বারা ব্যজন করিয়া সেবা করিব ? ॥ ৩২ ॥

অনন্তর প্রগাঢ় উৎকণ্ঠাকুলিত হইয়া আমিও বহুক্ষণ ধরিয়া আমার হৃদয়ের ব্যথা প্রকাশ-পুরঃসর কহিলাম—হায় ! ললিতে ! আমি নিকটে মিথ্যানিদ্রায় নিমীলিতনেত্র হইলে ইনি এখনই মুহূর্ত্তকাল আমার বদনবিম্বে চুম্বন করিয়াছেন, হে সখি ! এই কথা উচ্চ করিয়া তোমার অগ্রে বলিয়া লজ্জা দিলে পর, শ্রীরাধিকার যে মধুর ভ্রূকুটিযুক্ত বদন প্রকাশ পাইয়াছিল, আমি তাহাই স্মরণ করিতেছি ॥ ৩৩ ॥

মধুমঙ্গল । তার পর, তার পর ?

কৃষ্ণঃ। ততশ্চ বিজ্ঞাতাখিলবৃত্তান্তঃ স জাম্ববান্ সানন্দং তত্রাগত্য মামব্রবীৎ—

সুগ্রীব-প্রণয়িতয়া মুহুঃ সমগ্রং
কারুণ্যং ময়ি কুরুতে সরোজবন্ধুঃ।
তস্যাহং ত্বরিতমধারয়ং নিদেশা-
ন্নিঃশঙ্কং গিরিশিখরাদিমাং পতন্তীম্॥ ৩৪॥

ততশ্চ জাম্বুনদালঙ্কৃতা জাম্ববতী তেন ভল্লুকশিরো-মালোন শিরোমণিনা সহ মম পাণৌ বিন্যস্তা। ময়াপি বিদর্ভেন্দ্রমর্য্যাদা-ভঙ্গভীরুণা রৈবত-কন্দরায়াং সা সুন্দরী

কৃষ্ণ ইতি। সুগ্রীবেতি। সুগ্রীবস্য সূর্য্যপুত্রত্বস্য খ্যাতিঃ পুরাণ-প্রসিদ্ধা। সরোজবন্ধুঃ সূর্য্যঃ; তস্য সূর্য্যস্য॥ ৩৪॥

ময়াপীতি। বিদর্ভেন্দ্রেণ ভীষ্মকেন কৃতা যা মর্য্যাদা তৎপুত্র্যাজ্ঞামৃতেঽন্যস্য অস্বীকাররূপা তস্যা ভঙ্গে ভীরুণা।

কৃষ্ণ। অনন্তর সমস্ত বৃত্তান্ত অবগত হইয়া জাম্ববান আনন্দভরে তথায় আসিয়া আমাকে বলিলেন—সুগ্রীবের সহিত আমার প্রণয়, এই জন্য সরোজবন্ধু সূর্য্যদেব আমাকে বারংবার পূর্ণভাবে কৃপা করিয়া থাকেন, সেই জন্যই তাঁহার আদেশেই গিরিশিখর হইতে পতিত হইবার সময়ে এই কন্যাকে নির্ভয়ে অতি শীঘ্র ধারণ করিয়াছিলাম॥ ৩৪॥

অনন্তর স্বর্ণালঙ্কার-ভূষিতা জাম্ববতীকে সেই ভল্লুক-শিরোমণি এই রত্নোত্তম স্যমন্তকের সহিত আমার হস্তে সমর্পণ করিলেন। আমিও বিদর্ভেন্দ্রের নিকট যে প্রতিশ্রুতি দান করিয়াছিলাম, তদনুসারে তাঁহার মর্য্যাদা-ভঙ্গভয়ে এই সুন্দরীকে রৈবতক পর্ব্বতের কন্দরে

রক্ষিতা। তদিদং রহস্য-কথা-রত্নং যত্নতশ্চিত্ত-কোষান্তরে ধারণীয়ম্—যথা কস্যাপি বিতর্কপদবীমপি নাবরোহতি।

মধুমঙ্গলঃ। এব্বম, ণ্ণেদম্।

কৃষ্ণঃ। (সবৈক্লব্যম্)

নিখিল-সুহৃদামর্থারম্ভে বিলম্বিত-চেতসো
মসৃণত-শিখো যঃ প্রাপ্তোঽভূন্মনাগিব মার্দ্দবম্।
স খলু ললিতা-সান্দ্র-স্নেহপ্রসঙ্গ-ঘনীভবন্
পুনরপি বলাদিন্ধে রাধাবিয়োগময়ঃ শিখী ॥ ৩৫ ॥

মধুমঙ্গল ইতি। যথা কথয়সি, তথা করোমি।

কৃষ্ণ ইতি। মসৃণিতঃ কোমলঃ শীতলো বিরহাগ্নিঃ মনাক্ অল্পতরং মার্দ্দবং মৃদুত্বং প্রাপ্তঃ। আক্ষেপ-নাম সন্ধ্যঙ্গমিদম্। তথাচ—গর্ভবীজ-সমুৎক্ষেপমাক্ষেপং পরিচক্ষতে। অত্র সকৃদর্থসম্পাদনেন গর্ভিতস্য রাধানুরাগস্য পুনর্ললিতাদর্শনাদুৎক্ষেপাদাক্ষেপঃ ॥ ৩৫ ॥

রক্ষা করিয়াছি। অতএব এই গোপনীয় কথারত্নকে তোমার চিত্তকোষে অতি যত্নে রক্ষা করিও, যেন এ বিষয়ে কোনও বাদানুবাদের কারণ উপস্থিত না হয়।

মধুমঙ্গল। তাহাই হইবে, ইহা কেহ জানিতে পারিবে না।

কৃষ্ণ। (ব্যাকুলতা সহকারে) রাধাবিরহরূপ যে অগ্নি যাবতীয় সুহৃদ্গণের অভিলষণীয় কার্য্যে বিলম্বিতচিত্ত হওয়ায় উহার শিখা শীতল হইয়া একবারে মৃদু হইয়াছিল, সেই অগ্নি এখন ললিতার গাঢ় স্নেহ-প্রসঙ্গে ঘনীভূত হইয়া বলপূর্ব্বক পুনরায় প্রজ্বলিত হইয়া উঠিল ॥ ৩৫ ॥

(ইতি বিরহার্ত্তিং নাটয়ন্)

ললাটে কাশ্মীরৈঃ কুরু মম দৃশং পাবকময়ীং
দধীথা ভোগীন্দ্র-দ্যুতিমুরসি মুক্তামণিসরম্।
তনোঃ কণ্ঠং মুক্ত্বা জনয় ঘনসারৈর্ধবলতাং
হরভ্রান্ত্যা ভীতস্তুদতি ন যথা মাং মনসিজঃ ॥ ৩৬ ॥

মধুমঙ্গলঃ। সচ্চং গরুঅ ক্খু এসো সন্তাবো, তা কো এত্থ পড়িআরোত্তি ণ ক্খু ওধারেমি।

ললাটে ইতি। কাশ্মীরৈঃ কুঙ্কুমৈঃ। মণিসরং মণিহারং কণ্ঠং ত্যক্ত্বা তনোঃ শরীরস্য কর্পূরৈর্ধবলতাং জনয়। তুদতি পীড়য়তি। মনসিজঃ কন্দর্পঃ ॥ ৩৬ ॥

মধুমঙ্গল ইতি। সত্যং গুরুঃ এষ সন্তাপঃ, তৎ কোঽত্র প্রতীকার ইতি ন খলু অবধারয়ামি।

(ইহা বলিয়া বিরহব্যথা প্রকাশ করিতে লাগিলেন)

সখে! যাহাতে হরভ্রমে মদন ভীত হইয়া আমাকে যন্ত্রণা প্রদান না করে, সেই জন্য ললাটে কুঙ্কুম দ্বারা আমার অগ্নিময় চক্ষু রচনা কর, সর্পরাজ-কান্তি মুক্তামালার দ্বারা আমার বক্ষোদেশ অলঙ্কৃত কর এবং কণ্ঠ ব্যতীত আর সমস্ত অঙ্গ কর্পূরের দ্বারা ধবলিত কর ॥ ৩৬ ॥

মধুমঙ্গল। সত্যই এই সন্তাপ গুরুতর, ইহার যে কি প্রতীকার, তাহা আমি স্থির করিতে পারিতেছি না।

কৃষ্ণঃ। সখে! প্রিয়াবিহার-সমভিহার-সাক্ষিণঃ কুঞ্জবৃন্দস্য বৃন্দাবনস্য বিলোকনমন্তরেণ নাত্র পরঃ প্রতীকারঃ, তদেষ মণীন্দ্রস্ত্বয়া সত্রাজিতায় সমর্প্যতাম্, ময়াপ্যবরোধায় গন্তব্যম্।

(ইতি নিষ্ক্রান্তৌ)

(ইতি নিষ্ক্রান্তাঃ সর্ব্বে) ॥ ৩৭ ॥

॥ * ॥ ইতি শ্রীললিতমাধবনাটকে ললিতোপলব্ধির্নাম ষষ্ঠোঽঙ্কঃ ॥ * ॥ ৬ ॥ * ॥

কৃষ্ণ ইতি। সমভিহারসাক্ষিণঃ কথনসাক্ষিণঃ। অবরোধায় অন্তঃ-গৃহায় ॥ ৩৭ ॥

॥ * ॥ ইতি শ্রীললিতমাধবনাটকে ষষ্ঠোঽঙ্কঃ ॥ * ॥

কৃষ্ণ। সখে! প্রিয়তমার বিহার-কথার সাক্ষিস্বরূপ বৃন্দাবনের কুঞ্জাবলী-দর্শন ভিন্ন ইহার আর কোনও শ্রেষ্ঠ প্রতীকার নাই; অতএব তুমি এই মণীন্দ্র সত্রাজিৎকে প্রদান কর এবং আমিও অন্তঃপুরের উদ্দেশ্যে গমন করি। [উভয়ের প্রস্থান।

[সকলের প্রস্থান ॥ ৩৭ ॥

ইতি শ্রীললিতমাধব-নাটকে ললিতোপলব্ধি নামক ষষ্ঠ অঙ্ক।

সপ্তমোঽঙ্কঃ

(ততঃ প্রবিশতি বকুলয়ারাধ্যমানা রাধা)

রাধা। (সংস্কৃতেন)

মমাসীদ্দূরে দিগপি যা হরিগন্ধপ্রণয়িনী
প্রপেদে খেদেন ত্রুটিরপি মহাকল্পপদবীম্।
দহত্যাশা-সর্পির্বিরচিত-পদঃ প্রাণ-দহনো
বলান্মাং দুর্লীলঃ কিমিহ করবৈ হন্ত! শরণম্॥ ১॥

রাধেতি। মমেতি। গতা স্থিতেত্যর্থঃ। মমাসীদ্দূরে যা দিগপীতি পাঠান্তরম্। ত্রুটিঃ ত্রসরেণুত্রয়ঃ। আশৈব সর্পিস্তেন বিরচিতং পদং স্থিতির্যেন সঃ। পদং ব্যবসিতিত্রাণস্থানলক্ষ্মাঙ্ঘ্রিবস্তুষ্বিতি কোষাৎ। প্রাণা এব দাহকত্বাৎ দহনঃ॥ ১॥

(বকুলা কর্তৃক পরিষেবিতা রাধিকার প্রবেশ)

রাধা। (সংস্কৃত ভাষায়) শ্রীকৃষ্ণের গাত্রগন্ধের দ্বারা যে দিক্ সুবাসিত, সে দিক্ আমার নিকট দূরবর্তী, তাঁহার বিরহ-খেদে অতি অল্প-পরিমিত কালও আমার নিকট মহাকল্পের সমান হইয়া উঠিয়াছে, আশারূপ ঘৃতপাত্রে স্থিত দুষ্ট প্রাণরূপ অগ্নি আমাকে বলপূর্ব্বক দহন করিতেছে, হায়! আমি কি করিব, কাহার শরণ গ্রহণ করিব?॥ ১॥

বকুলা। হলা সচ্চে! সিণিহেণ ণঅবুন্দাএ বণ্ণিদং তুম্হ রহস্সম, তধাবি কিম্পি বিণ্ণবিস্সম্।

রাধা। কামং বিণ্ণবেহি।

বকুলা। অম্হ রাইন্দো সুন্দরসেহরো তিল্লোঅং সাসেদি, তা জই আণ্ণবেসি, তদো দেঈএ রুপ্পিণীএ বি পড়িউলা ভবিঅ, তস্স তুমং বিণ্ণবেমি।

বকুলেতি। সখি সত্যে! স্নেহেন নববৃন্দয়া বর্ণিতং তব রহস্যম্, তথাপি কিমপি বিজ্ঞাপয়িষ্যামি।

রাধেতি। বিণ্ণবেহি বিজ্ঞাপয়।

বকুলেতি। অস্মদ্রাজেন্দ্রঃ সুন্দরশেখরস্ত্রিলোকং শাস্তি, তং যদি আজ্ঞাপয়সি, তদা দেবী রুক্মিণ্যা অপি প্রতিকূলা ভূত্বা, তস্মৈ ত্বাং বিজ্ঞাপয়ামি।

বকুলা। সখি সত্যে! যদিও স্নেহ বশতঃ নববৃন্দা তোমার রহস্য আমার নিকট বলিয়াছেন, তথাপি আমি কিছু নিবেদন করিতে ইচ্ছা করি।

রাধা। ইচ্ছামত নিবেদন কর।

বকুলা। আমাদের রাজেন্দ্র সুন্দরের শিরোমণি এবং তিনি স্বীয় প্রভাবে ত্রিলোক শাসন করিতেছেন, যদি আজ্ঞা কর, তবে দেবী রুক্মিণীর প্রতিকূলা হইয়া তাঁহার নিকট তোমার বৃত্তান্ত নিবেদন করি।

শ্রীরাধা। (সংস্কৃতেন)

শাস্তু দ্বারবতী-পতিস্ত্রিজগতীং সৌন্দর্য্যপর্য্যাচিতঃ
কিমস্তেন বিরম্যতাং কথমসৌ শাপাগ্নিরুজ্জ্বাল্যতে।
যুষ্মাভিঃ স্ফুটযুক্তি-কোটি-গরিমব্যাহারিণীভির্বলা-
দাক্রষ্টুং ব্রজরাজনন্দনপদাম্ভোজান্ন শক্যা বয়ম্ ॥ ২ ॥

বকুলা। সহি! পুচ্ছ হিদং ণঅবুন্দম্।

রাধা। কহিং গদা ণঅবুন্দা ?

বকুলা। দেঈএ আহূদা অন্তেউরে।

রাধেতি। শাপনিমিত্তোঽগ্নিঃ ক্রোধরূপ উজ্জ্বাল্যতে। সংফেটং নাম বিমর্শসন্ধ্যঙ্গমিদম্। তথাচ—সংফেটো রোষভাষণম্। অত্র বকুলাং প্রতি গূঢ়রোষোক্ত্যা সংফেটঃ ॥ ২ ॥

বকুলেতি। সখি! পৃচ্ছ হিতং নববৃন্দাম্।

রাধেতি। কুত্র গতা নববৃন্দা ?

বকুলেতি। দেব্যা আহূতা অন্তঃপুরে।

শ্রীরাধা। (সংস্কৃত ভাষায়) সৌন্দর্য্যে বিভূষিত হইয়া দ্বারকাধিপতি ত্রিলোক শাসন করুন, তাঁহাকে আমার কোনও প্রয়োজন নাই, কেন আমার ক্রোধাগ্নি প্রজ্বালিত করিতেছ, শান্ত হও; তোমরা প্রকাশ্যভাবে কোটি কোটি যুক্তি-গৌরব-সমন্বিত বাক্যের দ্বারাও বলপূর্ব্বক আমাকে ব্রজরাজনন্দনের পাদপদ্ম হইতে আকর্ষণ করিতে পারিবে না ॥ ২ ॥

বকুলা। সখি! হিত কি, নববৃন্দাকে তাহা জিজ্ঞাসা কর।

রাধা। নববৃন্দা কোথায় গেল ?

বকুলা। দেবী রুক্মিণীর আহ্বানে অন্তঃপুরে গিয়াছে।

রাধা। হন্ত! পরতন্তম্হি কিদা হদদেবেণ।

(প্রবিশ্য নববৃন্দা)

নববৃন্দা। সখি সত্যে! মা বিষাদং কৃথাঃ, পশ্য পশ্য।

পাদে নিপত্য বদরীমবলম্বমানা

কান্তং রসালমনুবিন্দতি মাধবীয়ম্।

প্রাণেশ-সঙ্গমবিধৌ বিনিবিষ্টচিত্তা

ন পারবশ্য-কদনং মনুতে হি সাধ্বী ॥ ৩ ॥

রাধা। কা ক্খু তুহ হত্থে ণেবচ্ছ-সামগ্গী?

রাধেতি। হন্ত! পরতন্ত্রাস্মি কৃতা হতদৈবেন।

নববৃন্দেতি পাদে ইতি। রসালঃ আম্রম্, পক্ষে রসিকম্। মাধবী অতিমুক্তা, পক্ষে স্বাধীন-পতিকা। কশ্চিত্তু ছলনা নাম বিমর্শসন্ধ্যঙ্গমপঠিত্বা তৎস্থানে ছাদনং পঠতি। তথাচ—কার্য্যার্থমপমানাদেঃ সহনং ছলনং মতম্। অত্র স্পষ্টম্ ॥ ৩ ॥

রাধেতি। কা খলু তব হস্তে নেপথ্য-সামগ্রী?

রাধা। হায়! হতদৈব কর্ত্তৃক আমি পরাধীনা হইলাম।

(নববৃন্দার প্রবেশ)

নববৃন্দা। সখি সত্যে! বিষাদ করিও না, দেখ দেখ—এই মাধবী পদে নিপতিত হইয়া বদরীকে অবলম্বন করিয়া কান্ত রসাল তরুকে পশ্চাৎ লাভ করিল। এই সাধ্বী প্রাণেশ্বরের সঙ্গম-বিষয়ে একাগ্রচিত্তা হওয়ায় পরাধীনতারূপ দুঃখ অনুভব করিতে পারিতেছে না ॥ ৩ ॥

রাধা। তোমার হস্তে কি এ বেশযোগ্য সামগ্রী?

নববৃন্দা। শচ্যোপহারী-কৃতানি দেব্যৈ
দিব্যানি মাল্য-দুকূলাদীনি।
তান্যেষা সখীভ্যো বিভজন্তী
ত্বামপি বণ্টকেন পুরশ্চকার॥

রাধা। কিং মে দুক্খাণলস্স ইন্ধণেণ ইমিণা পসাহণেণ?

নববৃন্দা। সখি! ভানুদেবস্য সেবায়ামুপযোক্ষ্যতে।

রাধা। হলা! ভণিদম্হি ভানুনা, বচ্ছে! সাঅরকচ্ছে নিবিট্ঠাএ দুআরবদী পুরীএ গব্ভে ণিম্মিদং ণঅবুন্দাঅণং পবিসিঅ তিণা অপ্পণো পরাণণাধেণ সদ্ধং বিহরেহি।

নববৃন্দেতি। শচ্যা পৌলোম্যা। দেব্যৈ রুক্মিণ্যৈ। এষা রুক্মিণী।

রাধেতি। কিং মে দুঃখানলস্য ইন্ধনেন অনেন প্রসাধনেন?

নববৃন্দেতি। উপযোক্ষ্যতে উপযুক্তং ভবিষ্যতি।

রাধেতি। সখি ভণিতাস্মি ভানুনা, বৎসে! সাগরকচ্ছে নিবিষ্টায়া দ্বারাবতীপুর্য্যা গর্ভে নির্ম্মিতং নববৃন্দাবনং প্রবিশ্য তেন আত্মনঃ প্রাণনাথেন সার্দ্ধং বিহর।

নববৃন্দা। শচীদেবী দেবী রুক্মিণীকে স্বর্গীয় যে মাল্য ও বস্ত্রাদি উপহার দিয়াছেন, ইনি তাহা সখীদিগকে ভাগ করিয়া দিতে যাইয়া আপনাকেও অংশমত পুরস্কার দিয়াছেন।

রাধা। আমার দুঃখানলের ইন্ধন-স্বরূপ এই প্রসাধনে প্রয়োজন কি?

নববৃন্দা। সখি! ইহা সূর্য্যের পূজার পক্ষে উপযুক্ত হইবে।

রাধা। সখি! সূর্য্যদেব আমাকে বলিয়াছিলেন, বৎসে! সাগরপ্রান্তে অবস্থিতা দ্বারকাপুরীর গর্ভে নির্ম্মিত নববৃন্দাবনে প্রবেশ করিয়া তুমি নিজের প্রাণনাথের সহিত বিহার কর।

নববৃন্দা। চারুলোচনে! ব্যভিচার-পরাচীনানি ন খলু ভবন্তি দৈবতবরাণাং বচাংসি।

রাধা। (সংস্কৃতেন) মথুরামধিরাজতে হরিঃ
সখি! রাজেন্দ্রপুরেঽত্র সংবৃতা।
নিবসাম্যহমিত্যসম্ভবঃ
প্রিয়সঙ্গঃ প্রতিভাসতে মম ॥ ৪ ॥

নববৃন্দা। অলং বিলাপৈঃ সময়ক্রমস্য
দুরূহরূপা গতয়ো ভবন্তি।
শরন্মুখে পশ্য সরস্তটীষু
খেলন্ত্যকস্মাৎ খলু খঞ্জরীটাঃ ॥ ৫ ॥

নববৃন্দেতি। ব্যভিচারাৎ পরাঙ্মুখানি সত্যানীত্যর্থঃ।

রাধেতে। রাজেন্দ্রপুরে দ্বারকাপুরে ॥ ৪ ॥

নববৃন্দেতি। দুরূহরূপাঃ দুর্বিতর্ক্যাঃ। দুরূহত্বং দর্শয়তি শরন্মুখ ইত্যাদি। প্ররোচননাম সন্ধ্যঙ্গমিদম্। তথাচ—সিদ্ধি-তত্ত্বাবিনোঽর্থস্য সূচনা স্যাৎ প্ররোচনা। অত্র খঞ্জরীটস্য দৃষ্টান্তেন ভাবিকৃষ্ণসঙ্গমসূচনা ॥ ৫ ॥

নববৃন্দা। চারুলোচনে! দেবতাশ্রেষ্ঠগণের বাক্য কখনও সত্য ভিন্ন মিথ্যা হয় না।

রাধা। (সংস্কৃত ভাষায়) সখি! শ্রীকৃষ্ণ মথুরাপুরে বিরাজ করিতেছেন, আর আমি দ্বারকাপুরে অবরুদ্ধা হইয়া বাস করিতে থাকিলাম, এই জন্য প্রিয়তমের সঙ্গ আমার নিকট অসম্ভব বলিয়া বোধ হইতেছে ॥ ৪ ॥

নববৃন্দা। সখি! বিলাপ ত্যাগ কর, সময়ক্রমের গতি অতিশয় দুরূহ, দেখ, শরৎ ঋতুর আরম্ভেই অকস্মাৎ খঞ্জন পক্ষিসকল সরোবরতটে ক্রীড়া করিয়া থাকে ॥ ৫ ॥

রাধা। অপ্পণিহাণে খঞ্জরীডোবিঅ অসাহীণে কৃখু পদেসে মহা-পুরিসো ণ রমেদি।

নববৃন্দা। (বিহস্য) বিভ্রমাকুলে! ব্রজেন্দ্রস্যাত্র কথমস্বাধীনতাঽবধারিতা ?

রাধা। (সেষ্যম্) অই রাইন্দস্স কীলাবণ-মক্কড়ি ! চিট্ঠ চিট্ঠ।

নববৃন্দা। সরলে ! ব্রজেন্দ্রমেব রাজেন্দ্রং বিদ্ধি।

রাধা। (সৌৎসুক্যম্) অবি সচ্চং এদম্ ?

রাধেতি। অপ্রণিধানে খঞ্জরীট ইব অস্বাধীনে খলু প্রদেশে মহাপুরুষো ন রমতে

নববৃন্দেতি। বিভ্রমাকুলে ভ্রান্তে !

রাধেতি। অয়ি রাজেন্দ্রস্য ক্রীড়াবন-মর্কটি ! তিষ্ঠ তিষ্ঠ।

রাধেতি। অপি সত্যমেতৎ ?

রাধা। অপ্রণিধানে খঞ্জরীট যেমন ক্রীড়া করে না, মহাপুরুষেরাও সেইরূপ অস্বাধীন প্রদেশে রমণ করেন না।

নববৃন্দা। (হাসিয়া) অয়ি ভ্রান্তে ! এ স্থানে ব্রজেন্দ্রের অস্বাধীনতা কিরূপে স্থির করিলে ?

রাধা। অয়ি রাজেন্দ্রের ক্রীড়াবনের বানরি ! চুপ করিয়া থাক।

নববৃন্দা। সরলে ! ব্রজেন্দ্রকেই রাজেন্দ্র বলিয়া জানিও।

রাধা। (ঔৎসুক্য সহকারে) ইহা কি সত্য ?

নববৃন্দা। (স্বগতম্) হন্ত! কথং যদৃচ্ছয়া বিস্মৃত-শপথাস্মি সংবৃত্তা?

(প্রকাশম্)

ন কেবলং রাজেন্দ্রমেব রামচন্দ্রমুপেন্দ্রঞ্চ ব্রজেন্দ্রং বদন্তি।

বকুলা। হলা! আদা ভণাদি, ণিব্বন্ধং মুঞ্চিঅ ণন্দেহি রাইন্দম্।

রাধা। (সংস্কৃতেন)

যস্যোত্তংসঃ স্ফুরতি চিকুরে কেকিপুচ্ছপ্রণীতো
হারঃ কণ্ঠে বিলুঠতি কৃতঃ স্থূল-গুঞ্জাবলীভিঃ।

নববৃন্দেতি। যদৃচ্ছয়া হেতুশূন্যেচ্ছয়া।

বকুলেতি। সখি! অতো ভণামি নির্ব্বন্ধং মুক্ত্বা নন্দয় রাজেন্দ্রম্।

রাধেতি। উত্তংসঃ মুকুটঃ। তৎতস্মাৎ হরে রূপাদন্যরূপং মে চেতো নাঙ্গীকরোতি ইত্যন্বয়ঃ। ব্যবসায়-নাম সন্ধ্যঙ্গস্য দ্বিতীয়-প্রকারমিদম।

রাধেতি। দেবি! যাবৎ স্তমন্তকেন ব্রতোদ্যাপনং সমাপয়িতার্থঃ করোমি, তাবৎ রক্ষ মাং।

চন্দ্রাবলীতি। সখি! বিশ্বস্তা ভব, পুনশ্ছলেন মাং বঞ্চয়িতুং এষ ন প্রভবিষ্যতি, যৎ সর্ব্বদা মে পার্শ্ববর্ত্তিনী বিচক্ষণা মাধবী।

মাধবীতি। সুন্দরি! বিশ্বকর্ম্মণা দত্তাং তব মণ্ডনকরণ্ডিকামিদানীং প্রস্থাপয়িষ্যামি।

রাধা। দেবি! যে পর্য্যন্ত আমি স্তমন্তক-মণির দ্বারা ব্রত সমাপন না করি, সে পর্য্যন্ত আমাকে রক্ষা করুন।

চন্দ্রাবলী। সখি! বিশ্বাস কর, এই শ্রীকৃষ্ণ পুনর্ব্বার আর ছলপূর্ব্বক আমাকে বঞ্চনা করিতে পারিবেন না, কারণ, বিচক্ষণা মাধবী সর্ব্বদা আমার পার্শ্বে রহিয়াছে।

মাধবী। সুন্দরি! বিশ্বকর্ম্মা-দত্ত ভূষণ-পেটিকা এখনই তোমার নিকট পাঠাইয়া দিতেছি।

চন্দ্রাবলী। সহি! জাহি মাহবীমণ্ডবং, অহংপি মাহবীজুত্তা অন্তেউরং জামি ॥ ৩৯ ॥

(ইতি নিষ্ক্রান্তা)

(ইতি নিষ্ক্রান্তাঃ সর্ব্বে)

॥ * ॥ ইতি শ্রীললিতমাধবনাটকে নববৃন্দাবনবিহারো নামাষ্টমোঽঙ্কঃ ॥ * ॥ ৮ ॥ * ॥

চন্দ্রাবলীতি। সখি! যাহি মাধবীমণ্ডপং, অহমপি মাধবীযুক্তা অন্তঃপুরং যামি ॥ ৩৯ ॥

॥ * ॥ ইতি শ্রীললিতমাধবনাটকে অষ্টমোঽঙ্কঃ ॥ * ॥

চন্দ্রাবলী। সখি, তুমি মাধবীমণ্ডপে যাও, আমিও মাধবীর সহিত অন্তঃপুরে গমন করি ॥ ৩৯ ॥

(এই বলিয়া প্রস্থান)

(সকলের প্রস্থান)

ললিতমাধব-নাটকে নববৃন্দাবন-বিহার নামক

অষ্টম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

নবমোঽঙ্কঃ

(ততঃ প্রবিশতি নববৃন্দা)

নববৃন্দা। (পুরোঽবলোক্য সহর্ষম্)

নির্ম্মিত-ভুবন-বিশুদ্ধির্বিধুমধুরালোকসাধনে নিপুণা
উল্লসিত-পরমহংসা ভক্তিরিবেয়ং শরন্মিলতি ॥ ১ ॥

(প্রবিশ্য শরৎ)

শরৎ। সহি ণঅবুন্দে ! কহিং গদাসি ?

নববৃন্দা। শরল্লক্ষ্মি ! গুরোরভ্যর্ণে।

নববৃন্দেতি। ভুবনং জলম। পক্ষে, জগতী। হংসঃ শ্বেতগরুৎ। পক্ষে, পরম-ভাগবতঃ। বিধুশ্চন্দ্রঃ। পক্ষে, কৃষ্ণঃ ॥ ১ ॥

শরদিতি। (মূর্ত্তিমতী শরৎ আহ) সখি নববৃন্দে ! কুত্র গতাসি ?

নববৃন্দেতি। গুরোর্বিশ্বকর্ম্মণঃ সমীপে।

(অনন্তর নববৃন্দার প্রবেশ)

নববৃন্দা। (আনন্দভরে সম্মুখে অবলোকন করিয়া) চন্দ্রের সুন্দর আলোক-সাধনে নিপুণা, ভুবনের বিশুদ্ধি-সাধনে দক্ষা, পরমহংসগণের উল্লাস-বিধানে সমর্থা, ভক্তির ন্যায় শরৎ ঋতু আসিয়া মিলিত হইল॥ ১ ॥

(শরৎ ঋতুর প্রবেশ)

শরৎ। সখি নববৃন্দে ! কোথায় গিয়াছিলে ?

নববৃন্দা। গুরু বিশ্বকর্ম্মার নিকটে গিয়াছিলাম।

শরৎ। কিত্তি ?

নববৃন্দা। দেবস্থ নিদেশেন।

শরৎ। কস্মিং অত্থে সো ণিদেসো ?

নববৃন্দা। রৈবতে সদ্মনাং ষোড়শসহস্রীনির্ম্মাণে।

শরৎ। তথ কিং ণিদাণং ?

নববৃন্দা। জগদ্বিঘ্নং নিম্ন্নপগতনয়ং ক্ষৌণি-তনয়ং
হৃতান্তস্তর্গোষ্ঠাৎ কপট-কলিনা তেন বলিনা।

শরদিতি। কিমিতি ?

নববৃন্দেতি। নিদেশেন আজ্ঞয়া।

শরদিতি। কস্মিন্নর্থে স নিদেশঃ ?

নববৃন্দেতি। রৈবতে রৈবতগিরৌ।

শরদিতি। তত্র কিং নিদানম্ ?

শরৎ। কি জন্যে ?

নববৃন্দা। শ্রীকৃষ্ণের আজ্ঞায়।

শরৎ। কোন্ বিষয়ে আজ্ঞা ?

নববৃন্দা। রৈবত পর্ব্বতে ষোড়শ সহস্র গৃহনির্ম্মাণ-ব্যাপারে।

শরৎ। তাহার কারণ কি ?

নববৃন্দা। জগতের বিঘ্নকারী নীতিজ্ঞান-হীন ধরণীতনয় নরকাসুর কপট
কলহের ব্যপদেশে ব্রজপুরী হইতে যে ষোড়শ সহস্র একশত

সহস্রাণ্যস্রালী বলয়িতদৃশাং পঙ্কজদৃশাং
শতাঢ্যানি ক্রীড়া-গুরুরুদহরৎ ষোড়শ হরিঃ ॥ ২ ॥

শরৎ। (সাদ্ভুতম্) কিং তাও চ্চেঅ গোউলকণ্ণাও ?

নববৃন্দা। অথ কিম্।

কেশিরিপোরবকেশী ভজনাভাস-ক্ষুপোঽপি নেহাস্তি।
কিং পুনরপূর্ব্বপর্ব্বা প্রেমামরপাদপস্তাসাম্ ॥ ৩ ॥

নববৃন্দেতি। কলিনা কলহেন তেন নরকাসুরেণ। পঙ্কজদৃশাং শতাঢ্যানি ষোড়শসহস্রাণি উদহরৎ উদ্ধধার ॥ ২ ॥

শরদিতি। কিং তা এব গোকুলকন্যাঃ ?

নববৃন্দেতি। ভজনাভাস এব ক্ষুপো হ্রস্বশাখাশিফস্তরুঃ। হ্রস্বশাখাশিফঃ ক্ষুপ ইত্যমরাৎ। ইহ জগতি, অবকেশী ফলহীনো নাস্তি। বন্ধ্যা-ফলোঽবকেশী স্যাদিত্যমরঃ। পর্ব্বা গ্রন্থিদ্বয়মধ্যভাগঃ। পক্ষে উৎসবাঃ। তাসাং প্রেমৈবামরপাদপো দেবতরুঃ কিং পুনর্নিষ্ফলঃ স্যাৎ ॥ ৩ ॥

অশ্রুপূর্ণেক্ষণা কমললোচনা কুমারীকে হরণ করিয়াছিল, ক্রীড়াগুরু হরি সেই নরকাসুরকে বধ করিয়া তাহাদের উদ্ধার করিয়াছেন ॥ ২ ॥

শরৎ। (আশ্চর্য্যান্বিত হইয়া) তাহারা কি গোকুলকুমারী ?

নববৃন্দা। তাহা বই কি। বৃন্দাবনে যখন কেশিমথন শ্রীকৃষ্ণের ফলহীন ভজনাভাস একটি ক্ষুদ্র বৃক্ষও নাই, তখন সেখানে গোপীদিগের অপূর্ব্ব-পর্ব্ব প্রেম-কল্পতরুর অস্তিত্বের সম্ভাবনা কোথায় ? ॥ ৩ ॥

শরৎ। কহং রাঅকণ্ণাও ত্তি প্রসিদ্ধি সুব্বই ?

নববৃন্দা। কয়াপি কুমারীণাং মাধুর্য্য-মধুরধারয়া মোহিতেন মহীসূনুনা কামাখ্যাপ্রতারণায় তাসাং দানব-কুমারেভ্যঃ প্রতি-পাদনং মৃষৈব বিশ্রাব্য রাজসুতাত্বেন বিখ্যাতিরুদ্ভাবিতা।

শরৎ। সচ্চং সচ্চং, জং দুআরবদীপুরে তা ণং প্রত্থাবণং কামক্খাএ অহিমদং।

নববৃন্দা। তয়ৈব-রুষ্টয়া দেব্যা প্রেষিতঃ পাকশাসনো দ্বার-বতীমাসাদ্য ভৌমবধমর্থিতবান্।

শরদিতি। কথং রাজকন্যা ইতি প্রসিদ্ধিঃ শ্রূয়তে?

শরদিতি। সত্যং সত্যং, যদ্দ্বারবতীপুরে তাসাং প্রস্থাপনং কামাখ্যায়া অভিমতম্।

নববৃন্দেতি। পাকশাসনঃ ইন্দ্রঃ।

শরৎ। তবে তাহারা রাজকন্যা, এ কথা শুনা যায় কেন?

নববৃন্দা। কুমারীদিগের কোনও মাধুর্য্য-মধু-ধারায় মোহিত হইয়া ভূমি-পুত্র নরকাসুর কামাখ্যাদেবীকে প্রতারণার জন্য দানবকুমারদিগের বিবাহ হইবে, এই মিথ্যা রটনা-পুরঃসর তাহাদিগের রাজপুত্রী বলিয়া খ্যাতি উদ্ভাবন করিয়াছে।

শরৎ। সত্য সত্য, কামাখ্যাদেবীর তাহাদিগকে দ্বারকা-প্রেরণই অভিমত।

নববৃন্দা। সেই কামাখ্যাদেবীই রুষ্টা হইয়া ইন্দ্রকে দ্বারকায় প্রেরণ করিয়া ভূমিপুত্র নরকাসুরের বধের প্রার্থনা করাইয়াছিলেন।

শরৎ। হলা! সব্বাণং গোউলকুমারীণং এত্থ সঙ্গমো সংবুত্তো কেঅলং পউমাপমুহং চেচ্চঅ কণ্ণআ চউক্কং পরিসিট্ঠং?

নববৃন্দা। তাসাং পূর্ব্বমেব সমাহৃতির্বভূব।

শরৎ। কহং সা সমাহৃতিঃ?

নববৃন্দা।

লীলয়ৈব পশুপালপুঙ্গবঃ স্তম্ভয়ন্ সপদি সপ্তপুঙ্গবান্।
মগ্নদৃষ্টিমনুরাগসাগরে নগ্নজিদ্দুহিতরং সমাহরৎ॥ ৪॥

শরদিতি। সখি! সর্ব্বাসাং গোকুলকুমারীণাং অত্র সঙ্গমঃ সংবৃত্তঃ, কেবলং পদ্মাপ্রমুখং কন্যা-চতুষ্কং অর্থাৎ পদ্মা-শৈব্যা-ভদ্রা-শ্যামলারূপং এব পরিশিষ্টম্?

শরদিতি। কথং সা সমাহৃতিঃ?

নববৃন্দেতি। পুঙ্গবান্ বলীবর্দ্দান্ নগ্নজিদ্দুহিতরং নাগ্নজিতীং পদ্মাম্॥ ৪॥

শরৎ। সখি! সকল গোকুলকুমারীর এখানে মিলন সম্পন্ন হইল, কেবল পদ্মাপ্রমুখ চারিজনের—অর্থাৎ পদ্মা, শৈব্যা, ভদ্রা ও শ্যামলা এই কন্যা-চতুষ্টয়মাত্র অবশিষ্ট থাকিল?

নববৃন্দা। তাহাদের সহিত পূর্ব্বেই মিলন হইয়াছে।

শরৎ। কিরূপে সমাগম হইল?

নববৃন্দা। সেই পশুপালশ্রেষ্ঠ শ্রীকৃষ্ণ এককালে সপ্ত বৃষকে স্তম্ভিত করিয়া অনুরাগ-সাগরে মগ্নদৃষ্টি নগ্নজিদ্দুহিতা পদ্মাকে গ্রহণ করিয়াছেন॥ ৪॥

কিঞ্চ—

শৈব্যাং ঘনপ্রণয়-ঘূর্ণন-ঘোরতৃষ্ণাং
কন্দর্প-সর্পগরলগ্লপিতাঞ্চ ভদ্রাম্।
স্মেরাবলোক-সুধয়া কিল সঙ্গময্য
রঙ্গস্থলান্মুরহরস্তরসা জহার ॥ ৫ ॥

অপিচ—

মীনস্য প্রতিবিম্বমম্ভসি বর-স্তম্ভস্য মূলার্পিতে
পশ্যন্ বিম্বমলক্ষয়ন্ ভ্রমরিকা-চক্রে ভ্রমন্তং মুহুঃ।
উৎক্ষিপ্তেন শিলীমুখেন শকলীকৃত্য প্রমোদাদমুং
মদ্রাধীশ্বর-নন্দিনীং পুনরসৌ লেভে সুভদ্রাগ্রজঃ ॥ ৬ ॥

কিঞ্চেতি। শৈব্যাং মিত্রবৃন্দাম্ ॥ ৫ ॥

মীনস্যেতি। শিলীমুখেন বাণেন। শকলীকৃত্য দ্বিধাকৃত্বা। মদ্রাধীশ্বর-নন্দিনীং শ্যামলাং লক্ষ্মণাং নাম্নীম ॥ ৬ ॥

আবার—ঘনপ্রণয়-ঘূর্ণায় ঘোর তৃষিতা মিত্রবিন্দারূপিণী শৈব্যাকে, কন্দর্প-সর্পের গরল-জ্বালায় সন্তপ্তা ভদ্রাকে মুরহর শ্রীকৃষ্ণ মৃদু হাস্য-রূপে সুধাধারায় অভিষিক্তি করিয়া বলপূর্ব্বক রঙ্গস্থল হইতে হরণ করিয়া আনিয়াছেন ॥ ৫ ॥

পুনরায়—উচ্চ স্তম্ভের মূলসন্নিবিষ্ট জলমধ্যে মৎস্যের প্রতিবিম্ব দর্শন-পুরঃসর ঊর্দ্ধদেশে ভ্রমরিকাচক্রমধ্যে বারম্বার ভ্রমণশীল মৎস্যকে লক্ষ্য করিয়া ঊর্দ্ধে নিক্ষিপ্ত বাণ দ্বারা তাহাকে লীলাভরে দ্বিধা বিভক্ত করিয়া সুভদ্রাগ্রজ শ্রীকৃষ্ণ পুনরায় মদ্ররাজনন্দিনী লক্ষ্মণা নামে পরিচিতা শ্যামলাকে লাভ করিয়াছিলেন ॥ ৬ ॥

শরৎ। (সানন্দম্) দিট্‌ঠিয়া পুণোবি গোউলসোক্‌খং পেক্‌খিস্‌সং।

নববৃন্দা। সখি! মধুশ্রিয়া সার্দ্ধমধুনা মণ্ডয় বৃন্দাটবীম্। পশ্যায়ং মাধবো রাধয়া সহ সাধয়তি।

শরৎ। কহং দেঈএ অণুমদী লদ্ধা?

নববৃন্দা।

মাধবীবিরহিতাং মধুবীরঃ কুণ্ডিলেশ্বর-সুতাং নিশময্য।
নন্দয়ন্ স্ফুরদমন্দবিলাসৈর্হাস-কন্দল-লসন্মুখমাহ ॥ ৭ ॥

শরদিতি। (সানন্দম্) দিষ্ট্যা পুনরপি গোকুলসৌখ্যং দ্রক্ষ্যামি

নববৃন্দেতি। সাধয়তি আগচ্ছতি।

শরদিতি। কথং দেব্যা অনুমতির্লব্ধা? ॥ ৭ ॥

শরৎ। (আনন্দভরে) সৌভাগ্য-বশেই পুনরায় গোকুলের সুখ দেখিতে পাইতেছি।

নববৃন্দা। সখি! বসন্তশোভার সহিত এখন বৃন্দাবনকে বিভূষিত কর। ঐ দেখ, শ্রীকৃষ্ণ শ্রীরাধিকার সহিত আসিতেছেন।

শরৎ। কিরূপে দেবীর অনুমতি পাইলেন?

নববৃন্দা। কুণ্ডিলেশ্বরনন্দিনী মাধবী-বিরহিতা হইয়া আছেন, ইহা জানিতে পারিয়া মধুবীর শ্রীকৃষ্ণ সুন্দর বিলাস-প্রকাশের দ্বারা তাঁহাকে আনন্দিত করিয়া হাস্যশোভিত মুখে তাঁহাকে বলিয়াছিলেন ॥ ৭ ॥

সত্যাখ্যস্য বিলোকায় লোকস্যাত্মভুবার্থিতঃ।
প্রতিষ্ঠাসুরহং দেবি! অত্রানুজ্ঞা বিধীয়তাম্ ॥ ৮ ॥

শরৎ। সহি! পমাদো। পমাদো।

নববৃন্দা। কঃ প্রমাদঃ ?

শরৎ। মণ্ডণকরণ্ডিঅং সমপ্পিঅ মাহবীএ দেসিণো সিক্‌খা সুঅণ্ঠী ণাম কিন্নরী তহ্ম পেসিদত্থি।

নববৃন্দেতি। সত্যেতি। লোকস্য ভুবনস্য। পক্ষে, জনস্য। আত্মভুবা ব্রহ্মণা। পক্ষে, কামেন। প্রতিষ্ঠাসুঃ প্রস্থাতুমিচ্ছুঃ। অনুজ্ঞা অনুমতিঃ ॥ ৮ ॥

শরদিতি। সখি। প্রমাদঃ প্রমাদঃ।

শরদিতি। মণ্ডনকরণ্ডিকাং সমর্প্য মাধব্যা দেবর্ষিণঃ শিষ্যা সুকণ্ঠী নাম কিন্নরী তত্র রাধাসমীপে প্রেষিতাস্তি।

হে দেবি! ব্রহ্মা সত্যাখ্য লোকের দর্শনের জন্য প্রার্থনা করায়, আমি তথায় যাইতে অভিলাষ করিয়াছি, অতএব আমাকে ভক্তিভরে অনুমতি দান কর। (পক্ষান্তরে—এই ব্যক্তি কামপীড়িত হইয়া সত্যভামার দর্শনপ্রার্থী হইয়া যাইতে ইচ্ছা করিয়াছে; অতএব তদ্বিষয়ে অনুমতি দান কর) ॥ ৮ ॥

শরৎ। সখি! প্রমাদ প্রমাদ।

নববৃন্দা। কি প্রমাদ?

শরৎ। মাধবী ভূষণপেটিকা সমর্পণ-পুরঃসর দেবর্ষির শিষ্যা সুকণ্ঠী নাম্নী কিন্নরীকে শ্রীরাধার নিকট পাঠাইয়াছে।

নববৃন্দা। নাত্র কাপি শঙ্কা, যদিয়ং সত্যায়ামনুরাগিণী।

শরৎ। তদো বীসদ্ধা এসা পত্থিদম্মি।

(ইতি নিষ্ক্রান্তা)

(ততঃ প্রবিশতি রাধামানন্দয়ন্ কৃষ্ণঃ)

কৃষ্ণঃ। নির্ধূতামৃতমাধুরী-পরিমলঃ কল্যাণি! বিম্বাধরো
বক্ত্রং পঙ্কজসৌরভং কুহুরিত-শ্লাঘাভিদস্তে গিরঃ।
অঙ্গশ্চন্দন-শীতলস্তনুরিয়ং সৌন্দর্য্য-সর্ব্বস্ব ভাক্-
ত্বামাসাদ্য মমেদমিন্দ্রিয়কুলং রাধে! মুহুর্মোদতে ॥ ৯ ॥

শরদিতি। ততো বিস্রব্ধা এষা প্রস্থিতাস্মি।

কৃষ্ণ ইতি। রসনা-নাসিকা-কর্ণ-ত্বক্-নেত্ররূপং ত্বামাসাদ্য মুহুর্মোদতে ইত্যন্বয়ঃ। কুহুরিতং কোকিলধ্বনিঃ তস্য শ্লাঘাং ভিনত্তীতি তাঃ। বিম্বাধর ইত্যাদি ক্রমেণ রসনাদীনাং বিষয়ো জ্ঞেয়ঃ ॥ ৯ ॥

নববৃন্দা। তাহাতে ভয় নাই, কারণ, এই শুকন্ত্রী সত্যভামার অনুরাগিণী।

শরৎ। তবে আমি নিশ্চিন্তা হইয়া গমন করি।

(এই বলিয়া প্রস্থান)

(অতঃপর শ্রীরাধার আনন্দবিধান করিতে করিতে শ্রীকৃষ্ণের প্রবেশ)

কৃষ্ণ। হে কল্যাণি! তোমার বিম্বাধর অমৃতমাধুর্য্যের সুরভিকে দূরীভূত করিয়াছে, তোমার মুখখানি পদ্মগন্ধযুক্ত, তোমার কণ্ঠস্বর কোকিলের স্বরের গর্ব্ব ধ্বংস করিতেছে, তোমার অঙ্গ চন্দনের ন্যায় শীতল, সর্ব্বসৌন্দর্য্যসম্পন্না তোমাকে পাইয়া আমার ইন্দ্রিয়কুল পুনঃ পুনঃ আনন্দিত হইতেছে ॥ ৯ ॥

(সমন্তাদালোক্য)

লক্ষ্মীঃ কৈরবকাননেষু পরিতঃ শুদ্ধেষু বিদ্যোততে
সম্মার্গদ্রুহি সর্ব্বশার্ব্বরকুলে প্রোন্মীলতি ক্ষীণতা।
নক্ষত্রেষু কিলোদ্ভবত্যপচিতিঃ ক্ষুদ্রাত্মসু প্রায়িকী
শঙ্কে শঙ্করমৌলিরভ্যুদয়তে রাজা পুরস্তাদ্দিশি ॥ ১০ ॥

নববৃন্দা। (উপসৃত্য) হৃত-ভুবনতমাঃ ক্রমাদ্বিরাগঃ
কলয় কলানিধি-বৈষ্ণবো বিশুদ্ধঃ।

(শ্রীকৃষ্ণচন্দ্রোদয়ং বর্ণয়তি)

লক্ষ্মীরিত্যাদি। কৈরবকাননেষু কুমুদবনেষু। পক্ষে, কৈরবমেব কৈরবকম, তদ্বৎ প্রফুল্লমাননং যেষাং তেষু শুদ্ধেষু। সতাং মার্গঃ। পক্ষে, প্রশস্তো মার্গঃ পন্থাঃ। শার্ব্বরো রজনীচরঃ চৌরঃ। পক্ষে, শার্ব্বরং তমঃ। নক্ষত্রেষু ঋক্ষেষু। পক্ষে, ক্ষত্রেষু ক্ষত্রিয়েষু। অপচিতিরপচয়ঃ। শঙ্করমৌলিশ্চন্দ্রঃ। পক্ষে, শঙ্করাণাং মঙ্গলকরাণাং মৌলিঃ। পুরস্তাদ্দিশি রাজা অভিত উদয়তে ॥ ১০ ॥

নববৃন্দেতি। হৃতভুবনেত্যাদি তমোঽন্ধকারঃ। পক্ষে, অজ্ঞানম। ক্রমাদুদয়-ক্রমাদ্বিগত-রাগঃ। পক্ষে দীক্ষাতঃ পশ্চাৎ ক্রমাৎ বিগতসংসারাসক্তিঃ।

(চারিদিকে অবলোকন করিয়া) শুদ্ধ কুমুদবনের সর্ব্বস্থলের শোভা উজ্জ্বল হইয়া উঠিতেছে, প্রশস্ত-পথদ্রোহী অন্ধকারপুঞ্জ ক্ষীণ হইয়া আসিতেছে, ক্ষুদ্রাত্মা নক্ষত্রসকলের ক্রমশঃ অপচয় ঘটিতেছে—অতএব বোধ হইতেছে, শঙ্করের শিরোভূষণ দ্বিজরাজ চন্দ্র পূর্ব্বদিকে উদিত হইতেছেন ॥ ১০ ॥

নববৃন্দা। (নিকটে যাইয়া) ভুবনের অন্ধকারহারী ক্রমশঃ রক্তবর্ণ পরিত্যাগী বিশুদ্ধ বৈষ্ণবরূপ চন্দ্রমা সুধাময়ী কান্তি দূরে বিস্তারকারী

রুচিমমৃতময়ীং ক্ষিপন্ বিদূরে
প্রবিশতি বিষ্ণুপদপ্রপত্তি-বীথীম্॥ ১১ ॥

কৃষ্ণঃ। সখে কৌস্তুভ! সোঽয়ং বিলাসিনীবিশ্লেষ-লব্ধ-শোকঃ কোকবীতি কোকগ্রামণীস্তদ্বিস্তারয় ময়ূখলেখাম্।

রাধা। (সকৌতুকং পশ্যতি)।

কলানিধিরেব বৈষ্ণবঃ। অমৃতময়ীং মোক্ষাত্মিকাং রুচিমিচ্ছাম্। পক্ষে, সুধাময়ীং কান্তিম্। বিষ্ণুপদস্য প্রপত্তয়ঃ শরণাগতয়ঃ তাসাং বীথীং শ্রেণীম্। পক্ষে, বিষ্ণুপদস্যাকাশস্য প্রপত্তেঃ প্রাপ্তের্বীথীং মার্গম্॥ ১১ ॥

কৃষ্ণ ইতি। কোকগ্রামণীঃ কোকশ্রেষ্ঠঃ। ময়ূখলেখাং কিরণশ্রেণীম্। "গ্রামণীর্নাপিতে পুংসি ত্রিষু শ্রেষ্ঠেঽধিপে ত্রিষু" ইত্যমরঃ।

আকাশপথে প্রবেশ করিতেছে। (পক্ষান্তরে—জগতের তামসিক ভাবহরণকারী ক্রমশঃ সংসারাসক্তি পরিত্যাগকারী বিশুদ্ধ বৈষ্ণবস্বরূপ এই চন্দ্রমা মোক্ষলাভের ইচ্ছা দূরে পরিত্যাগ করিয়া বিষ্ণুপদপ্রাপ্তিস্বরূপা ভক্তিপথে প্রবেশ করিতেছেন)॥ ১১ ॥

কৃষ্ণ। হে সখে কৌস্তুভ! বিলাসিনী চক্রবাকীর বিরহে শোকাকুল হইয়া এই চক্রবাকশ্রেষ্ঠ বারম্বার শব্দ করিতেছে, অতএব কিরণশ্রেণীর বিস্তার করিয়া এ স্থানকে দিবসের ন্যায় আলোকিত কর।

রাধা। (কৌতুক-সহকারে দেখিতে লাগিলেন)

কৃষ্ণঃ। পশ্য পশ্য,

মধ্যেব্যোমাধিরূঢ়-দ্যুমণি-সম-মণিগ্রামণী-ধামপালী-
ব্যালীঢ়ধ্বান্তপূরান্ বরতনু! পরিতঃ প্রেক্ষমাণস্তটান্তান্।
পারেকালিন্দি রাত্রাবপি দিবসধিয়াক্রান্তচেতা গভীরৈ-
রুৎকণ্ঠা চক্রবালে রথচরণযুবা কান্তয়া জাঘটীতি ॥ ১২ ॥

(প্রবিশ্য করণ্ডিকাপাণিঃ সুকণ্ঠী)

সুকণ্ঠী। দিট্ঠিআ! এত্থ ভট্টা সচ্চাএ সঙ্গং রমেদি, তা লদান্তরিদা ভবিঅ পেক্খামি। (ইতি তথা স্থিতা)

কৃষ্ণ ইতি। মধ্যে ইতি। ব্যোম্নো মধ্যেঽধিরূঢ়ো মাধ্যাহ্নিকো যো দ্যুমণিঃ সূর্য্যাস্তস্য সমো যো মণিগ্রামণীঃ কৌস্তভস্তস্য ধামপালী কিরণশ্রেণী তয়া ব্যালীঢ়ো নাশিতো ধ্বান্তপূরস্তিমিরসমূহো যেষাং তান্। পারেকালিন্দি কালিন্দ্যাঃ পারে। রথচরণযুবা চক্রবাকযুবা। কান্তয়া চক্রবাক্যা সহ। ভ্রান্তিমানলঙ্কারঃ। ভ্রান্তিমানন্যসংবিত্তত্তুল্যদর্শনে ইতি কাব্যপ্রকাশঃ ॥ ১২ ॥

সুকণ্ঠীতি। দিষ্ট্যা! অত্র ভর্ত্তা সত্যয়া সার্দ্ধং রমতে, তৎ লতান্তরিতা ভূত্বা পশ্যামি।

কৃষ্ণ। হে সুন্দরি! দেখ দেখ—মধ্যাকাশে আরূঢ় সূর্য্যের সমান মণিরাজ কৌস্তভের কিরণমালায় কালিন্দীপারে তটান্ত-ভূমির অন্ধকারসমূহ দূরীভূত হওয়ায় রাত্রিকালেও দিবসজ্ঞানে আক্রান্তচিত্ত হইয়া চক্রবাক-যুবা গভীর উৎকণ্ঠা বশতঃ বারম্বার কান্তার সহিত মিলিত হইতেছে ॥ ১২ ॥

(পেটিকা-হস্তে সুকণ্ঠীর প্রবেশ)

সুকণ্ঠী। কি সৌভাগ্য! এই স্থলে প্রভু সত্যার সহিত মিলিত হইয়াছেন, অতএব লতান্তরে অবস্থান করিয়া দর্শন করি।

(এই বলিয়া সেই ভাবে অবস্থিতি)

নববৃন্দা।

কুন্দদন্তি! দৃশোদ্বন্দ্বং চন্দ্রকান্তময়ং তব।
উদিতে হরিবক্ত্রেন্দৌ স্যন্দতে কথমন্যথা ॥ ১৩ ॥

রাধা। (সাশ্চর্য্যম্) কধং এত্থ পউমাঅরে চন্দালোএবি পউমাইং পপ্ফুল্লাইং ?

কৃষ্ণঃ।

শুদ্ধকাচস্থলী পশ্য পুরঃ পদ্মাকরায়তে।
পদ্মানি পদ্মরাগাণি যত্র ফুল্লান্যহর্নিশম্ ॥ ১৪ ॥

নববৃন্দেতি। চন্দ্রময়ং চন্দ্রকান্তিরূপম্। অন্যথা কথং স্যন্দতে স্রবতি ॥ ১৩ ॥
রাধেতি। কথমত্র পদ্মাকরে চন্দ্রালোকেঽপি পদ্মানি প্রফুল্লানি ?
কৃষ্ণ ইতি। পদ্মাকরায়তে পদ্মাকর ইবাচরতি। শুদ্ধকাচস্থলাং পদ্মরাগাণ্যেব পদ্মানি অহর্নিশং ফুল্লানি বর্ত্তন্তে ॥ ১৪ ॥

নববৃন্দা। হে কুন্দদন্তি! তোমার চক্ষুর্দ্বয় চন্দ্রকান্তমণির সদৃশ, অতএব হরির মুখচন্দ্র উদিত হইলে তাহা কেন অন্য প্রকারে দ্রবীভূত হইবে ? ॥ ১৩ ॥

রাধা। (আশ্চর্য্যের সহিত) পদ্মাকরে চন্দ্রালোকেও পদ্মপুষ্পসমূহ প্রফুল্ল হইল কেন ?

কৃষ্ণ। বিশুদ্ধ কাচস্থলীই তোমার পুরোভাগে পদ্মাকরের ন্যায় প্রতীয়মান হইতেছে, উহাতে পদ্মরাগ মণিসমূহই পদ্মের ন্যায় প্রফুল্ল হইয়া রহিয়াছে ॥ ১৪ ॥

(নেপথ্যে)

বৃন্দাবনে স্ফুরত্যেষা মাধবী সুমনস্বিনী।

(ইত্যর্দ্ধোক্তে)

কৃষ্ণঃ। (সসম্ভ্রমম্) হন্ত! দেবী প্রত্যাসীদতি, তদস্মাক-
মস্মাদপক্রমঃ শ্রেয়ান্।

(ইতি সর্ব্বে সর্ব্বতো নিষ্ক্রান্তাঃ)

(পুনর্নেপথ্যে)

ভবতি স্তবকো যস্যা জগদ্ভূষণ-ভূষণম্॥ ১৫॥

সুকণ্ঠী। হদ্ধী হদ্ধী! মহুমঙ্গল-হত্থগতেণ তিণা কামরূবুপ্পণ্ণেণ

(নেপথ্যে) বৃন্দাবন ইত্যাদি। মাধবী বাসন্তী। পক্ষে, স্বাধীনপতিকা।
সুমনস্বিনী পুষ্পবতী। পক্ষে, প্রশস্তমনাঃ।

কৃষ্ণ ইতি। অপক্রমঃ পলায়নম্॥ ১৫॥

সুকণ্ঠী'ত। হা ধিক্, হা ধিক্! মধুমঙ্গল-হস্তগতেন তেন কামরূপোৎপন্নেন

(নেপথ্যে) এই সুমনস্বিনী মাধবী বৃন্দাবনে বিরাজ করিতেছে—

(এই অর্দ্ধোক্তির পর)

কৃষ্ণ। (সম্ভ্রমের সহিত) হায়! দেবী এখানে আসিতেছেন, অতএব
এ স্থান হইতে পলায়নই শ্রেয়স্কর।

(ইহা বলিয়া সকলের প্রস্থান)

(পুনরায় নেপথ্যে)

যাহার স্তবক জগদ্ভূষণের ভূষণ॥ ১৫॥

সুকণ্ঠী। হা ধিক্, হা ধিক্! মধুমঙ্গলের হস্তগত সেই কামরূপদেশোৎপন্ন

সুঅবইণা বিগ্‌ঘো কিদো, তা এথ কন্দরে পইট্‌ঠং সচ্চভামং অণুসরিস্‌সং।

(ইতি তথা করোতি)

(প্রবিশ্য রাধা)

রাধা। হন্ত হন্ত! কধং দিট্‌ঠম্হি, জং কাবি প্পবিসদি।

সুকণ্ঠী। সামিণি! বীসদ্ধা হোহি, এষা কিঙ্করী দে সুঅণ্ঠী।

রাধা। (সহর্ষম্) সুঅণ্ঠি! জাণামি জাণামি।

সুকণ্ঠী। সামিণি! কীস ওল্লংসুআসি ?

শুকপতিনা বিঘ্নঃ কৃতঃ। তদত্র কন্দরে প্রবিষ্টাং সত্যভামামনুসরিষ্যামি।

রাধেতি। হন্ত হন্ত! কথং দৃষ্টাস্মি, যৎ কাপি প্রবিশতি।

সুকণ্ঠীতি। স্বামিনি! বিস্রব্ধা ভব, এষা কিঙ্করী তে সুকণ্ঠী।

রাধেতি। সুকণ্ঠি! জানামি জানামি।

সুকণ্ঠীতি। স্বামিনি! কস্মাৎ উর্দ্রাংশুকাসি আর্দ্রাংশুকাসীত্যর্থঃ।

শুকপক্ষীই এই বিঘ্ন উপস্থিত করিয়াছে, অতএব এই কন্দরে প্রবিষ্ট সত্যভামার অনুসরণ করি।

(এই বলিয়া সেইরূপ করিলেন)

(রাধার প্রবেশ)

রাধা। হায় হায়! এই যে কোন এক জন প্রবেশ করিতেছে, কি প্রকারে আমাকে দেখিতে পাইল ?

সুকণ্ঠী। স্বামিনি! চিন্তা করিবেন না, আমি আপনার কিঙ্করী সুকণ্ঠী।

রাধা। (হর্ষের সহিত) সুকণ্ঠি! জানিলাম জানিলাম।

সুকণ্ঠী। স্বামিনি! আপনার বস্ত্র আর্দ্র দেখিতেছি কেন ?

রাধা। থলভ্রমেণ জলে খলিদম্মি।

সুকণ্ঠী। মাহবী-পেসিদং এদং পসাহণং গেহ্ন।

রাধা। পেক্খ, এত্থ পত্থরে কিম্বি আলেখং লক্খীঅদি, তা ইমস্স দংশণে জুত্তিং কুণ।

সুকণ্ঠী। বাহিরে গত্তুঅ আলোঅস্স উবাঅং করিস্সং।

রাধা। অহম্বি ওল্লং সুঅং পরিহরেমি।

(ইতি করণ্ডিকামাদায় নিষ্ক্রান্তা)।

সুকণ্ঠী। (নিষ্ক্রম্য) কধং মহুমঙ্গলেণ সদ্ধং ভট্টা পুরদো বট্টদি ?

রাধেতি। স্থলভ্রমেণ জলে স্খলিতাস্মি।

সুকণ্ঠীতি। মাধব্যা প্রেষিতং এতৎ প্রসাধনং গৃহাণ।

রাধেতি। পশ্য, অত্র প্রস্তরে কিমপি আলেখ্যং লক্ষ্যতে, তদস্য দর্শনে যুক্তিং কুরু।

সুকণ্ঠীতি। বহির্গত্বা আলোকায় উপায়ং করিষ্যামি।

রাধেতি। অহমপি উর্দ্রাংশুকং পরিহরামি।

সুকণ্ঠীতি। কথং মধুমঙ্গলেন সার্দ্ধং ভর্ত্তা পুরতো বর্ত্ততে ?

রাধা। স্থলভ্রমে জলে পড়িয়াছিলাম।

সুকণ্ঠী। মাধবীর প্রেরিত এই অলঙ্কার গ্রহণ করুন।

রাধা। দেখ, এই প্রস্তরে কোন চিত্র দেখা যাইতেছে, অতএব ইহার দর্শন-বিষয়ে যুক্তি কর।

সুকণ্ঠী। বাহিরে গমন করিয়া আলোক আনয়ন করি।

রাধা। আমিও আর্দ্র বস্ত্র পরিত্যাগ করি। (ইহা বলিয়া পেটিকা লইয়া প্রস্থান)

সুকণ্ঠী। (বাহিরে আসিয়া) এই যে মধুমঙ্গলের সহিত ভর্ত্তা সম্মুখে উপস্থিত হইলেন!

(ততঃ প্রবিশতি কৃষ্ণঃ)

কৃষ্ণঃ। সখে! ক্বানর্থকারকস্তব হস্তবর্ত্তী স কীরঃ?

মধুমঙ্গলঃ। উড্ডীয় পুরো দাড়িমে পড়িদো।

কৃষ্ণঃ। তদেহি, প্রাণবল্লভামেব মৃগয়ামহে।

(ইতি মারুতমুপলভ্য)

ভজসি ন হি রজস্ত্বং ধীর! দাক্ষিণ্যচর্য্যা-
মনুসরসি বিধিৎসে মাধবস্যানুবৃত্তিম্।
ইতি মলয়সমীর! ত্বাং সখে! প্রার্থয়েঽহং
কথয় কুবলয়াক্ষী কুত্র মে রাধিকাস্তি ॥ ১৬ ॥

মধুমঙ্গল ইতি। উড্ডীয় পুরো দাড়িমে পতিতঃ।

কৃষ্ণ ইতি। ভজসীতি। রজো ধূলিম্। পক্ষে, রাগং রজোগুণং বা। দাক্ষিণ্যচর্য্যাং দাক্ষিণ্যদেশাচ্চর্য্যাং গতিম্। পক্ষে, আনুকূল্যকরণম্। মাধবস্য বসন্তস্য। পক্ষে কৃষ্ণস্য, মমানুবৃত্তিমনুগতিম্ ॥ ১৬ ॥

(অনন্তর কৃষ্ণের প্রবেশ)

কৃষ্ণ। সখে! তোমার হস্তবর্ত্তী শুকপক্ষী কোথায়?

মধুমঙ্গল। উড়িয়া গিয়া পুরোবর্ত্তী দাড়িম্ববৃক্ষে পড়িয়াছে।

কৃষ্ণ। তবে এস, প্রাণবল্লভাকে অন্বেষণ করি।

(এই বলিয়া বায়ু উপভোগ করিয়া)

হে ধীর! তোমাতে ধূলির সংস্পর্শ নাই, তুমি দক্ষিণদিক্ হইতে প্রবাহিত হইয়া বসন্তের অনুবৃত্তি বিধান করিতেছ, অতএব হে সখে মলয়ানিল! তোমাকে প্রার্থনা করিতেছি, নীলপদ্মাক্ষী আমার শ্রীরাধিকা কোথায় আছেন, তাহা বল ॥ ১৬ ॥

মধুমঙ্গলঃ। ভো! ণিহুদং ভণ।

কৃষ্ণঃ। (পরিক্রম্য) লব্ধা কুরঙ্গি! নব-জঙ্গম-হেমবল্লী
রম্যা স্ফুটং বিপিন-সীমনি রাধিকাত্র।
অস্যাস্ত্বয়া সখি! গুরোর্যদিয়ং গৃহীতা
মাধুর্য্যবল্গিত-বিলোচন-কেলি-দীক্ষা ॥ ১৭ ॥

(পুরো দাড়িমীমুপলভ্য)

কান্তিং পীতাং শুক! স্ফীতাং বিভ্রতী বীক্ষিতা বনে।
ময়াদ্য মৃগ্যমানা সা ত্বয়া মৃগবিলোচনা ॥ ১৮ ॥

মধুমঙ্গল ইতি। ভো! নিভৃতং ভণ।

কৃষ্ণ ইতি। হে কুরঙ্গি! অত্র বিপিন-সীমনি রাধা ত্বয়া লব্ধা, হে সখি! যদস্মাদস্যাঃ গুরোঃ সকাশাদিয়ং মাধুর্য্যবল্গিত-বিলোচন-কেলি-দীক্ষা গৃহীতা। মাধুর্য্যেণ বল্গিতং যদ্বিলোচনং তস্য কেলয়ো বিলাসাস্তদ্বিষয়ে যা দীক্ষা সা ॥ ১৭ ॥

কান্তিমিতি। হে শুক! স্ফীতাং পীতাং কান্তিং বিভ্রতী ময়া মৃগ্যমানা সা মৃগলোচনা ত্বয়া বনে বীক্ষিতেতি প্রশ্নঃ ॥ ১৮ ॥

মধুমঙ্গল। সখে! গোপনে বল।

কৃষ্ণ। হে কুরঙ্গি! নিশ্চিত বোধ হইতেছে, তুমি এই বনের সীমায় রমণীয়া নবীনা জঙ্গমহেমলতা সদৃশী শ্রীরাধিকার দেখা পাইয়াছ। কারণ, হে সখি! যেহেতু এই শ্রীরাধারূপ গুরুর নিকট হইতে তুমি মাধুর্য্যগর্ভ চঞ্চল নেত্রলীলা দীক্ষা গ্রহণ করিয়াছ ॥ ১৭ ॥

(সম্মুখে দাড়িম্ববৃক্ষ দেখিয়া)

হে শুক! তুমি কি অনুপম পীতকান্তিসম্পন্না সেই মৃগনয়নাকে এই বনে দেখিয়াছ? আমি অদ্য তাঁহাকেই অনুসন্ধান করিতেছি ॥ ১৮ ॥

মধুমঙ্গলঃ। বঅস্‌স! তুহ্ম পণ্হং অণুরদস্তেণ চ্চেঅ উত্তরং দিণ্ণং কীরেণ।

সুকণ্ঠী। (উপসৃত্য) জয়দু জয়দু ভট্টা!

মধুমঙ্গলঃ। (সভয়ম্) ভোদি! কিত্তি আঅদাসি?

সুকণ্ঠী। ইমস্‌স পণ্হোত্তরস্‌স সরিক্‌খং অণ্ণং বি মহুরং সুণিদুং।

মধুমঙ্গলঃ। পণ্হোত্তরং বি তুএ সুণিদং।

সুকণ্ঠী। ণ কেঅলং ইদং জ্জেবব।

মধুমঙ্গল ইতি। বয়স্য! তব প্রশ্নং অনুবদতা এবং উত্তরং দত্তং কীরেণ। যথা—"হে পীতাং শুক! স্ফীতাং কান্তিং বিভ্রতী ত্বয়া মৃগ্যমানা সা মৃগলোচনা ময়াস্য বনে বীক্ষিতেত্যুত্তরম্।"

সুকণ্ঠীতি। জয়তু জয়তু ভর্ত্তা।

মধুমঙ্গল ইতি। ভবতি! কিমিতি আগতাসি?

সুকণ্ঠীতি। অস্য প্রশ্নোত্তরস্য সদৃক্ষং অন্যদপি মধুরং শ্রোতুম্।

মধুমঙ্গল ইতি। প্রশ্নোত্তরমপি ত্বয়া শ্রুতম্।

সুকণ্ঠীতি। ন কেবলমিদমেব।

মধুমঙ্গল। বয়স্য! তোমার প্রশ্নের অনুরূপ বাক্যে এই শুক তোমার প্রশ্নের উত্তর দিয়াছে।

সুকণ্ঠী। (নিকটে আসিয়া) ভর্ত্তার জয় হউক, জয় হউক।

মধুমঙ্গল। (সভয়ে) আপনি কি নিমিত্তে আসিয়াছেন?

সুকণ্ঠী। এই প্রশ্নোত্তরের অনুরূপ কোনও মধুর কথা শ্রবণের নিমিত্ত।

মধুমঙ্গল। প্রশ্নোত্তরও আপনি শ্রবণ করিয়াছেন।

সুকণ্ঠী। কেবল ইহাই নহে।

মধুমঙ্গলঃ। অবরং কিং ?

সুকণ্ঠী। জং কিম্বি দিট্‌ঠং, তং গদুঅ দেইএ ণিবেদিস্‌সং।

(ইতি পরিক্রামতি)

কৃষ্ণঃ। (সসম্ভ্রমম্) ভদ্রে সুকণ্ঠি! মা খলু দেবী-মনঃকালুষ্যায় সমুত্তথাঃ, বৃণীষ্ব মত্তঃ সঙ্গীতবিদ্যাসাম্রাজ্যম্।

সুকণ্ঠী। দেইএ পসাদেণ রুদ্দাণী গায়ণীহিং বি বন্দিদচরণম্হি, তা কিং ইমিণা ?

কৃষ্ণঃ। তর্হি প্রার্থয়স্ব, কিং তবাভীষ্টম্।

মধুমঙ্গল ইতি। অপরং কিম্ ?

সুকণ্ঠীতি। যৎ কিমপি দৃষ্টং, তৎ গত্বা দেব্যৈ নিবেদয়িষ্যামি।

কৃষ্ণ ইতি। ভদ্রে সুকণ্ঠি! সমুত্তথাঃ সম্যগুত্তমং কুর্ব্বীথাঃ।

সুকণ্ঠীতি। দেব্যাঃ প্রসাদেন রুদ্রাণী-গায়নীভিরপি বন্দিতচরণাস্মি, তৎ কিমনেন বরেণ ?

মধুমঙ্গল। আর কি ?

সুকণ্ঠী। যাহা কিছু দেখিলাম, তাহা যাইয়া দেবীকে নিবেদন করিব।

(ইহা বলিয়া যাইতে লাগিলেন)

কৃষ্ণ। (সসম্ভ্রমে) ভদ্রে সুকণ্ঠি! দেবীর মন কলুষিত করিবার জন্য চেষ্টা করিও না, আমা হইতে সঙ্গীত-বিদ্যার সর্ব্বময় আধিপত্যের বর গ্রহণ কর।

সুকণ্ঠী। দেবীর প্রসাদে রুদ্রাণীর গায়িকাসকলও আমার চরণ-বন্দনা করিয়া থাকে, তবে আর উহাতে প্রয়োজন কি ?

কৃষ্ণ। তবে তোমার কি ইচ্ছা প্রার্থনা কর।

দেঅ ! এক্কং পত্থইস্সং।

কৃষ্ণঃ। কামমাবেদ্যতাম্।

সুকণ্ঠী। এত্থ কন্দরে কিম্পি আলেক্খং বিলোইদুং মহ আরাহণিজ্জা একা বিজ্জাহরী উক্কণ্ঠেদি, তা কত্থুহালোএণ ণং পআসিঅ পসাদী করেদু ভট্টা !

কৃষ্ণঃ। (স্মিত্বা পরিক্রামন্) সখে কৌস্তুভ ! রত্নমণ্ডলীমূর্দ্ধাভিষিক্ত ! সাধু সাধু, যদনুক্তোঽপি মে মনোরথং করোষি।

সুকণ্ঠীতি। দেব ! একং প্রার্থয়িষ্যামি।

সুকণ্ঠীতি। অত্র কন্দরে কিমপি আলেখ্যং বিলোকয়িতুং মম আরাধনীয়া একা বিদ্যাধরী উৎকণ্ঠতে, তৎ কৌস্তুভালোকেন এতৎ আলেখ্যং প্রকাশ্য প্রসাদীকরোতু ভর্ত্তা।

কৃষ্ণ ইতি। মূর্দ্ধাভিষিক্ত চক্রবর্ত্তিন্।

সুকণ্ঠী। দেব ! এক বিষয়ে প্রার্থনা করি।

কৃষ্ণ। যাহা ইচ্ছা প্রার্থনা কর।

সুকণ্ঠী। এই কন্দরের মধ্যে যে কোন একটি চিত্র-পট আছে, তাহা দেখিবার জন্য আমার এক পূজনীয়া বিদ্যাধরী উৎকণ্ঠিত, অতএব কৌস্তুভালোকের দ্বারা এই চিত্র প্রকাশ করিয়া অনুগৃহীত করুন।

কৃষ্ণ। (ঈষৎ হাস্য-সহকারে বেড়াইতে বেড়াইতে) সখে কৌস্তুভ ! তুমি সমস্ত রত্নমণ্ডলীর চূড়ামণি, ভাল ভাল, যেহেতু না বলিতেই আমার অভিলাষ পূর্ণ করিলে।

মধুমঙ্গলঃ। হন্ত হন্ত! দরীমজ্ঝে মজ্ঝংদিণাদোবি জাদো বলিট্ঠো উজ্জোদো।

(ততঃ প্রবিশতি রাধা)

রাধা। (স্বাঙ্গমবেক্ষ্য) কধং মাহবীএ দেঈপসাহণং পেসিদং?

(পরিক্রম্য কৃষ্ণং পশ্যন্তী)

অঞ্জলিমেত্তং সলিলং সত্তরীএ অহিলসন্তীএ।
উবরি সঅং ণঅজলদো ধারাবরিসী সমুল্লসই॥

মধুমঙ্গল ইতি। হন্ত হন্ত! দরীমধ্যে মধ্যন্দিনতোঽপি জাতো বলিষ্ঠ-উদ্যোতঃ।

রাধেতি। কথং মাধব্যা দেবীপ্রসাধনং প্রেষিতম্?

অঞ্জলিমিতি। অঞ্জলিমাত্রং সলিলং শফর্য্যা অভিলষন্ত্যা উপরি স্বয়ং নব-জলদো ধারাবর্ষী সমুল্লসতি।

মধুমঙ্গল। কি আশ্চর্য্য! পর্ব্বতগুহা-মধ্যে মধ্যাহ্নকালের অপেক্ষাও অধিকতর উজ্জ্বল আলোক উৎপন্ন হইয়াছে।

(অনন্তর রাধার প্রবেশ)

রাধা। (নিজ অঙ্গের প্রতি লক্ষ্য করিয়া) মাধবী কেন দেবীর সজ্জাদি পাঠাইয়া দিল? (ভ্রমণ করিতে করিতে কৃষ্ণকে দেখিয়া) যে শফরী অঞ্জলিমাত্র জল চাহিতেছিল, তাহার উপর স্বয়ং নবজলধর-ধারা বর্ষণ করিয়া আনন্দবর্দ্ধন করিতেছেন।

মধুমঙ্গলঃ। (অপবার্য্য) ভো বঅস্‌স! দুট্ঠ-দাসীএ ধীদাএ বণেঅরীএ মহাসঙ্কড়ে পাড়িদহ্মি।

কৃষ্ণঃ। সখে! কিং নাম সঙ্কটম্?

মধুমঙ্গলঃ। (সরোষম্) মং জ্জেব্ব পুচ্ছসি, বামে পেক্‌খ।

কৃষ্ণঃ। (সমীক্ষ্য সাবেগম্) কথমত্র দেবী?

রাধা। (স্বগতম্) হদ্ধী হদ্ধী! কন্দরে দেঈ পইট্ঠা।

(ইত্যন্তরিতা ভবতি)

কৃষ্ণঃ। (স্বগতম্) নূনং মন্যুসংরম্ভস্য গম্ভীরতয়া প্রচ্ছন্নেয়ং বভূব।

মধুমঙ্গল ইতি। ভো বয়স্য! দুষ্ট-দাস্যাঃ পুত্র্যাঃ বনচর্য্যাঃ মহাসঙ্কটে পাতিতোঽস্মি।

মধুমঙ্গল ইতি। মামেব পৃচ্ছসি, বামে পশ্য।

রাধেতি। হা ধিক্! হা ধিক্! কন্দরে দেবী প্রবিষ্টা।

কৃষ্ণঃ। মন্যুসংরম্ভস্য ক্রোধাতিশয়স্য। মন্যুর্দৈন্যে ক্রতৌ ক্রুধীত্যমরঃ।

মধুমঙ্গল। (কর্ণোপান্তে) হে বয়স্য! দুষ্টা দাসীপুত্রী বনচারিণী আমাকে বড়ই বিপদে ফেলিল!

কৃষ্ণ। সখে! কিসের বিপদ?

মধুমঙ্গল। (সরোষে) কেবল আমাকেই জিজ্ঞাসা করিতেছ, বামদিকে দৃষ্টিপাত কর।

কৃষ্ণ। (অবলোকন করিয়া আবেগভরে) এই যে, এখানে দেবী কিরূপে আসিলেন?

রাধা। (স্বগত) হা ধিক্, হা ধিক্, দেবী কন্দরে প্রবেশ করিয়াছেন।

(ইহা বলিয়া অন্তর্হিত হইলেন)

কৃষ্ণ। (স্বগত) নিশ্চয়ই ক্রোধারম্ভের গভীরতাবশতঃ দেবী প্রচ্ছন্ন হইলেন।

মধুমঙ্গলঃ। (নীচৈঃ) হদাসে কিন্নরি! পিঅবঅস্‌সে বি তুজ্ঝ জুত্তা এরিসী ণিইদী ?

সুকণ্ঠী। (স্বগতম্) গহিদ-দেঈ-ণেবচ্ছং সচ্চভামং চ্চেঅ দেঈং তক্কিঅ ভএদি এসো, তা গদুঅ বিন্নবেমি।

(ইত্যুপসৃত্য জনান্তিকম্)

সামিণি! এব্বং ণেদং।

রাধা। (সস্মিতম্) পরিহসেহি ণং।

মধুমঙ্গল ইতি। হতাশে কিন্নরি! প্রিয়বয়স্যেঽপি তব যুক্তা ঈদৃশী নিকৃতিঃ? শাঠ্যতা ইত্যর্থঃ। কুসৃতির্নিকৃতিঃ শাঠ্যমিত্যমরঃ।

সুকণ্ঠীতি। গৃহীত-দেবী-নেপথ্যাং সত্যভামামেব দেবীং তর্কিত্বা বিভেতি এষঃ, তৎ গত্বা বিজ্ঞাপয়িষ্যামি।

হে স্বামিনি! এবমেতৎ, অর্থাৎ ত্বয্যস্য দেবী-ভ্রমঃ সংজাত ইতি।

রাধেতি। পরিহস এনম্, মধুমঙ্গলমিত্যর্থঃ।

মধুমঙ্গল। (মৃদুস্বরে) হতাশে কিন্নরি! প্রিয়বয়স্যের প্রতি তোমার এইরূপ শঠতা কি সঙ্গত ?

সুকণ্ঠী। (স্বগত) দেবীর বেশসজ্জায় সত্যভামা ধারণ করায় তাঁহাকে দেবী মনে করিয়া ইনি ভীত। হইয়াছেন, অতএব ইঁহার নিকট যাইয়া সমস্ত নিবেদন করি।

(নিকটে যাইয়া জনান্তিকে)

স্বামিনি! আপনাকে শ্রীকৃষ্ণের দেবীভ্রম হইয়াছে।

রাধা। (মৃদুহাস্য সহকারে) এই মধুমঙ্গলকে পরিহাস কর।

সুকণ্ঠী। (পরিক্রম্য) অজ্জ মহুমঙ্গল ! রুট্ঠা কখু দেঈ ভণাদি।

মধুমঙ্গলঃ। কিং তং ?

সুকণ্ঠী। অন্তেউরে গদং ণং বহ্মবন্ধুং বন্ধিঅ রক্খিস্সং।

মধুমঙ্গলঃ। (সভয়ম্) ভো সখে ! দাণিম্বি থম্ভোবিঅ গম্ভীরোসি ?

কৃষ্ণঃ। সখে ! বিস্ময়েন স্তম্ভিতোঽস্মি, যদিয়ং দক্ষিণা নৈসর্গিকীমপি ধীরতামবধীরিতবতী। (বিমৃশ্য)

অথবা

ধীরঃ প্রকৃত্যাপি জনঃ কদাচি-
দ্ধত্তে বিকারং সময়ানুরোধাৎ।
ক্ষান্তিং হি মুক্ত্বা বলবচ্চলন্তী
সর্ব্বংসহা ভূরপি ভূরি দৃষ্টা ॥ ১৯ ॥

সুকণ্ঠীতি। আর্যা মধুমঙ্গল ! রুষ্টা খলু দেবী ভণতি।

মধুমঙ্গল ইতি। কিং তৎ ?

সুকণ্ঠীতি। অন্তঃপুরে গতং এনং ব্রহ্মবন্ধুং বদ্ধা রক্ষিষ্যামি।

মধুমঙ্গল ইতি। ভো সখে ! ইদানীমপি স্তম্ভ ইব গম্ভীরোঽসি ?

কৃষ্ণ ইতি। অবধীরিতবতী ত্যক্তবতী।

ধীর ইতি। প্রকৃত্যা স্বভাবেন। বিকারং অধৈর্য্যম। ভূরি বহুধা ॥ ১৯ ॥

সুকণ্ঠী। (প্রত্যাবর্ত্তনান্তে) আর্য্য মধুমঙ্গল ! দেবী ক্রুদ্ধা হইয়া বলিতেছেন।

মধুমঙ্গল। কি বলিতেছেন ?

সুকণ্ঠী। অন্তঃপুরে আগত এই ব্রহ্মবন্ধুকে বন্ধন করিয়া রাখিব।

মধুমঙ্গল। (সভয়ে) সখে ! এখন যে স্তম্ভের ন্যায় গম্ভীর হইলে ?

কৃষ্ণ। বিস্ময়ে স্তম্ভিত হইয়াছি, যেহেতু ইনি স্বভাবতঃ দক্ষিণা হইয়াও

সুকণ্ঠী।

(স্বগতম্) অলং ইমিণা ভট্টারঅ-পুরদো ধিট্ঠদা-সাহসেণ, তা জহত্থং কহেমি।

(প্রকাশম্) অজ্জ! সচ্চভামা এসা, ণ কখু দেঈ।

মধুমঙ্গলঃ। ভো! সুদো তুএ দুম্মুহীএ সোল্লুণ্ঠো পলাও ?

কৃষ্ণঃ। সুকণ্ঠী! বৈদর্ভী-প্রিয়ত্বাদ্গর্বেণ তরলাসি, কিন্তু গিরাং দারিদ্র্যম্ ?

সুকণ্ঠীতি। অলমনেন ভট্টারক-পুরতো ধৃষ্টতা-সাহসেন, তৎ যথার্থং কথয়ামি।

হে আর্য্য! সত্যভামা এষা ন খলু দেবী।

মধুমঙ্গল ইতি। ভোঃ! শ্রুতস্ত্বয়া দুর্ম্মুখ্যাঃ সোল্লুণ্ঠঃ প্রলাপঃ ?

কৃষ্ণ ইতি। সুকণ্ঠি! বৈদর্ভ্যাঃ প্রিয়াঽথবা বৈদর্ভী-প্রিয়া যস্যাঃ সা বৈদর্ভী-প্রিয়া তত্ত্বাৎ। তরলাসি চঞ্চলাসি। দারিদ্র্যং সঙ্কোচঃ।

ধীরতাকে ত্যাগ করিয়াছেন। (চিন্তাপূর্ব্বক) অথবা—স্বভাবতঃ ধীরব্যক্তিও সময়ানুরোধে কখনও অধীর হইয়া থাকেন, এমন কি, সর্ব্বংসহা বসুমতীও ক্ষমাগুণ পরিত্যাগ করিয়া বহুবার বিচলিত হইয়াছেন, ইহা পরিদৃষ্ট হইয়াছে ॥ ১৯ ॥

সুকণ্ঠী। (স্বগত) এই প্রভুর অগ্রে ধৃষ্টতাসাহসে আর প্রয়োজন নাই, অতএব যথার্থ কথাই বলিতেছি। (প্রকাশ্যে) আর্য্য! ইনি দেবী নহেন, সত্যভামা।

মধুমঙ্গল। সখে! তুমি এই দুর্ম্মুখীর কপট প্রলাপ শুনিলে ত ?

কৃষ্ণ। সুকণ্ঠি! বিদর্ভনন্দিনীর প্রিয় বলিয়া গর্ব্বে তুমি চপলা হইয়াছ, অতএব তোমার বাক্যের দারিদ্র্য কেন ?

মধুমঙ্গলঃ। (সংস্কৃতেন)

অসি বিষকণ্ঠী কঠিনে! কিমিতি সুকণ্ঠী ভণ্যসে চেটি!

অথবা কামমশস্তা ভদ্রেত্যভিধীয়তে বিষ্টিঃ ॥ ২০ ॥

কৃষ্ণঃ। (পরিক্রম্য সানুনয়ম্) দেবি! প্রসীদ প্রসীদ।

রাধা। (সস্মিতম্) ণাহং দেঈ, পেক্‌খ মাণুসীম্হি।

কৃষ্ণঃ। (সহর্ষম্) সুকণ্ঠিকে! বাঢ়মস্মিন্নর্থে দুষ্করস্তে ময়া নিষ্ক্রিয়ঃ।

মধুমঙ্গল ইতি। হে কঠিনে! ত্বং বিষকণ্ঠ্যসি, হে চেটি! কিমিতি ত্বং সুকণ্ঠীতি ভণ্যসে? অশস্তা বিষ্টির্ভদ্রা নামকরণম ॥ ২০ ॥

রাধেতি। নাহং দেবী, পশ্য মানুষ্যস্মি।

ইতি। অস্মিন্নর্থে রাধয়া সঙ্গতৌ নিষ্ক্রিয়ঃ প্রত্যুপকারঃ।

মধুমঙ্গল। (সংস্কৃত ভাষায়) হে চেটি! তুমি বিষকণ্ঠী হইলেও লোকে তোমাকে সুকণ্ঠী বলে কেন? অথবা অমঙ্গলরূপা বিষ্টিকে যেমন ভদ্রানামে অভিহিত করা হয়, ইহা সেইরূপ ॥ ২০ ॥

কৃষ্ণ। (নিকটে যাইয়া সানুনয়ে) দেবি! প্রসন্না হও, প্রসন্না হও।

রাধা। (মৃদুহাস্যপূর্ব্বক) আমি দেবী নহি, এই দেখ, আমি মানুষী।

কৃষ্ণ। (আনন্দভরে) সুকণ্ঠিকে! তুমি এই যে উপকার করিলে, তাহার প্রত্যুপকার করা আমার পক্ষে দুঃসাধ্য।

মধুমঙ্গলঃ। হী হী! অঞ্জে তুরঙ্গমুহি! এসা বঙ্কিমবিজ্জাবি কিং কৃখু দেএসিণো পঢিদা ?

কৃষ্ণঃ। প্রিয়ে! সন্নিধায় চিত্রং দৃশ্যতাম্।

রাধা। ণুণং ণঅবুন্দা-গুরুণো কলাকোসলং এদং।

(প্রবিশ্য নববৃন্দা)

নববৃন্দা। সখি! সমীক্ষ্যতাং বিচিত্রমিদং চিত্রং, যত্রানুক্রমিকী মাথুরী সাধুরীতির্লীলামণ্ডলী।

মধুমঙ্গলঃ। এসো ণন্দমহূসবো পঢমো।

মধুমঙ্গল ইতি। আশ্চর্যম্। হে চেটি তুরঙ্গমুখি! এষা বক্রিমবিদ্যাপি কিং খলু দেবর্ষেঃ সকাশাদিত্যর্থঃ পঠিতা ?

রাধেতি। নূনং নবৃন্দা-গুরোর্বিশ্বকর্ম্মণঃ কলাকৌশলমেতৎ।

নবৃন্দেতি। মাথুরী মথুরাসম্বন্ধিনী।

মধুমঙ্গল ইতি। এষ নন্দমহোৎসবঃ প্রথমঃ।

মধুমঙ্গল। হা হা! হে তুরঙ্গমুখি চেটি! আশ্চর্য্য! তুমি কি চটুলবিদ্যাও দেবর্ষির নিকট হইতে পাঠ করিয়াছ ?

কৃষ্ণ। প্রিয়ে! নিকটে আনিয়া এই চিত্রপট দর্শন কর।

রাধা। নিশ্চয়ই ইহা নববৃন্দার গুরু বিশ্বকর্ম্মার কলা-কৌশল।

(নববৃন্দার প্রবেশ)

নববৃন্দা। সখি! এই বিচিত্র চিত্র সম্যক্‌রূপে অবলোকন কর, ইহাতে সাধুরীতি-সম্মত মথুরার লীলাগুলি পর পর সন্নিবেশিত হইয়াছে।

মধুমঙ্গল। এই যে প্রথমেই নন্দ-মহোৎসব।

নববৃন্দা। ক্ষেপেণ নবনীতানাং চিত্র-বালস্য চেক্ষয়া।
উহুঃ স্নেহভরং সান্দ্রং বহিরন্তশ্চ বল্লবাঃ ॥ ২১ ॥
(পুনঃ প্রদেশিন্যা প্রদর্শ্য)
কঃ পূতনাগতিং গন্তুং পূতনাপি ক্ষমো ভবেৎ।
কণ্ঠে বভূব হরিণা যা হরিণ্মণিহারিণী ॥ ২২ ॥

কৃষ্ণঃ।
মৎপাদাঙ্গুলিদলেন খণ্ডিতে ভাণ্ডভাজি শকটে কুটীজুষি।
চত্বরে পিতরমার্ত্তিকাতরং মাতরঞ্চ নিতরাং স্মরাম্যহম্ ॥ ২৩ ॥

নববৃন্দেতি। নবনীতানাং ক্ষেপেণ বল্লবা বহিঃস্নেহভরমূহুঃ। চিত্র-বালস্যেক্ষয়া চান্তঃস্নেহভরমূহুঃ। স্নেহোঽত্র চিক্কণত্বং প্রীতিবিশেষশ্চ ॥ ২১ ॥
ক ইতি। পবিত্রনরোঽপি, যা পূতনা-কণ্ঠস্থিতেন হরিণা লক্ষণেন হরিণ্মণি-হারযুক্তা বভূব ॥ ২২ ॥
কৃষ্ণ ইতি। ভাণ্ডভাজি ভাণ্ডযুক্তে শকটে অনসি কুটীজুষি কুটীযুক্তে ॥২৩॥

নববৃন্দা। এই বিচিত্র বালকের দর্শনে অন্তরে ও বাহিরে আনন্দপূর্ণ স্নেহাতিশয্যে গোপগণ নবনীত-নিক্ষেপের দ্বারা উৎসব করিতেছে ॥২১॥ (পুনরায় তর্জ্জনীর দ্বারা দেখাইয়া) কোন্ পবিত্র মনুষ্য পূতনার গতি লাভ করিতে সমর্থ হইবে? হরি যাহার কণ্ঠ-সংলগ্ন হওয়ায় যে হরিৎ-মণিযুক্ত হারধারিণী হইয়াছিল ॥ ২২ ॥
কৃষ্ণ। আমার পদাঙ্গুলিদল দ্বারা কুটী ও ভাণ্ডযুক্ত শকট ভগ্ন হইলে পর আমার পিতা ও মাতা অঙ্গনমধ্যে যে ভাবে দুঃখে কাতর হইয়াছিলেন, —আমি তাহা নিয়ত স্মরণ করিতেছি ॥ ২৩ ॥

নববৃন্দা। তৃণাবর্ত্তমরুন্নর্ত্তনমিদম্।

কৃষ্ণঃ।

সমচেষ্টত নিষ্ঠুরং ব্রজে
স তথা দুষ্ট-সমীরণাঽসুরঃ।
তমসী বত যেন নির্ম্মিতে
পিদধাতে সুহৃদাং মনোদৃশৌ ॥ ২৪ ॥

মধুমঙ্গলঃ। এসা সঅং জ্জেব্ব গোউলেস্সরী মথিতুং আরদ্ধা।

রাধা। অম্ম গোউলেস্সরি! বন্দীঅসি।

(ইত্যশ্রুমভিনয়তি)

কৃষ্ণ ইতি। সমীরণাসুরঃ তৃণাবর্ত্তঃ, যেন তৃণাবর্ত্তেণ নির্ম্মিতে তমসী অজ্ঞানান্ধকারৌ মনোদৃশৌ পিদধাতে আচ্ছাদিতবতী ॥ ২৪ ॥

মধুমঙ্গল ইতি। এষা স্বয়মেব গোকুলেশ্বরী মন্থিতুং আরব্ধা।

রাধেতি। অম্ব গোকুলেশ্বরি! বন্দ্যাসে ময়েত্যর্থঃ।

নববৃন্দা। এই যে তৃণাবর্ত্তরূপধারী বায়ুর নৃত্য।

কৃষ্ণ। সেই দুষ্ট সমীরণাসুর তাহার নির্ম্মিত অজ্ঞান ও অন্ধকারের দ্বারা সুহৃদ্‌গণের মন ও নয়ন আবৃত করিয়া ব্রজধামে নিষ্ঠুর চেষ্টার প্রকাশ করিয়াছিল ॥ ২৪ ॥

মধুমঙ্গল। এই যে, গোকুলেশ্বরী স্বয়ংই দধিমন্থন আরম্ভ করিয়াছেন।

রাধা। মাতঃ গোকুলেশ্বরি! বন্দনা করিতেছি।

(ইহা বলিয়া অশ্রুবিসর্জ্জন করিতে লাগিলেন)

কৃষ্ণঃ। (সকরুণম্)

কদর্থনাদপ্যুরু-বাল্যচাপলৈরুৎসর্পতা প্রেমভরেণ বিক্লবাম্।
বিলোকমানস্য মমাদ্য মাতরং হবির্বিলায়ং হৃদয়ং বিলীয়তে ॥ ২৫ ॥

নববৃন্দা। গুরুণা মে পদ্যং লিখিতম্।

তথাহি—গুণৈস্ত্রিভিরনর্গলৈঃ কিল জগত্ত্রয়ীবর্ত্তিন-
শ্চতুর্মুখপুরঃসরানপি ববন্ধ যঃ প্রাণিনঃ।
ব্রজেন্দ্রমহিষি! ব্রুবে কিমিহ তে প্রভাবাবলী-
মবঙ্কিতসুভির্গুণৈঃ স বলবান্ মুকুন্দস্ত্বয়া ॥ ২৬ ॥

কৃষ্ণ ইতি। কদর্থনাদপ্যুরূণি যানি বাল্যচাপলানি তৈরুৎসর্পতা আধিক্যং গচ্ছতা প্রেমভরেণ বিক্লবাং মাতরং বিলোকমানস্য মম হৃদয়ং হবিরিব বিলীয়তে দ্রবীভবতি ॥ ২৫ ॥

তথাহীতি। অনর্গলৈঃ অসঙ্কুচিতৈঃ। যঃ মুকুন্দঃ ॥ ২৬ ॥

কৃষ্ণ। (সকরুণভাবে) কদর্থন অপেক্ষাও গুরুতর বাল্য-চাপল্য-সমূহ হইতে সমুদ্গত প্রেমভরে যে জননী বিহ্বল হইয়াছিলেন, সেই মাতাকে অবলোকন করিয়া আজ আমার হৃদয় যেন উত্তপ্ত ঘৃতের ন্যায় গলিয়া যাইতেছে ॥ ২৫ ॥

নববৃন্দা। আমার গুরুদেব এ সম্বন্ধে একটি শ্লোক রচনা করিয়াছিলেন। যথা—হে ব্রজেন্দ্র-মহিষি! যে বলবান মুকুন্দ অসঙ্কুচিত সত্বাদি গুণত্রয়ের দ্বারা ত্রিজগতের অন্তর্ব্বর্ত্তী চতুর্ম্মুখ-প্রমুখ প্রাণিগণকে বন্ধন করিয়াছেন, সেই মুকুন্দকে তুমি সূক্ষ্ম রজ্জু-সমূহের দ্বারা বন্ধন করিয়াছিলে, অতএব তোমার প্রভাবাবলীর কথা আর কি বলিব? ॥ ২৬ ॥

মধুমঙ্গলঃ। এদং অজ্জুনাজুঅলভঞ্জণং।

নববৃন্দা। কথং গুহ্যকাভ্যামুদূখলবন্ধমবিমুচ্যৈব প্রস্থিতম্ ?

কৃষ্ণঃ। (সাস্রম্)

বাৎসল্যমগুলময়েন মমোরুদাম্না
যঃ কোঽপি বন্ধগরিমা নিরমায়ি মাত্রা।
তন্মুক্তয়ে পরমবন্ধবিমোক্ষণোঽপি
নাহং ক্ষমে সখি ! পরস্য তু কা কথাত্র ॥২৭॥

মধুমঙ্গল ইতি। এতৎ অর্জ্জুনযুগলভঞ্জনম্।

নববৃন্দেতি। নলকূবর-মণিগ্রীবাভ্যাং যমলার্জ্জুন-চরাভ্যাং নির্ব্বন্ধনমকৃত্বৈব।

কৃষ্ণ ইতি। বন্ধগরিমা দৃঢ়তরবন্ধনম্ ॥ ২৭ ॥

মধুমঙ্গল। এই অর্জ্জুনযুগলভঞ্জন।

নববৃন্দা। গুহ্যকদ্বয় শ্রীকৃষ্ণের উদূখল-বন্ধন মোচন না করিয়াই চলিয়া গেল কেন ?

কৃষ্ণ। (সজলনয়নে)

হে সখি ! মাতা যশোদা বাৎসল্য-মগুলময় দৃঢ় রজ্জু দ্বারা আমার যে দৃঢ়তর বন্ধন নির্ম্মাণ করিয়াছিলেন, আমি শ্রেষ্ঠ বন্ধন-বিমোচনকারী হইয়াও যখন তাহার মোচনে সমর্থ হই নাই, তখন এ স্থানে আর অপরের কথা কি ? ॥ ২৭ ॥

নববৃন্দা। ত্বং বৎসামৃতদায়ী যুক্তং বৎসামৃতত্বমাচরসি।
বিদধদমিত্রাবকতাং মিত্রাবকতাং কথং তনুষে ॥ ২৮ ॥

কৃষ্ণঃ। (রাধামবেক্ষ্য)
সখিভিরলঘুনাতিবাহিতেভ্য-
স্তটভুবি তর্ণকচারণোৎসবেন।
গুরুমিহ কুরুতে মমাদ্য তেভ্যঃ
শশিমুখি! চিত্তমহো স্পৃহামহোভ্যঃ ॥ ২৯ ॥

নববৃন্দেতি। বৎসেভ্যো জলদাতা যতোঽতস্ত্বং বৎসামৃতত্বং যদাচরসি বৎসস্য বৎসনাম্নোঽসুরস্যামৃতং মোক্ষো যস্মাত্তত্ত্বম্। তদ্‌যুক্তমেব। অমিত্রাবকতাম্ অমিত্রাণাং বকরাহিত্যং বিদধৎ কথং মিত্রাবকতাং মিত্রপালকতাং তনুষে। পূর্ব্বার্দ্ধে শ্লেষঃ, পরার্দ্ধে বিরোধঃ ॥ ২৮ ॥

কৃষ্ণ ইতি। হে শশিমুখি! অদ্য মম চিত্তং তেভ্যোঽহোভ্যো গুরুং স্পৃহাং কুরুতে। তটভুবি যমুনাতটভূমৌ সখিভিঃ সহালঘুনা মহতা তর্ণকচারণোৎসবেনাতিবাহিতেভ্যঃ ইত্যন্বয়ঃ ॥ ২৯ ॥

নববৃন্দা। যে হেতু তুমি বৎসগণকে অমৃত দান করিয়া থাক, তখন বৎসাসুরকে অমৃত দান তোমার উপযুক্তই হইয়াছে, কিন্তু অমিত্রগণের বকরাহিত্য বিধান করিয়া কি প্রকারে তুমি মিত্রগণের অবকতা বিস্তার অর্থাৎ মিত্রগণের পালন করিতেছ? ২৮ ॥

কৃষ্ণ। (রাধাকে অবলোকন পুরঃসর) হে শশিমুখি! যমুনার তটভূমিতে বৎসচারণরূপ মহামহোৎসবে যে সকল দিন অতিবাহিত করিয়াছি, আমার চিত্তে আজ সেই সকল দিনের জন্য অত্যন্ত স্পৃহা জন্মিতেছে ॥ ২৯ ॥

নববৃন্দা। তাসাং পাদাবলিমবিরতং বল্লবীনাং গবাঞ্চ
ন্যঞ্চৎকায়া বয়মিহ নমস্কুর্ম্মহে শর্ম্মহেতোঃ।
যাসামন্তঃপ্রণয়-মধুর-ক্ষীরপানায় লুব্ধো
দুগ্ধাম্ভোধেঃ পতিরপি মুদা পুত্রভাবং বভার ॥ ৩০ ॥

কৃষ্ণঃ। অঘস্য পবনাশিনঃ পশুপডিম্ভ-কেলিস্থলী
পুরো গিরিদরীনিভা তনুরিয়ং দরী দৃশ্যতে।
মুখাদিকুহরেণ যা বিরচিত-প্রবেশৈঃ সদা
মৃতাপি পবনৈরভূদ্বনরুহাক্ষি! কুক্ষিম্ভরিঃ ॥ ৩১ ॥

নবরন্দেতি। অন্তঃপ্রণয়েন মধুরং যৎ ক্ষীরং তস্য পানায় লুব্ধঃ সন্। বভার ধৃতবান ॥ ৩০ ॥

কৃষ্ণ ইতি। সর্পরূপস্য ইয়ং তনুর্দরী দৃশ্যতে মুহুরালোক্যতে। তস্যাস্তনোঃ পুরোবর্ত্তী যো গিরিস্তস্য দরীতুল্যা। উভৌ আত্মম্ভরিঃ কুক্ষিম্ভরিঃ স্বোদরপূরকে ইত্যমরঃ ॥ ৩১ ॥

নববৃন্দা। সেই সকল গোপরমণী ও গাভীদিগের চরণপংক্তিতে আমরা অবনত-শরীরে মঙ্গললাভের জন্য প্রণাম করিতেছি, কারণ, তাঁহাদের আন্তরিক প্রণয়ের দ্বারা মধুর ক্ষীরপানের জন্য লুব্ধ হইয়া ক্ষীরসাগরের অধিপতিও আনন্দে পুত্রভাব ধারণ করিয়াছিলেন ॥ ৩০ ॥

কৃষ্ণ। হে পদ্মাক্ষি! সম্মুখে পর্ব্বতের গুহাতুল্য গোপবালকগণের ক্রীড়া-স্থল সর্পরূপ অঘাসুরের যে শরীর মুহুর্ম্মুহু দেখা যাইতেছে—উহার মুখাদির ছিদ্রপথে সর্ব্বদা বায়ু প্রবেশের দ্বারা—উহাকে উদরপূরক বলিয়া বোধ হইয়াছে ॥ ৩১ ॥

নববৃন্দা। পশ্য পশ্য,

সখি! বেদচতুষ্টয়স্য সারৈ-
শ্চতুরোঽয়ং চতুরাননীনিসৃষ্টৈঃ।
জনকং জনচক্ষুষামভীষ্টং
পরমেষ্ঠী প্রমদাদভিষ্টবীতি ॥ ৩২ ॥

মধুমঙ্গলঃ। এদং সুঅন্ধি-দালবণং পেক্‌খিঅ জীইদোম্হি।

নববৃন্দা। (রামমবেক্ষ্য)

ত্বমদ্ভুতোঽসি ধেনূনাং পাতাপি হত-ধেনুকঃ।
তালাঙ্কোঽপি কিলোত্তুঙ্গ-তালভঙ্গায় রঙ্গবান্ ॥ ৩৩ ॥

নববৃন্দেতি। নিসৃষ্টৈঃ নির্গতৈঃ। স্বপিতরম্ ॥ ৩২ ॥
মধুমঙ্গল ইতি। এতৎ সুগন্ধি-তালবনং প্রেক্ষ্য জীবিতোঽস্মি।
নববৃন্দেতি। তালাঙ্কঃ তালধ্বজঃ। রঙ্গবান্ কৌতুকী ॥ ৩৩ ॥

নববৃন্দা। দেখ দেখ! সখি! ঐ দেখ, পরমেষ্ঠী ব্রহ্মা স্বীয় চারি মুখ হইতে প্রকাশিত বেদচতুষ্টয়ের সারভাগের দ্বারা জনগণের নয়নানন্দ নিজ পিতাকে আনন্দভরে স্তব করিতেছেন ॥ ৩২ ॥

মধুমঙ্গল। এই সুগন্ধি তালবন দেখিয়া জীবন পাইলাম।

নববৃন্দা। (বলরামকে দেখিয়া) তুমি বড় অদ্ভুত, যে হেতু তুমি ধেনুদিগের পালক হইয়াও ধেনুক বধ করিলে এবং তালধ্বজ হইয়াও অত্যুচ্চ তালবৃক্ষের ভঙ্গে কৌতুকবান্ হইয়াছ ॥ ৩৩ ॥

কৃষ্ণঃ। ন্যগ্রোধ-রোধসি সেয়মার্য্যস্য বিক্রমাড়ম্বরসম্ভাবিনী প্রলম্বপশোরালম্ভ-বেদী।

নববৃন্দা। (স্বগতম্) শঙ্কে রাধিকা-খেদমবধার্য্য দেবেনাবধীরিতা কালিয়দমনলীলা।

কৃষ্ণঃ। মুঞ্জাটবী স্ফুরতি মঞ্জুলকণ্ঠি! সেয়ং

যত্র ক্ষণাদনুসরন্তমিষীকতূলৈঃ।
দাবং বিলোক্য কৃপয়াম্বুজমালভারি-
ণ্যাভীরবীথিরভিতোঽভবদাবৃতির্মে॥ ৩৪॥

কৃষ্ণ ইতি। ভাণ্ডীরবটস্য সমীপে সেয়ং প্রলম্বমারণবেদিকা বর্ত্ততে, বলস্য বিক্রমাড়ম্বরং শৌর্য্যাতিশয়ং সম্ভাবয়িতুং জ্ঞাপয়িতুং শীলং যস্যাঃ সা।

নববৃন্দেতি। অবধীরিতা ন প্রকাশিতা।

কৃষ্ণ ইতি। যত্র মুঞ্জাটব্যামিষীকতূলৈঃ শরপুষ্পৈঃ ক্ষণাদনুসরন্তং দাবং বিলোক্য আভীরবীথিরম্বুজমালভারিণী সতী কৃপয়া মেঽভিতঃ আবৃতিরভূৎ॥ ৩৪॥

কৃষ্ণ। এই যে ভাণ্ডীরবটের পথে আর্য্যের বিক্রমের আতিশয্য ঘোষণা-কারিণী প্রলম্ব-পশুর মারণবেদী।

নববৃন্দা। (স্বগত) মনে হইতেছে, রাধিকার দুঃখ হইবে বলিয়া দেব এখানে কালিয়-দমন-লীলা প্রকাশ করিলেন না।

কৃষ্ণ। হে সুন্দরকণ্ঠি! এই দেখ, মুঞ্জাটবী শোভা পাইতেছে, এই স্থানে শরপুষ্পের সহিত দাবানলকে আগমন করিতে দেখিয়া আভীর সকল ভীত হইয়া পঙ্কজমালার ন্যায় আমার চতুষ্পার্শ্বের আবরণের ন্যায় হইয়াছিল॥ ৩৪॥

নববৃন্দা। পুরস্তাদিদং বাসোহরণতীর্থম্।

কৃষ্ণঃ।

প্রিয়ে! বিশাখায়াঃ পৃষ্ঠতো মূর্দ্ধ্নি কৃতাঞ্জলিরবস্থিতা কেয়ং ন পরিচীয়তে।

রাধা।

(সলজ্জমাত্মগতম্) মং লিহিতং জাণন্তো চ্চেঅ পরিহসেদি। (প্রকাশম্) এসা পউমা।

কৃষ্ণঃ। পদ্মাক্ষি! পদ্মায়াঃ সব্যতঃ?

রাধা।

(সাসূয়ম্) অলং অত্তণো গুণং বিত্থারিঅ।

নববৃন্দেতি। বাসোহরণতীর্থং চীরঘট্টম্।

রাধেতি। মাং চিত্রিতাং জানন্নেব পরিহসতি। এষা পদ্মা।

রাধেতি। অলম্ আত্মনো গুণং বিস্তার্য্য। বারণার্থালংশব্দযোগে ক্ত্বা।

নববৃন্দা। অগ্রেই এই বস্ত্রহরণতীর্থ বা চীরঘাট।

কৃষ্ণ। প্রিয়ে! বিশাখার পৃষ্ঠে কৃতাঞ্জলি হইয়া কে অবস্থান করিতেছেন, ইঁহাকে চিনিতে পারিতেছি না।

রাধা। (লজ্জা সহকারে মনে মনে) আমাকে চিত্রিতা জানিয়াও পরিহাস করিতেছেন? (প্রকাশ্যে) ইনি পদ্মা।

কৃষ্ণ। পদ্মাক্ষি! পদ্মার বামদিকে?

রাধা। (অসূয়ার সহিত) আর নিজের গুণবিস্তারে কাজ নাই।

কৃষ্ণঃ। শিরসি কুরুত পাণিদ্বন্দ্বমাদত্ত মুগ্ধাঃ!
সিচয়মিতি মদুক্ত্যা ভুগ্নদৃষ্টি-স্থিতায়াঃ।
স্ফুরদধরমুদঞ্চন্মন্দহাস্যং তবাস্যং
সরুদিতমনুবন্ধ-ভ্রূবিভেদং স্মরামি ॥ ৩৫ ॥

রাধা। কাও এত্থ মত্থঅপ্পিদ-হণ্ডিআও চিট্ঠন্তি ?

নববৃন্দা। যজ্ঞপত্ন্যো ভবিষ্যন্তি।

কৃষ্ণঃ। মন্দস্মিতং প্রকৃতিসিদ্ধমপি ব্যুদস্তং
সঙ্গোপিতশ্চ সহজোঽপি দৃশোস্তরঙ্গঃ।

কৃষ্ণ ইতি। আদত্ত গৃহ্লীত। সিচয়ং বস্ত্রম্। তবাস্যং কিলকিঞ্চিত-ভূষণান্বিতং স্মরামি। তল্লক্ষণমুজ্জ্বলনীলমণৌ,—"গর্ব্বাভিলাষরুদিত-স্মিতাসূয়াভয়ক্রুধাম্। সঙ্করীকরণং হর্ষাদুচ্যতে কিলকিঞ্চিতম্।" ইতি। ভুগ্নদৃষ্টীত্যনেন গর্ব্বঃ। স্ফুরদধরমিতি ক্রোধঃ, উদঞ্চদিতি হাস্যম্ অভিলাষশ্চ, সরুদিতমিতি রুদিতং ভয়ঞ্চ। অনুবন্ধেতি অসূয়া ॥ ৩৫ ॥

রাধেতি। কা অত্র মস্তকাপিত-ভাণ্ডাস্তিষ্ঠন্তি ?

কৃষ্ণ ইতি। প্রকৃতিসিদ্ধং স্বভাবসিদ্ধ। ব্যুদস্তং দূরীকৃতম্। ধূমান্বিতে

কৃষ্ণ। হে মুগ্ধাগণ! মস্তকে অঞ্জলিবন্ধন করিয়া বস্ত্র গ্রহণ কর, আমার এই কথায় তুমি ভ্রূযুগল কুঞ্চিত করিয়া যে দৃষ্টিপাত করিয়াছিলে, যাহাতে তোমার অধর স্ফুরিত হইয়াছিল, মন্দহাস্য প্রকাশ পাইয়াছিল, রোদনের সহিত অসূয়া এবং ভ্রূভঙ্গ প্রকাশ পাইয়াছিল, আমি তোমার তৎকালের সেই মুখখানি স্মরণ করিতেছি ॥ ৩৫ ॥

রাধা। মস্তকে ভাণ্ড রাখিয়া এ কাহারা দণ্ডায়মান ?

নববৃন্দা। ইঁহারা যজ্ঞপত্নী হইবেন।

কৃষ্ণ। প্রকৃতিসিদ্ধ মন্দস্মিত দূরীকৃত ও নেত্রযুগলের স্বাভাবিক

ধূমায়িতে দ্বিজবধূগণ-রাগবহ্ন্যা-
বহ্নায় কাপি গতিরঙ্কুরিতামযাসীৎ ॥ ৩৬ ॥

মধুমঙ্গলঃ। (সতৃষ্ণং সংস্কৃতেন)
ইদং স্মরতি কিং ভবান্ প্রিয়বয়স্য ! লপ্স্যামহে
মহীসুর-বধূকুলাদ্বিবিধমন্নমাস্বাদনম্।

ধূমমুদ্বমতি সতি। কাপি গতির্ধীর-শান্তানুকূলত্বরূপাঽঙ্কুরিতাং প্রাদুর্ভাবমযাসীৎ। ধীর-শান্তলক্ষণং রসামৃতসিন্ধৌ,—"সম-প্রকৃতিকঃ ক্লেশসহনশ্চ বিবেচকঃ। বিনয়াদিগুণোপেতো ধীর-শান্ত উদাহৃতঃ।" ইতি। অনুকূললক্ষণমুজ্জ্বলনীলমণৌ,—"অতিরিক্ততয়া নার্য্যাং ত্যক্তান্য-ললনাস্পৃহাম্। সীতায়াং রামবৎ সোঽয়মনুকূলঃ প্রকীর্ত্তিতঃ।" স্বভাব-সিদ্ধ-স্মিতাদি-ত্যাগেনাত্র ধীর-শান্তত্বম্। গোপীরূপললনাসক্ততয়া ত্যক্ত-যজ্ঞপত্নীকত্বরূপানুকূলত্বঞ্চ ব্যক্তম্। রসাভাসঃ, অত্র স্থায়িবৈরূপ্যম্, —"দ্বয়োরেকতরস্যৈব রতির্যা খলু দৃশ্যতে।" অত্রৈকতররতির্যথা— "যজ্ঞপত্নীষু দেহবৈরূপ্যমিব ব্রাহ্মণদেহত্বাৎ" ॥ ৩৬ ॥

মধুমঙ্গল ইতি। লপ্স্যামহে, অলভামহীত্যর্থঃ। স্মরণার্থে ধাতুযোগেঽনদা-

---

চাঞ্চল্য সংগোপিত করিলেও দ্বিজপত্নীদিগের রাগবহ্নি ধূমায়িত হইয়াছিল, তাহাতে কোনও এক অভূতপূর্ব্ব গতি অঙ্কুরিত হইয়াছিল ॥ ৩৬ ॥

মধুমঙ্গল। (অভিলাষের সহিত সংস্কৃত ভাষায়) হে প্রিয়বয়স্য ! তোমার কি মনে আছে যে, দ্বিজপত্নীকুলের নিকট যে বহুপ্রকার আস্বাদনের

বয়ং কিমপি কুণ্ডলীকৃতশিখণ্ডকাণ্ডোপমং
ক্রমেণ কিল কুণ্ডলীপটলমত্র ভোক্ষ্যামহে ॥ ৩৭ ॥

নববৃন্দা। পশ্য, গোবর্দ্ধনোদ্ধরণমিদম্।

রাধা। (সংস্কৃতেন)

শিখরিভরবিতর্কতঃ প্রতপ্তং
সমহমহর্নিশমীক্ষয়া প্রিয়স্য।
হৃদয়মিহ সমস্ত-বল্লবীনাং
যুগপদপূর্ববিধং দ্বিধা বভূব ॥ ৩৮ ॥

তনভূতে সপ্তম্যাদি-বিভক্তির্ভবতি। কুণ্ডলীকৃতং যৎ শিখণ্ডকাণ্ডং তদুপমম্। কুণ্ডলী জিলেবীতি। ভক্ষ্যামহে ভুক্তবন্ত ইত্যর্থঃ ॥ ৩৭ ॥
রাধেতি। সমস্ত-বল্লবীনাং হৃদয়ং দ্বিধা বভূব। কীদৃশং তৎ? শিখরিভর-বিতর্কতঃ সন্তপ্তমিত্যেকম্। অহর্নিশং প্রিয়স্যেক্ষয়া সমহংসোৎসব-মিত্যেকঞ্চ। যৌগপদ্যেন তদপূর্ব্ববিধমাশ্চর্য্যপ্রকারং ভবতি ॥ ৩৮ ॥

জন্য অন্ন প্রাপ্ত হইয়াছিলাম, আমরা তন্মধ্যে ময়ূরপুচ্ছের ন্যায় গোলাকৃতি কুণ্ডলীপটলবিশিষ্ট এক আশ্চর্য্য দ্রব্য পাইয়া ভক্ষণ করিয়াছিলাম ॥৩৭॥

নববৃন্দা। দেখ, এই গোবর্দ্ধন-ধারণ।

রাধা। (সংস্কৃত ভাষায়) ঐ সময়ে সমস্ত গোপীদিগের হৃদয় পর্ব্বতের গুরুভার বিবেচনায় সন্তপ্ত, অথচ দিবারাত্র প্রিয়দর্শনরূপ মহোৎসবে আনন্দান্বিত যুগপৎ অপূর্ব্বভাবে দুই ভাগে বিভক্ত হইয়াছিল ॥ ৩৮ ॥

নববৃন্দা। গিরিমেখলায়াং লিখিতমিদং পদ্যম্,—

দরোদঞ্চদ্গোপী-স্তনপরিসর-প্রেক্ষণ-ভরাৎ
করোৎকম্পাদীষচ্চলতি কিল গোবর্দ্ধনগিরৌ।
ভয়ার্ত্তৈরারব্ধস্তুতিরখিল-গোপৈঃ স্মিতমুখং
পুরো দৃষ্ট্বা রামং জয়তি নমিতাস্যো মধুরিপুঃ ॥ ৩৯ ॥

কৃষ্ণঃ। (শৈলেন্দ্রকন্দরমবেক্ষ্য সস্মিতম্)

সরোরুহাক্ষি! স্মরসীদমদ্ভুতং ত্বং ছদ্মনা দ্যূতবিধৌ বিনির্জ্জিতা।
ইতঃ সখী সাক্ষিতয়া পণীকৃতং স্বয়ংগ্রহাশ্লেষযুগং বিধাস্যসি ॥ ৪০ ॥

নববৃন্দেতি। দরমীষদুদঞ্চন্তৌ যৌ স্তনৌ তয়োঃ পরিসরস্য যৎ প্রেক্ষণং তস্যাজ্জাতাৎ করোৎকম্পাৎ গোবর্দ্ধনগিরৌ ঈষচ্চলতি সতি। ভয়ার্ত্তৈঃ ভয়ং প্রাপ্য স্তুতৈরখিল-গোপৈরারব্ধা স্তুতির্যস্য সঃ ॥ ৩৯ ॥

কৃষ্ণ ইতি। ইতঃ অত্র। আশ্লেষযুগং বারদ্বয়মালিঙ্গনমিত্যর্থঃ। বিধাস্যসি ব্যদধাঃ বিহিতবতীত্যর্থঃ। স্মরণার্থ-ধাতুযোগেহনদ্যতনভূতে সত্যাদি ॥৪০॥

নববৃন্দা। এই পদ্যটি পর্ব্বত-মেখলায় লিখিত আছে—

ঈষদুদ্গত গোপীদিগের স্তনমণ্ডলের পরিসরের প্রতি বারম্বার দৃষ্টিপাত করায় গোবর্দ্ধন পর্ব্বত ঈষৎ চালিত হওয়ায় নিখিল গোপবৃন্দ ভয়ার্ত্ত হইয়া স্তুতি করিতে লাগিলে পুরোভাগে হাস্যমুখ বলদেবকে দেখিয়া নতবদন মধুসূদন জয়যুক্ত হউন ॥ ৩৯ ॥

শ্রীকৃষ্ণ। (শৈলেন্দ্রকন্দর দেখিয়া সহাস্যে) হে পদ্মাক্ষি! তোমার কি মনে আছে যে, কপট দ্যূতক্রীড়ায় তুমি পরাজিত হইলে তুমি সখী-সাক্ষাতে এই পণ করিয়াছিলে, যে ব্যক্তি পরাজিত হইবে, সে দুইবার আলিঙ্গন দান করিবে? ॥ ৪০ ॥

রাধা। (সাপত্রপং পুরো দৃষ্ট্বা) কধং এত্থ গিরিসিহরে ণিসণ্ণাণং অহ্মাণং কণ্ঠে হারো ণত্থি ?

কৃষ্ণঃ। কথমিদমপি বিস্মৃতং ভবত্যা।

সখি! তব কুণ্ডতটীনিকুঞ্জধাম্নি।
রতিপরিমল-লব্ধ-নিদ্রয়োর্নৌ
যদবহিতা ললিতা জহার হারৌ ॥ ৪১ ॥

নববৃন্দা। বৈরীক্ষ্যাসে বিপক্ষানপি তান্ ভববন্ধতো বিমোক্ষয়সি।
বারুণবন্ধান্নন্দং মোক্ষয়তস্তে কিমাশ্চর্য্যম্ ॥ ৪২ ॥

রাধেতি। কথমত্র গিরিশিখরে নিষণ্ণয়োর্ব্বয়োরাবয়োঃ কণ্ঠে হারো নাস্তি ?

কৃষ্ণ ইতি। হে সখি! তব কুণ্ডতটী-নিকুঞ্জধাম্নি রতিপরিমলেন রতি-বিমর্দ্দনেন, বিমর্দ্দনং পরিমল ইত্যমরাৎ। লব্ধা নিদ্রা যাভ্যাং তয়োর্না-বাবয়োর্হারৌ ললিতা সাবহিতা সতী যজ্জহার তদিদমপি কথং কিং ভবত্যা বিস্মৃতম্ ? যৎশব্দপ্রয়োগে সতি স্মরণার্থ-ধাতুযোগেঽনদ্যতনভূতে সত্যাদি বিকল্পঃ। তেন জহারেত্যত্র হরিষ্যতীতি নাভূৎ ॥ ৪১ ॥

নববৃন্দেতি। তচ্চরিতং কিমাশ্চর্য্যম ? নাশ্চর্য্যমিত্যর্থঃ ॥ ৪২ ॥

রাধা। (লজ্জা সহকারে অগ্রে দৃষ্টি পুরঃসর) কেন এই পর্ব্বতশিখরে উপবিষ্ট আমাদের উভয়ের গলে হার নাই ?

কৃষ্ণ। হে সখি! তুমি কি ইহা বিস্মৃত হইলে যে, তোমার কুণ্ডতীরবর্ত্তী নিকুঞ্জগৃহে আমরা মিলন-পরিশ্রমে নিদ্রিত হইলে ললিতা অলক্ষিতে আমাদের উভয়ের হার হরণ করিয়াছিল ? ॥ ৪১ ॥

নববৃন্দা। যাহারা তোমাকে দেখিয়াছে, তাহারা বিপক্ষ হইলেও তাহাদিগকে তুমি ভববন্ধন হইতে মুক্ত করিয়াছ, অতএব বরুণের বন্ধন হইতে যে নন্দকে মুক্তিদান করিয়াছ, ইহাতে আর বিস্ময়ের বিষয় কি ? ॥৪২॥

(ইত্যগ্রতো দর্শয়ন্তী)

ভূমৌ ভারতমুত্তমং মধুপুরী তত্রাপি তত্রাপ্যলং
বৃন্দারণ্যমিহাপি হন্ত ! পুলিনং তত্রাপি রাসস্থলী।
গোপীকান্তপদদ্বয়ী-পরিচয়প্রাচুর্য্য-পর্য্যাচিতা
যস্যাং সন্তি মহামুনেরপি মনোরাজ্যার্চ্চিতা রেণবঃ ॥ ৪৩ ॥

রাধা। (সচমৎকারম্) হন্ত হন্ত! কথং সা বেণুসদ্দমাহুরী সুণীঅদি ?

(ইত্যানন্দভরাবেশেন কতিচিৎ পদানি গত্বা সোন্মাদম্)

ভূমাবিত্যাদি। সারালঙ্কারঃ। তল্লক্ষণম্,—উত্তরোত্তরমুৎকর্ষো ভবেৎ সারঃ পরাবধিরিতি ॥ ৪৩ ॥

রাধেতি। কথং সা বেণুশব্দমাধুরী শ্রূয়তে ?

(ইহা বলিয়া অগ্রে অবলোকন পূর্ব্বক)

পৃথিবীর মধ্যে ভারতবর্ষ উত্তম, তাহার মধ্যে আবার মধুপুরী শ্রেষ্ঠ, তন্মধ্যে বৃন্দাবন শ্রেষ্ঠ, তাহার মধ্যে যমুনাপুলিন শ্রেষ্ঠতম, তন্মধ্যে আবার রাসস্থলী আরও শ্রেষ্ঠ, কারণ, তাহাতে গোপিকা ও শ্রীকৃষ্ণের চরণদ্বয়ের পরিচয়প্রাচুর্য্য-সমন্বিত রেণুসকল মহামুনি নারদেরও মনোরাজ্যে অর্চ্চিত হইয়া বিরাজ করিতেছে ॥ ৪৩ ॥

রাধা। (চমৎকৃতির সহিত) কি আশ্চর্য্য! কি আশ্চর্য্য! সেই বেণুশব্দ-মাধুর্য্য শুনা যাইতেছে ?

(এই বলিয়া আনন্দাতিশয্যে কয়েক পদ গমন করিয়া উন্মাদের ন্যায়)

বংশীং মাতর্বনভুবি জগন্মোহয়ন্তীং নিশম্য
প্রোদ্যদ্ঘূর্ণাভরতরলধীর্গন্তুমস্মি প্রবৃত্তা ।
দ্বারি স্থূলং নিহিতমচিরাদর্গলং চেত্ত্বয়াগ্রে
কেনেদং বা মদ-সুপদবী-সীম্নি শক্যং বিধাতুম্ ॥ ৪৪ ॥

(ইত্যুদ্ঘূর্ণতে)

কৃষ্ণঃ। (সৌৎসুক্যম্)
নিমজ্জতি নিমজ্জতি প্রণয়কেলিসিন্ধৌ মনো
বিঘূর্ণতি বিঘূর্ণতি প্রমদ-চক্রকীর্ণং শিরঃ।

বংশীমিতি। মাতরিতি সম্বোধনং শব্দমাত্রোক্তত্বাদ্রসাবহম্। কেন জনেন মদ-সুপদবী-সীম্নি ইদমর্গলং বিধাতুং শক্যং স্যাৎ ॥ ৪৪ ॥
কৃষ্ণ ইতি। নিমজ্জতীত্যাদি। আবশ্যকার্থে বীপ্সা। অবশ্যং নিমজ্জতি

হে মাতঃ! বনভূমিতে জগতের মোহকারিণী বংশীধ্বনি শ্রবণ করিয়া আমি উদ্ঘূর্ণাভরে চঞ্চলচিত্তা হইয়া যাইতে প্রবৃত্ত হইয়াছিলাম, তুমি যদি দ্বারে স্থূল অর্গল স্থাপিত কর, তাহাতে ক্ষতি নাই,—কিন্তু কি প্রকারে আমার প্রাণনির্গম-পথের সীমায় অর্গল দান করিতে সমর্থ হইবে? ৪৪ ॥

(এই বলিয়া উদ্ঘূর্ণগ্রস্ত হইলেন)

কৃষ্ণ। (ঔৎসুক্য সহকারে) "রাস" নামক এই অক্ষরদ্বয়ের যাহা হইতে উৎপত্তি হইয়াছে, সেই শব্দ একবার শ্রবণপথে আরোহণ করিলেই

অহো ! কিমিদমাবয়োঃ সপদি রাস-নামাক্ষর-

দ্বয়ী-জনুষি নিস্বনে শ্রবণবীথিমারোহতি ॥ ৪৫ ॥

নববৃন্দা। সখি ! চিত্রগতোঽপি রাসোৎসবস্তব সত্যো বভূব।

রাধা। হদ্ধী হদ্ধী ! কথং কৃখু চিত্তং জ্জেব্ব এদং ?

কৃষ্ণঃ। নব-মদনবিনোদৈঃ কেলিকুঞ্জেষু রাধে !

নিমিষবদুপরামং কামমাসেদুষীণাম্।

উপচিতপরিতোষ-প্রোষিতাপত্রপাণাং

স্মরসি কিমিব তাসাং শারদীনাং ক্ষপাণাম ॥৪৬॥

অবন্তং বিঘূর্ণতীত্যর্থঃ। রাসনামেত্যক্ষরদ্বয্যা জনুর্যস্য তস্মিন্নিস্বনে শ্রবণবীথিমারোহতি সতি ॥ ৪৫ ॥

রাধেতি। হা ধিক্ ! হা ধিক্ ! কথং খলু চিত্রমেবৈতৎ ?

কৃষ্ণ ইতি। উপরামঃ বিরামম্। আসেদুষীণাং প্রাপ্তানাম্। উপচিতঃ সমৃদ্ধো যঃ পরিতোষস্তেন প্রোষিতা গতা অপত্রপা লজ্জা যাসু তাসাং ক্ষপাণাং রাত্রীণাং কিং স্মরসি ? ইবেতি বাক্যালঙ্কারে,—"স্মৃত্যর্থ-ধাতূনাং কর্ম্মণি ষষ্ঠী" ॥ ৪৬ ॥

আমাদের উভয়ের মন প্রণয়কেলিসিন্ধুতে নিশ্চিন্তভাবে নিমগ্ন হয় এবং আনন্দচক্রে নিবিষ্ট হইয়া নিশ্চিত ঘূর্ণিত হইতে থাকে ॥ ৪৫ ॥

নববৃন্দা। সখি ! এই রাসোৎসব চিত্রগত হইয়াও তোমার সম্বন্ধে সত্য হইয়াছে।

রাধা। হা ধিক্ ! হা ধিক্ ! এ কি তবে চিত্রে পরিণত হইল ?

কৃষ্ণ। হে রাধে ! যে সমুদয় রাত্রিতে কেলিকুঞ্জ-সমূহে নবমদনবিনোদনের দ্বারা পরিতোষ প্রাপ্ত হইয়া লজ্জা দূরীভূত হইয়াছিল এবং যে সকল রাত্রি নিমেষের ন্যায় অতিবাহিত হইয়াছিল, সেই সকল শারদীয়া রজনীর কথা কি তোমার স্মরণ আছে ? ॥ ৪৬ ॥

(ইত্যুৎকম্পমভিনীয়)

যমুনোপবনে ভবদ্বিধাভি-
বিবিধৈঃ কেলিভিরস্মৃতাপরাণি।
পুনরপ্যতুলোৎসবানি রাধে!
ভবিতারঃ কিমু তানি বাসরাণি ॥ ৪৭ ॥

নববৃন্দা। বিদ্যোততে তস্য সুদর্শনস্য
প্রসাদতীর্থং বনমম্বিকায়াঃ।
নীতস্তনুং কুণ্ডলিনীং হরির্যং
বিমোক্ষয়ন্ কুণ্ডলিকায়তোঽপি ॥ ৪৮ ॥

যমুনেতি। ভবদ্বিধাভিঃ সহ যে বিবিধাঃ কেলয়স্তৈরস্মৃতমপরং বস্তু যেষু তানি। অতুল উৎসবো যেষু তানি, কিমু ভবিতারো ভবিষ্যন্তি? বাসরাণি দিবসানি। বা তু ক্লীবে দিবস-বাসরাবিত্যমরঃ ॥ ৪৭ ॥

নববৃন্দেতি। বিদ্যোততে বিরাজতে। যং সুদর্শনং কুণ্ডলিকায়তঃ সর্প-শরীরাৎ বিমোক্ষয়ন্ হরিঃ কুণ্ডলিনীং কুণ্ডলশালিনীং তনুং নীতঃ ॥ ৪৮ ॥

(ইহা বলিয়া উৎকম্প প্রকাশ পূর্ব্বক)

রাধে! যমুনাতটবর্ত্তী উপবনে তোমাদিগের সহিত বিবিধ ক্রীড়ায় অন্য সকলই ভুলিয়া গিয়াছিলাম, পুনরায় কি ঐরূপ অতুল উৎসবপূর্ণ দিন উপস্থিত হইবে? ॥ ৪৭ ॥

নববৃন্দা। এই অম্বিকাবনে সেই সুদর্শনের প্রসাদতীর্থ বিরাজ করিতেছে, শ্রীকৃষ্ণ এই সুদর্শনকে সর্পশরীর হইতে মুক্ত হইয়া বিদ্যাধরদেহ প্রাপ্ত করাইয়াছিলেন ॥ ৪৮ ॥

মধুমঙ্গলঃ। এসো সঙ্খউড়ো।

রাধা। (সভয়ম্) পরিত্রাহি পরিত্রাহি।

(ইতি কৃষ্ণমালিঙ্গতি)

কৃষ্ণঃ। (পরিরম্ভসুখমভিনীয়) সাধু, রে ভ্রাতঃ শঙ্খচূড়! সংরম্ভাদুন্মথিতোঽপি মে ত্বমলব্ধপূর্ব্বং প্রমোদমেব কৃতবান্।

নববৃন্দা। পশ্য পশ্য,

শম্ভুর্বৃষং নয়তি মন্দরকন্দরান্ত-
ভীতঃ সলীলমপি যত্র শিরোধুনানে।
আঃ কৌতুকং কলয়-কেলি-লবাদরিষ্টং
তং দৈত্যপুঙ্গবমসৌ হরিরুন্মমাথ ॥ ৪৯ ॥

মধুমঙ্গল ইতি। এষঃ শঙ্খচূড়ঃ।

নববৃন্দেতি। যত্র অরিষ্টে। আ ইত্যাশ্চর্য্যে অব্যয়ানামনেকার্থত্বাৎ ॥৪৯॥

মধুমঙ্গল। এই সেই শঙ্খচূড়।

রাধা। (সভয়ে) রক্ষা কর, রক্ষা কর। (বলিয়া কৃষ্ণকে আলিঙ্গন করিলেন)

কৃষ্ণ। (আলিঙ্গনসুখ আস্বাদ করিয়া) হে ভ্রাতঃ শঙ্খচূড়! সাধু সাধু, তোমাকে সংঘর্ষে বিনষ্ট করিলেও তুমি আমাকে পূর্ব্বে কখনও যে আনন্দলাভ কর নাই, তাহা দান করিলে।

নববৃন্দা। দেখ, দেখ—যে অরিষ্টাসুর লীলাভরে শিরঃ কম্পিত করিলে শম্ভু ভীত হইয়া নিজ বৃষকে মন্দর পর্ব্বতের গুহায় লইয়া যান, কি আশ্চর্য্য, সেই দৈত্যশ্রেষ্ঠ অরিষ্টকে শ্রীহরি কৌতুকবশে ক্রীড়া করিতে করিতে বধ করিলেন॥ ৪৯ ॥

(পুনঃ প্রদর্শ্য)

স্কন্ধেম্বিন্দীবরাক্ষীণাং যঃ কিলেন্দীবরায়তে।
চিত্রং ভুজঃ স তে কেশিভিদায়াং ভিদুরায়তে ॥ ৫০ ॥

কৃষ্ণঃ। এতদ্ব্যোমাসুরং বৃণ্বত্যা মুক্তিপতিম্বরায়া রঙ্গস্থলম্।

মধুমঙ্গলঃ। এসো অক্কুরো, ইত্যর্দ্ধোক্তে।

রাধা। হা হা! কিং করিস্সং?

(ইতি মূর্চ্ছতি)

স্কন্ধেম্বিতি। ভিদুরমিবাচরতি। কুলিশং ভিদুরং পবিরিত্যমরঃ ॥ ৫০ ॥
কৃষ্ণ ইতি। পতিম্বরায়াঃ মুক্তিকন্যায়াঃ।
রাধেতি। হা হা খেদে! কিং করিষ্যামি?

(পুনরায় দেখাইয়া)

কৃষ্ণ। (মৃদু হাসিয়া) আর্য্যে মুখরে! আপনি আমার মনের কথাই বলিয়াছেন, কিন্তু আশীর্ব্বাদ করুন, যাহাতে আমি পুনরায় আপনাদের সেই প্রকার মঙ্গলভাজন হইতে পারি।

পৌর্ণমাসী। বহুকাল পরে আমার সৌভাগ্যবীজ অঙ্কুরিত হইয়াছে, যেহেতু আজ যশোদার ক্রোড়ে উপবিষ্ট মাধবকে দেখিতে পাইলাম।

কৃষ্ণ। মা! আমি যে পশুপক্ষিসমূহকে সবর্দ্ধিত করিয়াছিলাম, তাহারা আপনাদের সুখ বৃদ্ধি করিতেছে ত?

পৌর্ণমাসী। মুকুন্দ! "দুঃখ" এই কথার পরিবর্ত্তে 'সুখ' বলিতেছ কেন?

যশোদা। (সংস্কৃত ভাষায়) তুমি মাতৃবিয়োগদুঃখিত যে হরিণশিশুকে স্নেহভরে ভাণ্ডে করিয়া দুগ্ধপান করাইয়া পরিপুষ্ট করিয়াছিলে, সে

ত্বামপ্রেক্ষ্য স কাতরঃ প্রতিদিশং মুক্তার্ত্তনাদস্তুদ-

ন্নর্ম্মাণি ব্রজবাসিনাং বিতনুতে শার্দ্দূলবিক্রীড়িতম্ ॥ ১৫ ॥

পৌর্ণমাসী।

কস্তান্ পশ্যন্ ভবদুপহৃত-স্নিগ্ধপিঞ্ছাবতংসান্

কংসারাতে! ন খলু শিখিনঃ খিদ্যতে গোষ্ঠবাসী।

উন্মীলন্তং নব-জলধরং নীলমভ্যাপি মত্বা

যে ত্বামভ্যুদিতমভয়ন্তন্বতে তাণ্ডবানি ॥ ১৬ ॥

কৃষ্ণঃ। (ক্ষণং তূষ্ণীং স্থিত্বা) ভগবতি! কচ্চিদমী স্বস্তিমন্তো মম বয়স্যাঃ?

পদ্যস্যাস্য শার্দ্দূলবিক্রীড়িতং নাম ছন্দঃ সূচিতম। তল্লক্ষণং, তর্কাশ্বৈর্যদি মঃ সজৌ সততগাঃ "শার্দ্দূলবিক্রীড়িত"মিতি ॥ ১৫ ॥

পৌর্ণেতি। ভবতে উপহৃতাঃ স্নিগ্ধাঃ পিঞ্ছরূপা অবতংসা যৈস্তান্ শিখিনঃ ॥ ১৬ ॥

কৃষ্ণ ইতি। কচ্চিদিতি প্রশ্নে। স্বামহং প্রশ্নয়ামীত্যর্থঃ।

তোমাকে দেখিতে না পাইয়া কাতর হইয়া উচ্চ আর্ত্তনাদে ব্রজবাসিগণের মর্ম্মভেদ করিয়া শার্দ্দূলের ন্যায় ক্রীড়া বিস্তার করিতেছে ॥ ১৫ ॥

পৌর্ণমাসী। কংসারে! যে সকল ময়ূর তোমাকে স্নিগ্ধ পিঞ্ছরূপ কর্ণভূষণ উপহার দিয়াছিল, তাহাদিগকে দেখিয়া কে দুঃখিত না হইতেছে? ঐ ময়ূরগুলি আকাশে সমুদিত নীলবর্ণ নবীন মেঘকে দেখিয়া, তুমি উদিত হইয়াছ মনে করিয়া নৃত্য করিতে থাকে ॥ ১৬ ॥

কৃষ্ণ। (ক্ষণকাল মৌনী থাকিয়া) ভগবতি! আমার সখাদিগের মঙ্গল ত?

পৌর্ণমাসী। ভবদ্বিলোকনোৎকণ্ঠয়া তে ব্রজেন্দ্রেণ সার্দ্ধং সুধর্ম্মামধ্যাসতে তত্তস্ত্বরয়া পূর্ণকামাঃ ক্রিয়ন্তাম্।

কৃষ্ণঃ। যথাদিশন্তি, তত্রভবত্যঃ।

(ইতি পরিক্রম্য স্বগতম্)

মাতুর্বন্দনায় ললিতা-পদ্ময়োরুপসত্তিরত্রোচিতা।

(ইতি নিষ্ক্রান্তঃ)

চন্দ্রাবলী। উবসপ্পণস্স এসো ওসরো।

(ইতি তথা করোতি)

পৌর্ণমাসী। (সহর্ষম্) গোষ্ঠেশ্বরি! পুরস্তাদিয়ং চন্দ্রাবলী।

(ইত্যুপপাদ্য ভুজাভ্যামাবৃণোতি)।

কৃষ্ণ ইতি। মাতুর্যশোদায়াঃ। উপসত্তিঃ সমীপাগতিঃ।

চন্দ্রাবলীতি। উপসর্পণস্য এষোঽবসরঃ।

পৌর্ণমাসী। তাহারা তোমাকে দেখিবে বলিয়া গোপরাজের সহিত সুধর্ম্মা-প্রাসাদে অপেক্ষা করিতেছে, অতএব শীঘ্রই তাহাদের অভিলাষ পূর্ণ কর।

কৃষ্ণ। আপনার যাহা আজ্ঞা, তাহাই করিতেছি। (ভ্রমণ করিতে করিতে স্বগত) মাতার বন্দনার জন্য ললিতা ও পদ্মার এ স্থানে আগমন করা উচিত। (এই বলিয়া প্রস্থান)

চন্দ্রাবলী। নিকটে যাইবার এই অবসর। (নিকটে গমন)

পৌর্ণমাসী। (আনন্দভরে) গোষ্ঠেশ্বরি! এই চন্দ্রাবলী আপনার সম্মুখে।

(ইহা শুনিয়া চন্দ্রাবলী নিকটে যাইয়া বাহুযুগলের দ্বারা যশোদাকে আবৃত করিলেন)

যশোদা। (সস্নেহম্) বচ্ছে! দিট্ঠিয়া পুণোবি দিঠ্ঠাসি।
(ইতি কণ্ঠে গৃহ্ণাতি)

চন্দ্রাবলী। (যশোদামভিবাদ্য সাস্রম্) অম্ম! ইদোবি ভুইট্ঠো দেঅম্নো কো ক্খু কারুণ্ণবিলাসো, জং অপ্পণো পাঅপ্ফংস-সোহগ্গাণং ভাঅণী কিদম্হি।

যশোদা। বচ্ছে! অবি ণাম ণ বিস্সুমরিদো সো অম্হ গোউলবাসো।

যশোদেতি। বৎসে! দিষ্ট্যা পুনরপি দৃষ্টাসি।

চন্দ্রাবলীতি। মাতরিতোঽপি ভূয়িষ্ঠস্তে অন্যঃ কারুণ্যবিলাসঃ, যৎ আত্মনঃ পদস্পর্শসৌভাগ্যানাং ভাগিনী কৃতাস্মি।

যশোদেতি। বৎসে! অপি নাম বিস্মৃতঃ সোঽস্মদ্গোকুলনিবাসঃ?

যশোদা। (সস্নেহে) বৎসে! সৌভাগ্যবশেই পুনরায় তোমাকে দেখিতে পাইলাম। (এই বলিয়া কণ্ঠে গ্রহণ করিলেন)

চন্দ্রাবলী। (যশোদাকে অভিবাদন করিয়া অশ্রুপূর্ণ চক্ষে) মাতঃ! আপনার কারুণ্যবিলাসের ইহাপেক্ষা আর কি প্রাচুর্য্য থাকিতে পারে? যেহেতু আপনি আমাকেও আপনার পদস্পর্শের সৌভাগ্যভাগিনী করিলেন?

যশোদা। বৎসে! আমাদের সেই গোকুলবাসের কথা কি তুমি ভুলিয়া গেলে?

চন্দ্রাবলী। অম্ম ! মাদু-কোড়ি-সিণিদ্ধাও, জহিং তুম্হে বসেধ, তথাবত্থাণং কল্লাণং কা ণাম পামরী অবি সুমরেদি।

মুখরা। (চন্দ্রাবলীমালিঙ্গ্য) হা রাহি ! চিরাদো তুমং চেঅ ণ দিট্‌ঠাসি।

(ইতি মুক্তকণ্ঠং রোদিতি)।

যশোদা। (সব্যথম্) হন্ত ধত্তি ! পথুদা কীস এসা সোঅ-ণঅরগ্গলকুঞ্চিআ রাহিত্তি অক্‌খরজুঅলী ?

চন্দ্রাবলীতি। অম্ব ! মাতৃ-কোটি-স্নিগ্ধা, যত্র যূয়ং বসথ, তত্রাবস্থানং কল্যাণং কা নাম পামরী অপি ন স্মরতি ?

মুখরেতি। হা রাধে ! চিরাৎ ত্বং ন দৃষ্টাসি।

যশোদেতি। হন্ত ধাত্রি ! প্রস্তুতা কস্মাৎ এষা শোকনগরার্গলকুঞ্চিকা কুঞ্জি ইতি প্রসিদ্ধিঃ। রাধেতি অক্ষরযুগলী।

চন্দ্রাবলী। মাতঃ ! কোটি কোটি মাতার ন্যায় স্নেহময়ী আপনি যেখানে বাস করিতেছেন, সে স্থানে বাসের সৌভাগ্য কোন্ পামরী: ভুলিয়া থাকিতে পারে ?

মুখরা। (চন্দ্রাবলীকে আলিঙ্গন করিয়া) হা রাধে ! বহুকাল তোমাকে দেখিতে পাই নাই।

(ইহা বলিয়া মুক্তকণ্ঠে রোদন করিতে লাগিলেন)

যশোদা। (ব্যথা সহকারে) হায় ধাত্রি ! তুমি কেন শোকনগরের অর্গলমুক্ত করিবার কুঞ্চিকাস্বরূপ 'রাধা' এই অক্ষরযুগল প্রকাশ করিলে ?

চন্দ্রাবলী। হা বহিণীএ! অহ্মহ্মি মন্দভাইণী, জাএ একবারম্মি ণ দিট্‌ঠা তুমং।

রোহিণী। হা তিল্লোঅসুন্দরি বচ্ছে! কহিং গদাসি?

পৌর্ণমাসী। হন্ত। শতকোটি-কঠোরাস্মি, যদদ্যাপি জীবামি।

রোহিণী। (সধৈর্য্যম্) পিঅসহি জসোএ! তপ্পই বাঢ় চন্দাঅলী, তা সোঅং মুঞ্চিঅং আসসাসিঅদু।

চন্দ্রাবলীতি। হা ভগিনি! কোঽহমার্থে কঃ, কনিষ্ঠেত্যর্থঃ। যয়া একবারমপি ন দৃষ্টা ত্বম্।

রোহিণীতি। হা ত্রিলোকসুন্দরি বৎসে! কুত্র গতাসি?

পৌর্ণেতি। শতকোটি-কঠোর-জনতঃ কঠোরাস্মি, অথবা বজ্রাদপি। শতকোটিঃ স্বরুঃ শতস্তোদস্তোলিরশনির্দ্বয়োরিত্যমরঃ।

রোহিণীতি। প্রিয়সখি যশোদে! তপ্যতে বাঢ়ং চন্দ্রাবলী, তৎ শোকং মুক্ত্বা আশ্বাস্যতাম্।

চন্দ্রাবলী। হায় কনিষ্ঠভগিনি! আমি এমনই মন্দভাগিনী যে, একবারও তোমাকে দেখিতে পাইলাম না।

রোহিণী। হায়, ত্রিলোকসুন্দরি বৎসে! তুমি কোথায় গেলে?

পৌর্ণমাসী। হায় হায়! আমি বজ্র হইতেও কঠিনা, যেহেতু শ্রীরাধাকে হারাইয়া আমি এখনও পর্য্যন্ত জীবিতা আছি।

রোহিণী। (ধৈর্য্যসহকারে) প্রিয়সখি যশোদে! চন্দ্রাবলী বড়ই কষ্ট পাইতেছে, অতএব শোক ত্যাগ করিয়া তাহাকে সান্ত্বনা দান কর।

যশোদা। (চন্দ্রাবলীমালিঙ্গ্য) অম্ম ! মা ঝীণেহি, অপ্পড়িকাদব্বো এসো অত্থো।

(ততঃ প্রবিশতঃ কঞ্চুকিনামনুসরন্ত্যৌ বিযুক্তে ললিতা-পদ্মে)।

পদ্মা। (সব্যতঃ প্রেক্ষ্য সাশ্চর্য্যম্) কা এসা অউরুব্বরূবা দিট্‌ঠপুব্বাত্তি পড়িভাদি ?

(ইত্যুপসৃত্য সাস্রম্)

সুন্দরি ! তুমং পেক্‌খিঅ পিঅসহীং ললিদং সুমরন্তী পেম্মঘুম্মিদম্হি।

যশোদেতি। অম্ব ! মা ক্ষীণা ভব, অপ্রতিকর্ত্তব্য এষোঽর্থঃ।

(তত ইতি। বিযুক্তে পৃথগ্‌ভূতে)

পদ্মেতি। কা এষা অপূর্ব্বরূপা দৃষ্টপূর্ব্বা ইতি প্রতিভাতি ? সুন্দরি ! ত্বাং প্রেক্ষ্য প্রিয়সখীং ললিতাং স্মরন্তী প্রেম-ঘূর্ণিতাস্মি।

যশোদা। (চন্দ্রাবলীকে আলিঙ্গন করিয়া) মা, তুমি দুঃখ করিও না, এ ব্যাপারের আর প্রতীকারের উপায় নাই।

(অনন্তর কঞ্চুকিদ্বয়ের দ্বারা অনুগম্যমানা ললিতা ও পদ্মার পৃথক্‌ভাবে প্রবেশ)

পদ্মা। (বামদিকে নিরীক্ষণ করিয়া আশ্চর্য্যান্বিত হইয়া) এই অপূর্ব্বরূপা কে ? ইহাকে যেন পূর্ব্বে দেখিয়াছি মনে হইতেছে।

(নিকটে যাইয়া অশ্রুপূর্ণ চক্ষে)

সুন্দরি ! তোমাকে দেখিয়া প্রিয়সখী ললিতাকে মনে করিয়া প্রেমভরে বিকল হইতেছি।

ললিতা। (সগদ্গদম্) সহি ! অবি ণাম পোম্মাসি !

পদ্মা। (সাবেগম্) হন্ত ! কথং ললিতা জ্জেব্ব ?

(ইতি ভুজাভ্যাং গৃহ্লাতি)।

ললিতা। (গাঢ়ং পরিষ্বজ্য সাস্রম্) পিঅসহী চন্দাঅলী কীস দে বিজুত্তা ?

পদ্মা। সহি ! মন্দভাইণী ম্হি।

কঞ্চুকী। ইদং ভগবত্যা রোহিণ্যা মন্দিরম্, তদত্র প্রবিশতাং ভট্টিন্যৌ।

ললিতেতি। সখি ! অপি নাম পদ্মাসি

পদ্মেতি। হন্ত ! কথং ললিতৈব।

ললিতেতি। প্রিয়সখী চন্দ্রাবলী কস্মাত্তে বিযুক্তা ?

পদ্মেতি। সখি ! মন্দভাগিনী অস্মি।

কঞ্চুকীতি। রাজপুত্রিকে ! দেবী কৃতাভিষেকায়ামিতরাসু তু ভট্টিনীতি কোষঃ।

ললিতা। (গদ্গদ ভাষায়) সখি ! তুমি কি পদ্মা ?

পদ্মা। (আবেগভরে) হায় ! এ যে ললিতা।

(ইহা বলিয়া দুই বাহু দ্বারা বেষ্টন করিলেন)

ললিতা। (গাঢ়রূপে আলিঙ্গন করিয়া সজলনয়নে) প্রিয়সখী চন্দ্রাবলী তোমাকে ছাড়িলেন কেন ?

পদ্মা। সখি ! আমি অতি মন্দভাগ্যা।

কঞ্চুকী। এই যে ভগবতী রোহিণীর মন্দির, অতএব কর্ত্রী ঠাকরুণদ্বয় এই স্থানে প্রবেশ করুন।

উভে। ণূণং রাউলাণীএ বন্দণসস আণীদহ্ম।

রোহিণী। ভঅবদি! কা কৃখু এসা ললিদা-বিব্ভমং উপ্‌পাদেহি?

পৌর্ণমাসী। (সবৈয়গ্র্যম্) হন্ত! পশ্যত, সৈবেয়ং রাধিকায়াঃ প্রাণসখী।

(ইতি সর্ব্বাঃ পুরো ধাবন্তি)।

ললিতা। অহ্মহে! কধং গোউলেসসরীপ্পমুহং এদং সব্বং জ্জেব্ব গোউলবন্ধুউলং?

(ইতি বিক্রোশন্তী সর্ব্বাসাং পাদান্তেষু পততি)।

উভে ইতি। নূনং রাজপত্ন্যা বন্দনায় আনীতে স্ম।

রোহিণীতি। ভগবতি! কা খলু এষা ললিতাবিভ্রমমুৎপাদয়তি?

ললিতেতি। আশ্চর্য্যম্! কথং গোকুলেশ্বরীপ্রমুখং এতৎ সর্ব্বমেব গোকুল-বন্ধুকুলম্?

উভয়ে। নিশ্চয়ই রাজ্ঞীকে বন্দনা করিবার জন্য আমাদিগকে আনয়ন করা হইয়াছে।

রোহিণী। ভগবতি! এ কে! ইহাকে দেখিয়া যে ললিতা বলিয়া ভ্রম হইতেছে।

পৌর্ণমাসী। (ব্যগ্রতা সহকারে) হায় হায়, দেখ, এই সেই রাধিকার প্রাণসখী।

(ইহা শুনিয়া সকলে সম্মুখে ধাবিত হইলেন)

ললিতা। ও মা! কি আশ্চর্য্য! গোকুলেশ্বরী প্রমুখ গোকুলের সকল বন্ধুই যে এখানে!

(ইহা বলিয়া কাঁদিতে কাঁদিতে সকলের পাদপ্রান্তে পতিত হইলেন)

সর্ব্বাঃ। সাক্রন্দমুত্থাপ্য কণ্ঠে গৃহ্ণন্তি)

চন্দ্রাবলী। হা সহি ললিদে! পরাণং ধারেসি ?

(ইত্যালিঙ্গতি)

ললিতা। (সহর্ষাদ্ভুতম্) কধং পিঅসহী চন্দাঅলী।

(ইত্যালিঙ্গ্য)

এসো অমিঅসাঅরে দিব্ব-চিন্তামণিলাহো জো কখু গোউলকুড়ম্বেসু তুম্হ সঙ্গমো।

চন্দ্রাবলী। ললিদে! তুমং জেব্ব সা বহিণী লদ্ধাসি।

চন্দ্রাবলীতি। হা সখি ললিতে! প্রাণং ধারয়সি ?

ললিতেতি। কথং প্রিয়সখী চন্দ্রাবলী।

এব অমৃতসাগরে দিব্যচিন্তামণিলাভঃ, যঃ খলু গোকুলকুটুম্বেষু যুষ্মৎসঙ্গমঃ।

চন্দ্রাবলীতি। ললিতে! ত্বমেব ভগিনী লব্ধাসি। ময়েতি শেষঃ।

সকলে। (কাঁদিতে কাঁদিতে উঠাইয়া কণ্ঠে ধারণ করিলেন)

চন্দ্রাবলী। হায় সখি ললিতে! বাঁচিয়া আছ ?

(ইহা বলিয়া আলিঙ্গন করিলেন)

ললিতা। (আনন্দভরে আশ্চর্য্যান্বিত হইয়া) এ যে প্রিয়সখী চন্দ্রাবলী।

(ইহা বলিয়া আলিঙ্গন করিয়া)

ইহা যে অমৃতসাগরে স্বর্গীয় চিন্তামণিলাভ, যেহেতু গোকুলবন্ধুর সহিত তোমাদিগের সঙ্গলাভ হইল।

চন্দ্রাবলী। ললিতে! আমি তোমাকেই সেই ভগিনীরূপে লাভ করিলাম।

ললিতা। হা সহি রাহে! তুমং চ্চেঅ তুল্লহদংসনা সংবুত্তা।

(ইতি মুখরামালিঙ্গ্য রোদিতি)।

পদ্মা। (চন্দ্রাবলীমালিঙ্গ্য) হা পিঅসহি! দিট্ঠিআ দিট্ঠাসি।

পৌর্ণমাসী। পশ্যেয়ং রুক্মিণীমূর্ত্তিঃ, পদ্মামাশ্লিষ্য বাষ্পৈর্বিদ্রবন্তীব লক্ষ্যতে।

ললিতা। (সবিস্ময়ম্) ভঅবদি! পিঅসহী চন্দাবলী জ্জেব্ব কিং ক্খু রুপ্পিণীত্তি সুণীঅদি।

পৌর্ণমাসী। অথ কিম্।

ললিতেতি। হে সখি রাধে! ত্বমেব দুর্লভদর্শনা সংবৃত্তা।

পদ্মেতি। হা প্রিয়সখি! দিষ্ট্যা দৃষ্টাসি।

পৌর্ণেতি। রুক্মিণী নাম মূর্ত্তিঃ। পক্ষে, স্বর্ণময়ী মূর্ত্তিঃ। বাষ্পৈরশ্রুভিঃ। পক্ষে, উষ্মভিঃ।

ললিতেতি। ভগবতি! প্রিয়সখী চন্দ্রাবলী এব কিং খলু রুক্মিণীতি শ্রূয়তে।

ললিতা। হা সখি রাধিকে! তোমার দর্শনই দুর্লভ হইল।

(ইহা বলিয়া মুখরাকে আলিঙ্গন করিয়া রোদন করিতে লাগিলেন)

পদ্মা। (চন্দ্রাবলীকে আলিঙ্গন করিয়া) হায় প্রিয়সখি! ভাগ্যক্রমেই তোমাকে দেখিতে পাইলাম।

পৌর্ণমাসী। দেখ, এই রুক্মিণীমূর্ত্তিধারিণী পদ্মাকে আলিঙ্গন করিয়া নয়নজলে বিগলিতা হইতেছেন বলিয়া বোধ হইতেছে।

ললিতা। (বিস্ময় সহকারে) ভগবতি! প্রিয়সখী চন্দ্রাবলীকেই কি রুক্মিণী বলিয়া শুনা যাইতেছে?

পৌর্ণমাসী। তাহাই বটে।

ললিতা। তদো সূরদিণ্ণা অব্বাইণা সচ্চভামা ণাম কুমরী কধং
 ইমাএ দুক্খণিদাণং ত্তি পসিদ্ধী ?

পৌর্ণমাসী। বৎসে চন্দ্রাবলি ! তালাঙ্কমাতুর্মুখাদস্মাভিরপি
 তবাধিরাকর্ণিতঃ, তদত্র মা চিন্তয়।

যশোদা। বচ্ছে ! রাহীট্ঠাণে তুমং বট্টসি, তা দাণীং অহ্মাণং
 পুরদো কা দে চিন্তা ণাম ?

চন্দ্রাবলী। সহি ললিদে ! সুণাহি।

(ইতি সংস্কৃতেন)।

ললিতেতি। তদা সূর্যাদত্তা অর্ব্বাচীনা সত্যভামা নাম কুমারী, কথমস্যাঃ
 দুঃখনিদানমিতি প্রসিদ্ধিঃ ?

পৌর্ণেতি। আধির্মনঃপীড়া।

যশোদেতি। বৎসে ! রাধাস্থানে ত্বং বর্ত্তসে, তদিদানীম্ অস্মাকং পুরতঃ
 কা তে চিন্তা নাম।

চন্দ্রাবলীতি। সখি ললিতে ! শৃণু।

ললিতা। তবে সূর্যাদত্তা অর্ব্বাচীনা সত্যভামা নামে কুমারী ইহার দুঃখের
 নিদান, এ কথা প্রচারিত হইল কেন ?

পৌর্ণমাসী। বৎসে চন্দ্রাবলি ! বলদেব-জননী রোহিণীর মুখে তোমার
 দুঃখের কারণ শুনিয়াছি, অতএব চিন্তা করিও না।

যশোদা। বৎসে ! তুমিই রাধিকার স্থানে বর্ত্তমান, অতএব আমরা
 থাকিতে তোমার চিন্তা কি ?

চন্দ্রাবলী। সখি ললিতে ! শ্রবণ কর।

(সংস্কৃত ভাষায়)

অপি প্রাণেভ্যো মে ভবিতুমুচিতো যঃ প্রিয়তমঃ
স সৌন্দর্য্যালোকঃ ক্ষণমপি যযৌ নাক্ষিপদবীম্।
দুরান্তাধিশ্রেণীবিতরণবিধৌ যঃ খলু কৃতী
স সাক্ষাদত্রাসীদহহ ! সহবাসী মম পরঃ ॥ ১৭ ॥

(প্রবিশ্য সম্ভ্রান্তা বকুলা)

বকুলা। দেই ! মএ পুণো পুণো ণিবারিদাবি সপ্পভীসণং কালিঅদহং সপ্পদি সচ্চা।

অপীতি। যো মে প্রাণেভ্যোঽপি প্রিয়তরো ভবিতুমুচিতঃ। সৌন্দর্য্যালোকঃ সৌন্দর্য্যস্যালোকঃ ক্ষণমপি অক্ষিপদবীং ন যযৌ। সৌদর্য্যালোক ইতি পাঠে সৌদর্য্যায়া ভগিন্যা আলোকোঽস্ত দুরন্তাধিশ্রেণীবিতরণবিধৌ যঃ কৃতী সোঽপরঃ অসৌ সৌন্দর্য্যালোকঃ সাক্ষাদত্র সহবাসী আসীদিত্যন্বয়ঃ ॥ ১৭ ॥

বকুলেতি। দেবি ! ময়া পুনঃ পুনর্নিবারিতাপি সর্পভীষণং কালিয়হ্রদং সর্পতি সত্যা।

হায় ! হায় ! যিনি আমার প্রাণাপেক্ষাও প্রিয়তম হইবার উপযুক্ত, সেই সৌন্দর্য্যালোক ক্ষণকালের জন্যও আমার নয়নপথের পথিক হইল না, কিন্তু যিনি দুরন্ত মনোবেদনা প্রদানে দক্ষ, তিনিই আমার শ্রেষ্ঠ সহবাসিরূপে সাক্ষাৎ এই স্থানে বাস করিতে লাগিলেন ॥ ১৭ ॥

(ব্যস্তভাবে বকুলার প্রবেশ)

বকুলা। দেবি ! আমি পুনঃ পুনঃ নিষেধ করিলেও সত্যা ভীষণ সর্পে পরিপূর্ণ কালিয়হ্রদে প্রবেশ করিতেছে।

পৌর্ণমাসী। দিষ্ট্যা পদ্মিনী-হৃদুত্তাপিকা শীতবাতাবলী ব্যালানামা-ননবিলে বিলীনা।

বকুলা। দিট্ঠং মএ, ণঅবুন্দা-বিণ্ণত্তো ভট্টা ভেম্মলো বিঅ ণং সচ্চা অণুসপ্পদি!

সর্ব্বাঃ। অলং বিলম্বারম্ভেণ, ফণি-বাসং গচ্ছেম্ম।

(ইতি স্খলন্ত্যো নিষ্ক্রান্তাঃ)

(ততঃ প্রবিশতি পিঙ্গলয়াভ্যর্থমানা রাধা)

রাধা। (সংস্কৃতেন)

পরতন্ত্রতয়া সমন্ততো, মম রঙ্গায় ন শার্ঙ্গিসঙ্গমঃ।

ধিগিহাপি পুনর্বিয়োগভীর্মৃতিরেবাস্ত গতির্বিনিশ্চিতা॥ ১৮॥

পৌর্ণেতি। শীতবাতাবলী শীতকালীনবাতশ্রেণী।

বকুলেতি। দৃষ্টং ময়া, নববৃন্দাবিজ্ঞপ্তঃ ভর্ত্তা বিহ্বল ইব এনাং সত্যামনুসর্পতি।

রাধেতি। ইহাপি শার্ঙ্গিসঙ্গমেঽপি॥ ১৮॥

পৌর্ণমাসী। সৌভাগ্যেরই কথা। পদ্মিনী হৃদয়ের উত্তাপজনক শীতল মারুৎ সর্পগণের আননবিবরে বিলীন হইল।

বকুলা। দেখিলাম, নবৃন্দা ভর্ত্তাকে এই কথা জানাইলে তিনি বিহ্বল-ভাবে এই সত্যার অনুসরণ করিতেছেন।

সকলে। আর বিলম্বে কাজ নাই। চল সেই সর্পাবাসে যাওয়া যাউক।

(এই বলিয়া স্খলিতগতিতে সকলের প্রস্থান)।

(অতঃপর পিঙ্গলাকর্তৃক অভ্যর্থমানা রাধার প্রবেশ)

সর্ব্বতোভাবে পরাধীনা থাকায় শ্রীকৃষ্ণের সঙ্গ আমার পক্ষে সুখজনক হইল না, এই দুঃসময় মিলনেও আবার বিচ্ছেদের ভয়, অতএব এখন মরণই আমার একমাত্র গতি—ইহা স্থির করিলাম॥ ১৮॥

পিঙ্গলা। ভট্টিদারিএ! ণ ক্খু এদং সাহসং দে জুত্তং।

রাধা। (সাবজ্ঞম্)।

আলি! কালিঅদহেণ দিট্ঠিণো
রঞ্জণং ঘনতরঙ্গভঙ্গিণা।
সামলোচ্ছলভুঅঙ্গমণ্ডলী-
সঙ্গিণা মহ চিরেণ কিজ্জই ॥ ১৯ ॥

(ইতি বামাক্ষিস্পন্দনমভিনীয় সোপালম্ভং সংস্কৃতেন)

মদ্বাম-দৃষ্টিলূতা, পরিস্ফুরন্তী সমন্ততঃ কৃপণা।
আশাবন্ধং তনুতে, প্রাণপতঙ্গোপরোধায় ॥ ২০ ॥

পিঙ্গলেতি। ভর্তৃদারিকে! ন খলু এতৎ সাহসং তে যুক্তম্।

রাধেতি। আলি! কালিয়হ্রদেন দৃষ্টেঃ রঞ্জনং ঘনতরঙ্গভঙ্গিনা শ্যামলোচ্ছলভুজঙ্গমণ্ডলীসঙ্গিনা মম চিরেণ ক্রিয়তে ॥ ১৯ ॥

মদ্বাম-দৃষ্টিরেব লূতা। লূতা স্ত্রী তন্তুবায়োর্ণনাভমর্কটকাঃ সমা ইত্যমরঃ। প্রাণ এব পতঙ্গো মক্ষিকা তস্যোপরোধায়াশাবন্ধং তনুতে ॥ ২০ ॥

পিঙ্গলা। রাজকন্যে! তোমার এরূপ সাহস করা উচিত হইতেছে না।

রাধা। (অবজ্ঞাভরে) সখি! কালিয়হ্রদ ঘন তরঙ্গভঙ্গী সহকারে সঞ্চার্য্যমাণ কৃষ্ণভুজঙ্গমণ্ডলীর দ্বারা আমার নয়নের আনন্দবিধান করিতেছে ॥ ১৯ ॥

রাধা। (সংস্কৃত ভাষায়) (ইহা বলিয়া বামনেত্র স্পন্দনের অভিনয় করিয়া তিরস্কার পূর্ব্বক সংস্কৃত ভাষায়) আমার বামদৃষ্টিরূপা লূতা (মাকড়সা) কৃপণা হইলেও স্ফুরিত হইয়া প্রাণপতঙ্গকে ধারণের জন্য চারিদিকে আশাজাল বিস্তার করিতেছে ॥ ২০ ॥

পিঙ্গলা। আসন্নমঙ্গলসংসি, এদং মুহূত্তং তা পড়িবালেহি।

রাধা। দিট্‌ঠিমক্কডীএ আস্‌সাসে কো মে বীস্‌সাসো?

(ইত্যবতারণং নাটয়তি।

(ততঃ প্রবিশতি নববৃন্দয়া সহ কৃষ্ণঃ)

কৃষ্ণঃ।

গতির্জাতা যা মে চিরবিরহিণঃ প্রাণশকুনে-
র্ঘনচ্ছায়ামেতাং পরিমলবতীং মূর্ত্তিলতিকাম্।
ক্ষিপন্তী সদ্যস্ত্বং ফণিবিষকৃশানৌ কৃশতরাং
কঠোরে! নাকার্ষীর্ময়ি কিমনুকম্পালবমপি ॥ ২১ ॥

পিঙ্গলেতি। আসন্নমঙ্গলশংসি, এতৎ মুহূর্ত্তং তৎ প্রতিপালয়।

রাধেতি। দৃষ্টিমর্কট্যা আশ্বাসে কো মে বিশ্বাসঃ?

কৃষ্ণ ইতি। যা মূর্ত্তিলতিকা মে প্রাণশকুনের্গতির্জাতা এতাং মূর্ত্তিলতিকাং ফণিবিষমেব কৃশানুরগ্নিস্তস্মিন্ সদ্যঃ ক্ষিপন্তী সতী, হে কঠোরে! ময়ি কিমনুকম্পালবমপি নাকার্ষীরিত্যন্বয়ঃ ॥ ২১ ॥

পিঙ্গলা। ইহাতে অদূরবর্ত্তী মঙ্গলের সূচনা করিতেছে, অতএব মুহূর্ত্ত কাল অপেক্ষা কর।

রাধা। দৃষ্টিমর্কটীর আশ্বাসে আমার বিশ্বাস নাই।

(এই বলিয়া অবতরণ করিতে লাগিলেন)

(অনন্তর নববৃন্দার সহিত কৃষ্ণের প্রবেশ)

কৃষ্ণ। হে কঠোরহৃদয়ে! শীতল-ছায়াসমন্বিতা সৌরভময়ী এই যে তনুলতা— যাহা আমার চিরবিরহী প্রাণপক্ষীর একমাত্র আশ্রয়স্থল, তাহাকে তুমি অধিকতর কৃশ করিয়া সদ্যই সর্পবিষরূপ অগ্নিতে নিক্ষেপ করিতেছ, হায়, তুমি আমার প্রতি বিন্দুমাত্রও দয়া প্রকাশ করিলে না ॥ ২১ ॥

(ইতি হৃদাবগাহমভিনয়তি)

নববৃন্দা। দেব! সর্ব্বানর্থহরোঽয়ং মণীন্দ্রঃ।

(ইতি হরের্ম্মণিবন্ধে মণিং বধ্নাতি)

রাধা। হদ্ধী হদ্ধী। কধং মন্দভাইণং ইমং জণং দন্দসূআ অবি ণ ডংসন্তি।

(ইতি সর্পানমুসর্পতি)

কৃষ্ণঃ। (সসম্ভ্রমেণোপসৃত্য) মহাসাহসিনি! কিমেতদসৌষ্ঠবমনুষ্ঠিতম্?

(ইতি পৃষ্ঠতো ভুজাভ্যাং কণ্ঠং গৃহ্লাতি)

রাধেতি। হা ধিক্ হা ধিক্! কথং মন্দভাগিনম্ ইম্ জনং দন্দশূকা অপি ন দংশন্তি?

কৃষ্ণ ইতি। অসৌষ্ঠবং গর্হম্।

নববৃন্দা। দেব! এই মণীন্দ্র সর্ব্ব অনর্থ হরণ করিয়া থাকে। (ইহা বলিয়া শ্রীকৃষ্ণের মণিবন্ধে মণি বন্ধন করিলেন)

রাধা। হা ধিক্! হা ধিক্! এই হতভাগিনীকে কেন সর্পেও দংশন করিতেছে না?

(ইহা বলিয়া সর্পের নিকট গমন করিলেন)।

কৃষ্ণ। (ত্রস্তভাবে নিকটে গমন করিয়া) মহাসাহসিনি! এ কি অন্যায় কার্য্য করিলে? (ইহা বলিয়া পৃষ্ঠদিক হইতে ভুজদ্বয়ের দ্বারা কণ্ঠদেশ ধারণ করিলেন)

রাধা। (শোকাদশ্রুতিমভিনীয় সানন্দম্) দিট্ঠিআ ভুঅঙ্গ-জুঅলেণ বেঢ়িদহ্মি।

(ইতি স্পর্শসুখমভিনীয়)

ঠাণে সমএ অবআরি সব্বং পিঅং হোদি, জং পন্নঅপ্-ফংসোবি সুহাবেদি।

(ইতি সংস্কৃতেন)

কৃষ্ণভুজঙ্গমিতাহং বিধিনাভিমতং কিলানুকূলেন।
চিররাত্রায় কৃতেঽয়ং যাত্রা মম যাতনাবলিভিঃ ॥ ২২ ॥

রাধেতি। দিষ্ট্যা ভুজঙ্গযুগলেন বেষ্টিতাস্মি।

স্থানে যুক্তমিত্যর্থঃ। সময়ে অপকারি সর্ব্বং প্রিয়ং ভবতি, যৎ পন্নগস্পর্শোঽপি সুখাপয়তি।

কৃষ্ণভুজঙ্গমিতি। অনুকূলেন বিধিনা অভিমতং মদাকাঙ্ক্ষিতং কৃষ্ণভুজঙ্গমহমিতাস্মি। সরস্বতী তু তন্মুখেন তদভীষ্টং বাচয়তি। যথা, বিধিনা কত্রাহং কৃষ্ণভুজঙ্গমিতাস্মীতি। মম যাতনাবলিভিঃ চিররাত্রায় চিরাৎ যাত্রা কৃতেত্যন্বয়ঃ। চিরায় চিররাত্রায় চিরস্যাদ্যাশ্চিরার্থকা ইত্যমরঃ॥ ২২ ॥

রাধা। (শোকভরে কোনও কথা শুনিতে না পাইয়া আনন্দভরে) কি ভাগ্য, দুইটি ভুজঙ্গেই আমাকে বেষ্টন করিয়াছে। (ইহা বলিয়া স্পর্শসুখ অনুভবের অভিনয়) উপযুক্তকালে অপকারী বস্তু সকলও প্রিয় হইয়া থাকে, যেহেতু এই সর্পের স্পর্শেও সুখবোধ হইতেছে। (ইহা বলিয়া সংস্কৃত ভাষায়) অনুকূল বিধাতা এত দিন পরে আমার চিরবাঞ্ছিত সাধন করিলেন—এত কাল পরে আমি কৃষ্ণভুজঙ্গকে প্রাপ্ত হইলাম—বোধ হয়, এখন আমার যাতনা সকল চিরকালের জন্য দূর হইল॥ ২২ ॥

নববৃন্দা। দিষ্ট্যা। কৃষ্ণভুজাভিজ্ঞানমস্যাঃ সম্বভূব।

রাধা। (দৃশং দরোন্মীল্য) অব্বো! মণিকন্তিকিম্মীরিদমত্থওবি এসো ভুঅঙ্গো মং ণ ডংসদি।

নববৃন্দা।

চক্রাঙ্কিতস্য নির্ম্মলমলয়জপরিশীলিনো মণিং দধতঃ।

কৃষ্ণভুজগস্য সুভগে! কৃষ্ণভুজস্য চ গতো ভেদঃ ॥ ২৩ ॥

কৃষ্ণঃ। ত্রাসিতেন্দীবরমন্দমাধুরী-কন্দলৈর্বপুরপূর্ব্বমুজ্ঝতী।

বন্ধুরাঙ্গি! জগদেব কিং বৃথা বন্ধ্যনেত্রমসি কর্ত্তুমুদ্যতা ॥২৪॥

নববৃন্দেতি। দিষ্ট্যা! কৃষ্ণভুজমভিলক্ষীকৃত্যাস্যা জ্ঞানং সম্বভূব।

রাধেতি। আশ্চর্য্যম্! মণিকান্তিকির্ম্মীরিতমস্তকোঽপ্যেব ভুজগো মাং ন দংশতি।

নববৃন্দেতি। হে সুভগে! কৃষ্ণভুজগস্য কৃষ্ণভুজস্য চ ভেদো গতো ভেদো নাস্তি, চক্রাঙ্কিতেত্যাদি তৃতীয়বিশেষণসাম্যাদিতি জ্ঞেয়ম্। পক্ষে, গতো গকারাদ্ভেদঃ ॥ ২৩ ॥

কৃষ্ণ ইতি। ইন্দিরা লক্ষ্মীঃ। বন্ধুরাঙ্গি মনোহরাঙ্গি ॥ ২৪ ॥

নববৃন্দা। কি সৌভাগ্য! ইহার কৃষ্ণের বাহু, এই জ্ঞান হইয়াছে।

রাধা। (চক্ষু ঈষৎ উন্মীলিত করিয়া) কি আশ্চর্য্য! মণিকান্তির দ্বারা ভূষিতমস্তক হইয়াও এই ভুজঙ্গ আমাকে দংশন করিতেছে না।

নববৃন্দা। হে সৌভাগ্যবতি! নির্ম্মল মলয়বায়ুসেবী চক্রাঙ্কিত মণিধারী কৃষ্ণ-ভুজঙ্গের ও কৃষ্ণভুজের—এই উভয়ের কিছুমাত্র ভেদ নাই ॥ ২৩ ॥

কৃষ্ণ। হে মনোহরাঙ্গি! তোমার যে সৌন্দর্য্যমাধুর্য্যসমূহে লক্ষ্মী পর্য্যন্ত ভীতা হন, সেই অপূর্ব্ব শরীরকে পরিত্যাগ করিয়া জগৎকে বিফলনেত্র করিতে উদ্যতা হইয়াছ কেন? ॥ ২৪ ॥

রাধা। (সাচিকন্ধরমবেক্ষ্য) হদ্ধী! হদ্ধী! হদাবি সুট্ঠু জেব্ব হদম্হি, জং ইমাএ বরাগীএ কিদে এসো তিল্লোঅসোক্খআরী অপ্পা সপ্পদহে তুএ পক্খিত্তো ?

কৃষ্ণঃ। (তীরমাসাদ্য রাধাহস্তে রত্নমাবধ্নন্ সোপালম্ভস্মিতম্)

ভজন্তী নিষ্ঠুরে রাগাদ্ভোগিনাং স্বয়মাশিষঃ।
ভোগিনং মাং কিমাশীর্ভ্যস্ত্বং বারয়িতুমুদ্যতা ॥ ২৫ ॥

তদেহি, মাধবীমণ্ডপং প্রযাব।

(ইতি পিঙ্গলয়া সহ নিষ্ক্রান্তৌ)

রাধেতি। হা ধিক্ হা ধিক্! হতাপি সুষ্ঠু এব হতাস্মি, যদস্যাঃ বরাকাযাঃ কৃতে এষ ত্রিলোকসৌখ্যকারী আত্মা সর্পহ্রদে ত্বয়া প্রক্ষিপ্তঃ।

কৃষ্ণ ইতি। হে নিষ্ঠুরে! রাগাদ্ভোগিনাং সর্পাণামাশিষো বিষদন্তান্ স্বয়ং ভজন্তী, ত্বং কিং ভোগিনং ভোগাভিষিক্তং মমাশীর্ভ্যঃ কামেভ্যো বারয়িতুমুদ্যতাসি। স্ত্রী আশীর্হিতাশংসাহিদংষ্ট্রয়োরিত্যমরঃ ॥ ২৫ ॥

রাধা। (বক্রগ্রীবায় দেখিয়া) হা ধিক্! হা ধিক্! আমি নিহতা হইয়া আরও বিশেষরূপে হত হইলাম, যেহেতু, এই নগণ্য ব্যক্তির জন্য আপনি আপনার এই ত্রিলোকসুখবর্দ্ধনকারী শরীর কালিয়-হ্রদে নিক্ষেপ করিলেন।

কৃষ্ণ। (তীরে উপস্থিত হইয়া শ্রীরাধিকার হস্তে স্যমন্তক মণি বন্ধন করিয়া মৃদু হাস্যসহকারে তিরস্কার-পূর্ব্বক) হে নিষ্ঠুরে! তুমি অনুরাগভরে স্বয়ং সর্পকুলের বিষদন্ত ভজনা করিয়া ভোগাভিলাষী আমাকে কামনার বস্তু সকল হইতে নিবারণ করিতে উদ্যতা হইয়াছ কেন? ॥ ২৫ ॥

অতএব আইস, আমরা মাধবীকুঞ্জে গমন করি।

(ইহা বলিয়া পিঙ্গলার সহিত উভয়ের প্রস্থান)

(ততঃ প্রবিশতি পৌর্ণমাস্যাদিভিরনুগম্যমানা বিক্রোশন্তী যশোদা)

যশোদা। হন্ত হন্ত! অদিক্কন্তোবি সো হদাসো কালিও মহ মন্দভাইণীএ কিদে পুণোবি পরাবুত্তো।

নববৃন্দা। (স্বগতম্) রাধাপারবশ্যবাধানিরোধায় ময়া প্রণীতেয়ং চাতুরী সিদ্ধা বভূব।

(প্রকাশম্)

হন্ত! পরমার্য্যাঃ! সমাশ্বসিত সমাশ্বসিত, খেদং মুঞ্চত, যদেষ সত্যামুত্তার্য্য তটীমবাপ নাগারিকেতুঃ।

যশোদেতি। হন্ত হন্ত! অতিক্রান্তোঽপি স হতাশঃ কালিয়ো মম মন্দভাগিন্যাঃ কৃতে পুনরপি পরাবৃত্তঃ।

নববৃন্দেতি। চাতুরী সর্ব্বেষামানয়নরূপা ক্রিয়া সিদ্ধা রাধাপারবশ্যনিরোধকারিণী বভূব। নাগারিকেতুর্গরুড়ধ্বজঃ।

(অনন্তর পৌর্ণমাসী প্রভৃতির অগ্রবর্ত্তিনী হইয়া কাঁদিতে কাঁদিতে যশোদার প্রবেশ)

যশোদা। হায় হায়! সেই কালিয় হতাশ হইয়া গমন করিলে এই মন্দভাগিনীর জন্ম পুনর্ব্বার ফিরিয়া আসিল।

নববৃন্দা। (স্বগত) রাধিকার পারবশ্যরূপ বাধা নিবৃত্ত করিবার জন্ম আমি যে কৌশলের অবতারণা করিয়াছিলাম, তাহা সুসিদ্ধ হইল।

(প্রকাশ্যে) কি কষ্ট! হে পূজনীয় আর্য্যাগণ, আপনারা শান্ত হউন, খেদ পরিত্যাগ করুন, যেহেতু, এই গরুড়ধ্বজ সত্যভামাকে উত্তোলন করিয়া তীরে উঠিয়াছেন।

সর্ব্বাঃ। (সগদ্গদম্)বাঢ়ং মঙ্গলং মঙ্গলম্ ।

(ইতি ধৈর্য্যং নাটয়ন্তি)

(নেপথ্যে)।

ত্রিভুবনগুরুমগ্রেকৃত্য রাজীবযোনিং
কলয়িতুমধিমৌলিং সত্বরঃ সাত্বতানাম্ ।
বিশতি পুরমপর্ণাপূর্ণপার্শ্বঃ পুরস্তাদ্-
বৃষবরমধিরূঢ়ঃ খণ্ডশীতাংশুচূড়ঃ ॥ ২৬ ॥

নববৃন্দা। পশ্যত পশ্যত, গিরীন্দ্রনন্দিনাজীবিতবন্ধোরানন্দায় মুকুন্দঃ পুরস্তাদয়ং সাধয়তি ।

(নেপথ্যে)। খণ্ডশীতাংশুরর্দ্ধচন্দ্রশ্চূড়ায়াং মস্তকে যস্য সঃ। মহাদেবো বৃষবরমধিরূঢ়ঃ সন্ ত্রিভুবনগুরুং রাজীবযোনিং ব্রহ্মাণমগ্রেকৃত্বা সাত্বতানামধিমৌলিং শ্রীকৃষ্ণং দ্রষ্টুং দ্বারকাং বিশতীত্যন্বয়ঃ ॥ ২৬ ॥

সকলে। (গদ্গদ ভাষায়) বেশ বেশ! মঙ্গলের কথা। (ইহা বলিয়া ধৈর্য্যধারণ করিলেন)

(নেপথ্যে) দুর্গাদেবীকে পার্শ্বে লইয়া শ্রেষ্ঠ বৃষে আরোহণ পূর্ব্বক অর্দ্ধচন্দ্রচূড় মহাদেব ত্রিভুবনগুরু পদ্মযোনি ব্রহ্মাকে অগ্রবর্ত্তী করিয়া শ্রীকৃষ্ণের দর্শনার্থ শীঘ্র দ্বারকাপুরীতে প্রবেশ করিতেছেন ॥ ২৬ ॥

নববৃন্দা। দেখ দেখ, গিরীন্দ্রনন্দিনীর বল্লভ শঙ্করের আনন্দ-বর্দ্ধনের জন্য মুকুন্দ তাঁহার অগ্রে আসিয়া উপস্থিত হইলেন।

সর্ব্বাঃ। (কৃষ্ণং দূরতঃ সমীক্ষ্য হর্ষং নাটয়ন্তি)।

পৌর্ণমাসী। নববৃন্দে! ক তে প্রাণসখী সত্যা?

নববৃন্দা। পুরস্তান্মাধবীমণ্ডপে।

পৌর্ণমাসী। হরেঃ পরোক্ষমেব সত্যাং সত্বরং কুণ্ডিনে প্রেষয়ামঃ।

মুখরা। অম্মু গদুঅ ণং জাণেমি।

(ইতি পরিক্রামতি)

(প্রবিশ্য পিঙ্গলয়া সহ রাধা)

রাধা। হলা। কাও এত্থ জপ্পন্তি?

মুখরেতি। অহং গত্বা এনামানয়ামি।

রাধেতি। সখি! কা অত্র জল্পন্তি?

সকলে। (দূর হইতে কৃষ্ণকে দর্শন করিয়া আনন্দপ্রকাশ করিতে লাগিলেন।)

পৌর্ণমাসী। নববৃন্দে! তোমার প্রাণসখী সত্যা কোথায়?

নববৃন্দা। অগ্রবর্ত্তী মাধবীমণ্ডপে।

পৌর্ণমাসী। শ্রীকৃষ্ণের অজ্ঞাতসারে সত্যাকে শীঘ্রই কুণ্ডিননগরে প্রেরণ করিতেছি।

মুখরা। আমিই যাইয়া তাহাকে লইয়া আসিতেছি।

(ইহা বলিয়া ভ্রমণ করিতে লাগিলেন)

(পিঙ্গলার সহিত রাধার প্রবেশ)

রাধা। সখি! কাহারা এ স্থানে কথোপকথন করিতেছে?

পিঙ্গলা। মিলিদাইং দেঈএ রুপ্পিণীএ কুড়ুম্বাইং তুমং আক্খিবন্তী।

রাধা। হা! মরণং বি মে দুল্লহং।

(ইতি বক্ত্রমাবৃত্য রোদিতি)

মুখরা। (দূরতঃ প্রেক্ষ্য সচমৎকারং পরাবর্ত্ততে)

পৌর্ণমাসী। মুখরে! কিং নিবৃত্তাসি ?

মুখরা। ভঅবদি! কিম্পি বত্তুকামাবি সঙ্কেমি।

পৌর্ণমাসী। মুগ্ধে! কৃতং শঙ্কয়া, বিশ্রব্ধমুচ্যতাম্।

মুখরা। (সাস্রগদ্গদং কর্ণে) এব্বং ণেদং।

পিঙ্গলেতি। মিলিতানি দেব্যাঃ রুক্মিণ্যাঃ কুটুম্বানি ত্বাং আক্ষিপন্তি।

রাধেতি। হা! মরণমপি মে দুর্লভম্।

মুখরেতি। ভগবতি! কিমপি বক্তুকামাপি শঙ্কে।

মুখরেতি। এবমেতৎ।

পিঙ্গলা। দেবী রুক্মিণীর কুটুম্বগণ মিলিত হইয়া তোমাকে নিন্দা করিতেছে।

রাধা। হায় হায়! মরণও আমার দুর্লভ হইল!

(ইহা বলিয়া মুখ ঢাকিয়া কাঁদিতে লাগিলেন)

মুখরা। (দূর হইতে অবলোকন করিয়া ফিরিয়া আসিলেন)

পৌর্ণমাসী। মুখরে! ফিরিয়া আসিলে কেন ?

মুখরা। ভগবতি! কিছু বলিতে ইচ্ছা করিতেছি, কিন্তু ভয় হইতেছে!

পৌর্ণমাসী। মুগ্ধে! ভয় কি ? বিশ্বস্তচিত্তে বল।

মুখরা। (অশ্রুপূর্ণ গদ্গদকণ্ঠে কাণে কাণে) এইরূপ।

পৌর্ণমাসী। (সোপালম্ভম্) প্রলাপিনি! তূষ্ণীং ভব, কুতস্তে তাদৃশং ভাগধেয়ম্ ?

যশোদা। ভঅবদি! কিং ভণাদি এসা ?

পৌর্ণমাসী। গোকুলেশ্বরি! বাঢ়মসম্ভাব্যম্।

মুখরা। (পুনঃ কর্ণে লপতি)

পৌর্ণমাসী। মূঢ়ে! জ্ঞাতম্ জ্ঞাতং, মহারম্ভেনৈব ভ্রান্তাসি কৃতা।

মুখরা। ণত্তিণি ললিদে! তুমং আঅদুঅ পেক্খ।

ললিতা। (পৌর্ণমাসীমুখমীক্ষতে)

পৌর্ণমাসী। গচ্ছামস্তত্র কো দোষঃ।

(ইতি সর্ব্বাঃ পরিক্রামন্তি)

যশোদেতি। ভগবতি! কিং ভণতি এষা ?

মুখরেতি। নপ্ত্রি, ললিতে! ত্বমাগত্য পশ্য।

পৌর্ণমাসী। (তিরস্কার পূর্ব্বক) প্রলাপিনি! চুপ কর, তোমার তেমন ভাগ্য কোথায় ?

যশোদা। ভগবতি! তুমি এ কি বলিতেছ ?

পৌর্ণমাসী। গোকুলেশ্বরি! সে অসম্ভাবনীয় কথা।

মুখরা। (পুনরায় কাণে কাণে কহিতে লাগিলেন)

পৌর্ণমাসী। মূঢ়ে! জানি জানি, মহারম্ভ হেতু তুমি এইরূপ ভুল করিয়াছ।

মুখরা। নাতিনি ললিতে! তুমি একবার আসিয়া দেখ।

ললিতা। (পৌর্ণমাসীর মুখের প্রতি তাকাইলেন)

পৌর্ণমাসী। তথায় যাইতেছি, তাহাতে দোষ কি ?

(সকলে যাইতে লাগিলেন)

পৌর্ণমাসী। (ললিতা-মুখরাভ্যাং সহ কিঞ্চিদগ্রে গত্বা সৌৎসুক্যম্) কথমলক্ষ্যমাণসর্ব্বাঙ্গাপি বরাঙ্গী মদন্তরে কারুণ্যমুন্মীলয়ন্তী কঞ্চিৎ চমৎকারমারোপয়তি।

ললিতা। (সন্নিধায় সগদ্গদম্) অই মন্দোঅরি! কিং রোঅসি?

রাধা। (মুখাদঞ্চলমপাস্য সবিক্রোশম্) হা হা! কধং পিঅসহী মে ললিদা? হা! কধং বচ্ছলা ভঅবদী? হা! কধং অজ্জিআ মুহরা?

(ইত্যানন্দেন ঘূর্ণন্তী ভূমৌ স্খলতি)

পৌর্ণেতি। অলক্ষ্যসর্ব্বাঙ্গত্বমস্যা বস্ত্রাবৃতত্বাদ্রশ্মিতত্বাচ্চ।

ললিতেতি। অয়ি মন্দোদরি! কিং রোদিষি?

রাধেতি। অপাস্য ত্যক্ত্বা। হা হা! কথং প্রিয়সখী ললিতা? হা! কথং বৎসলা ভগবতী? হা! কথং আর্য্যা মুখরা?

পৌর্ণমাসী। (ললিতা ও মুখরার সহিত কিঞ্চিৎ অগ্রে গমন করিয়া ঔৎসুক্য সহকারে) যদিও এই সুন্দরীর সর্ব্বাঙ্গ দেখা যাইতেছে না, তথাপি এই সুন্দরী আমার অন্তরে করুণার সঞ্চার করিয়া আমাকে অপূর্ব্বভাবে চমৎকৃত করিলেন।

ললিতা। অয়ি ক্ষীণোদরি! কাঁদিতেছ কেন?

রাধা। (মুখ হইতে অঞ্চল অপসারণ করিয়া কাঁদিতে কাঁদিতে) হায় হায়! প্রিয়সখী ললিতা কোথা হইতে আসিলে? স্নেহময়ী ভগবতীই বা কোথা হইতে, আর্য্যা মুখরাই বা কোথা হইতে আসিলেন?

(ইহা বলিয়া আনন্দে ঘূর্ণিতা হইয়া ভূমিতে পতিত হইলেন)

ললিতা। (বিচিত্রং কূজন্তী রাধামালিঙ্গ্য প্রমোদমূর্চ্ছাং নাটয়তি)

পৌর্ণমাসী। অহহ! ভোঃ! কথং বৎসৈব সা মে রাধিকা?

(ইত্যুচ্চৈরাক্রন্দতি)

মুখরা। ণত্তিণি! পুণোবি লদ্ধাসি।

(ইত্যুন্মাদং নাটয়তি)

যশোদা। (রোহিণ্যা সহ ধাবন্তী সগদ্গদম্) হা বচ্ছে! জীঅসি?

(ইতি মুখং চুম্বতি)

মুখরেতি। নপ্ত্রি! পুনরপি লব্ধাসি।

যশোদেতি। হা বৎসে! জীবসি?

ললিতা। (বিচিত্র অস্ফুট বাক্য বলিতে বলিতে রাধাকে আলিঙ্গন করিয়া আনন্দে মূর্চ্ছিতা হইলেন)

পৌর্ণমাসী। অহে! কি প্রকারে আমার বৎসা রাধিকা এখানে আসিলেন?

(ইহা বলিয়া উচ্চৈঃস্বরে ক্রন্দন করিতে লাগিলেন)

মুখরা। নাতিনি! আবার তোমাকে পাইলাম।

(ইহা বলিয়া উন্মত্তের ন্যায় আচরণ করিতে লাগিলেন)

যশোদা। (রোহিণীর সহিত ধাবিতা হইয়া গদ্গদ বাক্যে) হা বৎসে! জীবিত আছ?

(ইহা বলিয়া মুখচুম্বন করিলেন)

চন্দ্রাবলী। (সোৎকম্পম্) কিং কৃখু মম বহিণী রাহী চ্চেঅ এসা?

(ইতি স্খলন্তী কণ্ঠে গৃহ্লাতি)

পৌর্ণমাসী। অহো! তীব্রতৃষ্ণার্ত্তানাং মরুজাঙ্গলে পানককুল্যা স্বয়মেবোন্মীলিতা।

রাধা।

(সর্ব্বাসাং পাদানভিবাদ্য সোৎকণ্ঠম্) কুসলিণী কিং বহিণী মে চন্দাঅলী?

চন্দ্রাবলীতি। কিং খলু মম ভগিনী রাধা এব এষা?

পৌর্ণেতি। মরুজাঙ্গলে তন্নাম্নি দেশে। পানকস্য কুল্যা কৃত্রিমনদী; কুল্যাল্পা কৃত্রিমা সরিদিত্যমরঃ।

রাধেতি। কুশলিনী কিং মম ভগিনী চন্দ্রাবলী?

চন্দ্রাবলী। (কম্পিতাঙ্গে) ইনি কি আমার ভগিনী রাধিকা?

(ইহা বলিয়া স্খলিতগতিতে রাধার কণ্ঠ ধারণ করিলেন)

পৌর্ণমাসী। হায় হায়! অতিশয় তৃষ্ণার্ত্তদিগের দুঃখ দূর করিবার জন্য মরুপ্রদেশে স্বয়ং কৃত্রিমনদী আসিয়া উপস্থিত।

রাধা। (সকলের পদবন্দনা করিয়া উৎকণ্ঠা-সহকারে) আমার ভগিনী চন্দ্রাবলীর কুশল ত?

চন্দ্রাবলী। (গাঢ়ং পরিষজ্য) বহিণি! এসা এসম্মি দুজ্জণী হদচন্দাঅলিআ।

(ইতি রোদিতি)

রাধা। (সানন্দসম্ভ্রমং পাদয়োঃ পতন্তী) হদ্ধী হদ্ধী! বিড়ম্বিদম্মি হদ দেব্বেণ।

(ততঃ প্রবিশতি কৃষ্ণঃ)

কৃষ্ণঃ। (সানন্দম্) চিরেণাত্ম গোকুলবাসিনমিবাত্মানমভিমন্ত-মানঃ প্রমোদমুগ্ধোঽস্মি।

চন্দ্রাবলীতি। ভগিনি! এষা এবাস্মি দুর্জ্জনী হতচন্দ্রাবলিকা।

রাধেতি। হা ধিক্ হা ধিক্! বিড়ম্বিতাস্মি হতদৈবেন।

চন্দ্রাবলী। (গাঢ় আলিঙ্গন করিয়া) ভগিনি! এই দুর্জ্জনই হতভাগিনী চন্দ্রাবলী।

রাধা। (সানন্দে সম্ভ্রম সহকারে পদে পতিত হইলেন) হা ধিক্! হা ধিক্! হতদৈব কর্ত্তৃক আমি প্রতারিত হইলাম।

(অনন্তর কৃষ্ণের প্রবেশ)

কৃষ্ণ। (আনন্দভরে) বহুকাল পরে নিজেকে গোকুলবাসিরূপে মনে করিয়া আনন্দে মুগ্ধ হইয়াছি।

যশোদা। (কৃষ্ণমভিমৃশ্য) জাদ ! দিট্‌ঠিআ বহূতুদিও সপ্প-
তুহাদো কুখেমী ণিকন্তোসি।

নববৃন্দা। গোকুলেশ্বরি ! মায়াময়ী সেয়ং ভুজঙ্গসন্ততিঃ।

(ইতি শৃণ্বন্তঃ সর্ব্বে স্মিতং কুর্ব্বন্তি)

ললিতা। হলা রাহে ! কহিং বিসাহা ?

নববৃন্দা। পশ্যেয়ং বিশাখা নিজনির্ঝরাদুত্থায় সানন্দমায়াতি।

সর্ব্বাঃ। (প্রত্যুদ্গম্য বিশাখামালিঙ্গন্তি)

যশোদেতি। (কৃষ্ণং অভিমৃশ্য আলিঙ্গ্য) জাত ! দিষ্ট্যা বধূদ্বিতীয়ঃ
সর্পহ্রদাৎ ক্ষেমী নিষ্ক্রান্তোঽসি।

ললিতেতি। সখি রাধে ! কুত্র বিশাখা ?

যশোদা। (কৃষ্ণকে আলিঙ্গন করিয়া) পুত্র ! বড় সৌভাগ্যের
বিষয় যে, বধূকে লইয়া তুমি সর্পমুখ হইতে নিষ্ক্রান্ত হইতে
পারিয়াছ।

নববৃন্দা। গোকুলেশ্বরি ! সেই ভুজঙ্গের দল সকলই মায়াময়।

(ইহা শুনিয়া সকলে মৃদুহাস্য করিতে লাগিলেন)

ললিতা। সখি রাধে ! বিশাখা কোথায় ?

নববৃন্দা। এই যে স্বীয় নির্ঝর হইতে বিশাখা উঠিয়া সানন্দে
আসিতেছেন।

সকলে। (প্রত্যুদ্গমন করিয়া বিশাখাকে আলিঙ্গন করিলেন)

বিশাখা। (গুরূণাং পাদানভিবন্দ্য রাধামালিঙ্গতি)

ললিতা। হা সহি বিসাহে! কধং পুণোবি দিট্‌ঠাসি।

(ইত্যুভে গাঢ়মালিঙ্গতঃ)

চন্দ্রাবলী। (জনান্তিকম্) ভঅবদি! বহিণীএ করং গেহ্নিত্তুং মহ বঅণেণ অজ্জউত্তো অব্ভত্থীঅদু।

পৌর্ণমাসী। বৎসে! দাক্ষিণ্যভাজাং মূর্দ্ধন্যাসি, তদাকর্ণয়,—

এষা সাধ্বী চিরমুদয়তে দেবি! দৈবী প্রসিদ্ধি-
বিন্যস্তায়াং মধুরিপুকরে রাধিকায়াং ভবত্যা।

ললিতেতি। হা সখি বিশাখে! কথং পুনরপি দৃষ্টাসি। ময়েতি শেষঃ।

চন্দ্রাবলীতি। ভগবতি! ভগিন্যাঃ রাধায়া ইত্যর্থঃ। করং গ্রহীতুং মম বচনেন অভ্যর্থ্যতাং আর্য্যপুত্রঃ।

পৌর্ণেতি। দাক্ষিণ্যভাজাং সরলানাম্। দক্ষিণে সরলোদারাবিতি কোষঃ। হে দেবি! এষা সাধ্বী দৈবী প্রসিদ্ধিশ্চিরমুদয়তে। তাং প্রসিদ্ধিমাহ, বিন্যস্তায়ামিত্যাদিনা ভবত্যা। মধুরিপুকরে রাধিকায়াং

বিশাখা। (গুরুজনগণের পাদবন্দনা করিয়া রাধাকে আলিঙ্গন করিলেন)

ললিতা। হা সখি বিশাখে! সৌভাগ্যক্রমেই পুনরায় তোমাকে দেখিতে পাইলাম। (ইহা বলিয়া উভয়ে পরস্পরকে গাঢ় আলিঙ্গন করিতে লাগিলেন)

চন্দ্রাবলী। (জনান্তিকে) ভগবতি! আমার কথামত আর্য্যপুত্রকে ভগিনী শ্রীরাধার পাণিগ্রহণের জন্য নিবেদন করুন।

পৌর্ণমাসী। বৎসে! তুমি পতিব্রতাগণের শীর্ষস্থানীয়া, অতএব শ্রবণ কর —হে দেবি! তুমি মধুরিপুর করে শ্রীরাধাকে সমর্পণ করিলে

ধিন্বন্ ভাবী ভুবনমনযোঃ প্রেমসৌভাগ্যঘণ্টা-
নির্ঘোষাখ্যঃ পরিণয়বিধৌ রত্নধারাভিষেকঃ ॥ ২৫ ॥

চন্দ্রাবলী। (সহর্ষম্) অজ্জে! মাহবি এসো চ্চেঅ কামো, তা গোউলেস্সরীএ সমং সম্পাদীঅদু।

পৌর্ণমাসী। (যশোদামাবেদয়তি)

যশোদা। জাদ! বচ্ছা অন্দাঅলী কিম্পি অব্ভত্থেদি।

বিস্তারায়াং সত্যাম্। অনয়োঃ পরিণয়বিধৌ রত্নধারাভিষেকো ভুবনং ধিন্বন্ ভাবী ভবিষ্যতি। প্রেম-সৌভাগ্যঘণ্টায়া নির্ঘোষনামাখ্যাস্তি যস্তাদৃশ ইত্যন্বয়ঃ ॥ ২৫ ॥

চন্দ্রাবলীতি। আর্যে! মমাপি এষ এব কামঃ, তৎ গোকুলেশ্বর্যা সমং সম্পাদ্যতাম্।

পৌর্ণেতি। (তং কামং যশোদাং প্রত্যাবেদয়তি)

যশোদেতি। জাত! বৎসা চন্দ্রাবলী কিমপি অভ্যর্থয়তি।

ইঁহাদের পরিণয়বিধিতে রত্নধারাভিষেক প্রেমসৌভাগ্যরূপ ঘণ্টা-ধ্বনিতে ত্রিজগতের হর্ষবিধান করিবে এবং ইনি যে সাধ্বী, এই দৈবা-প্রসিদ্ধি চিরকাল উদিত হইয়া থাকিবে ॥ ২৫ ॥

চন্দ্রাবলী। (আনন্দভরে) আর্য্যে! আমারও এইরূপ ইচ্ছা, অতএব উহা গোকুলেশ্বরীর সহিত সম্পাদিত করুন।

পৌর্ণমাসী। (যশোদাকে নিবেদন করিলেন)

যশোদা। পুত্র! বৎসা চন্দ্রাবলী কিছু নিবেদন করিতেছে।

কৃষ্ণঃ। অম্ব! কথয় কমস্যাঃ পরিপূরয়িষ্যাম্যভিলাষম্ ?

যশোদা। এবমপ্যেদং।

কৃষ্ণঃ। অম্ব! যথাজ্ঞাপয়তি।

(ইত্যুপসৃত্য জনান্তিকম্)

দেবি! দুর্ব্বহোঽয়ং গরীয়ান্মহাভারঃ তদিতোঽন্য-দাজ্ঞাপয়।

চন্দ্রাবলী। (সপ্রণয়েৰ্ষম্) ঠাণে বিজ্‌ঝসি, জং লদ্ধকাণ্ডোসি।

কৃষ্ণ ইতি। অস্যাঃ ভামকসুতায়াঃ।

যশোদেতি। এবমেতৎ।

কৃষ্ণ ইতি। মাতঃ! যথাজ্ঞাপয়সি, তথা করিষ্যামীত্যর্থঃ।

(জনান্তিকং কর্ণে লগিত্বাহ, কৃষ্ণ ইত্যর্থং বোধয়তি)

দেবি! মহাভারঃ রাজ্ঞো বরদানাং।

চন্দ্রাবলীতি। স্থানে বিভেষি, যং লব্ধকাণ্ডোঽসি লব্ধসময়োঽসি। পক্ষে, লব্ধবাণোঽসি। কাণ্ডোঽবসরবাণয়োরিত্যমরঃ।

কৃষ্ণ। মাতঃ! আজ্ঞা করুন, ইঁহার কোন্ অভিলাষ পূর্ণ করিব ?

যশোদা। এইরূপ।

কৃষ্ণ। মাতঃ! যেরূপ আজ্ঞা করিলেন, তাহাই হইবে।

(ইহা বলিয়া নিকটে যাইয়া জনান্তিকে দেবীর প্রতি)

দেবি! এই গুরুতর মহাভার অত্যন্ত দুর্ব্বহ, অতএব ইহা ভিন্ন অন্য কিছু আদেশ কর।

চন্দ্রাবলী। (প্রণয়সহিত ঈর্ষা সহকারে) উপযুক্ত সময় পাইয়া ভয় করা তোমার পক্ষে ভালই হইতেছে।

(ইতি রাধাং করে ধৃত্বা)

পুণ্ডরীকক্খ ! এসা মে বহিণী, অম্হ সআসাদোবি তুএ পউরপ্রেম্মেণ সংভাঅণিজ্জা ।

(ইতি কৃষ্ণপাণৌ সমর্পয়তি)

কৃষ্ণঃ । (নীচৈঃ) দেবি ! কস্তে প্রসাদং নাভিনন্দতি ?

(ইতি সাদরং গৃহ্লাতি)

(নেপথ্যে) উদ্দিশ্যমানসরণির্নম্ভু রৈবতেন
গোবর্দ্ধনস্য করসম্ভৃতবামপাণিঃ ।
জম্বুকমন্নবদনাদুপলভ্য বার্ত্তাং
বিন্ধ্যো মুকুন্দনগরীং নগরাডুপৈতি ॥ ২৬ ॥

পুণ্ডরীকাক্ষ ! এষা মে ভগিনী, অস্মৎসকাশাদপি ত্বয়া প্রচুরপ্রেম্না সম্ভাবনীয়া । নেপথ্যে । রৈবতেন পর্ব্বতেনোদ্দিশ্যমানা সরণিঃ পন্থাঃ যস্মিন সঃ । গোবর্দ্ধনস্য পর্ব্বতস্য করেণ সম্ভৃতো বামপাণির্যস্য সঃ । নগরাট্ নগরাজঃ ॥ ২৬ ॥

(ইহা বলিয়া শ্রীরাধার কর ধারণ পূর্ব্বক)

পুণ্ডরীকাক্ষ ! এই আমার ভগিনী, আমার অপেক্ষাও আপনি প্রচুরতর প্রেমে ইহাকে আদর করিবেন । (ইহা বলিয়া শ্রীকৃষ্ণের হস্তে সমর্পণ করিলেন) ।

কৃষ্ণ । (মৃদুস্বরে) দেবি ! তোমার অনুগ্রহ কে না অভ্যর্থনা করে ?

(ইহা বলিয়া সাদরে গ্রহণ করিলেন) ।

(নেপথ্যে) । জাম্ববানের মুখ হইতে বৃত্তান্ত অবগত হইয়া পর্ব্বতরাজ বিন্ধ্য পথপ্রদর্শক রৈবতক পর্ব্বতের সহিত বামহস্তে গোবর্দ্ধনের কর গ্রহণ করিয়া শ্রীকৃষ্ণের নগরে প্রবেশ করিতেছেন ॥ ২৬ ॥

পৌর্ণমাসী। পশ্যত পশ্যত,

ধৃত-হলধরপাণিঃ পর্ব্ববেদীমপূর্ব্বাং
প্রবিশতি বসুদেবো বৃষ্ণিবীরৈঃ পরীতঃ।
যদুকুলরমণীনাং শ্রেণীভিঃ সেব্যমানা
সদয়মুপনয়ন্তী রেবতীং দেবকী চ ॥ ২৭ ॥

নববৃন্দা। পশ্যত পশ্যত,

ভদ্রায়া দক্ষিণং পাণিং শৈব্যায়াঃ সব্যমুৎসুকা।
করাভ্যাং গৃহ্নতী শ্যামা পুরস্তাদিয়মাযযৌ ॥২৮॥

পৌর্ণেতি।

পর্ব্ববেদীং বিবাহোৎসববেদীম্। সদয়ং যথা স্যাত্তথা দেবকী চ রেবতী-মুপনয়ন্তী সতী পর্ব্ববেদীং প্রবিশতীত্যন্বয়ঃ ॥ ২৭-২৮ ॥

পৌর্ণমাসী।

দেখ দেখ, বৃষ্ণিবংশীয় বীরগণে পরিবৃত হইয়া বসুদেব হলধরের হস্তধারণ করিয়া অপূর্ব্ব বিবাহবেদীতে প্রবেশ করিলেন। এদিকে যদুকুল-রমণীদিগের দ্বারা সেবিতা হইয়া দেবী দেবকী রেবতী দেবীকে সদয়ভাবে গ্রহণ করিয়া উপস্থিত হইলেন ॥ ২৭ ॥

নববৃন্দা। দেখ দেখ, শ্যামা উৎকণ্ঠিতা হইয়া দুই হস্ত দ্বারা ভদ্রার দক্ষিণ হস্ত ও শৈব্যার বামহস্ত গ্রহণ করিয়া ঐ অগ্রে আগমন করিতেছেন ॥ ২৮ ॥

(নেপথ্যে) বিনীতে রাধায়াঃ পরিণয়বিধানানুমতিভিঃ
স্বয়ং দেব্যা তস্মিন্ পিতুরিহ নিবন্ধে মুদিতয়া।
কুমারীণাং তাসাময়মুপনয়ন্ ষোড়শ কৃতী
সহস্রাণি স্মেরঃ প্রবিশতি শতাঢ্যানি গরুড়ঃ ॥ ২৯ ॥

যশোদা। অম্মহে ! দেব্বস্স একদা সব্বদোমুহী অণুউলদা।

পৌর্ণমাসী। পশ্যত পশ্যত,

দক্ষিণতঃ শ্রীদাম্না বামতঃ সুবলেন সব্যতঃ স্ফুরতা
উপচিত-পরমানন্দঃ প্রবিশত্যয়মগ্রতো নন্দঃ ॥ ৩০ ॥

নেপথ্যে। তস্মিন পিতুর্ভীষ্মকস্য নিবন্ধে তৎ রাধাপরিণয়বিধৌ মুদিতয়া দেব্যা স্বয়ং বিনীতে বিগতং নীতে সতি। অয়ং গরুড়ঃ স্মেরঃ সন্ তাসাং কুমারীণাং শতাঢ্যানি ষোড়শসহস্রাণি উপনয়ন্ সন পর্ব্ববেদীঃ প্রবিশতি। ২৯ ॥

যশোদেতি। আশ্চর্য্যম্ ! দৈবস্যৈকদা সর্ব্বতোমুখানুকূলতা।

পৌর্ণেতি। দক্ষিণতঃ স্ফুরতা শ্রীদাম্না বামতঃ সব্যতঃ স্ফুরতা সুবলেন বর্দ্ধিতো নন্দোঽগ্রতঃ প্রবিশতীত্যন্বয়ঃ। ৩০ ॥

(নেপথ্যে) : শ্রীরাধার বিবাহবিধানে অনুমতিদানের দ্বারা হৃষ্টা দেবী স্বয়ং পিতার পণ খণ্ডন করায় কার্য্যদক্ষ গরুড় মৃদুহাস্য-পুরঃসর সেই কুমারীদিগের ষোড়শ-সহস্র একশতকে আনয়নপূর্ব্বক পর্ব্ববেদীতে প্রবেশ করিতেছেন ॥ ২৯ ॥

যশোদা। কি আশ্চর্য্য ! দৈবের এককালে সর্ব্বতোভাবে অনুকূলতা।

পৌর্ণমাসী। দেখ দেখ, দক্ষিণদিকে শ্রীদামের সহিত এবং বামদিকে সুবলের সহিত সুশোভিত হইয়া পরমানন্দযুক্ত হইয়া নন্দ পুরোভাগে প্রবেশ করিলেন ॥ ৩০ ॥

(প্রবিশ্য যথানির্দ্দিষ্টো নন্দঃ)

নন্দঃ। ভগবতি ! চরিতার্থোঽস্মি, চিরসম্ভৃতস্য মনোরথস্য পূরণেন।

(কৃষ্ণমালিঙ্গতি)

ভগিন্যৌ।

(পৌর্ণমাসীমন্তরাকৃত্য গোপেন্দ্রং প্রণমতঃ)

নন্দঃ।

বৎসে ! পরস্পরস্য প্রাণাধিক্যং ভজন্ত্যৌ সৌভাগ্যবত্যৌ ভূয়াস্তাম্।

ভগিন্যৌ রাধা-চন্দ্রাবল্যৌ। (পৌর্ণমাস্যাঃ পশ্চাৎ তিরোধায়েত্যর্থঃ) নন্দ ইতি। প্রাণাধিক্যং মধ্যমপুরুষবিবচনাৎ যুবামিত্যধ্যাহার্য্যম্।

(ঐরূপভাবে নন্দের প্রবেশ)

নন্দ। ভগবতি ! চিরপোষিত মনোরথ পূর্ণ হওয়ায় আমি চরিতার্থ হইয়াছি। (কৃষ্ণকে আলিঙ্গন করিলেন)

ভগিনীদ্বয়। (রাধা ও চন্দ্রাবলী পৌর্ণমাসীর অন্তরালে থাকিয়া গোপরাজ নন্দকে প্রণাম করিলেন)।

নন্দ। বৎসে ! পরস্পরকে পরস্পরের প্রাণ অপেক্ষাও অধিক মনে করিয়া সৌভাগ্যবতী হও।

পৌর্ণমাসী ।

নিখিল-সতীনাং বৃন্দৈররুন্ধতীয়ং নিরুন্ধতী পদবীম্ ।
অনবাপ্তব্রতলোপা লোপামুদ্রাপ্যসৌ মিলতি ॥ ৩১ ॥

নববৃন্দা ।

গীর্ব্বাণাধিপতিঃ পুলোমতনয়ামৃদ্ধিং সখা ধূর্জটে-
র্ধূমোর্ণামরবিন্দবান্ধবসুতো গৌরীমপামীশ্বরঃ ।
ত্বাষ্ট্রীং চণ্ডরুচিঃ শিবাং মরুদসৌ স্বাহাং কৃশানুস্তথা
চন্দ্রঃ পশ্যত রোহিণীমুপনয়ন্ প্রাপচ্চ দ্বারকাম্ ॥ ৩২ ॥

পৌর্ণেতি । অরুন্ধতী বশিষ্ঠভার্য্যা নিখিলসতীনাং বৃন্দৈঃ সহ পদবীং মার্গং নিরুন্ধতী সতী মিলতি । লোপামুদ্রাপি অগস্ত্যভার্য্যা অনবাপ্তব্রতলোপা সত্যসৌ মিলতীত্যন্বয়ঃ ॥ ৩১ ॥

নববৃন্দেতি । ইন্দ্রঃ পুলোমতনয়াং শচীমুপনয়ন্ দ্বারকাং প্রাপচ্চ । কুবেরঃ ঋদ্ধিং স্বভার্য্যাম্ । অপামীশ্বরঃ বরুণঃ । ত্বাষ্ট্রীং বিশ্বকর্ম্মপুত্রীং সংজ্ঞাম ॥ ২ ॥

পৌর্ণমাসী । নিখিল সতীবৃন্দের সহিত বশিষ্ঠপত্নী অরুন্ধতী পথরোধ করিয়া এবং ঐ অখণ্ডিতব্রতা অগস্ত্যপত্নী লোপামুদ্রাও আসিয়া মিলিত হইলেন ॥ ৩১ ॥

নববৃন্দা । দেখ দেখ, দেবরাজ ইন্দ্র পুলোমতনয়া শচীকে লইয়া, কুবের স্বীয় ভার্য্যা ঋদ্ধিকে লইয়া, পদ্মিনীবান্ধব সূর্য্যসুত যম ধূমোর্ণাকে লইয়া, বরুণ গৌরীনাম্নী ভার্য্যাকে লইয়া, চণ্ডকিরণ সূর্য্য স্বীয় পত্নী বিশ্বকর্ম্মাপুত্রী সংজ্ঞাকে, বায়ুদেব শিবাকে, অগ্নিদেব স্বীয় পত্নী স্বাহাকে, চন্দ্রদেব রোহিণীকে লইয়া দ্বারকায় আসিলেন ॥ ৩২ ॥

(নেপথ্যে)

সৈরিন্ধ্রীয়ং সুগন্ধান্ প্রণয়তি বিবিধানঙ্গরাগপ্রবন্ধান্
দামান্যগ্রে সুদামা মুদিতমতিরসৌ ভূরিশো নির্ম্মিমীতে।
ভঙ্গীভির্বায়কোঽয়ং রুচিমিহ রচয়ত্যম্বরাণাং বরাণাং
পূর্ণানন্দাভিঘূর্ণং পরিজনগহনা দ্বারকোল্লাসীতি ॥ ৩৩ ॥

ললিতা। বিসাহে! বাঢ়ং কিদত্থাসি, পুণোবি দোণং সঙ্গমমহূসবদংসণেণ।

পৌর্ণমাসী। যশোদামাতঃ! উপস্থিতোঽয়ং সর্ব্বাভিষেকসম্ভারঃ,

নেপথ্যে। পরিজনৈর্গহনা নিবিড়া দ্বারকা অতিশয়ং বিরাজতে ॥ ৩৩ ॥

ললিতেতি। বিশাখে! অতিশয়ং কৃতার্থাস্মি, পুনরপি দ্বয়োঃ সঙ্গমমহোৎসবদর্শনেন।

পৌর্ণেতি। যশোদামাতঃ! ইত্যত্র বহুব্রীহৌ মাতৃশব্দস্য মাতাদেশো বিহিতঃ।

(নেপথ্যে)।

এই সৈরিন্ধ্রী নানাপ্রকারের সুগন্ধ অঙ্গরাগ সকল প্রস্তুত করিতেছে, অগ্রে আনন্দিতমনে সুদামা প্রচুর মালা গ্রন্থন করিতেছে, তন্তুবায় বিবিধ উৎকৃষ্ট বস্ত্রের শোভা রচনা করিতেছে, এই প্রকারে আনন্দাতিশয্যে বিকলচিত্ত পরিজনগণে পরিপূর্ণা হইয়া দ্বারকানগরী অতিশয় উল্লাস প্রকাশ করিতেছে ॥ ৩৩ ॥

ললিতা। বিশাখে! পুনরায় শ্রীরাধা ও কৃষ্ণ এই উভয়ের সঙ্গমমহোৎসব দর্শন করিয়া তুমি অতিশয় কৃতার্থ হইয়াছ।

পৌর্ণমাসী। হে যশোদামাতঃ! অভিষেকের সমস্ত বস্তুই উপস্থিত,

তদলংক্রিয়তাং প্রথমং রাধয়া সহ পর্ব্ববেদী, ততঃ ক্রমেণ কুমারীভিশ্চ।

কৃষ্ণঃ। (সর্ব্বমভিনন্দ্য জনান্তিকম্) প্রাণেশ্বরি রাধে! প্রার্থয়স্ব কিমতঃপরং প্রিয়ং করবাণি?

রাধা। (সানন্দং সংস্কৃতেন)

সখ্যস্তা মিলিতা নিসর্গমধুরপ্রেমাভিরামীকৃতা
যামীয়ং সমগংস্ত সংস্তববতী শ্বশ্রূস্তু গোষ্ঠেশ্বরী।
বৃন্দারণ্য-নিকুঞ্জধাম্নি ভবতা সঙ্গোঽপ্যয়ং রঙ্গবান্
সংবৃত্তঃ কিমতঃ পরং প্রিয়তরং কর্ত্তব্যমত্রাস্তি মে ॥৩৪॥

রাধেতি। স্বভাবমধুরপ্রেম্নাঽভিরামীকৃতা সুন্দরীকৃতাঃ। সমগংস্ত সঙ্গতবতী। যামী স্বসকুলস্ত্রিয়াদিত্যমরঃ। সংস্তবো প্রস্তবাধ্ববাবিত্যমরঃ। যদ্বা, সংস্তবঃ স্যাৎ পরিচয় ইত্যমরঃ। পরিচয়বতীত্যর্থঃ ॥ ৪ ॥

অতএব সর্ব্বপ্রথমে শ্রীরাধার সহিত ও পরে কুমারীদিগের সহিত বিবাহবেদী অলঙ্কৃত কর।

কৃষ্ণ। (সকলকে অভিনন্দন পূর্ব্বক নির্জ্জনে) প্রাণেশ্বরি রাধে! অতঃপর তোমার আর কি প্রিয় আচরণ করিব তাহা বল?

রাধা। (আনন্দভরে সংস্কৃত ভাষায়) স্বাভাবিক মধুর প্রেমে মনোহারিণী সেই সখাগণ আসিয়া মিলিতা হইলেন, পরিচিতা এই ভগিনী চন্দ্রাবলী ও শ্বশ্রূ গোষ্ঠেশ্বরীকে প্রাপ্ত হইলাম, এই বৃন্দাবনের নিকুঞ্জধামে আপনার সহিত নানারসসম্পন্ন মিলনোৎসবও সম্পন্ন হইল, অতএব ইহার পর আমার আর কি প্রিয়তর কর্ত্তব্য অবশিষ্ট থাকিল? ॥ ৩৪ ॥

তথাপীদমস্তু,—

চিরাদাশামাত্রং ত্বয়ি বিরচয়ন্তঃ স্থিরধিয়ো
বিদধ্যুর্মে বাসং মধুরিমগভীরে মধুপুরে।
দধানঃ কৈশোরে বয়সি সখিতাং গোকুলপতে!
প্রপদ্যেথাস্তেষাং পরিচয়মবশ্যং নয়নয়োঃ॥ ৩৫॥

কিঞ্চ—

যা তে লীলাপদ-পরিমলোদ্গারিবন্যাপরীতা
ধন্যা ক্ষৌণী বিলসতি বৃতা মাথুরী মাধুরীভিঃ।

চিরাদিতি। মধুপুর ইত্যুপলক্ষণম্, মথুরামণ্ডল ইত্যর্থঃ। সখিতাং সখ্যতাম্ অর্থাৎ শ্রীদামাদীনাম্। পরিচয়ং গোচরম্॥ ৩৫॥

কিঞ্চেতি। লীলাপদানাং লীলাস্থানানাম্। পরিমলোদ্গারিণী যা বন-সমূহস্তয়া পরীতা ব্যাপ্তা। মাথুরী মথুরাসম্বন্ধিনী মাধুরীভির্মাধুর্যৈর্বৃতা।

তথাপি ইহাই হউক, যে সকল স্থিরবুদ্ধি ব্যক্তিগণ বহুকাল হইতে তোমাতে আশামাত্র ধারণ করিয়া মাধুর্য্যময় মধুপুরে বাস করিতেছেন, হে গোকুলপতে! কৈশোর বয়সের সখ্যতা ধারণ করিয়া তোমাকে অবশ্যই তাঁহাদের নয়নপথের পথবর্ত্তী হইতে হইবে॥ ৩৫॥

আরও—তোমার লীলাস্থান-সমূহের সৌরভবিস্তারকারী বনসমূহে পরিব্যাপ্ত যে মাধুর্য্যসমূহে পরিবেষ্টিতা মথুরানামক ধন্যা ভূমি

তত্রাস্মাভিশ্চটুলপশুপীভাবমুগ্ধান্তরাভিঃ

সম্বীতস্ত্বং কলয় বদনোল্লাসিবেণুর্বিহারম্ ॥ ৩৬ ॥

কৃষ্ণঃ। প্রিয়ে! তথাস্তু।

রাধা। কথমিব ?

কৃষ্ণঃ। (স্থগিতমিবাপসব্যতো বিলোকতে)

(প্রবিশ্য গার্গ্যা সত্রাপটীক্ষেপেণ একানংশা)

একানংশা। সখি রাধে! নাত্র সংশয়ং কৃথাঃ, যতো ভবত্যঃ শ্রীমদ্গোকুলে তত্রৈব বর্ত্তন্তে, কিন্তু ময়ৈব কালক্ষেপার্থমন্যথা

তত্র ক্ষৌণ্যাং চটুলো যঃ পশুপীভাবো গোপীনাং মাধুর্য্যং তেন মুগ্ধমন্তরমন্তঃকরণং যাভিস্তাভিঃ সম্বীতো বেষ্টিতঃ সন্। বন্যা বনসমূহে স্থাপিতাঽনয়ঃ ॥ ৩৬ ॥

কৃষ্ণ ইতি। (অপসব্যতো দক্ষিণতঃ)

(অপটীক্ষেপেণ ঝটিতীত্যর্থঃ। একানংশা যশোদোদ্ভূতা। বিন্ধ্যপর্ব্বতবাসিনী অত্রৈব মথুরাভূমিবিহারে)

বিরাজ করিতেছে, তাহাতে গোপীভাবে মুগ্ধচিত্তা আমাদের সহিত পরিবেষ্টিত হইয়া প্রফুল্লবদনে উল্লাসময় বেণুবাদন করিতে থাক ॥ ৩৬ ॥

কৃষ্ণ। প্রিয়ে! তাহাই হইবে।

রাধা। কি প্রকারে ?

কৃষ্ণ। (স্থগিতের ন্যায় দক্ষিণদিকে দৃষ্টিপাত করিতে লাগিলেন)

(সত্বর গার্গীর সহিত একানংশার প্রবেশ)

একানংশা। সখি রাধে! কিছুমাত্র সংশয় করিও না, যেহেতু, তোমরা সেই শ্রীমদ্গোকুলেই বর্ত্তমান আছ, কিন্তু আমি কালক্ষেপণের জন্য

প্রপঞ্চিতম্, তদেতন্মনস্যনুভূয়তাম্, কৃষ্ণোঽপ্যেষ তত্র গত এব প্রতীয়তাম্।

গার্গী। (স্বগতম্) ফলিদং মে দাদমুহাদো সুদেণ।

রাধা। (প্রণিধায় বৈবশ্যং নাটয়তি)।

গার্গী। সহি! সমস্সসাহি সমস্সসাহি।

রাধা। (সমাশ্বস্য তির্য্যক্ কৃষ্ণমবলোকতে)।

কৃষ্ণঃ। প্রিয়ে! ভূয়ঃ কিন্তে প্রিয়ং করবাণি?

রাধা। (স্মিতং কৃত্বা) বহিরঙ্গজনালক্ষ্যতয়া শ্রীগোকুলমপি স্বস্বরূপৈরলঙ্করবামেতি।

গার্গীতি। ফলিতং মে তাতমুখতঃ শ্রুতেন।

গার্গীতি। সমাশ্বসিহি সমাশ্বসিহি।

রাধেতি। বহিরঙ্গজনৈরলক্ষ্যতয়া তদীয়ৈঃ স্বরূপৈঃ স্বস্য চ স্বরূপৈরিত্যর্থঃ।

অন্য প্রকারে এই লীলাবিস্তার করিয়াছি, অতএব ইহাই মনে মনে অনুভব কর, শ্রীকৃষ্ণও সেই গোকুলে আসিয়া অবস্থান করিতেছেন, ইহা বিশ্বাস কর।

গার্গী। আমি পিতার মুখ হইতে যাহা শুনিয়াছিলাম, তাহা সফল হইল।

রাধা। (সমস্ত শ্রবণ করিয়া আনন্দে বিহ্বল হইলেন)

গার্গী। সখি! শান্ত হও, স্থির হও।

রাধা। (শান্ত হইয়া বক্রদৃষ্টিতে শ্রীকৃষ্ণকে দেখিতে লাগিলেন)

কৃষ্ণ। প্রিয়ে! তোমার আর কি প্রিয় সাধন করিব?

রাধা। (মৃদুহাস্যপূর্ব্বক) আমরা বহিরঙ্গজন কর্ত্তৃক অলক্ষিত হইয়া শ্রীগোকুলকে স্বীয় স্বীয় রূপে বিভূষিত করিয়া থাকিব।

কৃষ্ণঃ। প্রিয়ে! তথাস্তু, তদেহি স্বস্তুস্তবাভ্যর্থনামবন্ধ্যাং করবাম। (ইতি সর্ব্বৈরাবৃতৌ নিষ্ক্রান্তৌ)

(ইতি নিষ্ক্রান্তাঃ সর্ব্বে)

॥ * ॥ ইতি শ্রীললিতমাধবনাটকে পূর্ণমনোরথো নাম দশমোঽঙ্কঃ ॥ * ॥ ১০ ॥ * ॥

নাটকে সমুচিতামপীশ্বরঃ স্বৈরমপ্রকটয়ন্নুদাত্ততাম্।
অত্র মন্মথমনোহরো হরিলীলয়া ললিতভাবমাবযৌ ॥

॥ * ॥ ইতি শ্রীললিতমাধবাখ্যং নাটকং সমাপ্তম্ ॥ * ॥

কৃষ্ণ ইতি। তব স্বসুশ্চন্দ্রাবল্যা অভ্যর্থনাং যুষ্মংপাণিগ্রহণরূপাম্ অবন্ধ্যাং সফলাম্।

॥ * ॥ ইতি শ্রীললিতমাধবনাটকে পূর্ণো গোপীনাং কৃষ্ণকর্তৃক স্বপরিণয়রূপো মনোরথো যত্র সঃ। পূর্ণমনোরথো নাম দশমোঽঙ্কঃ ॥ * ॥

নাটকেতি। উদাত্ততাং উদাত্তনায়কতাম্। ললিতং লালিত্যম্।

॥ * ॥ ইতি শ্রীললিতমাধবাখ্যনাটকটিপ্পনী সম্পূর্ণা ॥ * ॥

কৃষ্ণ। প্রিয়ে! তাহাই হইবে, তবে এখন আইস, তোমার ভগিনীর প্রার্থনা সফল করা যাউক।

(ইহা বলিয়া সকলের দ্বারা বেষ্টিত হইয়া উভয়ের প্রস্থান)

(সকলের প্রস্থান)

ইতি শ্রীললিতমাধব নাটকে "পূর্ণমনোরথ" নামক দশম অঙ্ক সমাপ্ত ॥১০॥

এই নাটকে মন্মথমনোহারী শ্রীহরি স্বীয় ইচ্ছানুরূপ সমুচিত উদাত্তনায়কতা প্রকাশ করিয়া লীলা দ্বারা ললিতভাব প্রাপ্ত হইয়াছেন।

ইতি শ্রীললিতমাধব নামক নাটক সমাপ্ত।

পরিশিষ্ট

পূর্ণং কলাচতুঃষষ্ট্যা লক্ষণৈর্ভূষণৈরপি।
ভজন্তু শ্রিতগান্ধর্ব্বং ধীরা ! ললিতমাধবম্।
নন্দেষুবেদেন্দুমিতে * শকাব্দে
শুক্রস্য মাসস্য তিথৌ চতুর্থ্যাম্।
দিনে দিনেশস্য হরিং প্রণম্য
সমাপয়ং ভদ্রবনে প্রবন্ধম্।

পূর্ণমিতি। পূর্ব্বোক্তয়া কলাচতুঃষষ্ট্যা লক্ষণৈর্নাটকলক্ষণৈঃ। পক্ষে, দ্বাত্রিংশল্লক্ষণৈঃ। ভূষণৈঃ নাটকভূষণৈঃ। পক্ষে, কৌস্তুভাদিভূষণৈঃ। শ্রিতাঃ গান্ধর্ব্বাশ্চতুর্থী নাটকোক্তা যেন স তম্‌ পক্ষে, শ্রিতা গান্ধর্ব্বা রাধা যেন তৎ।

নন্দেতি। চতুর্দ্দশশতোকোনষষ্টিশাকে। জ্যৈষ্ঠমাসস্য চতুর্থ্যাং তিথৌ সূর্য্যবারে প্রবন্ধং গ্রন্থম।

হে ধীরগণ! চতুঃষষ্টি কলা দ্বারা পরিপূর্ণ, সমস্ত নাটক-লক্ষণের দ্বারা ও অলঙ্কারের দ্বারা ভূষিত গান্ধর্ব্ববিদ্যা-পরিপূর্ণ এই ললিতমাধব নাটকের অনুশীলন করুন। পক্ষান্তরে, হে ভক্তগণ! আপনারা চতুঃষষ্টি কলা-পরিপূর্ণ সমস্ত সল্লক্ষণে ও কৌস্তুভাদি ভূষণে ভূষিত শ্রীরাধিকার সহিত মিলিত ক্রীড়াশীল শ্রীকৃষ্ণের ভজনা করুন।

চতুর্দ্দশ শত উনষাট্ শকাব্দে, জ্যৈষ্ঠ মাসের চতুর্থী তিথিতে রবিবারে শ্রীহরিকে প্রণাম করিয়া আমি ভদ্রবনে এই নাটক সমাপ্ত করিলাম।

* নন্দাঙ্গবেদেন্দুমিতে, ইত্যপি পাঠঃ।

তটস্থেনাপি গম্ভীরে রসস্রোতসি যন্ময়া।
সর্ব্বতোমুখমাকীর্ণং তৎ ক্ষমধ্বং মনীষিণঃ

তটস্থেতি। গম্ভীরে রসস্রোতসি তটস্থেনাপি ময়া যৎ সর্ব্বতোমুখং জলম্। কবন্ধমুদকং পাথঃ পুষ্করং সর্ব্বতোমুখমিত্যমরঃ। পক্ষে, সর্ব্বত্র স্রোতসি মুখমাকীর্ণং নিক্ষিপ্তমিত্যর্থঃ।

হে মনীষিগণ! এই গম্ভীর রসস্রোতের তটে অবস্থিত থাকিয়া আমি সর্ব্বতোমুখ হইয়া যাহা বর্ণনা করিলাম, অথবা এই গম্ভীর রসস্রোতের তীরে থাকিয়া যে জল নিক্ষেপ করিলাম, তাহা ক্ষমা করুন।

সমাপ্ত